A Copy of the first
translation of the
New Testament
into the
Bengalee Language.
by
William Carey.

Presented by J. Green to
the Library of the
Theolog. Seminary
Princeton. Nov.
1821 -

Presented to me by the
Rev. William Staughton —

ধর্ম্ম পুস্তক

তাহা ঈশ্বরের সমস্ত বাক্য ।—

যাহা প্রকাশ করিয়াছেন মনুষ্যের ত্রাণ ও কার্য্য শোধনার্থে —

তাহার অন্ত ভাগ —

তাহা আমারদের প্রভু ও ত্রাণ কর্ত্তা যেশু খ্রীষ্টের

মঙ্গল সমাচার

তর্জ্জমা হইল গ্রীক ভাষা হইতে ।

শ্রীরামপুরে ছাপা হইল ।—

১৮০১ ।—

মঙ্গল সমাচার মাত্তিওর রচিত

১ প্রথম পর্ব্ব

১ এ আবরহামের সন্তান দাণ্ডদের সন্তান যেশু খ্রীষ্টের পূর্ব্বপুরুষের পুস্তক

২ আবরহাম জন্ম দিল য়িজক্ষককে এবং য়িজক্ষক জন্ম দিল যাঁকুবকে ও যাঁকুব জন্ম দিল য়িহোদা ও তাহার ৩ ভ্রাতার দিগিকে এবং য়িহোদা জন্ম দিল পরজ ও জরক্ষ তমরের গর্ব্ভ হইতে এবং পরজ জন্ম দিল ক্ষজরোন ও ৪ ক্ষজরোন জন্ম দিল রামকে এবং রাম জন্ম দিল উমি নদব ও উমিনদব জন্ম দিল নাক্ষশোনকে এবং নাক্ষ ৫ শোন জন্ম দিল শালমাকে এবং শালমা জন্ম দিল বওজকে রক্ষবের গর্ব্ভে ও বওজ জন্ম দিল ওবেদকে ৬ রোতের ওদরে এবং ওবেদ জন্ম দিল য়িশিকে তারপর য়িশি জন্ম দিল দাণ্ডদ রাজাকে এবং দাণ্ডদ রাজা জন্ম দিল শলমাকে তাহার গর্ব্ভে যে পূর্ব্বে ছিল আওরী ৭ য়ার জায়া এবং শলমা জন্ম দিল রক্ষবাঁমকে ও রক্ষবাঁম জন্ম দিল আবীহা ও আবীহা জন্ম দিল আসা ৮ কে অতঃপরে আসা জন্ম দিল য়িহোশপটকে এবং য়িহোশপট জন্ম দিল য়োরমকে ও যোরম জন্ম দিল ৯ ওজীহকে এবং ওজীহ জন্ম দিল য়োতমকে ও য়োতম জন্ম দিল আক্ষজকে ও আক্ষজ জন্ম দিল ক্ষিজকীহাকে

১০ তারপর হিজকীয়া জন্ম দিল মনসাকে ও মনসা জন্ম দিল আমোনকে এবং আমোন জন্ম দিল য়োশীয়া ১১ কে য়োশীয়া ও জন্ম দিল য়িখনীয়া ও তাহার ভ্রাতার দিগকে যে কালে তাঁহার দিগকে বাবেলে লইয়া গিয়া ১২ ছিল তাহারদের বাবেলে ওত্তরনের পরে য়িখনীয়া জন্ম দিল শালতীএল এবং শালতীএল জন্ম দিল জর ১৩ বাবলকে ও জরবাবল জন্ম দিল আবীওদকে এবং আবীওদ জন্ম দিল আলীকিমকে ও আলীকিম ১৪ জন্ম দিল আজোরকে এবং আজোর জন্ম দিল চাদোক কে ও চাদোক জন্ম দিল আখিমকে এবং আখিম জন্ম ১৫ দিল আলিওদকে তারপর আলিওদ জন্ম দিল আলি যেঁজরকে ও আলিযেঁজর জন্ম দিল মতনকে ও মতন জন্ম ১৬ দিল যাঁকুবকে যাঁকুব জন্ম দিল যুসফকে তিনি মারিয়ার স্বামী যাহার ওদরে জন্মিলেন য়েশু যাহাকে বলে খ্রীষ্ট——

১৭ অতএব সকল পুরুষ আবরহাম অবধি দাওদ পর্য্যন্ত চদ্দ পুরুষ ও দাওদাবধি বাবেলে লইয়া যাওন পর্য্যন্ত চদ্দ পুরুষ এবং বাবেলে লইয়া যাওন অবধি খ্রীষ্ট পর্য্যন্ত চদ্দ পুরুষ——

১৮ য়েশু খ্রীষ্টের জন্ম ছিল এমত। তাহার মাতা মারিয়া যুসফকে বরন হইয়া তাহারদের সংসর্গের পূর্ব্বে তিনি ১৯ গর্ব্ভবতি ছিলেন ধর্ম্মাত্মা হইতে। তাহার স্বামী যুসফ পুন্যাত্মিক হইয়া এবং তাহাকে অপযসি করাইতে না ২০ চাহিয়া গুপ্তে ত্যাগ করিতে ইচ্ছা করিলেন। কিন্তু ইহাতে চিন্তা করিতেং ঈশ্বরের দূত স্বপ্নে দেখা দিল

তাহাকে এবং বলিল দাঁওদের সন্তান যুসফরে তোমার জায়া মারিয়াকে গ্রহন করিতে ভাবনা করিও না একারন যাহা গর্ব্বে ধারন করিয়াছে তাহা ধর্ম্মাত্মা হইতে
২১ সে ও পুত্র প্রসব হইবে এবং তুমি রাখিবা তাহার নাম য়েশু একারন তিনি ত্রান করিবেন তাঁহার লোকের দিগকে তাহারদের পাপ হইতে——
২২ এই সকল ছিল ঈশ্বরের সে বাক্য প্রত্যক্ষের জন্য
২৩ যাহা ভবিষ্যৎ বক্তা কহিল দেখ এক কন্যা গর্ব্ববতি হইয়া পুত্র প্রসব হইবে এবং তাহারা তাহার নাম রাখিবে ঊম্মনুএল তাহার অর্থ প্রভু আমারদের সাতি——
২৪ অতঃপর যুসফ নিদ্রা হইতে ওঠিয়া করিল ঈশ্বরের দূতের প্রত্যাদেশানুযায়ি এবং গ্রহন করিল তাহার
২৫ জায়াকে কিন্তু জানিল না তাঁহাকে তাহার প্রথম পুত্র প্রসবের পূর্ব্বে তারপর তাহার নাম রাখিল য়েশু।——

পর্ব্ব হেরোদ রাজার কালে যখন য়েশু জন্ম ছিলেন
২ য়িহোদার বৈতলহমে তখন দেখ পণ্ডিৎ পূর্ব্ব দিক
২ হইতে য়িরোশলমে আসিয়া বলিল কোথায় তিনি যিনি জন্ম হইয়াছেন য়িহোদীরদের রাজা একারন তাঁহার তারা পূর্ব্ব দেশে দেখিয়া আসীয়াছি পূজা করিতে তাঁহাকে——
৩ হেরোদ রাজা এই কথা শুনিয়া ওদ্বিগ্ন ছিল এবং
৪ সকল য়িরোশলম তাহার সহিত। পরে সে সকল

প্রধান যাজক ও লোকের অধ্যাপক একত্তর করিয়া
জিজ্ঞাসা করিল তাহার দিগকে কোথায় খ্রীষ্টের জন্ম
৫ স্থান। তাঁহারা বলিল তাঁহাকে য়িহোদার বীতলহমে
একারন এমত লিপি আছে ভবিষ্যত বক্তা করনক
৬ য়িহোদা দেশের বীতলহম তুমি য়িহোদার অধ্যক্ষেরদের
মধ্যে অতি ক্ষুদ্র নহ একারন তোমা হইতে একজন পতি
উৎপন্ন হইবেন যিনি কতৃত্ত করিবেন আমার য়িশরাল
৭ লোকের দিগকে। তখন হেরোদ সে পণ্ডিৎ লোকের
দিগকে গুপ্তে ডাকিয়া ঠিক মতে জিজ্ঞাসা করিল কোন
৮ সময় সে তারা দেখা গেল। এবং তাহার দিগকে
বীতলহমে পাঠাইয়া বলিল যাও সে বালককে যত্ন
করিয়া চেষ্টা কর এবং তাহাকে পাইলে সংবাদ দেহ
আমাকে আমার যাইয়া ভজনা করিবার কারন তাহাকে।
৯ পরে তাহারা রাজার কথা শুনিয়া প্রস্থান করিল এবং
দেখ যে তারা তাহারা দেখিয়া ছিল পূর্ব্বদেশে তাহা
গেল অগ্রেং তাহা উপস্থিৎ হওন পর্য্যন্ত সে স্থানের
১০ উপর যেখানে ছিলেন বালক। তাহারা সে তারা
দেখিয়া অত্যন্ত আনন্দিৎ হইয়া হরিষ মনে ছিল।
১১ তারপর ঘরে যাইয়া সে বালককে দেখিল তাহার মাতা
মারিয়ার সহিত এবং ভূমিষ্ঠ হইয়া ভজনা করিল
তাহাকে। পরে তাহারদের অর্থ খুলিয়া নজর দিল
১২ তাহাকে স্বর্ন ও লবান ও মর্হ পরে স্বপ্নে উপদেশ
হইয়া পুনর্ব্বার না যাইতে হেরোদের স্থানে তাহারা
গেল আপনারদের দেশে অন্য পন্থ দিয়া——
১৩ তাহারা প্রস্থান করিলে দেখ ঈশ্বরের দূত স্বপ্নে দর্শন

হইয়া বলিল যুসফকে ওঠ বালক ও তাহার মাতাকে লইয়া পলাও মিসরে এবং তিষ্ঠ সে স্থানে যাবৎ পর্য্যন্ত আমি সংবাদ দেয় তোমাকে একারন হেরোদ
১৪ অন্যাস্মন করিবে বধ করিতে বালককে। পরে চেতন পাইলে বালক ও তাহার মাতাকে রাত্রে লইয়া প্রস্থান
১৫ করিল মিসরে এবং সে স্থানে তিষ্ঠিল হেরোদের মৃত্যু পর্য্যন্ত তাহা প্রত্যক্ষ করিতে যাহা ভবিষ্যত বক্তারা কহিল ঈশ্বরের বিষয় মিসর হইতে ডাকিয়াছি আমার তনয়কে——

১৬ যখন হেরোদ দেখিল পণ্ডিৎ লোক হেলন করিল তাহাকে তখন মহা ক্রোধিত হইয়া লোক পাঠাইল এবং বধ করিল দুই বৎসরের মধ্যে বয়ক্রম যত বালক ছিল বীতলক্ষম ও তাহার সমস্ত সীমায় সে কালের মত যাহা ঠিক জিজ্ঞাসা করিয়া ছিল পণ্ডিত লোকের স্থানে।
১৭ তখন সে বাক্য প্রত্যক্ষ ছিল যাহা বিভাষিত হইল য়িরমী
১৮ হা ভবিষ্যত বক্তা হইতে রামায় এক শব্দ শুনা গেল হাহাকার ও ক্রন্দন ও বড় রোদন রাফেল তাহার সন্তানেরদের জন্য রোদন করিতেং শান্তনা হয় না একারন তাহারা নাই——

১৯ কিন্তু হেরোদ মরিলে দেখ ঈশ্বরের দুত স্বপ্নে দেখা
২০ গেল যুসফকে মিসরে বলিয়া ওঠ বালক ও ইহার মাতাকে লইয়া যাও য়িশরাল দেশে একারন তাহারা মরিয়াছে যাহারা অন্যাস্মন করে বালককে বধ করিতে।
২১ তিনি চেতন পাইলে বালক ও তাহার মাতাকে লইয়া
২২ গুত্তরিল য়িশরাল দেশে। আর্খেলাওস কর্ত্তৃত্ত করিল

য়িহোদা দেশে তাহার পিতা হেরোদের স্থানে অতএব সেখানে যাইতে ভিত হইল কিন্তু স্বপ্নে দৈব ওপদেশ
২৩ হইয়া ফিরিল গালিলি দেশে। এবং নাজরেত নামে সহরে আসিয়া বসতি করিল তাহা পুত্যক্ষের জন্য যাহা ভবিষ্যত বক্তা কহিয়াছিল তিনি নাজরেন খ্যাত হইবেন

পর্ব্ব ৩ সে কালে য়িহোদা দেশের ওজাড়ে য়োহন ডুবা আইল চেড়ি দিতেং এবং বলিতেং খেদ কর একারন স্বর্গের রাজ্য সান্নিধ্য। এই সে জন যাহার বিষয় বিভাষিত ছিল যিশঈহ ভবিষ্যত বক্তা হইতে বলিয়া এক জনের রব চেঁচাইতেং ওজাড়ে পুস্তুত করহ ঈশ্বরের পথ
৪ সোজা কর তাহার পথকে। এবং সে য়োহনের ছিল ওঠের লোমের পরিচ্ছদ ও চর্ম্মের পটুকা কমরে তাহার ভক্ষ
৫ ও পঙ্গপাল ফড়িঙ্গ ও বন মধু। তখন য়িরোশলেম ও য়িহোদা দেশের সর্ব্ব লোক ও য়ির্দনের দেশের
৬ চৌদ্দিগের পুজা সকল তাহার স্থানে যাইয়া পাপ স্বীকার করিলে য়ির্দনে ডুবিৎ ছিল তাহার করনক।
৭ অনেক ফারিসি ও শাদুকি লোক আইল তাহার ডুবিতে অতএব তাহারদিগিকে দেখিয়া বলিলেন আরে সর্পের বংশ কে পরামর্শ দিয়াছে তোমারদিগিকে পলায়ন
৮ করিতে আগত ক্রোধ হইতে অতএব খেদের ওচিৎ
৯ ফল ফলাও এবং কহিতে ভাবিও না আবরহাম আমার দের পিতা এজন্য আমি বলি তোমারদিগিকে ভগবান এ পুস্তুর গুলা হইতে আবরহামের সন্তান ওৎপন্ন করিতে
১০ পারেন। এখন কুঠার লাগিয়াছে গাছের মূলে

অতএব প্রতি গাছ যে ভাল ফল ফলে না তাহা কাটিত
১১ হয় ও অগ্নিতে ফেলা যায়। আমি অবস্য জলে
ডুবাই তোমারদিগকে খেদের কারন কিন্তু যিনি
আসিতেছেন আমার পরে তিনি আমা হইতে পরাক্রান্ত
আমি তাহার জুতা খুলিতে যোগ্য নহি তিনি ডুবাইবেন
১২ তোমারদিগকে ধর্ম্মাত্মা এবং অগ্নি দিয়া যাঁহার
কুলা হাতে করিয়া ঝাড়িবেন তাহার খামার ও একত্তর
করিবেন গোম তাহার গোলায় কিন্তু ভুষি পোড়াইবেন
অনির্ব্বানানলে——

১৩ সে কালে য়েশু গেলেন গালিলি হইতে য়ির্দনে
১৪ য়োহনের স্থানে তাঁহার হাতে ডুবিৎ হইবারে। কিন্তু
য়োহন বারন করিল তাঁহাকে বলিয়া আমার ডুবিৎ
হওনের আবস্যক আছে তোমার হাতে এবং আসিতেছ
১৫ তুমি আমার স্থানে তাহাতে তিনি প্রত্যুত্তর করিয়া
বলিলেন তাঁহাকে এখন মানা করিও না একারন সকল
ধর্ম্ম পূর্ন করিতে আমারদের ওচিৎ কার্য্য তখন তাহা
১৬ করিতে দিল তাহাকে। তৎপর য়েশু ডুবিৎ হইয়া
ওঠিলেন জল হইতে এবং দেখ স্বর্গ খোলা গেল তাহার
দৃষ্টে ও তিনি দেখিলেন ঈশ্বরের আত্মা ঘুঘুর ন্যায়
১৭ পড়িয়া বসিল তাঁহার ওপরে। এবং দেখ স্বর্গ
হইতে এক রব হইয়া বলিল এ আমার প্রিয় তনয়
যাহাতে আমার বড় তুষ্টি।——

পর্ব্ব তারপর য়েশু সয়তানের পরিক্ষা পাইতে আত্মা করনক
৪ আকর্ষিৎ হইয়া গেলেন ওজাড়ে। এবং চল্লিশ দিবা

৩ রাত্র উপবাস করিয়া ক্ষুধিত ছিলেন। পরিক্ষক তাঁহার নিকট আসিয়া বলিল যদ্যপি তুমি ঈশ্বরের তনয় তবে
৪ এ পাথর গুলাকে আজ্ঞা করিয়া কর ভক্ষ দ্রব্য। কিন্তু তিনি প্রত্যুত্তর করিয়া বলিলেন লিপি আছে মনুষ্য কেবল ভক্ষ দ্রব্যে বাঁচিবে না কিন্তু প্রতি বাক্যে যাহা
৫ নিঃস্বরন হইয়াছে ভগবানের মুখ হইতে। তখন সয়তান তাঁহাকে পবিত্র সহরে লইয়া গেলে বসাইল
৬ ভগবানের ঘরের কাঙ্গুরার উপরে। এবং কহিল তাঁহাকে যদি তুমি ঈশ্বরের তনয় তবে ক্ষেপন হও আপনি এজন্য ইহা লিপি আছে তিনি আজ্ঞা দিবেন তাঁহার দূত লোক তোমার বিষয় তোমাকে হাতে করিয়া বহিতে নতুবা তোমার পদাঘাতন হইবেক পাথরে।
৭ পুনর্ব্বার তিনি বলিলেন তাহাকে ইহা লিপি আছে
৮ পরিক্ষা করিও না ঈশ্বর তোমার প্রভুকে। পুনর্ব্বার সয়তান তাঁহাকে অতি উচ্চ পর্ব্বতর উপরে লইয়া
৯ দেখাইল জগতের সমস্ত রাজ্য ও তারদের তেজ এবং বলিল তাঁহাকে এ সকল দিব তোমাকে যদি ভূমিষ্ঠ হইয়া ভজনা করিবা আমাকে। তখন য়েশু বলিলেন
১০ তাহাকে দূরহ সয়তান একারন ইহা লিপি আছে তুমি ভজনা কর ঈশ্বর তোমার প্রভুকে ও তাহার সেবা
১১ করিও কেবল। তখন সয়তান তাহাকে ছাড়িলে দেখ দূত গন আসিয়া তাহার সেবা করিল।

১২ যোহন বন্দিত ছিলেন যখন য়েশু শুনিলেন তাহা তখন
১৩ তিনি চলিলেন গালিলিতে এবং নাজরেত ছাড়িয়া বসতি করিলেন খাফর নক্ষমে যাহা সমুদ্রের

১৪ তিরে জবুলন ও নপ্তলির সীমায়। ইহা প্রত্যক্ষ হওনের জন্য যাহা বিভাষিত আছে যিশঙীহা ভবিষ্যত
১৫ বক্তার মুখে বলিয়া জবুলন ও নপ্তলি দেশ সমুদ্রের
১৬ পথে যির্দ্দনের ও পাঁর অন্য বর্ন্নের গালিলি যে লোক বসিল অন্ধকারে তাহারা দেখিতে পাইয়াছে মহাআলো যাহারা বসিল মৃত্যুর দেশ ও ছায়ায় তাহারদিগকে আলো ওৎপন্ন হইয়াছে।

১৭ সে কালাবধি য়েশু চেড়ি দিতে ও কহিতে লাগিলেন খেদ কর একারণ স্বর্গের রাজ্য সান্নিধ্য।
১৮ গালিলর সমুদ্রের নিকটে য়েশু গতি করিতেং দেখিলেন দুই ভাই শীমন যাহার খ্যাত নাম পিতর ও আন্দ্রঃ তাহার ভ্রাতা জাল আড়িয়া সমুদ্রে একারন তাহারা
১৯ মাছুয়া ছিল। তিনি বলিলেন তাহারদিগকে আমার সহিৎ আইস এবং আমি করিব তোমারদিগকে
২০ মনুষ্য ধরা। এতদর্থে তাহারা ততক্ষনে তাহারদের
২১ জাল ত্যাগ করিয়া গেল তাহার সহিৎ। তিনি সে স্থান হইতে যাইতেং দেখিলেন আর দুই ভাই জেবদির পুত্র যাঁকুব ও য়োহন তাহার ভ্রাতা নৌকায় তাহারদের পিতা জেবদির সহিত তাহারদের জাল মেরামৎ করিতেং অতএব তিনি ডাকিলেন তাহারদিগকে।
২২ এবং তাহারা ততক্ষনে নৌকা ও তাহারদের পিতাকে ত্যাগ করিয়া গেল তাহার সহিৎ।

২৩ পরে য়েশু সকল গালিলি প্রদক্ষিন করিলেন সিক্ষাই তেং তাহারদের সকল সিনগগে ও চেড়ি দিতেং রাজ্যের

মঙ্গল সমাচার ও সুস্থ করিতেং সকল প্রকার অসুস্থ ও
২৪ লোকের সকল প্রকার পীড়া। তাহাতে তাঁহার সুখ্যাত
গেল সমস্ত সিরিয়াদ্যন্ত ও তাহারা আনিল তাহার কাছে
সমস্ত পীড়িত লোক যাহারদের নানা অসুস্থ ও যন্ত্রনা
দ্বারে ধরা ও মৃগি বিশিষ্ট ও অঙ্গ অবস লোকেরা এবং
২৫ তিনি সুস্থ করিলেন তাহার দিগকে। তাহাতে বড়
মানব্য তাঁহার সহিৎ গেল গালিলি ও দেকাপলিয়
ও য়িরোশলম ও য়িহোদা দেশ ও য়িৰ্দ্দনের ও পার
হইতে।

পর্ব্ব ৫

তিনি মানব্যকে দেখিয়া পর্ব্বতের ওপরে গমন করি
লেন এবং বসিলে তাহার শিষ্যেরা আইল তাহার কাছে
২ পরে তাহার মুখ খুলিয়া শিক্ষা করাইলেন তাহার
দিগকে বলিয়া
৩ ধন্য অকিঞ্চন আত্মা একারন স্বর্গের রাজ্য তাহার
৪ দিগের। ধন্য শোকিৎ লোক একারন তাহারা
৫ শান্তনা পাইবে। ধন্য নম্র লোকেরা একারন তাহারা
৬ পৃথিবীর অধিকারী হইবেক। ধন্য তাহারা যাহারা
ক্ষুধিত ও তৃষ্ণিত পুকৃতার্থ নিমিত্ত একারন তাহারা
৭ তৃপ্তি হইবে। ধন্য ক্ষেমাবন্ত লোকেরা একারন
৮ তাহারা পাইবে ক্ষেমা। ধন্য নির্ম্মলান্তঃকরন
৯ লোকেরা একারন তাহারা দেখিবে ঈশ্বরকে। ধন্য
মিমাংসক লোকেরা একারন তাহারা ভগবানের
১০ শিশু গন বিখ্যাত হইবে। ধন্য তাহারা যাহারা
বিপক্ষিতিত আছে পুকৃতার্থের জন্য একারন স্বর্গের

১১ রাজ্য তাহারদের। ধন্য তোমরা যখন লোকেরা নিন্দা ও বিপক্ষতা করিবে তোমারদিগকে ও আমারার্থে
১২ দুষ্ট বলে মিথ্যা তোমারদের বিষয়। তখন আনন্দিৎ ও বিস্তারিৎ হর্ষ হও একারন তোমারদের বড় ফলোদয় স্বর্গে তাহারা ও এই মত করিল ভবিষ্যত বক্তার দিগকে যাহারা ছিল তোমারদের পূর্ব্বে——

১৩ তোমরা পৃথিবীর লবন কিন্তু যদি লবন তাহার আস্বাদু হারায় তবে কোথা হইতে হবে তাহার লবনতা সে কালাবধি তাহা কিছু ভাল নহে কেবল ফেলন ও
১৪ দলাইতে মনুষ্যের পদতলে। তোমরা জগতের দীপ্তি যে সহর পর্ব্বতের ওপর বসিয়াছে তাহা গুপ্ত হইতে পারি
১৫ বে না মনুষ্যেরা দীপ ওজ্জ্বল করিয়া রাখে না কাঠার নিচে কিন্তু দীপদানের ওপরে তাহাতে আলো হয় সকলকে যে
১৬ থাকে ঘরে। তোমারদের রশ্মি এমত দীপ্তি করুক মনুষ্যেরদের সন্মুখে তাহারা তোমারদের ভাল ক্রিয়া দেখিবার ও তোমারদের পিতাকে স্তব করিবারে যিনি আছেন স্বর্গে।——

১৭ ভাবিও না যে আমি আইলাম ব্যবস্থা কিম্বা ভবিষ্যত বাক্যকে লোপ করিতে আমি আইলাম না লোপ করিতে
১৮ কিন্তু প্রত্যক্ষ করিতে একারন সারোদ্ধার আমি বলি তোমারদিগকে স্বর্গ ও পৃথিবীর লোপ পর্য্যন্ত ব্যবস্থা হইতে এক বিন্দু কিম্বা এক বিসর্গ কোন ক্রমে ক্ষয়
১৯ হইবে না সমস্ত প্রত্যক্ষ না হইলে। অতএব যে কেহ ভঙ্গ করে ইহার এক অতি ক্ষুদ্র আজ্ঞা ও মনুষ্যের দিগকে তদনুযায়ি শিক্ষা করায় সে ক্ষুদ্র খ্যাত

হইবে স্বর্গের রাজ্যে কিন্তু যে কেহ করে ও শিক্ষা করায় তাহা সে মহৎ খ্যাত হইবে স্বর্গের রাজ্যে
২০ একারন আমি বলি তোমারদিগকে তোমারদের প্রকৃতার্থ ফারিসি ও অধ্যাপকেরদের প্রকৃতার্থ হইতে অধিক না হইলে কোন ক্রমে প্রবেশ করিবা না স্বর্গের রাজ্যে।

২১ তোমরা শুনিয়াছ যে পূর্ব্ব লোককে এ কথা কহা গেল বধ করিও না এবং যে কেহ বধ করে সে বিচারের দায়িক হইবে
২২ কিন্তু আমি বলি তোমারদিগকে যে কেহ রাগি আছে তাহার ভ্রাতার সহিত অকারন সে বিচারের দায়িক হইবে এবং যে কেহ তাহার ভ্রাতাকে বলে রাকা সে সভার দায়িক হইবে কিন্তু যে কেহ বলে তুই ক্ষিপ্ত সে নরকানলের দায়িক হইবে।
২৩ অতএব তোমার উৎসর্গ যজ্ঞ কুণ্ডের কাছে আনিয়া যদি স্মরন কর তোমার ভ্রাতার কিছু আছে
২৪ তোমার বিপরিতে তবে তোমার উৎসর্গ যজ্ঞ কুণ্ডের সন্মুখে রাখিয়া যাও এবং প্রথমে মিলন কর তোমার ভ্রাতার সহিত তারপর আসিয়া তোমার দান উৎসর্গ কর।
২৫ তোমার বাদির সহিত শিঘ্র মিল যাবৎ তাহার সঙ্গে পথে নতুবা সে বাদি তোমাকে গচ্ছিত করে বিচার কর্ত্তার ঠাঁই ও বিচার কর্ত্তা গচ্ছিত করে তোমাকে প্রহারকের ঠাঁই
২৬ তাহাতে কএদে পড় সত্য আমি বলি তোমাকে সে স্থান হইতে কোন ক্রমে বাহির আসিবা না অন্তি শেষ পৈষা দেওন পর্য্যন্ত।

২৭ তোমরা শুনিয়াছ বলা হইল পূর্ব্ব কালের লোক
২৮ কে পরদার কর না। কিন্তু আমি বলি তোমার
দিগকে যে কেহ দৃষ্ট করে স্ত্রী লোকের প্রতি কামোদ্ভ
বেতে সে অন্তঃকরনে করিয়াছে পরদার তাহার সঙ্গ।
২৯ যদ্যপি তোমার দক্ষিন চক্ষু পাপি করে তোমাকে তবে
খুদিয়া ফেল তাহা তোমা হইতে একারন এ তোমার
লভ্য তোমার এক ভাগ নষ্ট করিতে সমস্ত সরীর
৩০ নরকে ফেলন হইতে। এবং যদি তোমার দক্ষিন
হস্ত পাপি করে তোমাকে তবে তাহা কাটিয়া ফেল
তোমা হইতে একারন এ তোমার লভ্য তোমার এক
ভাগ নষ্ট করিতে সমস্ত সরীর নরকে ফেলন হইতে
৩১ ইহা বলা ছিল যে কেহ ত্যাগ করে তাহার জায়াকে
৩২ সে দিউক তাহাকে বর্জ্জন লিখন। কিন্তু আমি বলি
তোমারদিগকে যে কেহ ত্যাগ করে তাহার জায়াকে
ব্যভিচার করন ব্যতিরেক সে তাহাকে করায়
নষ্টা ও যে কেহ বিবাহ করে সে ত্যজ্যা স্ত্রীকে সে
করে পরদার

৩৩ পুনর্ব্বার তোমরা শুনিয়াছ বলা হইল পূর্ব্ব কালের
লোককে মিথ্যা কিরা করিও না কিন্তু করিও ঈশ্বরের
৩৪ স্থানে তোমার কিরা। কিন্তু আমি বলি তোমার
দিগকে কিছু কিরা করিও না স্বর্গ লইয়া একারন
৩৫ তাহা ঈশ্বরের সিংহাসন কিম্বা পৃথিবী লইয়া
একারন তাহা ভগবানের পদাসন কিম্বা য়িরোশালয়
৩৬ লইয়া একারন তাহা মহা রাজার সহর। এবং
কিরা করিও না তোমার মস্তক লইয়া একারন এক

৩৭ চুল কৃষ্ণ কি শুক্ল বর্ন্ন করাইতে পার না। কিন্তু তোমার কাথোপ কথন হওক হাঁ হাঁ না না একারন যে কিছু হয় ইহা হইতে অধিক তাহা আইসে কুমুল হইতে।——

৩৮ তোমরা শুনিয়াছ বলা গেল চক্ষুর কারন চক্ষু ও ৩৯ দন্তের কারন দন্ত। কিন্তু আমি বলি তোমারদিগকে তোমরা হিংসা দাবা করিও না কিন্তু যদি কেহ চড় মারে তোমার দক্ষিন গালে তবে ফিরাও তাহার ৪০ দিগে সে আর এক ও। এবং যদি কোন কেহ আদালতে ফৈরাদ করিতে চাহে ও লয় তোমার ৪১ কাবাই তবে তোমার প্লাপ ও লইতে দেহ। এবং যদি কেহ জোর করে তোমাকে অর্দ্ধ কোষ যাইতে তবে ৪২ তাহার দ্বীগুন যাও। দিও তাহাকে যে চাহে তোমার স্থানে ও যে কর্জ্জ চাহে তোমা হইতে বৈমুখ হইও না তাহাকে——

৪৩ তোমরা শুনিয়াছ কহা গেল প্রেম কর তোমার ৪৪ প্রতিবাসিকে ও ঘৃন্না কর তোমার শত্রুকে। কিন্তু আমি বলি তোমারদিগকে প্রেম কর তোমার শত্রুর দিগকে আসির্ব্বাদ কর তাহারদিগকে যাহারা সাঁপ দেয় তোমারদিগকে তাহারদের সুখ চাহ যাহারা ঘৃন্নকরে তোমারদিগকে ও কামনা করে তাহারদের জন্য যাহারা হিংসা ও বিপক্ষতা করে ৪৫ তোমারদিগকে তোমরা তোমারদের স্বর্গীয় পিতার শিশু গন হওনের নিমিত্তক একারন তিনি করেন সূর্য্যের ঊদয় দুষ্ট ও ভালোর উপরে এবং

৪৬ বৃষ্টি বর্ষেন যথার্থিক ও অযথার্থিকের উপরে এক্কারন যদি তোমরা প্রেম কর তাহারদিগকে যাহারা প্রেম
৪৭ করে তোমারদিগকে তবে কি ফলোদয় তোমারদের। পাটোয়ারি এমন করে না। এবং যদি তোমরা নমস্কার কর কেবল তোমারদের ভ্রাতারদিগকে তবে
৪৮ তোমরা কি কর অন্য হইতে পাটোয়ারি লোকেরা এমত করে না অতএব শুদ্ধ হও যে মত তোমারদের স্বর্গীয় পিতা শুদ্ধ।

পর্ব্ব ৬ সাবধান তোমারদের ধর্ম্ম করিও না মনুষ্যেরদের গোচরে তাহারদের দেখানের জন্য নতুবা তোমারদের
২ ফলোদয় নহে তোমারদের স্বর্গীয় পিতা হইতে। অতএব যখন তুমি বিতরন কর তখন তুরি বাজাইও না সিনাগগ ও গলির মধ্যে যেমন কাল্পনিকেরা করে গৌরব পাইতে মনুষ্যের দৃষ্টি সত্য আমি বলি তোমারদিগকে তাহারা
৩ পায় আপনারদের ফলোদয়। কিন্তু যখন তুমি বিতরন কর তখন জানাইও না তোমার বাম হস্তকে কি করি
৪ তেছে তোমার দক্ষিন হস্ত ইহাতে তোমার বিতরন অপ্রকাশ হইবে এবং তোমার পিতা যিনি দেখেন গুপ্ত স্থানে আপনি প্রকাশমান ফলোদয় করাইবেন তোমাকে।
৫ যখন কামনা কর তখন কাল্পনিকের মত হইও না এক্কারন তাহারা সিনাগগে ও গলির কোনে ডাণ্ডাইয়া কামনা করিতে চাহে মনুষ্যের দেখানের জন্য সত্য আমি বলি তোমারদিগকে তাহারা পায় আপনারদের
৬ ফলোদয়। কিন্তু যখন তুমি কামনা কর তখন প্রবেশ কর

তোমার অপ্রকাশ স্থানে ও দ্বার বন্ধ করিয়া কামনা কর তোমার পিতাকে যিনি আছেন অপ্রকাশের মধ্যে এবং তোমার পিতা যিনি দেখেন গুপ্ত স্থানে তিনি প্রকাশ
৭ মান ফলোদয় করাইবেন তোমাকে। কিন্তু যখন তোমরা কামনা কর তখন অনর্থক বাক্য ব্যয় করিও না যে মত প্রতিমা পুজকেরা করে একারন তাহারা ভাবে তাহারদের অনেক কহনের কারন শুনা যাবে
৮ অতএব তোমরা তাহারদের মত হইও না একারন তোমারদের পিতা জানেন কিং তোমরা চাহ তোমার
৯ দের নিবেদনের পূর্ব্বে। অতএব এই মত কামনা কর
১০ আমারদের পিতা যিনি স্বর্গে পবিত্র হওক তোমার নাম তোমার রাজ্য আগমন করুক তোমার ইচ্ছা
১১ হওক যেমন স্বর্গে তেমন পৃথিবীর ওপরে অদ্য
১২ আমারদিগকে দিও আমারদের নিত্য ভক্ষ এবং মর্য্যাদা কর আমারদিগকে আমারদের দেনা যে মত আমরা মর্য্যাদা করি আমারদের দায়গ্রহস্থের
১৩ দিগকে এবং আনয়ন করিও না আমারদিগকে পরিক্ষায় কিন্তু পরিত্রান কর আমারদিগকে আপদ হইতে একারন রাজ্য ও শক্তি ও নাম তোমার সদা
১৪ কাল। আমেন। একারন যদি তোমারা মর্য্যাদা কর মনুষ্যেরদিগকে তাহারদের সীমা বহির্ভূত তবে তোমারদের স্বর্গীয় পিতা তোমারদিগকে ও মর্য্যাদা
১৫ করিবেন কিন্তু যদি তোমরা মনুষ্যের দিগকে তাহার দের বহির্ভূত মর্য্যাদা না কর তবে তোমারদের পিতা মর্য্যাদা করিবেন না তোমারদের সীমা বহির্ভূত

১৬ পুনর্ব্বার যখন তোমরা ওপবাস কর তখন ক্লিষ্ট মুখ হইও না কাল্পনিকের মত একারন তাহারা মুখ বিশ্রি করে ওপবাসি দেখানের জন্য সত্য আমি বলি তোমারদিগকে তাহারা পায় আপনারদের ফলোদয়।
১৭ কিন্তু যখন তুমি ওপবাস কর তখন তোমার মস্তকে
১৮ তৈল মর্দ্দন কর এবং মুখ প্রক্ষালন কর ইহাতে তুমি ওপবাসি দেখা যাইবা না মনুষ্যেরদের দৃষ্টে কিন্তু তোমার পিতার দৃষ্টে যিনি আছেন অপ্রকাশ স্থানে এবং তোমার পিতা যিনি দেখেন অপ্রকাশে তিনি ফলোদয় দিবেন তোমাকে প্রকাশ করিয়া——
১৯ আপনারদের জন্য ধন সঞ্চয় করিও না পৃথিবীর ওপর যে স্থানে কীট ও কলঙ্ক খায় এবং যেখানে চোরে সিঁদ
২০ দিয়া চুরি করে। কিন্তু আপনারদের জন্য ধন সঞ্চয় কর স্বর্গে যে স্থানে কীট ও কলঙ্ক না খায় এবং যে
২১ স্থানে চোরে সিঁদ দিয়া না লইয়া যায় একারন যে স্থানে
২২ তোমারদের ধন সে স্থানে তোমারদের অন্তঃকরন। চক্ষু সরীরের প্রদীপ অতএব যদি তোমার চক্ষু জ্যোতি তবে
২৩ তোমার সকল সরীর পুর্ন দীপ্তি হইবেক কিন্তু যদি তোমার চক্ষু মন্দ তবে তোমার সকল সরীর পুর্ন অন্ধকার অতএব যদি সে দীপ্তি যাহা তোমার মধ্যে অন্ধকার হয় তবে কি মত বড় সে অন্ধকার——
২৪ কোন মনুষ্য দুই প্রভুর সেবা করিতে পারে না একারন এক জনকে ঘৃন্না করিয়া আর এক জনকে প্রেম করিবেক কিম্বা এক জনের অনুগত হইয়া তুচ্ছ করিবে

আর এক জনকে। তোমরা সেবা করিতে পার না
২৪ ঈশ্বরের ও ধনের। এ নিমিত্ত আমি বলি তোমার
দিগকে ব্যস্ত হইও না তোমারদের জীবনের জন্য কি
ভক্ষন করিবা কিম্বা কি পান করিবা কিম্বা সরীরের
জন্য কি পরিধান করিবা। জীবন অধিক নহে ভক্ষ
২৫ হইতে ও সরীর পরিচ্ছদ হইতে। দেখ শূন্যের পক্ষ
একারন তাহারা বুনে না দায় না এবং গোলায় একত্তর
করে না কিন্তু তোমারদের স্বর্গীয় পিতা আহার দেন
তাহারদিগকে তোমারা তাহারদিগ হইতে ভাল নহ
২৭ তোমারদের কোন জন ভাবিতেং এক হস্ত বৃদ্ধ করিতে
২৮ পারে তাহার লম্বতা। এবং কেন ভাবিৎ হও পরিচ্ছদের
কারন অনুধাবন কর ক্ষেত্তের ফুল কি মতে বৃদ্ধি হয়
২৯ কর্ম্ম কার্য্য করে না ও সুতা কাটে না কিন্তু আমি
বলি তোমারদিগকে শলমা তাহার সকল ঐশ্বর্য্যে
৩০ ইহারদের একের মত বিভূষিৎ ছিল না। অতএব
যদি ঈশ্বর এ মত অভরন দেন ক্ষেত্তের ঘাশকে যাহা
অদ্য আছে ও কল্য ফেলা হবে আগাতে তবে অধিকন্তু
পরিচ্ছদ দিবেন না তোমারদিগকে আরে তোমরা সল্প
৩১ ভক্ত। অতএব ভাবিও না বলিতেং কি খাইব কি পীব
৩২ কিম্বা কি পরিধান করিব একারন এ সকল দ্রব্যের জন্য
বর্ন্ন অন্যাষন করে এবং তোমারদের স্বর্গীয় পিতা
জানেন এ সকল দ্রব্যের আবশ্যক আছে তোমারদের।
৩৩ কিন্তু অন্যাষন কর প্রথমে ভগবানের রাজ্য ও তাহার
পুন্যতার্থ পরে এ সকল দিতে হবে তোমারদিগকে।
৩৪ অতএব ভাবিও না কল্যকার জন্য একারন কল্য ভাবনা

করিবে আপনার বস্তুর জন্য দিনের মন্দ দিনের কারন প্রচুর

পর্ব্ব ৭ বিচার করিও না তাহাতে বিচার্য্য হইবা না একারন যে বিচারে বিচার কর সেই বিচারে বিচার্য্য হইবা এবং যে পরিমানে মাপ কর সেই পরিমানে মাপিতে
৩ হইবেক তোমারদের স্থানে। এবং কিমার্থে দেখিতেছ; সে ক্ষুদ্র বস্তু যাহা তোমার ভ্রাতার চক্ষে কিন্তু অনুভব
৪ কর না সে আড়া যাহা তোমার আপনার চক্ষে কি মতে ও বলিতে পারা তোমার ভ্রাতাকে স্থকিতহ আমি বাহির করিব সে ক্ষুদ্র বস্তু তোমার চক্ষু হইতে এবং দেখ এক
৫ আড়া আছে তোমার আপনার চক্ষে হে কাল্পনিক প্রথমে বাহির করিয়া ফেল সে আড়া আপনার চক্ষু হইতে তখন তোমার সুদৃশ্য হইবেক বাহির করিতে সে ক্ষুদ্র বস্তু
৬ তোমার ভ্রাতার চক্ষু হইতে। পবিত্র বস্তু কুকুরেরদিগকে ফেলিও না তোমারদের মুক্তা ও সুকরের সন্মুখে ফেলিও না নতুবা তাহা পদতলে দলাইয়া তাহারদের মুখ ফিরাইয়া চিরে তোমাকে

৭ নিবেদন কর তবে দেওয়া হইবেক তোমারদিগকে অন্যাষন কর তবে পাইবা ঘাতন কর তবে দ্বার খোলা
৮ হইবেক তোরদিগকে। একারন যে চাহে সে পায় ও যে অন্যাষন করে সে পায় ও যে ঘাতন করে তাহাকে দ্বার
৯ খোলা হইবেক। একারন তোমারদের আছে কোন জন যাহার পুত্র যদি রুটি চাহে তবে প্রস্তুর দিবে তাহাকে
১০ কি যদি মৎস্য চাহে তবে সর্প দিবে তাহাকে অতএব
১১ যদি তোমরা দুষ্ট হইয়া জান কি মতে ভাল দান দিতে

তোমারদের শিশুরদিগকে তবে তোমারদের পিতা যিনি আছেন স্বর্গে ইহা হইতে কেমন ভাল বস্তু দিবেন তাহার
১২ দিগকে যাহারা চাহে তাঁহার স্থানে। অতএব যাহা২ তোমরা ইচ্ছা কর মনুষ্যেরা করিতে তোমারদিগকে তোমরা ও সেই মত কর তাহারদিগকে একারন এই
১৩ ব্যবস্থা এবং ভবিষ্যত বাক্য। তোমরা দুর্গম দ্বার দিয়া প্রবেশ কর একারন পরিসর সে দ্বার ও প্রসস্ত সে পন্থ যাহা যায় সঙ্কটেতে এবং অনেক প্রবেশ করে তাহা দিয়া
১৪ একারন দুর্গম সে দ্বার ও কার্কস্য সে পন্থ যাহা যায় জীবনে এবং অল্পে তাহা পায়

১৫ সাবধান মিথ্যা ভবিষ্যত বক্তারদিগ হইতে যাহারা আইসে তোমারদের স্থানে মেষের পরিচ্ছদে কিন্তু
১৬ তাহারা অন্তরে দুরন্ত কেন্দুয়া। তোমরা ফলেতে জানিবা তাহারদিগকে মনুষ্যেরা দ্রাক্ষা ফল পাড়ে কাঁটা গাছ
১৭ হইতে কিম্বা ডুমুর শিয়াল কাঁটা গাছ হইতে সে মত প্রতি ওৎকৃষ্ট বৃক্ষ ওৎকৃষ্ট ফল ফলে কিন্তু মন্দ বৃক্ষ
১৮ মন্দ ফল ফলে। মন্দ বৃক্ষ ওৎকৃষ্ট ফল ফলিতে পারে
১৯ না এবং ওৎকৃষ্ট বৃক্ষ মন্দ ফল ফলে না। প্রতি বৃক্ষ যাহা ওৎকৃষ্ট ফল ফলে না তাহা কাটিয়া ফেলা হয়
২০ অগ্নিতে অতএব তোমরা ফলেতে জানিবা তাহার দিগকে

২১ প্রতি জন যে আমাকে বলে ঈশ্বর ঈশ্বর প্রবেশ করিবে না স্বর্গের রাজ্যে কিন্তু যে করে আমার পিতার
২২ ইচ্ছা যিনি আছেন স্বর্গে। সে দিনে অনেক বলিবে আমাকে ঈশ্বর ঈশ্বর আমরা ভবিষ্যত বাক্য কহি না

তোমার নামে ও তোমার নামে ভূতগন তাড়াই না
২৩ ও তোমার নামে আশ্চর্য্য কার্য্য করি না কিন্তু তখন
আমি বলিব তাহারদিগকে আমি কখন জানিলাম না
তোমারদিগকে দূরহ আমা হইতে তোমারা অযথার্থ
কারক

২৪ অতএব প্রতি জন যে শুনে আমার এ প্রসঙ্গ ও তাহা
করে আমি অনুমান করি তাহাকে জ্ঞানবান মনুষ্যের
২৫ তুল্য যে ঘর গ্রন্থিত করিল পাষান স্থলির উপরে এবং
বৃষ্টি বর্ষিল ও বন্যা আইল ও বায়ু বহিল ও চোটে
পড়িল সে ঘরের উপরে কিন্তু তাহা পড়িল না একারন
২৬ তাহার পোঁতা ছিল পাষানের উপরে। কিন্তু প্রতি
মনুষ্য যে শুনে আমার এ প্রসঙ্গ ও তাহা করে না সে
হয় ক্ষিপ্ত মনুষ্যের তুল্য যে তাহার ঘর গ্রন্থিত করিল
২৭ বালুকার উপরে এবং বৃষ্টি বর্ষিল ও বন্যা আইল ও
বায়ু বহিল ও চোটে পড়িল সে ঘরের উপরে এবং
তাহা পড়িল ও তাহার ভঙ্গন বড় ছিল

২৮ যখন য়েশু সমাপ্ত করিয়াছিলেন এ সকল প্রসঙ্গ
২৯ তখন লোকেরা চমৎকিৎ ছিল তাঁহার উপদেশে একারন
তিনি সিক্ষা করাইলেন তাহারদিগকে শাসন কর্ত্তার
মত ও অধ্যাপক.র মত নহে

পর্ব্ব ৮ তিনি পর্ব্বত হইতে নামিলে অনেক২ লোক আইল
তাঁহার পশ্চাৎ পরে দেখ এক জন পাথর গৃহস্থ
আইল এবং প্রনাম করিয়া বলিল ঈশ্বর যদি তোমার
২ ইচ্ছা তবে পরিষ্কার করিতে পার আমাকে। তাহাতে

য়েশু হাত বাড়াইলেন ও তাহাকে স্পর্শ করিয়া বলিলেন আমার ইচ্ছা আছে পরিষ্কার হও। এবং সেই ক্ষনে
৪ তাহার পাথর পরিষ্কার হইল। য়েশু বলিলেন তাহাকে সাবধান কাহাকে কহিও না কিন্তু প্রস্থান করিয়া দেখা কর যাজকের সহিৎ এবং সে দান ওৎসর্গ কর যাহা মোশা আজ্ঞা করিলেন তাহারদিগকে স্বাক্ষীর কারন

৫ যখন য়েশু খাফরনক্রমে প্রবেশ করিয়া ছিলেন তখন তাহার নিকট এক জন এক শৎ সেনার পতি আইল
৬ কাকুতি করিতেৎ তাহার কাছে ও বলিতেৎ ঈশ্বর আমার দাস অঙ্গ অবস পিড়িত হইয়া ঘরে শয়নে
৭ থাকে সমূহ ব্যথিৎ। য়েশু বলিলেন তাঁহাকে আমি
৮ আসিয়া সুস্থ করিব তাহাকে সে এক শৎ সেনার পতি প্রত্যুত্তর করিয়া বলিল ঈশ্বর তুমি আমার চালের নিচে আগমন করিতে আমি ওক্ত নহি কিন্তু কেবল এক
৯ কথা বল তাহাতে আমার দাস সুস্থ হবে। একারন আমি এক মনুষ্য শাসিতের বস ও সেনাগন আছে আমার বস আমি ইহাকে যাইতে বলিলে সে যায় এবং ওহাকে আসিতে বলিলে সে আইসে এবং আমার
১০ দাসকে ইহা কর বলিলে সে তাহা করে। য়েশু ইহা শুনিয়া চমৎকৃৎ ছিলেন ও যাহারা আইল তাহার সহিৎ তাহারদিগকে বলিলেন সারোদ্ধার আমি বলি তোমারদিগকে আমি এ মত বড় ভক্তি পাই না
১১ বটে য়িশ্রালে নাই। আমি ও বলি তোমারদিগকে অনেক লোক পূর্ব্ব ও পশ্চিম হইতে আসিয়া বসিবে

স্বর্গের রাজ্যে আবরহাম ইজহাক ও যাঁকুবের সহিত
১২ কিন্তু রাজ্যের শিশুগন ফেলিতে হইবেক বাহিরে
১৩ অন্ধকারে সে স্থানে ক্রন্দন ও দন্তে দন্তে ঘর্ষণ। পরে
সে এক শত সেনার পতিকে বলিলেন প্রস্থান কর ও
যেমন প্রত্যয় করিয়াছ তেমন হওক তোমাকে। ও তাহার
দাস সুস্থ হইল সেই দণ্ডে

১৪ যখন য়েশু আসিয়া ছিলেন পিতরের বাটীতে তখন
দেখিলেন পিতরের মাসুড়ি শয়নে জ্বরে পড়িয়া
১৫ পরে তিনি স্পর্শ করিলেন তাহার হস্ত তাহাতে জ্বর
ত্যাগ করিল তাহাকে এবং সে গাত্রোত্থান করিয়া
১৬ সেবা করিল তাহারদের বৈকাল হইলে লোকেরা
আনিল তাঁহার কাছে অনেক যাহারদিগকে ভূতে
ধরিল এবং তিনি কথা কহিয়া দূর করিলেন সে
আত্মারদিগকে ও সুস্থ করিলেন সকল পীড়িতকে।
১৭ তাহা প্রত্যক্ষ হওনের জন্য যাহা বিভাষিত আছে
য়িশয়াহ ভবিষ্যত বক্তা হইতে বলিয়া তিনি লইলেন
আমারদের দুর্ব্বলতা ও সহিলেন আমারদের
অসুস্থ

১৮ যখন য়েশু অনেক লোক তাঁহার আশপাশ
দেখিলেন তখন তিনি আজ্ঞা দিলেন অন্য পারে প্রস্থান
১৯ করিতে সে কালে এক জন অধ্যাপক আসিয়া বলিল
তাঁহাকে প্রভু যেখানে তুমি যাও সেখানে যাইব
২০ তোমার সহিত য়েশু বলিলেন তাহাকে খেঁক

শিয়ালের গাদ আছে ও শূন্যের পক্ষের বাসা কিন্তু মনুষ্যের পুত্রের মস্তক রাখিবার স্থান নাই।
২১ পরে তাহার আর এক শিষ্য বলিল তাঁহাকে ঈশ্বর প্রথমে আমার পিতার কবর দিতে যাইতে দেহ।
২২ য়েশু বলিলেন তাহাকে আমার সহিৎ আইস ও মরা
২৩ মরার কবর দিওক পরে তিনি জাহাজে যাইয়া তাহার
২৪ শিষ্যেরা গেল তাহার পশ্চাৎ। তৎপরে দেখ সমুদ্রে বড় ঝড় হইল তাহাতে জাহাজ ঢেওতে ঢাকা গেল
২৫ কিন্তু তিনি নিদ্রিত ছিলেন। অতএব তাঁহার শিষ্যেরা আসিয়া চৈতন্য করাইল তাঁহাকে বলিয়া ঈশ্বর ত্রান
২৬ কর আমারদিগিকে আমরা হত্যা হই। তাহাতে তিনি বলিলেন তাহারদিগিকে হে সল্প ভক্ত কেন ভয়ার্থ আছ তখন উঠিয়া ঝড় ও সমুদ্রকে বিবক্ত করিলেন
২৭ তাহাতে বড় স্থির ছিল। অতএব মনুষ্যেরা চমৎকৃত হইয়া বলিল এ কি প্রকার মনুষ্য এহারন ঝড় ও সমুদ্র তাহার আজ্ঞা বহ——

২৮ যখন তিনি অন্য পারে উপনিৎ হইলেন গার্গেসেন দেশে তখন দুই ভূত গৃহস্থ কবর হইতে আসিয়া দেখা করিল তাঁহার সঙ্গে তাহারা বড় দুর্জ্জন তাহাতে কেহ
২৯ যাইতে পারে না সে পন্থে এবং দেখ তাহারা চিৎকার করিয়া বলিল ও হে য়েশু ঈশ্বরের পুত্র তোমার সহিৎ কি কার্য্য আমারদের আসিয়াছ কালের
৩০ পূর্ব্বে তন্ত্রনা দিতে আমারদিগিকে। তাহারদিগ হইতে অনেক দূর বিস্তর সুকরের এক পাল চরিতে
৩১ ছিল অতএব ভূতেরা কাকুতি করিয়া বলিল তাঁহাকে

যদি আমারদিগকে ছাড়িয়া ফেলাও তবে আমার
৩১ দিগকে যাইতে দেহ সুকরের পালে। তিনি বলিলেন
তাহারদিগকে যাও। তখন তাহারা বাহির হইয়া
সুকরের পালে গেল তাহাতে দেখ সমস্ত সুকরের
পাল বেগে দৌড়িল সমুদ্রে খাড়া স্থান দিয়া ও জলে
৩৩ হত্যা হইল। তাহাতে রক্ষক সহরে পলাইয়া
কহিল এ সকল বিষয় ও যাহা ছিল সে ভূৎ গৃহস্থের
৩৪ দিগকে। এবং দেখ সহরের সকলে বাহির হইয়া
আইল দেখা করিতে যেশুর সহিৎ ও দেখিয়া কাকুতি
করিল তাহাকে তাহারদের দেশ ছাড়িয়া যাইতে।

পর্ব্ব পরে তিনি জাহাজে প্রবেশ করিয়া পার হইয়া
১ ওত্তরিলেন আপনার সহরে। দেখ তাহারা
২ আনিল এক জন অঙ্গ অবস শয্যে শুইয়া। এবং যেশু
তাহারদের ভক্তি দেখিয়া বলিলেন সে অঙ্গ অবসকে
৩ বাছা স্থির হও তোমার পাপ মর্য্যাদা হইল। তখন
দেখ অধ্যাপক মনেং বলিল এ মনুষ্য পাসণ্ডতা
৪ করে। কিন্তু যেশু তাহারদের মনন জ্ঞাত
হইয়া বলিলেন কেন অন্তরে দুষ্ট মনন কর
৫ একারন অনায়াসে কি বলিতে তোমার পাপ মর্য্যাদা
৬ হইয়াছে কিম্বা কহিতে ওঠিয়া বেড়াও কিন্তু তোমার
দের জানিবার জন্য মনুষ্যের পুত্রের পরাক্রম আছে
পাপ মাফ করিতে পৃথিবীতে তখন তিনি বলিলেন সে
অঙ্গ অবস মনুষ্যকে ওত্থান কর তোমার শয্যা তুল

৭ বাটীতে যাও। তাহাতে সে উঠিয়া গেল তাহার
৮ বাটীতে কিন্তু মানবা তাহা দিখিলে চমৎকৃৎ
হইয়া স্তব করিল ঈশ্বরকে যিনি দিয়া ছিলেন এমত
পরাক্রম মনুষ্যেরদিগকে।

৯ য়েশু সে স্থান হইতে যাইতেং দেখিলেন এক জন
তাহার নাম মাত্তিও বসিল কাচারি ঘরে ও বলিলেন
তাহাকে আমার সহিৎ আইস অতএব সে ওত্থান
১০ করিয়া গেল তাহার সহিৎ। য়েশু ভোজনে বসিলে
দেখ অনেক পাটোয়ারি ও পাপি লোক আসিয়া
১১ বসিল তাঁহার ও তাঁহার শিষ্যেরদের সঙ্গে। তাহাতে
ফারিসিরা তাহা দেখিয়া বলিল তাহার শিষ্যেরদিগকে
তোমারদের প্রভু পাটোয়ারি ও পাপি লোকের সহিৎ
১২ ভোজন করেন কেন। কিন্তু য়েশু তাহা শুনিয়া বলি
লেন তাহারদিগকে যাহারা সুস্থ হয় তাহারদের
কবিরাজের আবশ্যক নাই কেবল যাহারা পীড়িত
১৩ আছে কিন্তু যাইয়া শিক্ষা কর ইহার অর্থ কি আমি
চাহি ক্ষমা বলিদান নহে একারন আমি আসিলাম না
পুণ্যার্থিককে খেদ করিতে ডাকিবার জন্য কিন্তু পাপি
লোককে।

১৪ তখন য়োহনের শিষ্যেরা তাঁহার কাছে আসিয়া
বলিল কিমার্থে আমরা ও ফারিসিরা পৌনঃ পুন্য
ওপবাস করে কিন্তু তোমার শিষ্যেরা ওপবাস করে
১৫ না। য়েশু বলিলেন তাহারদিগকে কন্যা যাত্রি লোক
রোদন করিতে পারে যাবৎ বর তাহারদের সঙ্গে কিন্তু
দিন আসিবে যাহাতে বরকে লইয়া যাইতে হবেক

তাহারদিগ হইতে তখন তাহারা উপবাস করিবেক।
১৬ কোন কেহ নূতন কাপড় দিয়া পুরাতন পরিচ্ছদে তালি দেয় না একারন যাহা তালি দেয় চেরা মারিতে তাহা
১৭ ছিড়িয়া যায় ও সে চেরা অধিক হয়। কোন কেহ নূতন দ্রাক্ষা রস থোয় না পুরাতন কুপায় নত্তবা কুপা ভাঙ্গিয়া যায় ও দ্রাক্ষা রস পড়িয়া গেলে কুপা নষ্ট হয় কিন্তু তাহারা থোয় নূতন দ্রাক্ষা রস নূতন কুপায় তাহাতে দুহার রক্ষা হয়।

১৮ তিনি এ কথা তাহারদিগকে বলিতেং দেখ এক জন অধ্যক্ষ আসিয়া পূজা করিল তাঁহাকে বলিতেং আমার কন্যা এই মাত্র মরিয়াছে কিন্তু আসিয়া তোমার হস্ত দিও
১৯ তাহার উপরে তখন বাঁচিবে অতএব য়েশু ও তাহার শিষ্যেরা উঠিয়া গেল তাহার সহিৎ

২০ এক স্ত্রী লোক বারো বৎসর অবধি পীড়িতা ছিল ক্ষততে এবং দেখ সে তাহার পশ্চাৎ আসিয়া স্পর্শ
২১ করিল তাঁহার পরিচ্ছদের আঁচলা একারন আপনার অন্তরে বলিল যদি আমি স্পর্শ করিতে পারি কেবল
২২ তাঁহার পরিচ্ছদ তবে সুস্থ হইব কিন্তু য়েশু ফিরিলেন এবং তাহাকে দেখিয়া বলিলেন কন্যা শান্তনা হও তোমার ভক্তি সুস্থ করিয়াছে তোমাকে তাহাতে সে স্ত্রী লোক সুস্থ ছিল সেই দণ্ডাবধি।

২৩ য়েশু অধ্যক্ষের বাটীতে আসিয়া দেখিলেন বাদক
২৪ ও লোকেরা শব্দ করিতেং তখন তিনি বলিলেন তাহার দিগকে স্থান দেহ একারন কন্যা মরা নাই কিন্তু নিদ্রিতা। তাহাতে তাহারা বহুত পরিহাস করিল

২৫ তাঁহাকে। কিন্তু তিনি সে লোকেরদিগকে বাহির করিয়া দিলে প্রবেশ করিলেন তাহারদের মধ্যেখানে এবং তাহার হস্ত ধারন করিলে কন্যা
২৬ ওত্থান করিল। পরে এ কার্য্যের ধ্বনি গেল সে সকল দেশে।

২৭ যখন য়েশু প্রস্থান করিলেন সে স্থান হইতে তখন দুই অন্ধ মনুষ্য তাহার পশ্চাৎ বর্ত্তি হইল চেঁচাইতেং ও বলিতেং আরে দাঊদের সন্তান অনুগ্রহ কর
২৮ আমারদিগকে। যখন তিনি আসিয়া ছিলেন বাটীতে তখন সে অন্ধ মনুষ্যেরা আইল তাঁহার কাছে অতএব য়েশু বলিলেন তাহারদিগকে প্রত্যয় কর তোমরা যে আমি ইহা করিতে পারি। তাহারা বলিল
২৯ তাঁহাকে হাঁ ঈশ্বর। তখন তিনি তাহারদের চক্ষু স্পর্শ করিয়া বলিলেন তোমারদের ভক্তির মত হওক তোমার
৩০ দিগকে ও তাহারদের চক্ষু প্রসন্ন হইল পরে য়েশু শক্ত আজ্ঞা দিলেন তাহারদিগকে দেখিও কোন কেহ জানে না
৩১ যেন কিন্তু তাহারা যাইয়া করিল তাহার বড় সুখ্যাত্ত সকল দেশান্তরে।

৩২ তাঁহারা বাহিরে গেলে দেখ লোকেরা আনিল তাহার কাছে ভুতে পাওয়া এক গোঙ্গা মানুষকে।
৩৩ তিনি সে ভুতকে ছাড়াইলে গোঙ্গা মানুষ কথা কহিল তাহাতে মানব্য চমৎকৃত হইয়া বলিল য়িশরালে এমত
৩৪ কদাচ দেখা হয় না। কিন্তু ফারিসিরা বলিল তিনি ভুতেরদিগকে ছাড়াইয়া দেন ভুতের রাজার করনক।

৩৫ পরে য়েশু প্রদক্ষিন করিয়া গেলেন সকল সহরে ও গ্রামে শিক্ষাইতেং তাহারদের সিনাগোগে ও ঢেড়ি দিতেং রাজ্যের মঙ্গল সমাচার ও প্রতি পীড়া
৩৬ ও অসুস্থ সুস্থ করিতেং লোকেরদের মধ্যে। তিনি মানব্যেকে দেখিয়া দয়াশীল ছিলেন তাহারদের ওপরে একারন তাহারা শ্রান্ত ও ছিন্ন ভিন্ন ছিল অরক্ষক মেষের
৩৭ মত। তখন তিনি বলিলেন তাহার শিষ্যেরদিগকে
৩৮ নিতান্ত ফসল বিস্তর কিন্তু মজুর লোক অল্প অতএব নিবেদন কর ফসলের কর্ত্তাকে মজুর লোককে পাঠাইতে তাহার ফসল কাটিবার জন্য

পর্ব্ব ১০

অতঃপরে তিনি দ্বাদশ শিষ্যেরদিগকে ডাকিয়া পরাক্রম দিলেন অপরিষ্কার আত্মার ওপরে তাহারদিগকে ছাড়াইয়া ফেলিতে ও সুস্থ করিতে সকল প্রকার পীড়া
২ ও সকল প্রকার অসুস্থ। দ্বাদশ প্রেরিতের নাম এই প্রথম শীমন যাহার খ্যাত নাম পিতর ও আন্দ্রি তাহার ভ্রাতা জেবদির পুত্র যাঁকুব ও য়োহন তাহার
৩ ভ্রাতা ফিলিপ ও বার্ত্তোলমি তমা ও মাত্তিও পাটোয়ারি আলফির পুত্র যাঁকুব ও লবি যাহার খ্যাত নাম
৪ তদী। শীমন খনাঁনী ও য়িহোদা স্কারিওটী যে ও ছিন বিশ্বাস ঘাতক

৫ এই দ্বাদশকে য়েশু পাঠাইয়া এ আজ্ঞা দিলেন অন্য বর্ন্নেরদের স্থানে যাইও না ও প্রবেশ করিও না
৬ শমরনীরদের কোন সহরে। কিন্তু বরং যাও য়িশরালের ঘরের অনোদ্দিস্য মেষের ঠাঁই। এবং যাইয়া
৭

ছেড়ি দিও বলিতেং স্বর্গের রাজ্য সান্নিধ্য।
সুস্থ কর পীড়িতকে পরিষ্কার কর পাথরকে মরাকে
৮ ওঠাও ছাড়াইয়া ফেল ভূতকে অনাকিঞ্চনে পাইয়াছ
৯ অনাকিঞ্চনে দেহ। যোগাইও না সোনা কিম্বা রূপা
১০ কিম্বা পিতল তোমারদের থলির মধ্যে ও সম্বল নহে
তোমারদের পথের কারন কিম্বা দুই পরিচ্ছদ কি জুতা
১১ কি ডণ্ড একারন মজুর তাহার ভক্ষ দ্রব্য ওক্ত। কোন
সহরে কি গ্রামে গেলে জিজ্ঞাসা কর তাহার কোন
১২ লোক আতীথি ও তাহার ঠাই থাক তোমারদের যাওন
১৩ পর্য্যন্ত। কোন বাড়িতে ও যাইয়া আশীর্ব্বাদ কর
তাহাকে যদি সে বাটী ওক্ত হয় তবে তোমারদের
কুশল আসিবে তাহারে কিন্তু যদি তাহা ওক্ত নহে
১৪ তবে তোমারদের কুশল ফিরিবে তোমারদের স্থানে।
এবং যে কেহ আতীথি করিতে না চায় তোমার
দিগকে ও তোমারদের কথা শুনে না যখন তোমরা
প্রস্থান কর সে বাটী কি সহর হইতে তখন ঝাড়িয়া
১৫ ফেল তোমারদের পদ ধুলা। সত্য আমি বলি তোমার
দিগকে বিচারের দিনে সদম ও ঊমরা দেশের সাস্তি
হইবে সে সহরের সাস্তি হইতে অল্প

১৬ দেখ আমি পাঠাই তোমারদিগকে যে মত মেষ
কেন্দুয়ার মধ্যে অতএব তোমরা বুদ্ধিমান হও সর্পের
১৭ ন্যায় ও অহিংসক হও ঘুঘুর ন্যায়। কিন্তু সাবধান
মনুষ্য হইতে একারন তাহারা তোমারদিগকে সভাতে
গচ্ছিত করিবে ও ডণ্ড মারিবে তোমারদিগকে
১৮ সিনাগোগে ও তোমরা আনয়ন হইবা অধ্যক্ষ ও রাজার

সাম্মুখে আমারার্থে তাহারদের ও অন্য বর্ণের সাক্ষীর
১৯ জন্য। কিন্তু যখন তাহারা গচ্ছিত করে তোমার
দিগকে তখন ভাবিৎ হইও না কি কথা বলিবা একারন
কহিবার কথা দিতে হইবে তোমারদিগকে সে দণ্ডে।
২০ যে বলে সে তোমরা নহে কিন্তু তোমারদের পিতার
২১ আত্মা যে বলে তোমারদের মধ্যে। ভ্রাতা ও
ভ্রাতাকে মৃত্যুতে গচ্ছিত করিবে ও পিতা পুত্রকে শিশু
গন ও মাতা পিতার বিপরিতে ওঠিয়া হত্যা করাইবে
২২ তাহারদিগকে। তোমরা ও সমস্ত মনুষ্যের ঘৃন্নিত
হইবা আমার নামেরার্থে কিন্তু যে সহিষ্ণুতা করে শেষ
২৩ পর্য্যন্ত সে ত্রান পাইবে। কিন্তু যখন তাহারা বিপক্ষতা
করে তোমারদিগকে এক সহরে তখন পালাইয়া যাও
আর একে একারন সারোদ্ধার আমি বলি তোমার
দিগকে য়িশরালের সকল সহরে২ যাইবা না মনুষ্যের
২৪ পুত্রের আগমনের পূবের। শিষ্য গুরুর ওপর নহে
২৫ ও সেবক প্রভুর ওপর নহে এই প্রচুর যদি শিষ্য হয়
গুরুর মত ও সেবক প্রভুর। যদি তাহারা বলিয়াছে
বাটীর কর্ত্তা বেউলজবব কত অধিক বাটীর লোকের
২৬ দিগকে অতএব তাহারদিগকে ভয় করিও না একারন
কিছু ঢাকা নহে যাহা প্রকাশ হইবে না কিম্বা গুপ্ত
২৭ যাহা জানা হইবে না। যাহা আমি কহি তোমার
দিগকে অন্ধকারে যাহা বলিও আলোতে ও যাহা
তোমরা কর্ন্নে শুনিতে পাও তাহা ঢেড়ি দেহ ঘঁরের
২৮ ছাতের ওপর। ভয় করিও না তাহারদিগকে
যাহারা বধ করে শরীর ও প্রাঁন বধ করিতে পারে না

কিন্তু বরং ভয় কর তাহাকে যিনি নষ্ট করিতে পারেন
২৯ দুই প্রান ও শরীর নরকে দুইটা চটক পক্ষ বিক্রয়
নহে এক সিকি পৈষায় কিন্তু তাহারদের একটা
মৃত্তকায় পড়িবে না তোমারদের পিতা ব্যতিরেক।
৩০ কিন্তু তোমারদের মস্তকের সমস্ত কেশ গনন আছে
৩১ অতএব ভয় করিও না তোমরা অধিক মূল্য অনেক
৩২ চটক হইতে। সে কারন যে কেহ স্বিকার করিবে
আমাকে মনুষ্যেরদের সাখ্যাৎ আমিও স্বিকার
করিব তাহাকে আমার পিতার সাখ্যাৎ যিনি আছেন
৩৩ স্বর্গে। কিন্তু যে কেহ অপহ্নব যাবে আমাকে মনুষ্যের
দের সাখ্যাৎ আমিও অপহ্নব যাইব তাহাকে আমার
৩৪ পিতার সাখ্যাত যিনি আছেন স্বর্গে। ইহা ভাবিও না
যে আমি আসিয়াছি কুশল দিতে পৃথিবীর ওপরে
আমি আইলাম না কুশল দিতে কিন্তু তলোয়ার।
৩৫ একারন আমি আসিয়াছে মানুষের পুত্র করাইতে
তাহার পিতার বিপরিতে ও কন্য তাহার মাতার
বিপরিতে ও সৎকন্যা তাহার বিমাতার বিপরিতে
৩৬ মনুষ্যের শত্রু ও হইবেক তাহার আপনার পরিজন।
৩৭ যে প্রেম করে পিতা কিম্বা মাতাকে আমা হইতে অধিক
সে আমার যোগ্য নহে ও যে প্রেম করে পুত্র কিম্বা
৩৮ কন্যাকে আমা হইতে অধিক সে আমার যোগ্য নহে।
এবং যে তাহার ক্রুস না লয় ও আমার পশ্চাৎ বর্ত্তি না
৩৯ হয় সে যোগ্য নহে আমাতে। যে পায় আপনার প্রান সে
তাহা হারাইবে ও যে হারায় তাহার প্রান আমারার্থে সে
৪০ তাহা পাইবে। যে আতীথি করে তোমারদিগকে সে

অতীথি করে আমাকে ও যে অতীথি করে আমাকে সে অতীথি করে তাঁহাকে যিনি পাঠাইলেন আমাকে।
৪১ যে অতীথি করে ভবিষ্যত বক্তাকে ভবিষ্যত বক্তার নামে সে ভবিষ্যত বক্তার ফলোদয় পাইবেক ও যে অতিথ্য করে পুকৃতার্থিক মনুষ্যকে পুকৃতার্থিকের নামে সে
৪২ পুকৃতার্থিক মনুষ্যের ফলোদয় পাইবেক। এবং যে কেহ মাত্র এক বাটী শীতল জল পান করিতে দিবে এ ক্ষুদ্রেরদের এক জনকে শিষ্যের নামে সত্য আমি বলি তোমারদিগকে তাহার ফলোদয় কোন ক্রমে অপ্রাপ্য হইবে না।

পর্ব্ব ১১
১ ইহার পরে য়েশু তাহার দ্বাদশ শিষ্যেরদিগকে নিত করিলে পুস্থান করিলেন সে স্থান হইতে তাহারদের নগরে শিক্ষা করাইতে ও চেড়ি দিতে।

২ য়োহন কারাগারে খ্রীষ্টের সমাচার শুনিয়া
৩ পাঠাইল তাহার শিষ্যেরদের দুই জন ও বলিল তাঁহাকে তুমি সে জন যাহার আগমন হইবে কিম্বা
৪ পুত্যাসা করি আর একের জন্য। য়েশু পুত্যুত্তর করিয়া বলিলেন তাহারদিগকে ফিরিয়া যাও
৫ য়োহনকে দেখাও যাহা২ শুনিয়াছ ও দেখিয়াছ অন্ধেরা দৃষ্টি পায় খোঁড়ারা গতায়ত করে পাথর গৃহস্থেরা পরিস্কার হয় ববিরেরা শুনিতে পায় মৃত্যুরা পায় জীবন এবং অকিঞ্চনেরদের ঠাই মঙ্গল সমাচার চেড়ি দেওয়া
৬ হয়। ও ধন্য সে জন যে বিরুক্ত না হয় আমার বিষয়।

৭ তাঁহারদের যাত্রা কালে য়েশু য়োহনের বিষয় বলিতে লাগিলেন মানব্যরদিগাকে বলিয়া কি দেখিতে গিয়াছ
৮ বাতাসে নড় নল কিন্তু কি দেখিতে গিয়াছ এক জন কোমল পারিচ্ছদে দেখ কোমল পারিচ্ছদে যাহারা
৯ পরিধান হয় তাহারা রাজার বাটীতে। কিন্তু কি দেখিতে গিয়াছ তোমরা এক ভবিষ্যত বক্তা বটে আমি বলি তোমারদিগকে ভবিষ্যত বক্তা হইতে অধিক।
১০ একারন এই তিনি যাহর বিষয় লিপি আছে দেখ আমি পাঠাই আমার দূত তোমার সন্মুখে যে প্রস্তুত করি
১১ বেক তোমার পন্থ তোমার অগ্রে। সত্য আমি বলি তোমারদিগকে যাহারা জন্মিয়াছে স্ত্রী লোকের ওদরে তাহারদের কোন কেহ ওৎপত্তি নাই য়োহন ডুবা হইতে বড় কিন্তু যে অতি ক্ষুদ্র স্বর্গের রাজ্যে সে তাহা হইতে
১২ বড়। য়োহন ডুবার দিনাবধি এখন পর্য্যন্ত স্বর্গের রাজ্য জোর খায় ও শক্তিমন্ত জোরেতে ধরে তাহা।
১৩ একারন সমস্ত ভবিষ্যত বাক্য ও ব্যবস্থা ভবিষ্যত
১৪ বলিল য়োহন পর্য্যন্ত। ও যদি তোমরা গ্রহন করিবা তাহা তবে এই হইল আলীহা যাহার আগমন ভবিষ্যৎ
১৫ ছিল যাহার শুনিবার কর্ন্ন আছে সে শুনুক। আমি
১৬ কাহার তুল্য করিব এ পুরুষ তাহা বালকের মত বাজারে বসিয়া ডাকিতেং আপনারদের সখার
১৭ দিগকে ও বলিতেং আমরা বাজাইয়াছি তোমার দের ঠাঁই ও তোমরা নৃত্য কর না আমরা রোদন করিয়াছি তোমারদের ঠাঁই কিন্তু তোমরা হাহাকার
১৮ কর না। একারন য়োহন আইল খাইতেং নহে

পীতেং নহে তাহাতে লোক বলে তাহার আছে এক
১৯ ভূৎ। মনুষ্যর পুত্র আইলেন খাইতেং পীতেং
কিন্তু লোক বলে দেখ এক জন ভোক্তা ও সুরা পীয়ক
পাটোয়ারি ও পাপিরদের বন্ধু। কিন্তু জ্ঞান পুত্রাধিকে
গ্রহনিৎ আছে আপনার শিশুরদিগ হইতে।——

২০ তখন তিনি অনুযোগ করিতে লাগিলেন সে সকল
সহরকে যাহার মধ্যে তাঁহার অনেক আশ্চর্য্য কার্য্য
২১ ছিল একারন তাহারা খেদ করিল না। সন্তাপ
তোমাকে খোরাজিন সন্তাপ তোমাকে বৎসৈদা
একারন যদি সে আশ্চর্য্য কার্য্য যাহা করা হইল তোমার
মধ্যে করা হইত ছোর ও চীদনে তবে তাহারা খেদ
২২ করিত অনেক কাল চট ও ভস্ম গায় দিয়া। কিন্তু
আমি বলি তোমারদিগকে বিচারের দিনে ছোর ও
২৩ চীদনের সল্প জাতনা হইবেক তোমারদিগ হইতে। তুমি
খাফরনহুম ও স্বর্গে স্পর্শে ওচ্চ হইয়াছ কিন্তু আনয়ন
হইবা নরকে একারন যে আশ্চর্য্য কার্য্য প্রকাশ হইয়াছে
তোমার মধ্যে তাহা যদি হইত সদমে তবে তাহা
২৪ রহিত আজি পর্য্যন্ত। কিন্তু আমি বলি তোমারদিগকে
বিচারের দিনে সদমের জাতনা হইবেক অল্প তোমার
দের জাতনা হইতে——

২৫ তৎকালে য়েশু ওত্তর করিয়া বলিলেন ও হে
পিতা স্বর্গ ও পৃথিবীর ঈশ্বর তুমি ইহা গুপ্ত
করিয়াছ জ্ঞানবান ও বুদ্ধিমন্ত হইতে এবং প্রকাশ
করিয়াছ তাহা বালকেরদিগকে সে কারন স্তুব
২৬ করি তোমাকে। এই মত হওক অহে পিতা একারন

২৭ এমন তোমার ইচ্ছা। সকল বস্তু আমার ঠাঁই গচ্ছিত হইয়াছে আমার পিতা হইতে এবং কোন কেহ জানে না পুত্রকে কেবল পিতা ও কোন কেহ জানে না পিতাকে কেবল পুত্র ও সে জন যাহাকে পুত্রের ইচ্ছা প্রকাশ
২৮ করিতে তাঁহাকে। তোমারা শ্রান্ত ও ভারি বোঝা গৃহস্থ আইস আমার ঠাঁই আমি দিব তোমারদিগকে বিশ্রাম।
২৯ আমার বাঁক বহ ও সিক্ষা কর আমার স্থানে একারন আমি নম্র ও অন্তকরনে লঘু তাহাতে তোমারা পাইবা
৩০ তোমারদের প্রানের বিশ্রাম একারন আমার বাঁক সহজ ও আমার বোঝা পাতলা

পর্ব্ব ১২ তৎ কালে য়েশু শাবত দিনে শষ্যের ক্ষেত্র দিয়া গেলেন ও তাহার শিষ্যেরা ক্ষুধিত হইয়া শিস দগাড়াইয়া
২ খাইতে লাগিল। কিন্তু ফারিসিরা তাহা দেখিয়া বলিল তাহাকে দেখ তোমার শিষ্যেরা কেন করে
৩ অকর্ত্তব্য কার্য্য শাবত দিনে। তিনি বলিলেন তাহারদিগকে তোমরা পাঠ কর নাই দাওদ কি করিলেন
৪ যখন তিনি ও তাহার শহায় ছিল ক্ষুধিৎ কেমন তিনি ভগবানের ঘরে যাইয়া ভোজন করিলেন দর্শনের রুটি যাহা তাহার ও তাহার সহায়ের অখাদ্য কিন্তু কেবল
৫ যাজকের খাদ্য। কিম্বা তোমরা ব্যবস্থা পুস্তকে পাঠ করনাই কেমন যাজক লোকেরা স্বর্গিকে শাবত দিনকে ব্যবহার
৬ করিয়া নিরাপরাধি হয়। কিন্তু আমি বলি তোমারদিগকে
৭ এই স্থানে এক জন আছে স্বর্গিক হইতে বড়। কিন্তু যদি তোমরা জানিত ইহার অর্থ কি আমি চাহি ক্ষেমা বলিদান

৮ নহে তবে নির্দ্দোষির দোষ বলিত না। একারণ মনুষ্যের পুত্র শাবত দিনের ঈশ্বর

৯ পরে তিনি সেখান হইতে প্রস্থান করিয়া গেলেন
১০ তাহারদের সিনগগে। এবং দেখ সেখানে ছিল এক নুলা মনুষ্য তাহাতে তাহারা জিজ্ঞাসা করিল তাহাকে বলিয়া শাবত দিনে সুস্থ করিতে কর্ত্তব্য কি না
১১ তাহাকে অপবাদ করিবারে। কিন্তু তিনি বলিলেন তাহার দিগকে তোমারদের কোন জন যাহার কেবল একটা মেষ যদি তাহা শাবত দিনে খাদে পড়ে তবে সে তাহা
১২ চাগাইয়া বাহির করিবে না। তবে মনুষ্য মেষ হইতে কত ভাল অতএব সুক্রিয়া করিতে শাবত দিনে
১৩ কর্ত্তব্য। তখন তিনি বলিলেন সে মনুষ্যকে তোমার হস্ত বিস্তার কর। অতএব হস্ত বিস্তার করিলে তাহা সুস্থ হইল অন্য হস্তের মত।

১৪ তখন ফারিসিরা যাইয়া তাঁহার বিপরিতে মন্ত্রনা
১৫ করিল কি মতে নষ্ট করিতে পারিত তাঁহাকে। কিন্তু য়েশু তাহা জানিয়া গেলেন সে স্থান হইতে ও বড় মানব্য তাঁহার পশ্চাৎ যাহারদিগকে সকল তিনি সুস্থ করিলেন
১৬ ও আজ্ঞা দিলেন তাহারদিগকে না জানাইতে কাহাকে
১৭ তাহা প্রত্যক্ষের জন্য যাহা কহিয়া ছিল যিশইহা
১৮ ভবিষ্যত বক্তা হইতে বলিয়া দেখ আমার সেবক যাহাকে পছন্দ করিয়াছি আমার প্রিয় যাহারে আমার
১৯ প্রানের তুষ্টি আমি থুইব আমার আত্ম তাহার ওপর ও তিনি বর্ব্বরদিগকে বিচার চেড়ি দিবেন তিনি কোলহল করিবেন না ও চেঁচাইবেন না। কোন মনুষ্যে ও তাহার

২০ রব শুনিবে না গলিতে চেষ্টা নল ভাঙ্গিবেন না ও ধুঁয়াযুক্ত কোষ্টা নির্ব্বান করিবেন না। বিচারের ওৎপন্ন
২১ জয় পর্য্যন্ত নাকরিলে। এবং তাহার নামে বর্ন্ন বিশ্বাস করিবে————

২২ তখন তাঁহার স্থানে আনিল এক জন ভূত গৃহস্থ অন্ধ ও গোঙ্গা এবং তিনি সুস্থ করিলেন তাহাকে যে যতে অন্ধ
২৩ ও গোঙ্গা দেখিতে পাইল ও কথা কহিল। এবং সমস্ত লোক চমৎকৃত হইয়া বলিল এই দাওদের সন্তান নহে
২৪ কিন্তু ফারিসিরা তাহা শুনিয়া বলিল এই বেটা ভুৎকে ছাড়ায় না কেবল ভূতের রাজা বাঁয়লজববের
২৫ করনক। তাহাতে যেশু তাহারদের মনন জ্ঞাত হইয়া বলিলেন তাহারদিগকে প্রতি রাজ্য আপনার বিপরিতে ভিন্ন হইয়া অরন্য হইয়া যায় এবং প্রতি সহর কিম্বা
২৬ বাটী আপনার বিপরিতে ভিন্ন হইয়া স্থায়ি নহে সয়তান ও যদি ছাড়ায় সয়তানকে তবে ভিন্ন হয় আপনার বিপরিতে অতএব তাহার রাজ্য স্থায়ি হইবেক কেমনে
২৭ আমি ও যদি ভূৎ ছাড়াই বাঁয়লজববের করনক তবে তোমারদের শিশুগন কাহার করনক ছাড়ায় তাহা অতএব তাহারা হবে তোমারদের বিচার কর্ত্তা।
২৮ কিন্তু যদি আমি ভূত ছাড়াই ভগবানের অত্মার করনক তবে ভগবানের রাজ্য আসিয়াছে তোমারদের
২৯ স্থানে। নওবা কেমন করিয়া প্রবেশ করিতে পারে কেহ বলবান মনুষ্যের বাটীতে ও নষ্ট করে তাহার সামিগ্রি প্রথমে সে বলবানকে বন্দ করন ব্যতিরেক
৩০ তারপর নষ্ট করিতে পারে তাহার বাটী। যে

আমার সঙ্গে নহে সে আমার বিপরিতে ও যে আমার সঙ্গে কুড়ায় না সে ছড়াইয়া ফেলে।

৩১ অতএব আমি বলি তোমারদিগকে সকল প্রকার পাপ ও পাসণ্ডতা মর্য্যাদা হইবেক মনুষ্যেরদিগকে কিন্তু ধর্ম্মাত্মা পাসণ্ডতা মর্য্যাদা হইবে না মনুষ্যের
৩২ দিগকে। এবং যে কেহ কথা কহে মনুষ্যের পুত্রের বিপরিতে তাহা মর্য্যাদা হইবে তাহাকে কিন্তু যে কেহ
৩৩ বলে ধর্ম্মাত্মার বিপরিতে তাহা কদাচ মর্য্যাদা হইবে না এ কিম্বা আসিবার প্রথায়ুতে। বৃক্ষ ও তাহার ফল ওৎকৃষ্ট করাও কিম্বা বৃক্ষ ও তাহার ফল ওভয় মন্দ
৩৪ করাও। একারন বৃক্ষ ফলেতে জানা যায়। আরে সর্পের বংশ তোমরা দুষ্ট হইয়া কহিতে পার ভাল কথা কেমনে একারন অন্তঃকরনের পূর্ণতা হইতে মুখ কহে। ভাল মনিষ্য তাহার অন্তঃকরনের ভাল ভাণ্ডার হইতে
৩৫ ভাল ওৎপন্ন করে এবং পামর মনুষ্য তাহার অন্তঃকরনের দুষ্ট ভাণ্ডার হইতে দুষ্ট ওৎপন্ন করে।
৩৬ কিন্তু আমি বলি তোমারদিগকে প্রতি বেহুদা কথা যাহা মনুষ্যেরা কহে তাহার হেতু কহিতে হইবে বিচারের
৩৭ দিনে। একারন তোমার বাক্যে ওত্তির্ন্ন হইবা কিম্বা তোমার কথা হইতে তোমার দোষাঘাত হইবে।
৩৮ তখন অধ্যাপক ও ফারিসিরদের কতক লোক ওত্তর করিয়া বলিল প্রভু আমরা চিহ্ন দেখিতে চাহি
৩৯ তোমা হইতে। কিন্তু তিনি প্রত্যুত্তর করিয়া বলিলেন তাহারদিগকে দুষ্ট ও পরদারিক পুরুষ অন্যাষন করে চিহ্ন কিন্তু কোন চিহ্ন দেওয়া হবেক না তাহারদিগকে

৪০ কেবল য়োনা ভবিষ্যত বক্তার চিহ্ন। একারন যে মত্ত য়োনা ছিল তিন দিবা রাত্রি বড় মৎস্যের ওদরে সে মত মনুষ্যের পুত্র থাকিবেক পৃথিবীর অন্তরে তিন
৪১ দিবা রাত্রি। নিনিবের লোক বিচারে ওঠিবে এ পুরুষের বিপরিত্তে ও তাহার দোষ করিবে এ নিমিত্ত য়োনর চেড়ি দেয়াতে খেদ করিল কিন্তু দেখ এস্থানে আছে এক জন
৪২ য়োনা হইতে বড়। দক্ষিন দেশের রানী এই পুরুষের সহিত বিচারে খাড়া হইয়া দোষাদোষ করিবে তাহাকে একারন সে আইল পৃথিবীর অন্তেরদিক হইতে শলমার বিদ্য শুনিতে কিন্তু দেখ এস্থানে এক
৪৩ জন শলমা হইতে বড়। অপরিস্কার আত্ম মনুষ্যকে ছাড়িয়া গতি করিতে২ যায় সুস্ক স্থানে দিয়া আশ্রমে
৪৪ অন্যাষন করিতে২ কিন্তু পায় না। তখন বলে আমি ফিরি য়াইব আমার আশ্রমে যেখান হইতে আইলাম এবং আসিয়া দেখে তাহা শুন্য ঝাড়া
৪৫ সাজান। তখন সে যাইয়া আপনার সঙ্গে আর সাত আত্মা লয় আপনা হইতে অধিক দুষ্ট এবং তাহারা প্রবেশ করিয়া বাস করে তাহাতে তেকারন সে মনুষ্যের সেষ আদি হইতে মন্দ এই মৎ হবেক এ পাপিষ্ঠ পুরুষকে

৪৬ লোকের সহিত কহিতে২ দেখ তাঁহার মাতা ও তাহার ভ্রাতারা বাহিরে ডাণ্ডাইয়া ইচ্ছা করিল কথা কহিতে
৪৭ তাহার সঙ্গে। তখন এক জন বলিল তাঁহাকে দেখ তোমার মাতা ও তোমার ভ্রাতারা বাহিরে ডাণ্ডাইয়া
৪৮ ইচ্ছা করে কথা কহিতে তোমার সঙ্গে। কিন্তু তিনি

প্রত্যুত্তর করিয়া বলিলেন তাঁহাকে যে বলিয়া ছিল তাহাকে কে আমার মাতা ও কাহারা আমার
৪৯ ভ্রাতারা। পরে তাহার হস্ত তাহার শিষ্যেরদের দিকে বাড়াইয়া বলিলেন দেখ আমার মাতা ও আমার
৫০ ভ্রাতারা একারন যে কেহ করে আমার স্বর্গীয় পিতার ইচ্ছা সেই আমার ভ্রাতা ও ভগিনি ও মাতা——

পর্ব্ব ১৩ সে দিনে য়েশু ঘর হইতে যাইয়া বসিলেন সমুদ্রের তিরে। এবং হেন বড় মানব্য একত্তর হইল তাহার স্থানে তাহাতে তিনি জাহাজে যাইয়া বসিলেন ও সকল
৩ মানব্য তটের ওপরে ডাণ্ডাইল। এবং তিনি হিৎ ওপ দেশে কহিলেন অনেক বিষয় তাহারদিগকে বলিয়া দেখ
৪ এক বীজ বুনক বীজ বুনিতে গিয়াছে। বুনিতেং কিছু পড়িল পন্থের পার্শ্বে ও পক্ষেরা আসিয়া তাহা গ্রাস
৫ করিল। কতক পড়িল পাষান স্থলে যেখানে বিস্তর মৃত্তিকা নহে ও ততক্ষনে তাহা গাছিল একারন তাহার
৬ মৃত্তিকার গভীরতা নহে। কিন্তু সূর্য্য ওদয় হইলে তাহা পুড়িল ও তাহার সিকড় না হওনের কারন সুস্ক
৭ ভাব হইয়া গেল। কতক ও পড়িল কণ্টক গাছের মধ্যে এবং কণ্টক গাছ বৃদ্দি হইয়া তাহা খাইয়া
৮ ফেলাইল। কিন্তু আরং পড়িল ভাল মৃত্তিকাতে ও ফল ফলিল কতকে এক শত গুন কতকে ষষ্ঠী গুন
৯ কতকে ত্রিংশতি গুন। যাহার শুনিবার কর্ন আছে সে শুনুক——

১০ তৎ পর শিষ্যেরা আসিয়া বলিল তাঁহাকে কি জন্য
১১ কহিতেছ তাহারদিগকে দৃষ্টান্ত কথা। তিনি প্রত্যুত্তর করিয়া বলিলেন তাহারদিগকে এই কারন তোমার দিগকে দাতৃব্য হইয়াছে জানিতে স্বর্গের রাজ্যের গুপ্ত
১২ বিষয় কিন্তু তাহারদিগকে দাতৃব্য নহে। একারন যাহার আছে তাহাকে দিতে হবেক ও সে পাইবে আর অনেক কিন্তু যাহার নহে তাহা হইতে লওয়া হবেক
১৩ যাহা আছে তাহার। অতএব আমি কহি তাহার দিগকে দৃষ্টান্ত কথা একারন দেখিতেং তাহারা দেখে না
১৪ ও শুনিতেং শুনে না এবং বুঝে না। অতএব তাহার দের মধ্যে প্রত্যক্ষ আছে যিশৈয়াহার ভবিষ্যত বাক্য যাহা বলে শুনিতেং শুনিবা কিন্তু বুঝিবা না ও দেখিতেং
১৫ দেখিবা কিন্তু জ্ঞাত হইবা না। একারন এ লোকের অন্তঃকরন মোটা তাহারদিগের কর্ন ও ভারি শুনিতে ও তাহারদের চক্ষু মুদিয়াছে নতুবা কোন কালে চক্ষুতে দেখিতে পাইত ও কর্ন্নে শুনিতে পাইত ও অন্তঃকরনে
১৬ বুঝিলে ফিরিত তাহাতে আমি সুস্থ করিতাম তাহারদিগকে। কিন্তু তোমারদের চক্ষু দেখে ও তোমারদের কর্ন শুনে সেকারন তাহারা
১৭ ধন্য। সারোদ্ধার আমি বলি তোমারদিগকে অনেক ভবিষ্যত বক্তা ও পুন্যার্থিক লোক দেখিতে ইচ্ছা করিয়াছে যাহাং তোমরা দেখ কিন্তু তাহা দেখিতে পাইল না ও শুনিতে যাহাং তোমরা শুন কিন্তু তাহা শুনিতে পাইল না

১৮ অতএব শুন তোমরা সে বীজ বুনক দৃষ্টান্ত কথা

১৯ যখন কেহ রাজ্যের কথা শুনিয়া বুঝে না তখন সে দুষ্ট আসিয়া লইয়া যায় তাহা যাহা বুনন ছিল তাহার অন্তঃ
২০ করনে এই সে যে বীজ পাইল পথের পার্শ্বে। কিন্তু যে পাইল বীজ পাষান স্থলে সে এই যে কথা শুনিয়া
২১ তত্ক্ষনে হরিষ মনে গ্রহন করে তাহা কিন্তু আপনার মধ্যে শিকড় নহে অতএব স্থায়ী কিছু কাল মাত্র এনিমিত্ত দুঃখ কি বিপক্ষতা কথার নিমিত্ত হইলে
২২ কিঞ্চিৎ পরে বৈমুখ হয়। যে বীজ পাইল কণ্টক গাছের মধ্যে সে ও এই যে কথা শুনিলে এ জগতের চিন্তা ও অর্থের ভ্রান্তি যাইয়া ফেলায় সে কথা তাহাতে অফলা
২৩ হইয়া যায়। কিন্তু যে পাইল বীজ ভাল মৃত্তিকায় সে এই যে কথা শুনিয়া বুঝে ও ফল ফলে কতকে এক শত কতকে ষষ্ঠী কতকে ত্রিংশতি গুন

২৪ তিনি আর এক দৃষ্টান্ত উপদেশ করিলেন তাহারদের স্থানে বলিয়া স্বর্গের রাজ্য এক জনের মত যে
২৫ ভাল বীজ বুনিল তাহার ক্ষেত্রে। কিন্তু যাবৎ মনুষ্যেরা নিদ্রিত ছিল তন্মধ্যে তাহার শত্রু আসিয়া
২৬ বন বীজ বুনিল গোমের মধ্যে তৎপর গেল। কিন্তু যখন পত্র বৃদ্ধি হইয়া ফল ফলিল তখন বন ও দেখা
২৭ গেল অতএব সে গৃহস্থের দাসেরা আসিয়া বলিল তাঁহাকে মহাশয় তুমি ভাল বীজ বুন নাই তোমার
২৮ ক্ষেত্রে তবে কোথা হইতে এ বন। তিনি বলিলেন তাহারদিগকে কোন দুষ্ট ইহা করিয়াছে তাহাতে দাস লোক বলিল তাঁহাকে অতএব
২৯ আমরা যাইয়া তাহা তুলিয়া একত্তর করি। কিন্তু

তিনি বলিলেন নহে নত্তবা সে বন একত্তর করিত্তেং
৩০ গোম ওৎপাটন কর তাহার সঙ্গে। দুই একত্তর বৃদ্ধি হওক ফসল পর্য্যন্ত তখন ফসলের কালে বলিব দাওলিয়ারদিগিকে প্রথমে বন একত্তর করিয়া আটি বন্দ পোড়ানের কারন কিন্তু একত্তর কর গোম আমার গোলায়——

৩১ তিনি আর এক হিৎ ওপদেশ করিলেন তাহারদের ঠাঁই স্বর্গের রাজ্য একটা শর্ষার বীজের মত যাহা
৩২ এক মনুষ্য লইয়া বুনিল তাহার ক্ষেত্রে যাহা সকল বীজ হইতে ক্ষুদ্র সে সত্য কিন্তু বৃদ্ধি পাইয়া হয় অন্য তৃন হইতে বড় ও বৃক্ষ হইয়া যায় তাহাতে শূন্যের পক্ষেরা আসিয়া থাকে তাহার সাখায়——

৩৩ তিনি আর এক হিৎ ওপদেশ করিলেন তাহার দিগিকে স্বর্গের রাজ্য খমিরের মত যাহা এক স্ত্রী লোক তিন কাঠা ময়দার মধ্যে চাকিয়া রাখিল যাবৎ পর্য্যন্ত সমস্ত খমির যুক্ত হইল——

৩৪ এ সকল দ্ব্যর্থ কথা য়েশু বলিলেন মানব্যকে ও দ্ব্যর্থ
৩৫ কথা ব্যত্তিরেক বলিলেন নাঃ তাহারদিগিকে। তাহা প্রত্যক্ষের জন্য যাহা ভবিষ্যত্ত বক্তা কহিয়া ছিল বলিয়া আমি খুলিব আমার মুখ দ্ব্যর্থ কথা কহিতে আমি প্রকাশ করিব কথা যাহা গুপ্ত ছিল জগতের ওৎপত্তি অবধি——

৩৬ যখন য়েশু মানব্যকে বিদায় করিয়া ঘরে গেলেন তখন তাহার শিষ্যেরা তাঁহার কাছে আসিয়া বলিল প্রভেদ করিয়া কহ আমারদিগিকে ক্ষেত্রের বন গাছের

৩৭ হিং উপদেশ। তিনি প্রত্যুত্তর করিয়া বলিলেন তাহারদিগাকে যে জন ভাল বীজ বুনে সে মনুষ্যের পুত্র——

৩৮ সে ক্ষেত্র এ জগত সে ভাল বীজ রাজ্যের শিশুগান

৩৯ কিন্তু বন আছে দুষ্টের শিশুগান যে শত্রু বুনিল তাহা সে সয়তান ফসল এ গতের শেষ এবং সে

৪০ দাওলিয়া ঈশ্বরের দূৎ। অতএব যে মত বন একত্তর হইলে অগ্নিতে দগ্ধ হয় সেই মত হইবেক এ জগতের

৪১ শেষে। মনুষ্যের পুত্র পাঠাইবেন তাহার দূত ও তাহারা একত্তর করিয়া ফেলিবে তাঁহার রাজ্য হইতে

৪২ সমস্ত দোষ ও অযথার্থ কারক এবং তাহার দিগাকে ফেলিবে অগ্নির কুণ্ডে সে স্থানে হাহাকার

৪৩ ও দন্তাদন্তে ঘর্শন। সে কালে প্রকৃতার্থিকেরদের তেজ হইবে সূর্য্যের মত তাহারদের পিতার রাজ্যে। যাহার শুনিবার কর্ন আছে সে শুনুক——

৪৪ আর বার স্বর্গের রাজ্য ক্ষেত্রে গুপ্ত বীলের মত যাহা কেহ পাইলে গুপ্ত করিয়া রাখে তারপর আনন্দের কারন যাইয়া বিক্রয় করে যে কিছু তাহার থাকে এবং ক্রয় করে সে ক্ষেত্র——

৪৫ আর বার স্বর্গের রাজ্য এক জন বনিকের মত

৪৬ যে অন্যাষন করে সুন্দর মুক্তা সে মহা মূল্য এক মুক্তা পাইয়া যায় ও তাহার সমস্ত বিক্রয় করিয়া ক্রয় করে তাহা——

৪৭ পুনর্ব্বার স্বর্গের রাজ্য জালের মত যাহা সমুদ্রে

৪৮ আড়িয়া একত্তর করিল নানা প্রকার যাহা পূর্ন

হইলে লোকেরা তিরে তুলিল পরে বসিয়া ভাল
৪৯ একওর করিল পাত্রে কিন্তু মন্দ ফেলিয়া দিল। সে
মত হইবে জগতের শেষে দূতেরা আগমন করিয়া
অনুর করিবেক দুষ্ট লোক যথার্থিক হইতে
৫০ এবং ফেলিয়া দিবে তাহারদিগকে অগ্নির কুণ্ডে
সে স্থানে ক্রন্দন ও দন্তা দন্তে ঘর্শন।

৫১ য়েশু বলিলেন তাহারদিগকে বুঝিয়াছ এ সকল বাক্য
৫২ তাহারা বলিল তাঁহাকে হাঁ ঈশ্বর। তাহাতে তিনি
বলিলেন তাহারদিগকে অতএব প্রতি অধ্যাপক
শিক্ষিত স্বর্গের রাজ্যতে সে এক গৃহস্থের মত যে
বাহির করে নুতন ও পুরাতন বস্তু তাহার ভাণ্ডার
৫৩ হইতে। য়েশু এ সকল দৃষ্টান্ত কথা সমাপ্ত করিয়া
প্রস্থান করিলেন সে স্থান ছাড়িয়া।

৫৪ এবং আপনার দেশে ওত্তরিয়া শিক্ষা করাইলেন
তাহারদের সিনগগে তাহাতে তাহারা চমৎকার হইয়া
বলিল কোথা হইতে ইহার এ সকল জ্ঞান ও আশ্চর্য্য
৫৫ কর্ম্ম। এই জুত্রধরের পুত্র নহে ইহার মাতার নাম
মারিয়া নহে ও তাহার ভ্রাতারা যাকুব ও য়োসেষ ও
৫৬ শিমন ও য়িহোদা তাহার ভগিনি ও সকল নহে আমার
দের এখানে তবে কোথা হইতে তাহার এ সকল কার্য্য
৫৭ অতএব তাহারা বৈমুখ ছিল তাঁহারে। কিন্তু য়েশু
বলিলেন তাহারদিগকে ভবিষ্যত বক্তা অভ্রান্ত নাই
৫৮ আপনার দেশ ও আপনার বাটীতে ব্যতিরেক। তিনি
সে স্থানে করিলেন না অনেক আশ্চর্য্য ক্রিয়া তাহারদের
অনাস্থা প্রযুক্ত

পর্ব্ব ১৪ তৎ কালে চতুর্থাংশের অধ্যক্ষ হেরোদ য়েশুর সুখ্যাত শুনিয়া বলিল তাহার দাস লোকের
২ দিগিকে এই য়োহন ডুবা সে ওঠিয়াছে মৃত্যু ছাড়িয়া অতএব এ অসম্ভব পরাক্রম আছে তাহারে
৩ একারন হেরোদ ধরিয়া বন্দ করিয়া ছিল য়োহন কে ও কারাগারে থুইয়াছিল তাহাকে তাহার
৪ ভাদ্রবধু ফিলিপের স্ত্রী হেরোদিয়ারার্থে একারন য়োহন বলিয়া ছিল তাহাকে অকর্ত্তব্য আছে
৫ বিবাহ করিতে তাহাকে। কিন্তু তাহাকে বধ করিতে চাহিলে ভয় করিল মানব্যকে একারন তাহারা ভাবিল
৬ তাহাকে ভবিষ্যত বক্তা। পরে হেরোদের জন্ম দিন হইলে হেরোদিয়ার কন্যা তাহারদের সাক্ষাৎ নৃত্য
৭ করিয়া হেরোদের তুষ্টি জন্মাইল। তাহাতে সে কিরা করিয়া অঙ্গিকার করিল দিতে তাহাকে যাহাং
৪৮ হইতে তলোয়ার ও লাটি হাতে করিয়া। তখন যে জন গাচ্ছিং করিল তাঁহাকে সে চিহ্ন দিল তাহার দিগকে বলিয়া যাহাকে আমি চুম্বন করি সেই জন
৪৯ ধরিও তাহাকে। ততক্ষনে সে য়েশুর ঠাঁই আসিয়া বলিল নমস্কার প্রভুরে ও চুম্বন করিল তাহাকে।
৫০ এবং য়েশু বলিলেন তাহাকে ভাইরে কি কারন আইলা।
৫১ তখন তাহরা আসিয়া হস্তে ধরিল য়েশুকে। তৎকালে দেখ তাহারদের এক জন যে হইল য়েশুর সঙ্গে হস্ত বিস্তার করিল ও তাহার তলোয়ার খুলিয়া চোট মারিল প্রধান যাজকের দাসকে এবং ছেদন করিল তাহার
৫২ কর্ণ। তখন য়েশু বলিলেন তাহাকে ফিরাইয়া দেহ

১৬ সে কালে তাহারদের এক জন খ্যাত বন্দিত ছিল
১৭ তাহার নাম বারাব্বা। তেকারন পীলাত বলিল তাহারদিগকে তোমারদের কি ইচ্ছা আমি মুক্ত করিব তোমারদের জন্য বারাব্বা কিম্বা য়েশু যাহাকে
১৮ বলে খ্রীষ্ট একারন সে জ্ঞাত হইল যে তাহারা
১৯ দ্বেশের হেতু গচ্ছিত করিয়া ছিল তাহাকে। পরে বিচার আসনে বসিলে তাহার জায়া পাঠাইল তাহার স্থানে কহিয়া তুমি কিছু কর না সে ধার্ম্মিককে একারন অদ্য স্বপ্নে বহু দুঃখ পাইয়াছি তাহারযে।
২০ কিন্তু প্রধান যাজকেরা ও প্রাচিনেরা মানব্যকে ক্ষোভ দিল বারাব্বাকে খালাস চাহিতে ও য়েশুকে নাশিতে।
২১ অধ্যক্ষ প্রত্যুত্তর করিয়া বলিল তাহারদিগকে সে দোঁহার কাহাকে মুক্ত করিব তোমারদের কি ইচ্ছা।
২২ তাহারা বলিল বারাব্বাকে। অতএব পীলাত বলিল তাহারদিগকে তবে কি করিব য়েশুকে যাহাকে বলে খ্রীষ্ট। তাহারা বলিল ক্রুসে খুন কর তাহাকে।
২৩ অধ্যক্ষ বলিল কেন কি দোষ করিয়াছে কিন্তু তাহারা আরং চিৎকার করিতেং বলিল ক্রুসে হত্যা
২৪ হওক সে অতএব পীলাত দেখিলে তাহার কথা কিছু নহে কিন্তু বরং কলরব হইল জল লইয়া ও হস্ত প্রক্ষালন করিয়া বলিল সকলের গোচরে এ ধার্ম্মিকের
২৫ খুন আমার দোষ নহে তোমরা দেখ তাহা। তাহাতে সকল লোক প্রত্যুত্তর করিয়া বলিল হওক তাহার খুনাপরাধ আমারদের ওপর ও আমারদের সন্তানের
২৬ ওপরে। তখন বারাব্বাকে মুক্ত করিয়া দিল তাহার

দিগকে কিন্তু য়েশুকে ডণ্ড মারিয়া গচ্ছিত করিল ক্রুসে বধ করনের জন্য ।

২৭ পরে অধ্যক্ষের সেনাগন য়েশুকে আনিল প্রেতোরিয়মে ও সকল সৈন্যকে একত্তর আনিল তাহার
২৮ কাছে । এবং তাহার কাপড় খুলিয়া এক বাগুনীয়া
২৯ বস্ত্র পরাইল তাহাকে । তাহারা ও কণ্টকের এক মুকুট গঠন করিয়া দিল তাহার মাথায় ও নল তাহার দক্ষিন হস্তে তারপর তাহার স্থানে হাঁটু গাড়িল ও তাহাকে নিন্দা করিল কহিতে২ জয়২ য়িহোদীরদের
৩০ রাজা । পরে তাহার উপর ছেপ দিল ও নল লইয়া
৩১ মারিল তাহার মাথায় । অতঃপরে তাহাকে নিন্দা করিয়া খুলিল সে বাগুনীয়া পরিচ্ছদ ও তাহার নিজ পরিচ্ছদ পরাইলে লইয়া গেল তাহাকে ক্রুসে মারিবার
৩২ কারন । পরে বাহির হইয়া তাহারা পাইল এক জন কিরেনী তাহার নাম শীমন তাহাকে জোর করিয়া লইল তাহার ক্রুস বহিতে ।

৩৩ এবং গল্গতা স্থানে তাহা বলে মাথা খুলি স্থান
৩৪ ওত্তরিয়া পীতে দিল তাহাকে শির্কা পিত্তি মিশ্রিত
৩৫ কিন্তু তাহা চাকিয়া খাইলেন না । তাহারা ক্রুসে টাঙ্গাইল তাহাকে ও গুলিবাঁট করিয়া ভাগ২ করিল তাহার পরিচ্ছদ ভবিষ্যৎ এ বাক্য প্রত্যক্ষ করনের কারন তাহারা ভাগ করিয়া লইল আমার পরিচ্ছদকে ও গুলিবাঁট করিল আমার জামার কারন ।

৩৬ পরে তাহারা সেখানে বসিয়া চৌকি দিল তাহার
৩৭ ওপর এবং তাহারা তাহার ওল্লানা পত্র দিল তাহার
মাথার ওপর কাছে এই য়েশু য়িহোদীরদের রাজা ।
৩৮ তখন তাহার সহিৎ দুই চোর টাঙ্গা হইল তাহার
এক জন দক্ষিনে এক জন বাঁয়ে ।

৩৯ এবং যাহারা গেল সে স্থান দিয়া তাহারা পাষণ্ডতা
৪০ করিল তাহাকে মাথা নোয়াইতেং ও কহিতেং হে
তুই যে মন্দিরকে নষ্ট করিয়া গাঁথিতে পারিস তিন
দিনে আপনাকে রক্ষা করিস যদি ঈশ্বরের পুত্র হইস
৪১ তবে ক্রুস হইতে নামিস । সে মত ও প্রধান
যাজক ও অধ্যাপক ও প্রাচিন লোক ও ফারিসিরা
৪২ নিন্দা করিয়া বলিল অন্যকে ত্রান করিল আপনাকে
ত্রান করিতে পারে না সে যদি য়িশরালের রাজা তবে
ক্রুস হইতে নামুক পরে প্রত্যয় করিব তাহাকে
৪৩ আপনাকে পরিত্রান করিবার কারন আস্থা করিল
ঈশ্বরকে এখন পরিত্রান করুন তাহাকে যদি তাহার
ইচ্ছা একারন সে বলিল আমি ঈশ্বরের পুত্র ।
৪৪ সে চোর ও যাহারা তাহার সহিৎ ক্রুসে টাঙ্গা হইল
তাহারা নিন্দা করিল তাহাকে ।

৪৫ সে কালে সকল দেশে অন্ধকার হইল দ্বিতীয়
৪৬ প্রহরাবধি তৃতীয় প্রহর পর্য্যন্ত । তখন তৃতীয়
প্রহরে য়েশু ওচ্চস্বরে চেঁচাইয়া বলিলেন আলি আলি
লামা শাবাখ্থনি তাহার অর্থ এ আমার ঈশ্বরহে
আমার ঈশ্বরহে কি কারন ছাড়িয়া দিয়াছ আমাকে ।
৪৭ অতএব কতক লোক যাহারা ডাণ্ডাইল সেখানে

৪৮ শুনিয়া বলিল সে ডাকে আলীহাকে। তবে তাহার
দের এক জন শীঘ্র দৌড়িয়া লইল স্পঞ্জ ও তাহা
শির্কা পূর্ন্ন করিয়া দিল নলের আগায় এবং তাহাকে
৪৯ পীতে দিল। কিন্তু অন্যেরা বলিল থাক আমরা
দেখিব আলীহা আসিবেন কি না তাহাকে নিস্তার
করিতে।

৫০ য়েশু পুনর্ব্বার উচ্চস্বরে চেঁচাইয়া প্রান ত্যাগ
করিলেন।

৫১ তখন দেখ মন্দিরের পরদা উপর হইতে তলি পর্য্যন্ত
চিঁড়িয়া দুই খান হইল ভূমিকম্প ও হইল ও পর্ব্বত
৫২ ফাটিল কবর খোলা গেল ও পুন্যবান অনেক নিদ্রিত
৫৩ লোকের শরীর উঠিল এবং তাহারদের কবর ছাড়িয়া
বাহির হইল ও পবিত্র সহরে যাইয়া দেখা গেল
অনেক লোকেরদের ঠাঁই তাহার পুনরুত্থানের
পরে।

৫৪ কিন্তু সে একশত সেনার পতি ও যাহারা চৌকি দিল
তাহার সহিত তাহারা ভূমিকম্প ও সকল কার্য্য
দেখিলে বহু ভয় করিয়া বলিল নিশ্চয় এ ঈশ্বরের
পুত্র।

৫৫ অনেক স্ত্রী লোক ও যাহারা গালিলি হইতে আইল
য়েশুর সহিত ও তাহার সেবা করিল তাহারা দূরে
৫৬ থাকিয়া দেখিল তাহারদের মধ্যে মারিয়া মাগ্দলেন
ও যাঁকুব ও যোসের মাতা মারিয়া ও জেবদির
পুত্রেরদের মাতা।

৫৭ সন্ধ্যা কাল হইলে আরিমাতেয়ার এক ধনবান আইল সে ও য়েশুর শিষ্য তাহার নাম যুসফ
৫৮ সে পীলাতের স্থানে যাইয়া চাহিল য়েশুর শরীরকে তখন পীলাত আজ্ঞা করিল সে শরীর দিতে তাহাকে।
৫৯ অতএব যুসফ শরীর লইয়া জড়াইল শাফ কাপড়ে
৬০ ও তাহা থুইল আপনার নূতন কবরে যাহা খনন হইল পর্ব্বতে এবং কবরের দ্বারে মহা প্রস্তর দিয়া
৬১ প্রস্থান করিল। মারিয়া মাগ্দলেন ও অন্য মারিয়া সেখানে যাইয়া বসিল কবরের সন্মুখে।

৬২ পেশাক্ক প্রস্তুত করনের দিনের পর দিন ফারিসিরা
৬৩ ও প্রধান যাজক পীলাতের স্থানে আসিয়া বলিল মহাশয় যখন এ প্রতারক জীবত থাকিল তখন বলিল তিন দিবসের পরে আমি উঠিব এ আমরা মনে
৬৪ পাই। অতএব আজ্ঞা দেহ চৌকি দিতে কবর স্থানে তৃতীয় দিবস পর্য্যন্ত কি জানি তাহার শিষ্যেরা রাত্রে আসিয়া তাহাকে চুরি করিবে ও বলেবে ইতর লোককে তিনি উঠিয়াছেন মৃত্যু হইতে তাহাতে অন্ত চুক হইবে
৬৫ প্রথম হইতে মন্দ। পীলাত বলিল তাহারদিগকে তোমারদের চৌকি আছে যাও তোমার জ্ঞানের অনুক্রমে
৬৬ চৌকি দেহ। অতএব তাহারা যাইয়া কবর রক্ষা করিল পাথরে মোহর চাপাইয়া ও চৌকি দিয়া।

পর্ব্ব ২৮ শাবাতের অন্তে যখন ভোর হইল মারিয়া মাগ্দলেন ও অন্য মারিয়া আইল কবর দেখিতে। তৎকালে

দেখ মহা ভূমিকম্প হইল একারন ঈশ্বরের দূত স্বর্গ
হইতে নামিয়া ঘুরাইল সে পাথর দ্বার হইতে ও বসিল
৩ তাহার ওপরে। তাহার মূর্ত্তি বিদ্যুতের মত ও তাহার
৪ বস্ত্র শুক্ল বর্ণ বরফের ন্যায়। তাহার ত্রাসে সকল
চৌকিদার মূর্চ্ছিত হইল ও মৃত্যু মনুষ্যের মত।
৫ কিন্তু দূত ওত্তর দিয়া বলিল সে স্ত্রী লোককে ভয়
নাই আমি জানি যে তোমরা চেষ্টা করিতেছ ক্রুসে
৬ মারিত য়েশুকে। তিনি এখানে নহেন তিনি চেতন
পাইয়াছেন যে মত কহিলেন আইস স্থান দেখ
৭ যেখানে প্রভু শয়ন করিলেন। কিন্তু শীঘ্র যাইয়া তাহার
মৃত্যু হইতে ওত্থানের সংবাদ দেহ তাহার শিষ্যের
দিগকে। ও দেখ তিনি গালিলিতে যান তোমারদের
৮ আগে সেখানে তাহার দেখা পাইবা। তাহারা
মহা ভীত ও মহা হরিষ হইয়া গেল কবর হইতে এবং
দৌড়িল সমাচার দিতে তাহার শিষ্যেরদিগকে।
৯ তাহারা শিষ্যেরদিগকে কহিবার জন্য দৌড়িতে২
য়েশু দেখা করিলেন তাহারদের সহিৎ ও বলিলেন
মঙ্গল হওক সকলের তাহাতে তাহারা আসিয়া ধরিল
১০ তাহার পদ ও পূজা করিল তাহাকে। তখন য়েশু
বলিলেন ভয় নাই যাও আমার ভ্রাতাগনকে কহ
গালিলিতে যাইতে তাহারা সেখানে আমার দর্শন
পাইবে।

১১ তাহারা যাইতে২ কতক জন চৌকিদার সহরে
আসিয়া বলিল প্রধান যাজকেরদিগকে কি২ হইয়া
১২ ছিল। তখন তাহারা প্রাচিন লোকের সহিৎ যুক্তি

১৩ করিয়া বহু টাকা দিল সেনারদিগকে কহিয়া তোমরা বল এ কথা আমরা নিদ্রা পাড়িলে তাঁহার শিষ্যেরা রাত্রে আসিয়া লইয়া গেল তাঁহাকে
১৪ এবং এ কথা যদি যায় অধ্যক্ষের শ্রবনে তবে তাহার সহিত কথোপ কথন কহিয়া রক্ষা করিব তোমার
১৫ দিগকে। অতএব তাহারা সে কথা লইয়া করিল যেমন আজ্ঞা পাইয়া ছিল। এ কথা বিখ্যাৎ আছে য়িহোদীরদের মধ্যে অদ্য পর্য্যন্ত।

১৬ পরে সে একাদশ শিষ্য গিয়াছে গালিলিতে এক পর্ব্বতে যাহা য়েশু নিরূপন করিয়া ছিলেন তাহার
১৭ দের জন্য তখন তাহারা তাঁহার দর্শন পাইয়া
১৮ ভজনা করিল কিন্তু কাহারং সন্দেহ থাকিল। পরে য়েশু আসিয়া বলিলেন এ কথা তাহারদিগকে পৃথিবী ও স্বর্গের সকল সাসন দাতৃব্য হইয়াছে আমাকে।
১৯ অতএব যাইয়া শিক্ষা করাও সকল বর্ন্নেরদিগকে তাহারদিগকে ডুবাইতেং পিতা পুত্র ও ধর্ম্মাত্মার
২০ নামে তাহারদিগকে শিক্ষাইতেং সকলে মানিতে যাহা আজ্ঞা দিয়াছি তোমারদিগকে এবং দেখ আমি সর্ব্বদা তোমারদের সহিত জগতের শেষ পর্য্যন্ত। আমেন।

মঙ্গল সমাচার মার্কের রচিত

১ প্রথম পর্ব্ব

১ ঈশ্বরের পুত্র য়েশু খ্রীষ্টের মঙ্গল সমাচরের আরম্ভ।

২ যে মত লিপি আছে ভবিষ্যত বাক্যে দেখ আমি পাঠাই আমার দূত তোমার সন্মুখে প্রস্তুত করিতে ৩ তোমার পথ তোমার আগে। এক জনের রব ডাকিতেং অরন্যের মধ্যে প্রস্তুত কর ঈশ্বরের পথ ৪ সোজা কর তাহার পথকে। য়োহন ডুবাইতেং ছিল অরন্যের মধ্যে ও ঢেড়ি দিতেং খেদের ৫ ডুব পাপ মোচনের কারন। তখন য়িহোদার দেশ ও য়িরোশলমের প্রজা সকল তাহার স্থানে যাইয়া ডুবিৎ হইল তাহা হইতে য়ির্দন নদীতে তাহারদের পাপ ৬ স্বীকার করিতেং। য়োহন পরিধান ছিল ওটের পসমীতে ও চর্ম্মের এক বন্দ তাহার কমরে সে ও ৭ খাইল পঙ্গ পাল ফড়িঙ্গ ও বন মধু। সে ও ঢেড়ি দিল কহিতেং এক জন আসিতেছেন আমার পরে আমা হইতে অধিক শক্তি যাহার জুতার ডোর হেট ৮ হইয়া খুলিতে ওক্ত নহি। আমি জলে ডুবাইয়াছি তোমারদিগকে সে সত্য কিন্তু তিনি ডুবাইবেন তোমার দিগকে ধর্ম্মাত্মায়।

৯ সে কালে য়েশু গালিলির নাজরেত হইতে আসিয়া
১০ ডুবিত হইলেন য়ির্দনে য়োহনের করনক। এবং
জল হইতে মাত্র আসিয়া দেখিলেন স্বর্গ খোলা ও
১১ ধর্ম্মাত্মা নামিতেং তাহার ওপর ঘুঘুর ন্যায়। এক
রব ও আইল স্বর্গ হইতে বলিতেং তুমি আমার প্রিয়
১২ পুত্র যাহাতে আমার বড় তুষ্টি। ততক্ষনে তিনি
১৩ আত্মা আকর্ষিত হইয়া গেলেন অরন্যে। এবং
অরন্যে ছিলেন চল্লিশ দিন সয়তানের পরিক্ষা
পাইতেং তিনি ও ছিলেন বন পশুর সঙ্গে ও দূত
লোকেরা তাঁহার সেবা করিল।

১৪ য়োহন কএদে গছিতের পরে য়েশু আইলেন
গালিলিতে ঈশ্বরের রাজ্যের মঙ্গল সমাচার চক্রি
১৫ দিতেং ও বলিতেং কাল পুর্ন হইয়াছে ঈশ্বরের
রাজ্য নিকট খেদ কর তোমরা ও প্রত্যয় কর মঙ্গল
সমাচার।
১৬ পরে তিনি গালিলের সমুদ্রের নিকট যাইতেং দেখি
লেন শীমন ও আন্দ্রু তাহার ভাই জল অড়িতেং সমুদ্রে
১৭ একারন তাহারা মাছুয়া তখন য়েশু বলিলেন
তাহারদিগকে আমার সঙ্গে আইস আমি করিব
১৮ তোমারদিগকে মনুষ্য ধরা মাছুয়া। অতএব
তাহারা ততক্ষনে ত্যাগ করিল তাহারদের জাল ও
১৯ গেল তাঁহার সহিৎ। এবং তিনি সেখান হইতে
কিছু দূর যাইয়া দেখিলেন জেবদির পুত্র য়াঁকুব ও
য়োহন তাঁহার ভ্রাতা ডিঙ্গার মধ্যে জাল সহি

২০ করিতেং। ততক্ষনে তিনি ডাকিলেন তাহারদিগকে ও তাহারা তাহারদের পিতা জেবদিকে তিস্থায় দাসের সহিত ছাড়িয়া গেল তাঁহার সঙ্গি।

২১ পরে তাহারা গেল কফরনহুমে ও তিনি ততক্ষনে শাবত দিনে সিনগোগে প্রবেশ করিয়া শিক্ষা করাইলেন।

২২ তিনি শিক্ষাইলেন তাহারদিগকে সাসন কর্ত্তার মত ও অধ্যাপকের মত নহে সেকারন তাহারা চমৎকৃৎ

২৩ হইল তাহার হিতে। এক জন অপরিষ্কার আত্মা গৃহস্থ ছিল তাহারদের সিনগোগে ও সে চেঁচাইয়া

২৪ বলিল ছাড়িয়া দিও আমারদিগকে আমারদের কি কায তোমার সহিৎ তুমি নাজরেতের য়েশু আসিয়াছ বিনাশ করিতে আমারদিগকে আমি চিনি তোমাকে

২৫ তুমি ভগবানের ধার্ম্মিক জন। তখন য়েশু অনুযোগ করিলেন তাহাকে বলিয়া চুপ কর ও

২৬ বাহিরে আয় তাহাকে ছাড়িয়া। সে অপরিষ্কার আত্মা তাহাকে ভেড়িঙ্গীয়া ও চেঁচাইয়া বাহিরে আইল

২৭ তাহা হইতে। একং তাহারা সকলেই চমৎকৃৎ হইয়া এক জন অন্যকে জিজ্ঞাসা করিতে লাগিল বলিতেং এ কি নুতন বাক্য একারন তিনি অপরিষ্কা আত্মা সাসনে আজ্ঞা করিলে তাহারা মানে তাহাকে।

২৮ ততক্ষনে তাহার সুখ্যাত ব্যাপিত হইল সর্ব্বত্রে

২৯ গালিলের চতুর্দ্দিকের সমস্ত দেশে তৎকালে তিনি সিনগোগ ছাড়িয়া আইলেন শীমন ও অন্দ্রুর ঘরে যাঁকুব

৩০ ও য়োহনের সহিৎ। কিন্তু শীমনের সাশুড়ি শর্য্যাগত হইল স্বরেতে অতএব ততক্ষনে তাহারা তাহার

৩১ বেভার বলিল তাহাকে। তিনি আইলেন ও হস্ত ধারন করিয়া ওথ্থান করাইলেন তাহাকে তত্ক্ষনে স্বর ত্যাগ করিল তাহাকে পরে সে সেবা করিল তাহারদের।
৩২ বৈকালে যখন সূর্য্য অস্তগত হইল তখন তাহারা আনিল তাঁহার স্থানে সমস্ত পীড়িৎ ও ভূৎ গৃহস্থ।
৩৩ তাহাতে সহরের সকল লোক একত্তর হইল দ্বারে।
৩৪ তখন তিনি সুস্থ করিলেন অনেক নানা প্রকার রোগি পীড়িতকে ও ছাড়াইলেন অনেক ভূতকে ও ভূতকে কথা কহিতে দিলেন না একারন তাহারা চিনিল
৩৫ তাহাকে। প্রাতে অন্ধকার থাকিলে তিনি গাত্রোথ্থান করিয়া বাহিরে গেলেন নিরালয় স্থানেও সেখানে কামনা
৩৬ করিলেন। তারপর শীমন ও যাহারা তাঁহার সঙ্গে
৩৭ গেল তাঁহার পশ্চাৎ ও তাঁহাকে পাইয়া বলিল সমস্ত
৩৮ লোক চেষ্টা করে তোমাকে। তিনি কহিলেন তাহারদিগকে আমরা অগ্রগামি হইয়া চেড়ি
৩৯ দেই ইহার কারন আমি বাহিরিলাম। অতএব তিনি চেড়ি দিলেন তাহারদের সকল সিনগগে সমস্ত গালিলি দিয়া এবং ছাড়াইলেন ভূতেরদিগকে।—

৪০ সে স্থানে এক ব্যাধি গৃহস্থ তাহার নিকট আসিয়া প্রার্থনা করিল ও হাঁটু গাড়িয়া বলিল তাহাকে যদি তোমার ইচ্ছা তবে পরিস্কার করিতে পার আমাকে।
৪১ তাহাতে য়েশু দয়াশিল হইয়া হাত বাড়াইলেন ও তাহাকে স্পর্শ করিয়া বলিলেন আমার ইচ্ছা হয়
৪২ পরিস্কারহ। কহিবা মাত্রে তত্ক্ষনে সে পাথর ব্যাধি
৪৩ ত্যাগ করিল তাহাকে তাহাতে পরিস্কার হইল। পরে

৪৪ তিনি খুব আজ্ঞা দিয়া বিদায় করিলেন তাহাকে ও বলিলেন সাবধান কাহাকে কিছ কহিও না কিন্তু যাইয়া দেখা দিও যাজককে ও যাহা মোশা সাক্ষীর কারন আজ্ঞা দিলেন তাহারদিগকে তাহা ওৎসর্গ কর
৪৫ তোমার সুচি করনার্থে। কিন্তু সে জন যাইয়া বিস্তুর প্রচার ও ব্যক্ত করিতে লাগিল সে কর্ম্ম যাহাতে য়েশু আর প্রকাশে যাইতে পারিলেন না সহরে কিন্তু বাহিরে থাকিলেন কাননে ও তাহারা আইল তাঁহার ঠাঁই প্রতিদিগ হইতে।

পর্ব্ব ২

তিনি কতক দিন পরে কফরনহুমে যাইয়া সেখানে কথা বার্ত্তা হইল যে তিনি বাড়িতে। তেকারন সত্তর অনেক লোক একত্তর হইল তাহাতে তাহারদের রহিবার স্থান ছিল না বটি দ্বারের নিকটে ও না। তখন তিনি কথা
৩ কহিলেন তাহারদিগকে। তৎকালে তাহারা চারি জনের ওপর চড়াইয়া আনিল এক জন অঙ্গ অবস পিড়িত
৪ কে তাঁহার ঠাঁই। যখন তাহারা মানব্যের কারন আসিতে পারিল না তাঁহার নিকট তখন ঘরের চাট খুলেল যেখানে তিনি ছিলেন ও নামাইল সে বিছানা
৫ যাহাতে অঙ্গ অবস পীড়িৎ ছিল। য়েশু তাহারদের ভক্তি দেখিয়া বলিলেন সে অঙ্গ অবস মানুষকে বাছা
৬ তোমার পাপ মর্য্যাদা হইয়াছে। কিন্তু কতক অধ্যাপক সেখানে বসিয়া অন্তঃকরনে এমন ভাবিল
৭ এমানুষ্য এমন পাষণ্ডতা করে কেন কেডা পাপ মাফ
৮ করিতে পারে ঈশ্বর ব্যতিরেক। তাহারা মনেং এমন ভাবিতেং তখন য়েশু আপনার মনে তাহা জ্ঞাত হইয়া

কহিলেন তাহারদিগকে কিমার্থে তোমরা এ মত
৯ ভাবিতেছ অন্তঃকরনে   অনায়াসে কি অঙ্গ অবস
লোককে কহিতে তোমার পাপ মর্য্যাদা হইয়াছে কিম্বা
১০ তোমার বিছানা তুলিয়া চল।   কিন্তু তোমারদের
জানিবার কারন মানুষের পুত্রের পরাক্রম আছে
পৃথিবীর উপরে পাপ মর্য্যাদা করিতে তখন তিনি
১১ কহিলেন অঙ্গ অবস মানুষকে   আমি কহি
তোমাকে গাত্রোত্থান কর ও বিছানা তুলিয়া চল
১২ আপনার বাটীতে।   অতএব ততক্ষনে সে গাত্রোত্থান
করিয়া ও বিছানা তুলিয়া চলিল তাহারদের সমস্তের
গোচরে তাহাতে সকলেই চমকিৎ হইয়া স্তব করিল
ঈশ্বরকে বলিতে২ আমরা কখন দেখিলাম না এ প্রকার।
১৩   তিনি পুনর্ব্বার সমুদ্রের নিকটে যাইয়া সমস্ত
মানব্য একত্তর আইল তাঁহার স্থানে ও তিনি শিক্ষা
১৪ করাইলেন তাহারদিগকে।   তিনি তাহারদিগকে লঙ্ঘি
তে২ দেখিলেন হলফেয়ার পুত্র লোই কাচারি ঘরে
বসিয়া ও বলিলেন তাহাকে আমার সঙ্গি আইস।
১৫ অতএব সে উঠিয়া গেল তাঁহার পশ্চাত।   পরে তিনি
ঘরে ভোজনে বসিলে   অনেক পাটোয়ারি ও
পাপি লোক বসিল য়েশু ও তাহার শিষ্যেরদের
সঙ্গে একারন তাহারা অনেক ছিল এবং তাঁহার সহিৎ
১৬ গেল।   তিনি ভোজন করিলেন পাটোয়ারি ও পাপি
লোকের সহিৎ অতএব অধ্যাপক ও ফারিসিরা তাহা
দেখিয়া বলিলেন   তাঁহার শিষ্যেরদিগকে তিনি
ভোজন পান করেন পাটোয়ারি ও পাপিরদের সহিৎ

১৭ কেমনে। তখন য়েশু তাহা শুনিয়া বলিলেন তাহার দিগকে যাহারা সুস্থ তাহারদের কবিরাজ অবশ্যক নাই কেবল পীড়িতের আমি আইলাম না পুণ্যার্থিককে খেদ করিতে ডাকিবারে কিন্তু পাপিষ্ঠ লোকের
১৮ দিগকে। যোহনের ও ফারিসির শিষ্যেদের ওপবাস করনের ব্যবহার ছিল তেকারন তাহারা আসিয়া বলিল তাঁহাকে যোহন ও ফারিসির শিষ্যেরা ওপবাস করে কেন কিন্তু তোমার শিষ্যেরা ওপবাস করে না।
১৯ য়েশু বলিলেন তাহারদিগকে কন্যা যাত্রি লোক ওপবাস করিতে পারে যাবৎ পর্য্যন্ত বর তাহারদের সঙ্গে যত কাল বর আছে তাহারদের সহিৎ তত কাল
২০ তাহারা ওপবাস করিতে পারে না কিন্তু দিন আসিবেক যাহাতে বরকে লইয়া যাওা হবে তাহার দিগ হইতে তখন তাহারা ওপবাস করিবে সে কালে।
২১ কেহ নুতন লেকড়া শ্লায় না পুরাতন পরিচ্ছদে নতুবা নুতন টুকরা যাহা তালি দেয় তাহা ছিঁড়িয়া পড়ে পুরাতন
২২ হইতে তাহাতে ছেঁড়া আর মন্দ হয়। কেহ নুতন দ্রাক্ষা রস থোয়ে না পুরাতন কুপার মধ্যে নতুবা দ্রাক্ষা রস ফাড়িবে কুপাকে তাহাতে দ্রাক্ষা রস পড়িয়া যায় ও কুপা নষ্ট হইবেক কিন্তু নুতন দ্রাক্ষা রস থোয়া হবে নুতন কুপায়।———

২৩ তিনি শাবত দিনে শস্য ক্ষেত্র দিয়া যাইতেং
২৪ তাঁহার শিষ্যেরা সিশ ছিঁড়িতে লাগিল। তখন ফারিসিরা বলিল তাঁহাকে দেখ তাহারা অকর্ত্তব্য কায
২৫ করে শাবত দিনে কেন। তিনি বলেন তাহার

দিগকে তোমরা কখন পাঠ কর নহে দাঊদ কি
করিলেন যখন তাহার ব্যাগ্রহ হইয়া ক্ষুধিৎ ছিলেন
২৬ তিনি ও যাহারা তাঁহার সঙ্গে। তিনি কেমন
প্রবেশ করিলেন ঈশ্বরের ঘরে আবিতর প্রধান
যাজকের কালে ও ভোজন করিলেন দর্শনের রুটি যাহা
খাইতে অকর্ত্তব্য কেবল যাজকের কারন ও তাহার
২৭ দিগকে দিলেন যাঁহারা তাহার সঙ্গে। তিনি
বলিলেন তাহারদিগকে শাবত নিরূপন আছে
মানুষের জন্যে কিন্তু মানুষ শাবতের জন্য নহে
২৮ অতএব মানুষের পুত্র শাবত দিনের ঈশ্বর।

পর্ব্ব ৩

তিনি পুনর্ব্বার সিনাগো যাইয়া সে স্থানে ছিল
এক নুলা মানুষ। তখন তাহারা নিরক্ষন
করিল তাঁহাকে জানিতে শাবত দিনে সুস্থ করিতেন
৩ কি না তাহাকে বরামদ করিবার কারন। কিন্তু
তিনি বলিলেন সে নুলা মানুষকে সন্মুখে ডাণ্ডাও।
৪ তারপর তিনি বলিলেন তাহারদিগকে শাবত দিনে
সু কর্ম্ম কি কু কর্ম্ম করিতে জীবন রক্ষা কি বধ
৫ করিতে কর্ত্তব্য। তাহাতে তাহারা নিরব হইল।
তখন তিনি ক্রোধান্বিৎ হইয়া চতুর্দ্দিগে দৃষ্ট করিলেন
মনস্তাপিৎ হইয়া তাহারদের অন্তঃকরনের কাঠন্যতার
কারনে পরে তিনি বলিলেন সে মানুষকে তোমার
হাত বিস্তার কর। অতএব তাহা করিলে তাহার হাত
৬ ছিল সুস্থ অন্য হস্তের মত। কিন্তু ফারিসিরা

প্রস্থান করিয়া সেইক্ষনে হেরোদিয়ানের সহিৎ পরামর্শ করিল তাহার বিপরিতে।

৭ অতএব য়েশু তাহার শিষ্যেরদের সঙ্গে সমুদ্রে গেলেন অনেক লোক ও গেল তাহার সহিৎ গালিলি
৮ ও য়িহোদা দেশ ও য়িরোশলম ও আদোমী দেশ ও য়িৰ্দনের ও পার হইতে ও চর ও চীদনের চত্ত দ্দিকের অতি বড় মানব্য তাহার বড় কার্য্যের সমাচার
৯ পাইয়া আইল তাহার ঠাঁই। তখন তিনি কহিলেন তাঁহার শিষ্যেরদিগকে নৌকা নিকট থাকিবারে
১০ মানব্য তাহাকে না চাপিবার জন্য। তিনি সুস্থ করিয়া ছিলেন অনেককে তেনিমিত্ত তাহারা দৌড়িয়া আইল স্পর্শ করিতে তাহাকে যত পীড়িৎ ছিল।
১১ অপরিস্কার আত্মারা ও তাহাকে দেখিবা মাত্রে পড়িল তাহার সাখ্যাৎ ও চিৎকার করিয়া বলিল তুমি
১২ ঈশ্বরের পুত্র। তাহাতে তিনি খুব আজ্ঞা করিলেন
১৩ তাহারদিগকে না জানাইতে তাহাকে। পরে তিনি পর্ব্বতের ওপর যাইয়া ডাকিলেন যাহারদিগকে তাহার ইচ্ছা এবং তাহারা আইল তাঁহার স্থানে
১৪ তখন তিনি নিযুক্ত করিলেন দ্বাদশ জনকে তাঁহার
১৫ সঙ্গে থাকিবার ও চেড়ি দিতে পাঠাইবার জন্য ও পীড়া সুস্থ করিবার এবং ভূৎ ছাড়াইবার পরাক্রম
১৬ পাইতে। অতঃপরে তিনি করিলেন শীমনের খ্যাত
১৭ নাম পিতর। ও জেবদির পুত্র যাঁকুব ও যাঁকুবের ভাই য়োহন তিনি ও করিলেন তাহারদের খ্যাত নাম

বেনিরগিশ তাহার অর্থ সন্ত্যা গর্জ্জনের পুত্র
১৮ আন্দ্রিয় ও ফিলিপ বার্তলমী ও মাত্তিও ও তমা ও ফল্পীর
১৯ পুত্র যাঁকুব ও তদী ও শীমন যনাঁয়নী ও য়িহোদা
ষ্কারিওটা যে শত্রুতা করিল তাহাকে।
২০ তখন তাহারা ঘরে গেল মানব্য ও একত্তর হইল
পুনর্ব্বার তাহাতে তাঁহারদের খাইতে অবকাস ছিল
২১ না। তাহার এগানা লোক তাহা শুনিয়া গেল
তাঁহাকে ধরিতে একারন তাহারা বলিল তিনি জ্ঞান
২২ হরিয়াছেন। অধ্যাপক ও যাহারা আসিয়া
ছিল যিরোশলম হইতে তাহারা বলিল তাহার আছে
বাঁযলজবব এবং প্রধান ভুতের নাম ধরিয়া ছাড়ায়
২৩ ভুতকে। কিন্তু তিনি তাহারদিগকে বলিলেন এ
উপদেশ কিমতে পারে সয়তান ছাড়াইতে সয়তানকে।
২৪ যদি কোন রাজ্য ভিন্ন হয় আপনার বিপরিতে তবে সে
২৫ রাজ্য স্থায়ী হইতে পারে না। যদি বাটী ভিন্ন হয়
আপনার বিপরিতে তবে সে বাটী স্থায়ী হইতে পারে
২৬ না। এবং যদি সয়তান আপনার বিপরিতে
উঠিয়া ভিন্ন হয় তবে সে স্থায়ী হইতে পারে না কিন্তু
২৭ তার অন্ত হয়। কোন কেহ বলবানের ঘরে যাইয়া
লুটিতে পারে না তাহার সামিগ্রী সে বলবান মানুষকে
বন্দ না করিলে তাহা হইলে নষ্ট করিতে পারে তাহার
২৮ বাটীকে। সারোদ্ধার আমি বলি তোমারদিগকে
সমস্ত পাপ ও সমস্ত পাষণ্ডতা যাহাং কহিয়া কেহ
পাষণ্ডতা করিবেক তাহা মর্য্যাদা হবেক মানুষের
২৯ পুত্রেরদিগকে কিন্তু যে কেহ পাষণ্ডতা করে ধর্ম্মাত্মার

বিপরিতে তাহা কখন মর্য্যাদা হবেক না তাহাকে কিন্তু
৩০ আকল্পনারকির আপদ্দ আছে তাহার একারন তাহারা
৩১ বলিল অশুচি আত্মা তাহার আছে। তৎপর
তাহার ভ্রাতারা ও তাহার মাতা বাহিরে ডাণ্ডাইয়া লোক
৩২ পাঠাইল তাঁহাকে ডাকিতে। সে কালে মানবা
বসিল তাহার চতুর্দ্দিকে এতদর্থে তাহারা বলিল
তাঁহাকে দেখ তোমার মাতা ও ভ্রাতারা বাহিরে
৩৩ ডাণ্ডাইয়া অন্যাস্মন করে তোমাকে তিনি প্রত্যুত্তর
করিয়া বলিলেন তাহারদিগকে কেতা আমার মাতা
৩৪ ও কাহারা আমার ভ্রাতারা। পরে যাহারা
চতুর্দ্দিকে বসিল তাহারদের দিগে দৃষ্টি করিয়া
বলিলেন দেখ আমার মাতা ও আমার ভ্রাতারা।
৩৫ একারন যে কেহ করে ঈশ্বরের ইচ্ছা সেই আমার
ভাই ও ভগিনী ও মাতা।

পর্ব্ব তিনি পুনর্ব্বার সমুদ্রের তীরে শিক্ষা করাইতে
৪ লাগিলেন ও বড় মানবা তাহার নিকট একত্তর হইল
তাহাতে তিনি নৌকায় য়াইয়া বসিলেন সমুদ্রে ও
২ সকল মানবা থাকিল সমুদ্রের তীরে। তখন
তিনি অনেক ওপদেশ শিক্ষা করাইলেন তাহারদিগকে
৩ ও নিত করিয়া বলিলেন তাঁহারদিগকে অবধান কর
৪ এক কৃশান বুনিতে গেলে এই মত হইল বুনিতে২ কিছু
পড়িল পথের পার্শে তাহাতে শূন্যের পক্ষেরা আসিয়া
৫ তাহা খাইয়া ফেলাইল। কিছু ও পড়িল পাষান স্থলে
যেখানে যথেষ্ট মৃত্তিকা নহে তখন তাহা সত্তর

৬ গাজিল একারন মৃত্তিকা বহু নহে। কিন্তু রৌদ্র হইলে তাহা পুড়িয়া গেল ও শিখড় না হইনে টাটীয়া ৭ গেল। কিছু পড়িল কাঁটা গাছের মধ্যে কিন্তু কাঁটা গাছ বৃদ্ধ পাইলে খাইয়া ফেলাইল তাহা তাহতে ৮ অফলা হইল। আর২ ভাল মৃত্তিকাতে পড়িয়া গাজিল ও বৃদ্ধ পাইয়া ফল ফলিল কতক ত্রিশ কতক ৯ ষষ্ঠি কতক এক শত গুন। পরে তিনি বলিলেন তাহারদিগকে যাহার শুনিবার কর্ন আছে সে শুনুক। ১০ তিনি সতন্ত্র হইলে যাহারা তাঁহার চতুর্দ্দিকে সে দ্বাদশ জনের সঙ্গে তাহারা জিজ্ঞাসা করিল তাহাকে ১১ সে উপদেশের বিষয় তখন তিনি বলিলেন তাহার দিগকে তোমারদিগকে দাতৃব্য আছে জানিতে ঈশ্বরের রাজ্যের অজ্ঞাত কিন্তু যাহারা বাহিরে তাহারদিগকে এ সকল কহিয়া যায় দ্বার্থ কথায় ১২ তাহাতে তাহারা দৃষ্টি করিতে২ দেখিতে পাইতে পারে ও শুনিতে২ শ্রবন পাইতে পারে কিন্তু বুঝিবে না কি জানি কোন কালে ফিরাইলে তাহারদের পাপ মর্য্যাদা ১৩ হইতে পারে। তিনি ও বলিলেন তাহারদিগকে জান না এ দ্বার্থ কথা তবে কেমনে বুঝিবা সকল ১৪ দ্বার্থ কথা। বীজ বুনক বাক্য বুনে যাহারা পথের ১৫ পার্শে তাহারা এ যেখানে বাক্য বুনন হইয়াছে কিন্তু শুনিবা মাত্র সয়তান আসিয়া খণ্ডে সে বাক্য যাহা বুনন ১৬ ছিল তাহারদের অন্তঃকরনে। যাহারা বুনন হইল পাষান স্থলে তাহারা এই যে বাক্য ১৭ শুনিয়া সেইক্ষনে হর্ষ মনে লয় তাহা কিন্তু আপনার

দের মধ্যে শিকড় না হইলে থাকে কেবল কিঞ্চিৎ
কাল তাহার পর যখন দুঃখ কি বিপক্ষতা হয় বাক্যের
১৮ নিমিত্ত তৎকালে ত্যক্ত হইয়াছে তাহারা। যাহারা
বুনন হইল কাঁটা গাছের মধ্যে তাহারা এই যে বাক্য
১৯ শুনিলে এ জগতের চিন্তা ও ধনের ভ্রান্তি ও অন্য
বস্তুর আকাঙ্ক্ষা বাক্যকে খাইয়া ফেলায় তাহাতে
২০ তাহা অফলা হইয়া যায়। যাহারা বুনন হইল
ভাল মৃত্তিকায় তাহারা এই যে কথা শুনে ও মনে
লয় ও ফল ফলে কতক ত্রিশ গুন কতক ষষ্টি গুন
২১ কতক এক শত গুন। তিনি ও বলিলেন তাহার
দিগকে আড়ির নিচে কি খাটের নিচে থুইবার জন্য
দীপ আনয়ন হয় ও দীপদানে থুইবার জন্য নহে।
২২ একারন কিছু গুপ্ত নাই যাহা প্রকাশ হবেক না
কিম্বা কোন কার্য্য অপ্রকাশে নহে কেবল তাহা বাহির
২৩ করনের নিমিত্ত। যাহার শুনিবার কর্ন আছে
২৪ সে শুনুক। পরে তিনি বলিলেন তাহারদিগকে
সাবধান কিং তোমরা শুন যে কাঠা দিয়া মাপ
তোমরা সে কাঠা দিয়া তোমারদের ঠাঁই মাপিতে
হবেক এবং তোমারদিগকে যে শুনে আরং দেয়া
২৫ যাবেক একারন যাহার আছে তাহাকে দিতে হইবে
কিন্তু যাহার কিছু নাই তাহা হইতে লয়া হবেক
যাহাং তাহার আছে।

২৬ তিনি ও বলিলেন ঈশ্বরের রাজ্য এক জনের মত যে
২৭ বীজ ছড়ায় ভূমিতে পরে রাত্রি দিবা শুইতেং উঠিতেং
২৮ চারা বৃদ্ধি পায় সে জানে না কি মত। একারন পৃথিবী

আপনি ফল ফলে প্রথমে অঙ্কুর তার পর সিশ তার
২৯ পর শস্য পাকা সিশের মধ্যে। কিন্তু ফল পাকা
হইলে সেইক্ষনে কাচি দিবেক একারন ফসল হইয়াছে।
৩০ তিনি ও বলিলেন ঈশ্বরের রাজ্য কার তুল্য ও তাহার
৩১ তুল্য কি উপদেশ বলিব। তাহা সরিষার এক বীজের
মত যাহা যখন ভূমিতে বুনন হয় তখন সমস্ত বীজ
৩২ হইতে ক্ষুদ্র যাহা হয় ভূমিতে কিন্তু বুনন হইলে
বৃদ্ধি পাইয়া উঠে সকল তৃন হইতে বড় ও বড় ডাল
বাহিরায় তাহাতে শূন্যের পক্ষ আসিয়া থাকে তাহার
৩৩ ছায়ায়। তিনি এ মত অনেক উপদেশ বলিলেন
তাহারদিগকে যেমন তাহারদের শুনিবার শক্তি।
৩৪ কিন্তু দৃষ্টান্ত কথা ব্যতিরেক তিনি কিছু কহিলেন না
তাহারদিগকে। এবং স্বতন্ত্র হইয়া সকলের
অর্থ দিলেন তাহার শিষ্যেরদিগকে।

৩৫ সে দিনে তিনি বৈকালে বলিলেন তাহারদিগকে
৩৬ আইস আমরা ও পার যাই। যখন তাহারা বিদায়
করিয়া ছিল মানব্যকে তখন তাহারা জাহাজে
গেল তাহার সঙ্গি আরং ছোট জাহাজ ও সাতে
৩৭ থাকিল। তখন বড় ঝড় হইল এবং ঢেও জাহাজে
৩৮ পড়িল তাহাতে তাহা জল পূর্ন্নিত হইল কিন্তু তিনি
জাহাজের পাছা ভাগে বালিসের উপর নিদ্রিত ছিলেন
অতএব তাহারা তাহাকে জাগাইয়া কহিল হে প্রভু
কিছু ভাবনা নাই তোমার যদি আমরা হত্যা হই।

৩৯ তখন তিনি উঠিয়া অনুযোগ করিলেন বাতকে ও বলিলেন সমুদ্রকে নিরস্ত ও স্থির হও তাহাতে বাতাস
৪০ রহিল এবং অতি নিবর্ত্ত হইল। পরে তিনি বলিলেন তাহারদিগকে তোমরা এমন ভয়ার্থ কেন ও তোমারদের
৪১ কিছু ভক্তি নাই কেমনে। এবং তাহারা বিস্তারিত ভয় করিল বলিতেং এক জন আর এক জনকে এ কি আশ্চর্য্য মানুষ তাহাতে বাতাস ও সমুদ্র তাহার আজ্ঞা বহ হয়।

পর্ব্ব ৫ তৎকালে তাঁহারা সমুদ্র পার হইয়া ওত্তরিল গাদরীরদের দেশে এবং জাহাজ হইতে নামিবা মাত্র
২ এক জন ভুৎ গৃহস্থ মিলিল তাহার সহিৎ কবর হইতে
৩ যাহার বাস হইল কবরের মধ্যে ও কেহ বন্দ করিতে
৪ পারে না তাহাকে নহে জিঞ্জির দিয়া একারন সে পুনঃপুনঃ বন্দিৎ ছিল বেড়ি ও জিঞ্জিরে কিন্তু জিঞ্জির ভঙ্গিয়া ছিল তাহার বলেতে বেড়িও খণ্ডং হইল এবং
৫ কেহ পুষিতে পারিল না তাহাকে। সে ও নিত্য রাত্রি দিবা পর্ব্বতের ওপরে ও কবরের মধ্য স্থানে ছিল চিৎকার করিতেং ও আপনাকে পাথর দিয়া
৬ কাটিতেং কিন্তু সে জন য়েশুকে দুরে দেখিয়া দৌড়িল
৭ ও করিল তাঁহর ভজনা ও বড়ই চিৎকার করিয়া বলিল আমায় তোমায় কি হে য়েশু পরমেশ্বরের পুত্র আমি ঈশ্বরের নাম করিয়া দোহাই দেই তোমাকে
৮ জন্ত্রনা দিও না আমাকে। একারন তিনি বলিয়া ছিলেন তাহাকে বাহিরহ সে মানুষ হইতে তুই

৯ অপরিষ্কার আত্মা তিনি ও জিজ্ঞাসা করিলেন তাহাকে তোমার নাম কি সে প্রত্যুত্তর করিয়া বলিল তাঁহাকে আমার নাম লেজিও একারন আমরা অনেক।
১০ সে ও কাকুতি করিল তাঁহাকে দেশ হইতে না পাঠাইতে
১১ তাহারদিগকে। তৎকালে সে পর্ব্বতের নিকট
১২ সুকরের বড় পাল ছিল চরিতেং অতএব সমস্ত ভূত কাকুতি করিল তাঁহাকে পাঠাও আমারদিগকে সুকরে
১৩ আমরা প্রবেশ করি তাহারদের মধ্যে। এবং সেই ক্ষনে য়েশু অনুমতি দিলেন তাহারদিগকে। অতএব অপরিষ্কার আত্মারা প্রস্থান করিয়া প্রবেশ করিল সুকরেরদের মধ্যে তাহাতে সে পাল খাড়া স্থান দিয়া বেগে দৌড়িল সমুদ্রে ও ডুবিয়া মরিল তাহারা ছিল
১৪ সহস্র দুই। তখন সুকরের রাখালেরা পলাইয়া সমাচার কহিল সহরে ও দেশে। তাহাতে লোক
১৫ বাহিরিল দেখিতে এই কি। তখন তাহারা য়েশুর নিকট আসিয়া ও সে ভূৎ গৃহস্থ পরিচ্ছদান্বিৎ ও প্রকৃত
১৬ মনে বসিতেং দেখিয়া ত্রাসিত হইল এবং যাহারা দেখিয়া ছিল তাহারা বলিল তাহারদিগকে সে ভূৎ
১৭ গৃহস্থের বিষয় ও সুকরের বিবরন তাহারা ও কাকুতি করিতে লাগিল তাঁহাকে তাহারদের শীমানা
১৮ ছাড়িয়া যাইতে। অতঃপরে তিনি জাহাজে আইলে সে ভূৎ গৃহস্থ নিবেদন করিল রহিতে তাহার সহিৎ।
১৯ কিন্তু য়েশু মানা করিলেন তাহাকে বলিয়া বাটীতে যাও তোমার বন্ধু লোকের ঠাঁই ও বল তাহার দিগকে কি মত বড় কার্য্য ঈশ্বর করিয়াছেন তোমার

২০ কারন এবং দয়া করিয়াছেন তোমাকে। তারপর সে প্রস্থান করিয়া দেকাপলিতে প্রকাশ করিতে লাগিল কেমন পরম কার্য্য য়েশু করিয়া ছিলেন তাহার কারন
২১ তাহাতে সমস্ত লোক চমৎকিৎ হইল। তখন য়েশু পুনর্ব্বার জাহাজে পার হইয়া অনেক লোক একত্তর হইল তাঁহার কাছে ও তিনি রহিলেন সমুদ্রের
২২ তীরে। এবং দেখ এক জন সিনগোগের কর্ত্তা তাহার নাম শুনিয়া আইল ও তাহাকে
২৩ দেখিয়া পড়িল তাঁহার পদে ও ব্যাগ্রতায় কাকুতি করিল তাঁহাকে বলিতেং আমার বালা কন্যা মৃত্যু কল্প হইয়াছে কিন্তু আসিয়া তোমার হস্ত দেহ তাহার ওপরে তাহাতে সে সুস্থ
২৪ হইয়া বাঁচিবেক। তখন য়েশু গেলেন তাহার সঙ্গে অনেক লোক ও তাঁহার পশ্চাত বর্ত্তি হইল তাহাতে বড় ঠেলা ঠেলি ছিল।

২৫ সে কাল এক জন স্ত্রী লোক যে ক্ষত্তবতী হইল
২৬ দ্বাদশ বৎসর অবধি এবং অনেক কবিরাজের ঠাঁই ব্যামহ খাইয়াছিল ও তাহার সর্ব্ব সম্পত্তি খরচ
২৭ করিয়া কিছু ভাল হইল না বরং আর পীড়িতা সে জন য়েশুর বিবরন শুনিয়া আইল মানষ্যের মধ্যে
২৮ তাহার পাছে ও ছুইল তাহার পরিচ্ছদ একারন সে ভাবিল যদি আমি ছুইতে পারি কেবল তাঁহার পরিচ্ছদ
২৯ তবে সুস্থ হইব। তত্ক্ষনে তাহার রক্তের ধারা সুকাইয়া গেল তাহাতে সে সরীরের মধ্যে জানিতে
৩০ পাইল সে পীড়া সুস্থ হইল। য়েশু সেইক্ষনে

আপনার মধ্যে জ্ঞাত হইলেন যে পরাক্রম বাহিরে
ছিল তাহা হইতে ডেকারন তিনি মানব্যের দিগে
ফিরিয়া বলিলেন কেডা স্পর্শ করিল আমার পরিচ্ছদ।
৩১ তাঁহার শিষ্যেরা বলিল তাঁহাকে তুমি দেখিতেছ
মানব্য চাপিতেং তোমার চতুর্দ্দিকে ও কহিতেছ কে
৩২ স্পর্শ করিল আমাকে। এবং তিনি দৃষ্টি করিলেন
৩৩ চতুর্দ্দিকে দেখিতে কে করিয়া ছিল তাহা। সে স্ত্রী
লোক ত্রাস যুক্ত ও কম্প্রমানা হইয়া জানিল কি হইয়াছে
তাহার মধ্যে অতএব আসিয়া পড়িল তাহার চরনে
৩৪ ও কহিল তাঁহাকে সকল বিবরন সত্য। তখন
তিনি বলিলেন তাহাকে কন্যারে তোমার ভক্তি সুস্থ
করিয়াছে তোমাকে কুশলী হইয়া যাও সুস্থা হও
তোমার ঘাত হইতে।

৩৫ যাবৎ তিনি কহিতেং ছিলেন তাবৎ সিনগোগের
কর্ত্তার বাটী হইতে কেহ আসিয়া বলিল তোমার
কন্যা মরিয়াছে কিমার্থে আর ব্যামহ দিতেছ প্রভুকে।
৩৬ কিন্তু য়েশু সে কথা শুনিবা মাত্রে বলিলেন সিনগোগের
৩৭ কর্ত্তাকে ভাবিৎ হইও না কেবল প্রত্যয় কর। তখন
তিনি কোন কাহাকে সহিৎ যাইতে দিলেন না কেবল
৩৮ পিতর ও যাঁকূব ও যাঁকুবের ভাই য়োহন। তিনি
সিনগোগের কর্ত্তার বাটীতে আসিয়া দেখিলেন সে কো
লাহল ও লোক ক্রন্দন করিতেং ও হাহাকার করিতেং।
৩৯ তখন তিনি ভিতরে আসিয়া বলিলেন তাহারদিগকে
কিমার্থে হাহাকার ও ক্রন্দন করিতেছ কন্যা মরা নাই
৪০ কিন্তু নিদ্রিত। তাহাতে তাহারা শ্লেষ করিল

তাঁহাকে। কিন্তু তিনি তাহারদের সমস্তকে বাহির করিয়া লইলেন কন্যার পিতা মাতা ও যাহারা তাঁহার সঙ্গি ও প্রবেশ করিলেন সে স্থানে যাহাতে কন্যা
৪১ শুইয়া থাকিল। তখন তিনি কন্যার হস্ত ধরিয়া বলিলেন তাহাকে টালিতা খুমি তাহার অর্থ এই কন্যারে আমি
৪২ বলি তোমাকে ওঠ। অতএব সে কন্যা গাত্রোত্থান করিয়া গতি করিল একারণ তাহার বয়ক্রম বারো
৪৩ বৎসর তাহাতে তাহারা বড় চমৎকৃত হইল। এবং তিনি খুব আজ্ঞা করিলেন তাহারদিগাকে কেহ না জানাইতে তিনি ও আজ্ঞা করিলেন কিছু তাহাকে খাইবার দিতে।

পর্ব্ব ৬ তারপর তিনি তাহার শিষ্যেরদের সহিৎ সে স্থান হইতে প্রস্থান করিয়া ওত্তরিলেন আপনার দেশে।
২ তখন শাবত দিন হইলে তিনি সিনগাগে শিক্ষা করাইতে লাগিলেন তাহাতে অনেক লোক তাহা শুনিয়া চমকিত হইল এবং বলিল ইহার এ সকল কথা কোথা হইতে ও কি জ্ঞান যাহা দেয়া হইয়াছে তাহাকে তাহাতে এ মত আশ্চর্য্য কার্য্য হইয়াছে তাহার
৩ করনক। এ মারিয়ার পুত্র জুতার নহে যাঁকুব ও য়োশি ও য়িহোদা ও শীমনের ভাই তাহার ভগিনী ও আমারদের সাতে নহে এবং তাহারা ত্যক্ত হইল
৪ তাহার বিষয়। কিন্তু য়েশু বলিলেন তাহারদিগকে ভবিষ্যৎ বক্তার অপযশ নহে কেবল আপনার দেশে ও আপনার কুটুম্বের মধ্যে ও আপনার ঘরে।

৫ অতএব তিনি সে স্থানে কোন আশ্চর্য্য কার্য্য করিতে পারিলেন না ইহার ব্যতিরেক অল্প পীড়িৎ লোকের উপরে হাত দিয়া সুস্থ করিলেন তাহারদিগকে।
৬ তিনি ও তাহারদের অনাস্থাতে চমৎকৃত হইলেন। পরে শিক্ষাইবারে গ্রামেং বেড়াইলেন।

৭ অতঃপর তিনি সে দ্বাদশ জনকে ডাকিয়া দুইং পাঠাইতে লাগিলেন ও পরাক্রম দিলেন তাহারদিগকে অপরিষ্কার
৮ আত্মার উপরে এবং আজ্ঞা করিলেন তাহার দিগকে কিছুই না লইতে তাহারদের পথের কারন কেবল এক লাটী সম্বল নহে ভক্ষ নহে টাকা নহে তাহার
৯ দের থুলিতে কিন্তু বাধা পাযে দিও ও গাত্রে দুই
১০ কারাই নহে। তিনি ও বলিলেন তাহারদিগকে যে কোন স্থানে বাটীতে যাবা সেখানে তিষ্ঠ সে নগর সে ছাড়ন
১১ পর্য্যন্ত। কিন্তু যে কেহ অথীতি করিতে চাহে না তোমারদিগকে কিম্বা শুনিতে চাহে না তোমারদের কথা যখন তোমরা যাও সে স্থান হইতে তখন ঝাড়িয়া ফেল তোমারদের পায়ের ধুলা সাক্ষীর কারন তাহারদের বিপরিতে সারোদ্ধার আমি বলি তোমার দিগকে বিচারের দিনে সদম ও ঊমরার সাস্তি
১২ হইবে না সে সহরের মত। তৎপর তাঁহারা প্রস্থান করিয়া চেতি দিল মানুষেরদের খেদ
১৩ করনের জন্য তাঁহারা ও ছাড়াইয়া ফেলিল অনেক ভূৎ ও তৈল মর্দ্দন করাইল ও সুস্থ করিল অনেক পীড়িৎ;

১৪ তাহার বড় নাম হইল তেকারন হেরোদ রাজা তাঁহার বিবরন শুনিয়া বলিল য়োহন ডুবা উঠিয়াছে মৃত্যু হইতে অতএব আশ্চর্য্য ক্রিয়া দেখা যায় তাহারে।
১৫ অন্য কেহ২ বলিল এই আলীহা ও আর২ লোক বলিল এই এক ভবিষ্যত বক্তা কিম্বা এক জন ভবিষ্যত বক্তার ন্যায়।
১৬ কিন্তু হেরোদ তাহা শুনিয়া বলিল এ য়োহন যাহার আমি গর্দান মারিলাম সে গাত্রোত্থান করিয়াছে মৃত্যু
১৭ হইতে। একারন হেরোদ আপনি লোক পাঠাইয়া ধরিয়াছিল ও কএদে বন্দিয়াছিল য়োহনকে তাহার ভাই ফিলিপের বধু হেরোদিয়ার্থে যাহাকে বিবাহ করিয়া
১৮ ছিল। একারন য়োহন বলিয়াছিল হেরোদকে তোমার ভাই বধুকে বিবাহ করিতে কর্ত্তব্য নহে।
১৯ অতএব হেরোদিয়া দ্বেশ করিল ও বধ করিতে ইচ্ছা
২০ করিল তাহাকে কিন্তু পারিল না। হেরোদ জানিল য়োহন পুকৃতার্থিক ও পুন্যবান সে কারন ভয় করিল ও মানিল তাহাকে ও তাহার বাক্য শুনিলে করিল অনেক কার্য্য ও হরিষ মনে শুনিল তাহাকে।
২১ কিচু কাল পরে উপযুক্ত কাল হইল যখন হেরোদ তাহার জন্ম দিনে রাত্রে ভোজনের নিমন্ত্রন করিল তাহার অধ্যক্ষ ও সেনাপতি ও গালিলির মহতের কারন।
২২ সে কালে ও হেরোদিয়ার কন্যা আসিয়া নাচ করিল ও তুষ্ট করাইল হেরোদ ও তাহারদিগকে যাহারা বসিল তাহার সহিৎ তখন রাজা বলিল সে কন্যাকে চাহ আমার ঠাঁই যাহা তোমার ইচ্ছা ও আমি তাহা দিব
২৩ তোমাকে। সে ও কিরা করিল তাহার পুতি যাহা

তুমি চাহ তাহা আমি দিব তোমাকে আমার অর্দ্ধেক
২৪ রাজ্য পর্য্যন্ত। অতএব সে প্রস্থান করিয়া বলিল
তাহার মাতাকে কি আমি চাহিব। সে প্রত্যুত্তর করিল
২৫ য়োহন ডুবার মাথা। তখন সে শীঘ্রগতি আইল
রাজার নিকট ও বলিল আমি এই চাহি কিছু কাল
পরে দেহ আমাকে যোহন ডুবার মাথা এক পাত্রে।
২৬ তখন রাজা মনস্তাপি ছিল কিন্তু তাহার কিরারার্থে ও
তাহারদেরার্থে যাহারা বসিল তাহার সহিৎ সে
২৭ হেয়জ্ঞান করিতে পারিল না তাহাকে। অতএব
তৎকালে রাজা জল্লাদ পাঠাইয়া আজ্ঞা দিল আনিতে
তাহার মাথা তখন সে যাইয়া তাহার মস্তক ছেদন
২৮ করিল কএদে ও তাহার মাথা পাত্রে আনিয়া দিল
কন্যাকে কন্যা ও তাহা দিল তাহার মাতাকে।
২৯ তখন তাহার শিষ্যেরা তাহা শুনিয়া আইল ও তাঁহার
শব লইয়া শোয়াইল কবরে

৩০ তারপর প্রেরিৎ লোকেরা য়েশুর স্থানে একত্তর হইয়া
বলিল তাঁহাকে সকল বিবরন যাহা তাহারা করিয়া
৩১ ছিল ও যাহা শিক্ষাইয়া ছিল। তখন তিনি বলিলেন
তাহারদিগাকে আইস তোমরা অরন্য স্থানে গুপ্ত যাইয়া
কিছু কাল বিশ্রাম কর একারন সে স্থানে অনেক লোক
যাতায়াত করিতে ছিল তাহাতে তাহারদের খাইবার
৩২ অবকাশ নাহি। অতএব তাহারা গুপ্ত পথে
৩৩ জাহাজ দিয়া গেল বনে। তাহারদের যাত্রা কালে

অনেক লোক তাঁহারদিগকে দেখিয়া চিনিল এবং সকল সহর হইতে পদব্রজে দৌড়িল সে স্থানে তাহারদের আগে ও একত্তর হইয়া আইল তাঁহার
৩৪ নিকট। পরে য়েশু যাইতেং অনেক লোক দেখিয়া দয়াশিল হইলেন তাহারদের ওপর একারন তাহারা ছিল অরক্ষক মেষের মত অতএব তিনি তাহারদিগকে
৩৫ শিক্ষাইতে লাগিলেন অনেক বাক্য। যখন অনেক বেলা বহিয়া ছিল তাহার শিষ্যেরা তাঁহার স্থানে আসিয়া বলিল এই অরন্য স্থান এখন ও বেলা
৩৬ বহুত গিয়াছে বিদায় কর তাহারদিগকে চতুর্দ্দিকে গ্রামে যাইয়া খাইবার কিছু ক্রয় করিতে একারন
৩৭ তাহারদের কিছুই খাইবার নাই। তিনি প্রত্যুত্তর করিয়া বলিলেন তাহারদিগকে তোমরা খাইতে দেহ তাহারদিগকে। তাহারা কহিল তাঁহাকে আমরা যাইয়া ক্রয় করিব দুইশত শুকার রুটি ও দিব তারার
৩৮ দিগকে খাইতে। তিনি বলিলেন তাহারদিগকে কত রুটি আছে তোমারদের দেখ। এবং তাহারা জ্ঞাত
৩৯ হইয়া বলিল পাঁচটা ও দুইটা মৎস্য। তখন তিনি আজ্ঞা করিলেন সারিং বসাইতে তাহার
৪০ দিগকে শবুজ ঘাশের ওপরে। তখন তাহারা
৪১ সারিং বসিল শতং এবং পঞ্চাশং। অতঃপরে তিনি সে পাঁচটা রুটি ও দুই মৎস্য লইয়া দৃষ্টি করিলেন স্বর্গেরদিগে এবং আশির্ব্বাদ করিয়া ভাঙ্গিলেন সে রুটি ও দিলেন তাহার শিষ্যেরদিগকে থুইতে তাহারদের সম্মুখে সে দুই মৎস্য ও তিনি

৪২ ভাগ করিয়া দিলেন সকলকে   তাহাতে সমস্ত লোক
৪৩ খাইয়া পরিতোষ হইল। তৎপরে তাহারা কুড়াইল
৪৪ দ্বাদশ চুপড়ি গুঁড়া গাঁড়া ও মৎস্যের বক্রি যাহারা
খাইয়া ছিল সে রুটি তাহারা হাজার পাঁচেক মানুষ।
৪৫ সে কালে তিনি আজ্ঞা দিলেন তাঁহার শিষ্যেরদিগকে
জাহাজে পার যাইতে বীতছীদায় যাবৎ পর্য্যন্ত তিনি
৪৬ বিদায় করিলেন সে লোকেরদিগকে।   তখন তিনি
তাহারদিগকে বিদায় করিয়া গেলেন পর্ব্বতের উপরে
৪৭ কামনা করিতে।   এবং রাত্রি হইলে সে জাহাজ
৩৮ ছিল সমুদ্রের মধ্যে কিন্তু তিনি একলা ভূমিতে   সে
কালে তিনি দেখিলেন তাহারদিগকে বাহিতেং কাহিল
সন্মুখ বাতাসের জন্য ও তিন পুহর রাত্রে তিনি আই
লেন তাহারদের নিকট বেড়াইতেং সমুদ্রের উপরে
৪৯ ও ছাড়াইতে চাহিলেন তাহারদিগকে।   কিন্তু
তাহারা তাহাকে গতি করিতেং সমুদ্র উপরে
দেখিবা মাত্র ভাবিল এ আছে ভূৎ ও তাহারা চিৎকার
৫০ করিল   এ কারন সকলে তাঁহাকে দেখিয়া উদ্বিগ্ন
হইল। এবং ততক্ষনে তিনি কথা কহিলেন তাহারদের
সহিৎ ও বলিলেন তাহারদিগকে খাতিরজমা থাক
৫১ এই আমি ভয় করিও না।   পরে তিনি জাহাজে
যাইয়া বাতাস রহিল। তাহাতে তাহারা আপনং মনে
৫২ বড় চমৎকৃত ও ভাবিৎ হইল।   এ কারন তাহার
দের অন্তঃকরন শক্ত হইয়া সে রুটির আশ্চর্য্য ক্রিয়া মনে
থাকিল না।

৫৩ এবং তাহারা পার হইয়া ওত্তরিল গেনসর দেশে ও
৫৪ কিনারায় চাপাইল। পরে তাহারা জাহাজ ছাড়িবা মাত্র
৫৫ লোক চিনিল তাঁহাকে ও দৌড়িতেং বহিতে লাগিল
পীড়িৎ লোককে বিছানা করিয়া যেখানে তাহারা
৫৬ শুনিল তাহার সম্বান। এবং যে কোন স্থানে তিনি
গেলেন গ্রামে কিম্বা সহরে কিম্বা দেশে সেখানে
তাহারা থুইল পীড়িত লোক গলির মধ্যে এবং নিবেদন
করিল ছুইতে তাহার পরিচ্ছদের আঁচলা ও যত লোক
ছুইল তাহাকে তত লোক সুস্থ হইল।

পর্ব্ব তখন কতক ফারিসি ও অধ্যাপক আইল তাহার
৭ স্থানে য়িরোশলম হইতে। এবং তাহারা তাঁহার
শিষ্যেরদের কতক লোক ব্যবহারি তাহা অধৌত
৩ হস্ত দিয়া খাইতে দেখিয়া দোষ বলিল। একারণ
ফারিসি ও সকল য়িহোদী হাত পুনঃপুনঃ না ধুইলে
৪ খায় না প্রাচিন লোকের ব্যবহার ধরিয়া। ও
বাজারে যাইয়া হাত প্রক্ষালন না করিলে খায় না।
এবং আরং অনেক ব্যবহার আছে যাহা তাহারা
মানে তাহা বাটী ও ঘটী ও পিত্তলের পাত্র ও মেজ
৫ প্রক্ষালন। অতএব ফারিসি ও অধ্যাপক জিজ্ঞাসা
করিল তাঁহাকে কিমার্থে তোমার শিষ্যেরা করে না
প্রাচিন লোকের ব্যবহার কিন্তু খায় অধৌত হস্তে।
৬ তিনি প্রত্যুত্তর করিয়া বলিলেন তাহারদিগকে
য়িশইয়া ভবিষ্যত্ বক্তা সত্য কথা কহিলেন তোমার

দের বিষয় তোমরা কাল্পনিক যেমত লিপি আছে এ লোক মুখে সম্ভ্রম করে আমাকে কিন্তু তাহারদের অন্তঃকরন দূর আছে আমা হইতে।
৭ কিন্তু তাহারা বৃথা ভজনা করে আমাকে মানুষের
৮ আজ্ঞা শিক্ষাইতেং। একারন ঈশ্বরের আজ্ঞা হেলন করিয়া তোমরা ধারন কর মানুষের ব্যবহার তাহা ঘটী বাটী ধোয়ন ও আরং এমত অনেক তোমরা
৯ কর। পরে তিনি বলিলেন তাহারদিগকে তোমরা বড় ভাল হেলন কর ঈশ্বরের আজ্ঞা আপনারদের
১০ ব্যবহার পালন করিতে। একারন মোশা বলিলেন সম্ভ্রম কর তোমার পিতা মাতাকে ও যে কেহ সাঁপ
১১ দেয় পিতা মাতাকে অবশ্য মরুক সে। কিন্তু তোমরা বল কেহ বলিতে পারে তাঁহার পিতা মাতাকে এই কর্ব্বান তাহা এক দান যাহাতে তোমার প্রাপ্তি
১২ হইত আমার ঠাঁই। তাহার পর তোমরা মাতা পিতাকে আর পালন করিতে দিও না তাহাকে
১৩ ঈশ্বরের কথা বৃথা করিতেং তোমারদের ব্যবহার করনক যাহা তোমরা কর এবং এই মত অনেক কার্য্য তোমরা কর।

১৪ তখন তিনি সকল লোককে ডাকিয়া বলিলেন হে
১৫ সমস্ত লোক শুন ও বুঝ। মানুষের বাহিরে কোন বস্তু নহে যাহা ভিতরে সান্দিয়া তাহাকে অশুচি করাইতে পারে কিন্তু যাহা বাহিরে আইসে মানুষ
১৬ হইতে তাহা অশুচি করায় মানুষকে। যদি কোন
১৭ কাহার শুনিবার কর্ণ আছে সে শুনুক। পরে

মানব্য হইতে ঘরে প্রবেশ করিলে তাহার শিষ্যেরা
জিজ্ঞাসা করিল তাহাকে সে ওপদেশের বিষয় ।
১৮ তিনি বলিলেন তাহারদিগকে তোমরা ও এ মত
নির্ব্বুদ্ধি বুঝ না তোমরা যাহা বাহিরে তাহা
মানুষের মধ্যে সান্দিয়া অশুচি করাইতে পারে না
১৯ তাহাকে একারন তাহা সান্দে না তাহার অনুঃকরনে
কিন্তু ওদরে ও বাহিরে যায় শেত খানায় যাহা শুচি
২০ করায় সকল খাইবার । তিনি ও বলিলেন যাহা
বাহিরে মানুষ হইতে তাহা অশুচি করায় মানুষকে ।
২১ একারন ভিতর হইতে তাহা মানুষের অনুঃকরন হইতে
২২ বাহিরে দুষ্ট মন্ত্রনা পরদার বেশ্যা ক্রিয়া খুন চুরি
আত্মভুর্য্য দুষ্টতা কপট কাম দ্বেশ পাষণ্ডতা অহঙ্কার
২৩ ক্ষিপ্ততা এ সমস্ত দুষ্টতা ভিতর হইতে আইসে ও
অশুচি করায় মানুষকে ।

২৪ পরে তিনি সে স্থান ছাড়িয়া গেলেন চোর ও চীদনের
সীমায় ও এক ঘরে যাইয়া অজ্ঞাত রহিতে চাহিলেন
২৫ কিন্তু গুপ্ত রহিতে পারিলেন না । একারন এক স্ত্রী
লোক যাহার যুবতী কন্যাকে ধরিল অশুচি আত্মাতে
তাহার বিবরন শুনিয়া আইল ও পড়িল তাহার পায় ।
২৬ সে যাইয়া মানুষ ছিল গ্রীক শিরফনীথী বর্নের এক
জন ও কাকুতি করিল তাঁহাকে সে ভূৎ ছাড়াইয়া
২৭ ফেলাইতে তাহার কন্যা হইতে । কিন্তু য়েশু বলি
লেন তাহাকে প্রথমে শিশুরা পরিতোষ হওক একারন
ওপযুক্ত নহে শিশুরদের ভক্ষ লইয়া কুকুরকে ফেলিয়া
২৮ দিতে । সে প্রত্যুত্তর করিয়া বলিল তাঁহাকে

ঈশ্বর সত্য কিন্তু কুকুর মেজের নিচে খায় শিশুরদের
২৯ ভক্ষের গুঁড়া গাঁড়া। তিনি বলিলেন তাঁহাকে এ কথার
কারন যাও ভূৎ গিয়াছে তোমার কন্যা হইতে।
৩০ সে জন ঘরে যাইয়া দেখিল ভূৎ বাহিরে গিয়া ছিল এ
তাহার কন্যা শুইল বিছানার ওপরে।

৩১ পুনর্ব্বার তিনি জোর ও চীদনে ছাড়িয়া আইলেন
গালিলির সমুদ্রে দেকাপলি সীমানা দিয়া।
৩২ তাহারা ও তাঁহার স্থানে এক বধির লোক আনিয়া
কাকুতি করিল তাঁহাকে তাঁহার ওপরে হাত দিতে
৩৩ এবং তিনি তাহাকে মানব্য হইতে লইয়া অঙ্গুলি
দিলেন তাহার কর্ন্নে পরে থেপ দিলেন ও ছুইলেন
৩৪ তাহার জুব্বাকে তারপর তিনি স্বর্গেরদিকে দৃষ্টি
করিয়া হুঙ্কার করিলেন ও বলিলেন তাহাকে এফাতা।
৩৫ তাহার অর্থ খোলা হও। তৎকালে তাহার কান
খোলা হইল ও জুব্বার রশি ছিড়া হইল তাহাতে সে
৩৬ কথা কহিল। এবং তিনি আজ্ঞা করিল তাহার
দিগকে কোন কাহাকে না কহিতে সে কথা কিন্তু যত
তিনি আজ্ঞা করিল তাহারদিগকে তত আরং অতি
৩৭ বিস্তারিত তাহারা প্রকাশ করিল তাহা এবং
তাহারা মহা চমৎকৃত হইয়া কহিল তিনি সমস্ত কার্য্য
ভাল করিয়াছেন তিনি বধিরকে শ্রবন ও গোঙ্গাকে
কথা দেন।

পর্ব্ব ৮ সে কালে মানব্য অতি বড় হইয়া ও কিছুই খাইতে
নাহি য়েশু তাহার শিষ্যেরদিগকে তাহার নিকট

২ ডাকিয়া বলিলেন এ মানব্য আমার সহিৎ রহিয়াছে তিন দিবা ও খাইবার কিছুই নাই সে কারন আমি
৩ দয়া করি তাহারদিগকে এবং যদি উপবাসি বিদায় করি তাহারদিগকে বাটীতে তবে তাহারা পথের মধ্যে কাহিল হইবে একারন তাহারদের অনেক জন
৪ আইল বড় দূর হইতে। তাঁহার শিষ্যেরা পুত্যুত্তর করিল তাহাকে ওজাড়ে কোথায় রুটি পাব পরিতোষ
৫ করিতে এত লোকেরদিগকে। তিনি জিজ্ঞাসা করিলেন তাহারদিগকে তোমারদের কত রুটি আছে
৬ তাহারা বলিল সাতটা। পরে তিনি লোকেরদিগকে আজ্ঞা করিলেন মৃত্তিকাতে বসিতে ও সে সাতটা রুটি লইয়া সুব করিলেন ও ভাঙ্গিলেন ও দিলেন তাঁহার শিষ্যেরদিগকে তাহারদের সন্মুখে থোবনের জন্য এবং তাহারা থুইল তাহা লোকেরদের সন্মুখে।
৭ তাহারদের ও ছিল অল্প ক্ষুদ্র মৎস্য তাহাতে তিনি সুব করিয়া আজ্ঞা দিলেন তাহা ও সন্মুখে থুইতে
৮ অতএব তাহারা খাইয়া পরিতোষ হইল ও তারপর গুড়া গাঁড়া ভক্ষ কুড়াইল সাত চুপাড়ি পরিপূর্ন।
৯ যাহারা ভোজন করিয়া ছিল তাহারা হাজার চারেক পরে তিনি বিদায় করিলেন তাহারদিগকে।
১০ এবং ততক্ষনে তাঁহার শিষ্যেরদের সঙ্গে জাহাজে পুবেশ করিয়া ওত্তরিলেন দলমনুতার অঞ্চলে।
১১ তখন ফারিসিরা বাহিরে যাইয়া জিজ্ঞাসা করিতেং চাহিল এক চিহ্ন স্বর্গ হইতে তাহাকে পরিক্ষা করিতে।
১২ তাহাতে তিনি তাঁহার আত্মায় বড় হুঙ্কার করিয়া

বলিলেন কিমার্থে এ পুরুষ চেষ্টা করে চিহ্ন সত্য
আমি বলি তোমারদিগকে কোন চিহ্ন দিতে হইবে না
১৩ এ পুরুষকে। পরে তিনি তাহারদিগকে ছাড়িয়া
গেলেন ও জাহাজ দিয়া পুনর্ব্বার পার হইলেন।
১৪ সে কালে তাহারা রুটি লইবার বিস্মৃতি হইল
তাহারদের সঙ্গে ও জাহাজে আছিল কেবল এক রুটি।
১৫ তখন তিনি এ আজ্ঞা করিলেন তাহারদিগকে সাবধান
১৬ ফারিসি ও হেরোদের খমির লইও না। এবং
তাহারা পরস্পর ভাবিতেং কহিল আমরা রুটি লইলাম
১৭ না সে কারন ইহা বলেন। য়েশু তাহা জানিয়া
বলিলেন তাহারদিগকে কিমার্থে ভাবনা কর রুটি না
লওনের বিষয় জ্ঞাত নহ বুঝ নহ তোমারদের অন্তঃ
১৮ করন এখন পর্য্যন্ত কঠীন তোমারদের চক্ষু থাকিতে
দেখ না তোমারদের কান থাকিতে শুন না ও তোমরা
১৯ মনে পাও না। যখন আমি ভঙ্গ করিলাম পাঁচটা
রুটি পাঁচ হাজার লোকের মধ্যে তখন কত চুপড়ি
ভাঙ্গা ভক্ষ কুড়াইলা তাহারা বলিল তাঁহাকে
২০ বারোটা। এবং যখন সাতটা চারি হাজারের
মধ্যে কত চুপড়ি ভাঙ্গা ভক্ষ কুড়াইলা তাহারা
২১ বলিল সাতটা। তখন তিনি বলিলেন তাহার
দিগকে তোমরা বুঝ না কেন।

২২ পরে তিনি বীতসীদায় উপনিৎ হইলে তাহারা
তাহার কাছে এক অন্ধ মানুষকে আনিয়া কাকুতি

২৩ করিল তাঁহাকে স্পর্শ করিবার কারন। তখন তিনি সে অন্ধ মানুষের হস্ত ধারন করিয়া লইলেন গ্রামের বাহিরে ও তাহার চক্ষে থেপ দিয়া ও তাহার ওপরে হাত দিয়া জিজ্ঞাসা করিলেন তাহাকে যদি
২৪ কিছু দেখিতে পাইল। সে দৃষ্টি করিয়া বলিল আমি দেখিতে পাই মানুষেরা বৃক্ষের ন্যায় গতি
২৫ করিতেং। তারপর তিনি পুনর্ব্বার তাহার চক্ষের ওপরে হাত দিয়া ঊর্দ্ধে দৃষ্টি করাইলেন তাহাকে তাহাতে সে সুস্থ হইল ও সুন্দর দেখিল প্রতি জনকে।
২৬ অতঃপর তিনি বিদায় করিয়া দিলেন তাহাকে আপনার বাটীতে ও বলিলেন গ্রামে যাইও না ও গ্রামের কোন কাহাকে কহিও না।

২৭ পরে য়েশু ও তাহার শিষ্যেরা প্রস্থান করিল কাই সারিয়া ফিলিপি নগরে ও তিনি পথের মধ্যে জিজ্ঞাসা করিলেন তাঁহার শিষ্যেরদিগকে বলিয়া আমি কেডা
২৮ মানুষেরা কে বলে আমাকে। তাহারা প্রত্যুত্তর করিল য়োহন ডুবা কিন্তু কতক লোক আলীহা ও আর
২৯ লোক বলে এক জন ভবিষ্যত বক্তা। তিনি বলিলেন তাহারদিগকে আমি কেডা তোমরা কে বল। তখন পিতর প্রত্যুত্তর করিয়া বলিল তাঁহাকে তুমি
৩০ খ্রীষ্ট। পরে তিনি আজ্ঞা করিলেন তাহারদিগকে কাহাকে না কহিতে তাঁহার বিষয়।

৩১ তারপর তিনি তাহারদিগকে জানাইতে লাগিলেন যে মানুষের পুত্র অবশ্য অনেক দুঃখ খাইবেন এবং

প্রাচিন লোক ও প্রধান যাজক ও অধ্যাপকেতে
হেলন হইবেন ও হত্যা হইবেন ও তিন দিনের পরে
৩২ জীবন পাইবেন পুনর্ব্বার। তিনি প্রকাশ করিয়া কহিলেন
সে কথা অতএব পিতর তাহাকে লইয়া বিরক্ত
৩৩ করিতে লাগিল তখন তিনি ফিরিয়া ও তাহার শিষ্যের
দিগে দৃষ্টি করিয়া ধমকাইলেন পিতরকে বলিয়া
আমার পাছে যাও সয়তান তুমি ঈশ্বরের কার্য্য ভাল
না বসিতেছ কিন্তু মনুষ্যের।
৩৪ অতঃপরে তিনি লোক ও তাহার শিষ্যেরদিগকে
ডাকিয়া বলিলেন যে কেহ আসিতে চাহে আমার
পশ্চাৎ সে আপনার ইচ্ছা ত্যাগ করুক ও তাহার ক্রুস
৩৫ লইয়া আমার পশ্চাৎ বর্ত্তি হউক। একারন যে কেহ
আপনার প্রান রক্ষা করিতে চাহে সে তাহা হারাইবেক
কিন্তু যে কেহ হারায় তাহার প্রান আমার ও মঙ্গল
৩৬ সমাচারার্থে সেই রক্ষা করিবে তাহা একারন
মনুষ্যের কি প্রাপ্তি যদি পায় এ সকল জগত কিন্তু
৩৭ আপনার প্রান হারায় কিম্বা মনুষ্য কি দিবে তাহার
৩৮ প্রানের বদলে। অতএব যে কেহ লজ্জিৎ হয়
আমার ও আমার কথার বিষয় এ পরদারিক ও পাপিষ্ঠ
পুরুষে তাহার বিষয় ও মনুষ্যের পুত্র লজ্জিৎ হইবেন
যখন তিনি আসিবেন তাহার পিতার তেজের মধ্যে
পর্ব্ব ধর্ম্ম দূতের সহিৎ। তিনি ও বলিলেন তাহারদিগকে
৯ সত্য আমি বলি তোমারদিগকে যাহারা ডাণ্ডায় এ
স্থানে তাহারদের কতক লোক মৃত্যু চাকিবে না
ঈশ্বরের রাজ্যের আগমন মর্দ্দানি হইয়া না দেখিলে।

২ তখন ছয় দিনের পরে য়েশু পিতর ও যাঁকুব ও য়োহনকে সঙ্গে লইয়া স্বতন্তর গমন করিলেন এক ওচ্চা পর্ব্বতের ওপরে। ও তাহার অন্য মূর্ত্তি হইল তাহার ৩ দের সন্মুখে তাহার পরিচ্ছদ ও হইল তেজস্কর অতি শুক্ল বর্ণ বরফের মত যেমন এ অবনির কোন ধোবা ৪ শুক্ল বর্ণ করিতে পারে না তাহা। আলীহা এবং মোশার দর্শন ও হইল তাহার সহিৎ কথা কহিতেং ৫ য়েশুর সঙ্গে। তখন পিতর প্রত্যুত্তর করিয়া বলিল য়েশুকে প্রভু এ স্থানে থাকিতে আমারদের ভাল আমরা ও নির্ম্মান করি তিন তাম্বু একটা তোমার ৬ একটা মোশা ও একটা আলীহার কারন। সে ভয়ার্ত্ত হইয়া জানিল না কি বলিতে সেকারন এ কথা ৭ কহিল। তখন এক মেঘ ছাইল তাহারদিগকে ও মেঘ হইতে এক রব বাহির হইল বলিয়া এই আমার ৮ প্রিয় পুত্র অবধান কর তাহার বানী। সেক্ষনে তাহারা চর্তুদ্দিগে দৃষ্টি করিবা মাত্র কাহারো দর্শন ৯ পাইল না য়েশু বই আপনারদের সঙ্গে। তাঁহারা পর্ব্বত হইতে নামিলে তিনি আজ্ঞা করিলেন সে দর্শনীয় কাহাকে না কহিতে মনুষ্যের পুত্র মৃত্যু হইতে ১০ গাত্রোত্থান পর্য্যন্ত। অতএব তাহারা ধরিল সে কথা পরস্পর বাদানুবাদ করিতেং মৃত্যু হইতে ১১ গাত্রোত্থানের অর্থ কি তাহারা ও জিজ্ঞাসা করিল তাহাকে বলিয়া অধ্যাপকেরা কেন বলে প্রথমে আলীহা ১২ অবশ্য আসিবে। তিনি প্রত্যুত্তর করিয়া বলিলেন তাহারদিগকে আলিহা প্রথমে আসিবে বটে ও শোধিন

করিবে সকলকে গুন্থিৎ ও হইয়াছে মনুষ্যের পুত্রের
১৩ বিষয় তিনি কেমন দুঃখ ও তুচ্ছ পাবেন কিন্তু আমি
বলি তোমারদিগকে আলীহা আসিয়াছে ও তাহারা
করিয়াছে তাহাকে যাহাং তাহারদের ইচ্ছা যেমন লেখা
১৪ হইয়াছে তাহার বিষয়। পরে তিনি তাহার শিষ্যের
দের নিকট আসিয়া দেখিলেন বড় মানব্য তাহারদের
চতুর্দ্দিকে এবং অধ্যাপকেরা বাদানুবাদ করিতেং
১৫ তাহারদের সঙ্গে। তত্ক্ষনে সকল লোকেরা
তাঁহাকে দেখিয়া অতি চমৎকৃত হইল ও তাহার স্থানে
১৬ দৌড়িয়া প্রনতি করিল তাঁহাকে। তখন তিনি
জিজ্ঞাসা করিলেন অধ্যাপকেরদিগকে তোমরা কি
১৭ চাহ তাহারদের ঠাঁই। সে মানব্যের এক জন প্রত্যু
ত্তর করিয়া বলিল মহাশয় আমি আনিয়াছি আমার
পুত্র তোমার স্থানে যাহাকে গোঙ্গা ভূৎ ধরিয়াছে
১৮ ও যেখানে ধরে তাহাকে সেখানে তাড়ায় তাহাকে
তাহাতে ফেনা ভাঙ্গে ও দন্তেং ঘর্শন করিয়া ক্ষিন হইয়া
যায় তাহা ও ছাড়াইয়া ফেলিতে কহিলাম তোমার
১৯ শিষ্যেরদিগকে কিন্তু তাহারা পারিল না। তিনি
প্রত্যুত্তর করিয়া বলিলেন আরে ভক্তি হিন পুরুষ কত
কাল থাকিব তোমারদের সঙ্গে কত কাল ধৈর্য্য করিব
২০ তোমারদিগকে তাহাকে আমার ঠাঁই আন। তাহাতে
তাহারা তাঁহার স্থানে আনিল তাহাকে কিন্তুআত্মা
তাঁহাকে দেখিবা মাত্র তাড়াইল তাহাকে ও সে
মৃত্তিকায় পড়িয়া ফেনা ভাঙ্গিতেং গড়া গড়ি দিল।
২১ তখন তিনি জিজ্ঞাসা করিলেন তাহার পিতাকে কত

কাল এ মত হইয়া ছিল সে বলিল বালক কালাবধি।
২২ এবং তাহাকে নষ্ট করিতে পুনঃপুনঃ ফেলিয়াছে অগ্নি ও জলের মধ্যে। কিন্তু যদি কিছু করিতে পার
২৩ তবে দয়া করিয়া ওপকার কর আমারদিগকে। য়েশু বলিলেন তাহাকে যদি তুমি পুত্যয় করিতে পার তবে সকল কার্য্য তাহার সাধ্য যে পুত্যয় করে।
২৪ সে ছায়ালের পিতা নেত্র জল পড়িতেং চেঁচইয়া বলিল হে ঈশ্বর আমি পুত্যয় করি ওপকার কর আমার
২৫ অনাস্থাতে। য়েশু সকল লোক একত্তর দৌড়িতেং দেখিয়া ধমকাইলেন সে অপরিস্কার আত্মাকে ও বলিলেন তাহাকে হে গোঙ্গা ঠোসা আত্মা আমি আজ্ঞা করি তোমাকে বাহিরে আয় ওহা হইতে ও
২৬ আর কখন ওহাতে পুবেশ করিও না। তখন সে আত্মা বড় চিৎকার করিয়া ও তাহাকে তাড়ঙ্গাইয়া বাহিরে আইল তাহা হইতে তাহাতে সে হইল মৃত্যু মনুষ্যের ন্যায় এবং অনেকে কহিল সে মরিয়াছে।
২৭ কিন্তু য়েশু তাঁহার হস্ত ধারন করিয়া ওঠাইলেন তাহাকে তখন সে গাত্রোত্থান করিল।
২৮ তিনি ঘরে আসিয়া তাহার শিষ্যেরা গুপ্তে জিজ্ঞাসা করিল তাঁহাকে আমরা তাহা ছাড়াইতে
২৯ পারিলাম না কেন। তিনি বলিলেন তাহারদিগকে কামনা ও ওপবাস ব্যতিরেক এ পুকার কদাচ ছাড়ে না।

৩০ পরে তাহারা সেখান ছাড়িয়া গমন করিল

গালিলি দিয়া ও কাহাকে তাহা জানাইতে চাহিলেন না
৩১ একারন তিনি শিক্ষা করাইলেন ও বলিলেন তাঁহার শিষ্যেরদিগকে মনুষ্যের পুত্র গচ্ছিৎ হইবে মনুষ্যের হাতে ও তাহারা বধ করিবেক তাঁহাকে কিন্তু বধের
৩২ পরে তিনি উঠিবেন তৃতীয় দিনে। কিন্তু তাহারা বুঝিল না সে প্রসঙ্গ ও তাঁহাকে জিজ্ঞাসা করিতে ভীত হইল।

৩৩ পরে তিনি আইলেন কফরনহুমে এবং বাটীতে যাইয়া জিজ্ঞাসা করিলেন তাহারদিগকে তোমরা পথে
৩৪ কি বাদানুবাদ করিলা তাহারা পরস্পর বাদানুবাদ করিয়া ছিল তাহারদের কোন জন বড় সেকারন
৩৫ তাহারা নিরব হইল। পরে তিনি বসিয়া ডাকিলেন সে দ্বাদশকে ও বলিলেন যদি কোন কেহ প্রধান হইতে চাহে তবে সে হউক সকলের শেষ ও সকলের
৩৬ সেবক। তিনি ও এক বালককে লাইয়া বসাইলেন তাহারদের মধ্য স্থানে ও তাহাকে কোলে লইয়া
৩৭ বলিলেন তাহারদিগকে যে কেহ অতীথি করে এ মত এক শিশু আমার নামে সে অতীথি করে আমাকে ও যে কেহ অতীথি করে আমাকে সে অতীথি করে না আমাকে কেবল কিন্তু তাহাকে যিনি পাঠাইলেন আমাকে।

৩৮ তখন য়োহন তাহাকে প্রত্যুত্তর করিয়া বলিল মহাশয় আমরা দেখিলাম এক জন ভূৎ ছাড়াইতেং তোমার নামে সে আমারদের সহিৎ নহে অতএব আমরা মানা করিলাম তাহাকে এজন্য আমারদের

৩৯ সহিৎ নহে। কিন্তু য়েশু বলিলেন মানা করিও না তাহাকে কেহ আমার নামে আশ্চর্য্য কাজ করিলে
৪০ স্বত্তর দুষ্ট বলিতে পারে না আমার বিষয়। একারন যে জন আমারদের বিপরিতে নহে সে আমারদের
৪১ পুক্ষে তোমরা খ্রীষ্টের পুক্ষে তাহা মনে করিয়া যদি কেহ দেয় তোমারদিগকে এক বাটী জল আমার নামে সাংরোদ্ধার আমি বলি তোমারদিগকে
৪২ সে হারাইবে না তাহার ফলোদয়। কিন্তু যদি কেহ হিংসা করে ইহারদের এক জন ক্ষুদ্র লোক যে প্রত্যয় করে আমার নামে তবে জাঁতা গলায় বন্দিয়া তাহাকে সমুদ্রে ফেলিয়া দিলে হইত তাহার অধিক ভাগ্য।
৪৩ যদি তোমার হস্ত ও পাপি করায় তোমাকে তবে তাহা কাটিয়া ফেল ঠুঁটা যাইতে জীবনে তোমার ভাগ্য নরকে
৪৪ যাওন হইতে সে অনির্ব্বানানলে যেখানে কেঁচুয়া
৪৫ মরে না ও আনল নির্ব্বান হয় না। যদি তোমার পদ পাপি করায় তোমাকে তবে তাহা কাটিয়া ফেল খোঁড়া হইয়া প্রবেশ করিতে জীবনে দুই পদে নরকে
৪৬ যাওন হইতে ভাল সে অনির্ব্বানানলে যেখানে তাহারদের কিট মরে না ও আনল নির্ব্বান হয় না।
৪৭ যদি তোমার চক্ষু পাপি করায় তোমাকে তবে তাহা কাড়িয়া ফেল এক চক্ষে ঈশ্বরের রাজ্য প্রবেশ করিতে
৪৮ ভাল দুই চক্ষে নরকানলে পতন হইতে অধিক যেখানে তাহারদের কিট মরে না ও আনল নির্ব্বন হয় না।
৪৯ একারন প্রতি জন লুনি হইবে আগুন এবং প্রতি
৫০ বলিদান লবন দিয়া লুনিত হইবে। লবন ভাল কিন্তু

যদি লবান নিরাস্বাদু হয় তবে কি দিয়া লোনাইবা তাহা। আপনারদের মধ্যে লবন রাখ এবং নির্ব্বিরোধি থাক এক জন আর এক জনের সহিৎ।

পর্ব্ব ১০

তিনি সে স্থান ছাড়িয়া ওপস্থিৎ হইলেন য়িহোদা দেশের সীমায় য়িৰ্দনের ও পার তখন লোকেরা আরবার একত্তর হইল তাঁহার স্থানে ও তিনি তাহার ব্যবহারের মতে শিক্ষা করাইলেন তাহারদিগকে।
২ তৎকালে ফারিসি লোক আইল তাঁহার ঠাই ও পরিক্ষা করিবারে জিজ্ঞাসা করিল তাহাকে মনুষ্য
৩ তাহার স্ত্রীকে ত্যাগ করিতে কর্ত্তব্য। তিনি প্রত্যুত্তর করিয়া বলিলেন তাহারদিগকে মোশা কি আজ্ঞা করি
৪ লেন তোমারদিগকে। তাহারা বলিল মোশা অনুমতি করিলেন তাহাকে ত্যাগের লিখন দিলে ছাড়িয়া দিতে।
৫ য়েশু প্রত্যুত্তর করিয়া বলিলেন তাহারদিগকে তোমার দের অনুঃকরনের কাঠন্য কারন তিনি লিখিয়া দিলেন
৬ এ আজ্ঞা তোমারদিগকে কিন্তু সৃষ্টির আরম্ভ হইতে
৭ ঈশ্বর নির্ম্মান করিলেন তাহারদিগকে পুরুষ ও স্ত্রী এই জন্য মানুষ তাহার পিতা মাতা হইতে ভিন্ন হইবে ও
৮ বাস করিবে তাহার বধুর সহিৎ ও সে দুই জন হই বেক একাঙ্গ অতএব তাহারা ইহার পরে দুই নহে কিন্তু
৯ একাঙ্গ অতএব যাহা ঈশ্বর একত্তর সংযোগ করিয়াছেন তাহা কোন মনুষ্য অন্তর করুক না।
১০ পরে বাটীতে যাইয়া তাহার শিষ্যেরা সেই বিষয় আর

১১ বার জিজ্ঞাসা করিল তাঁহাকে। ও তিনি বলিলেন তাহারদিগকে যে কেহ তাহার স্ত্রীকে ত্যাগ করিয়া অন্য বিবাহ করে সে পরদার করে তাহার বিপরিতে
১২ মাইয়া মানুষ ও তাহার স্বামীকে ত্যাগ করিয়া আর কাহার বরি হইলে করে ব্যভিচারি ক্রিয়া।

১৩ সে কালে তাহাকে স্পর্শ করনের জন্য তাহারা আনিল ছোট শিশুরদিগকে তাহার ঠাঁই কিন্তু তাহার শিষ্যেরা অনুযোগ করিল সে লোককে যাহারা আনিল
১৪ তাহারদিগকে এতদর্থে য়েশু তাহা দেখিয়া বেজার হই লেন ও বলিলেন তাহারদিগকে ছোট শিশুকে ছাড়িয়া
১৫ দেহ ও আমার স্থানে অসিতে বারন করিও না একারন এ প্রকার হইতে ঈশ্বরের রাজ্য। সত্য আমি বলি তোমারদিগকে যে কেহ গ্রহন করে না ঈশ্বরের রাজ্য
১৬ ছোট বালকের মত সে যাইতে পাইবেক না তাহাতে। পরে তিনি ক্রোড়ে করিয়া ও তাহারদের ওপরে হস্ত দিয়া আশীর্ব্বাদ করিলনে।

১৭ পরে তিনি যাইতে২ এক জন দৌড়িয়া আইল ও হাঁটু গাড়িয়া জিজ্ঞাসা করিল তাহাকে হে ধর্ম্ম গুরু আমি কি করিব অনন্ত পরমায়ুর অধিকার
১৮ পাইতে। য়েশু বলিলেন তাহাকে আমাকে ধর্ম্ম বলিলা কেন এক বিনা কেহ ধর্ম্ম নহে তিনি ঈশ্বর।
১৯ আজ্ঞা জ্ঞাত হইয়াছ পরদার করিও না মহা প্রানি বধ করিও না চুরি করিও না মিথ্যা প্রমান দেহ না ভ্রান্তি জন্মাইও না সম্ভ্রম কর তোমার পিতা মাতাকে।
২০ সে প্রত্যুত্তর করিয়া বলিল তাঁহাকে প্রভু এ সকল

২১ পালন করিয়াছি বালক কালাবধি। তখন য়েশু দৃষ্টি করিয়া প্রেম করিলেন তাহাকে ও বলিলেন আর এক কার্য্য বাঁকি তোমার সংস্থা বিক্রয় করিয়া বিতরন কর গরিব লোককে তবে ধন পাইবা স্বর্গে এবং আইস তোমার ক্রুস বহিতেং চল আমার সঙ্গে।
২২ সে জন ও প্রসঙ্গে ওৎকণ্ঠিৎ হইল ও মহা শোকিৎ হইয়া প্রস্থান করিল একারন তাহার আছিল বড় ধন।
২৩ তখন য়েশু চতুর্দ্দিগে দৃষ্টি করিয়া বলিলেন তাঁহার শিষ্যেরদিগকে ধনবান ঈশ্বরের রাজ্যে
২৪ প্রবেশ করিতে কেমন আয়াস। শিষ্যেরা তাহার কথা শুনিয়া চমৎকৃত হইল। কিন্তু য়েশু পুনর্ব্বার প্রত্যুত্তর করিয়া বলিলেন তাহারদিগকে শিশুরাহে যাহারা ধনে বিশ্বাস করে তাহারা কেমন আয়াসে
২৫ প্রবেশ করিবে ভগবানের রাজ্যে। কাচি যাইতে শুচির ছিদ্র দিয়া সহজ ধনবান ঈশ্বরের
২৬ রাজ্যে প্রবেশ করন হইতে। তাহাতে তাহারা অতি চমকিৎ হইয়া বলিল পরস্পর তবে কেডা নিস্তার হইতে
২৭ পারে য়েশু তাহারদের ওপরে দৃষ্টি করিয়া বলিলেন এই মনুষ্যের অসাধ্য কিন্তু ঈশ্বরের নহে একারন
২৮ সকল কর্ম্ম ঈশ্বরের সাধ্য। তখন পিতর তাহাকে বলিতে আরম্ভ করিল দেখ আমরা সমস্ত ত্যাগ
২৯ করিয়া আসিয়াছি তোমার সহিৎ। য়েশু প্রত্যুত্তর করিয়া বলিলেন সারোদ্ধার আমি বলি তোমারদিগকে কেহ নহে যে বাটী কিম্বা ভ্রাতা কিম্বা ভগিনী কিম্বা পিতা কিম্বা মাতা কিম্বা স্ত্রী কিম্বা শিশু কিম্বা ভূমিকে

৩০ ত্যাগ করিয়াছে আমার ও মঙ্গল সমাচারার্থে কিন্তু সে পাইবে এক শত গুন এখন এই কালে গৃহ ভ্রাতা ভগিনী মাতা শিশু ও ভূমি বিপক্ষতা সুদ্ধ এবং
৩১ আগত জগাতে অনন্ত পুমায়ু। কিন্তু অনেক প্রথম শেষ হইবেক ও শেষ প্রথম।

৩২ অতঃপরে তাহারা য়িরোশলমের পথে যাইতেং য়েশু হইলেন তাহারদের অগ্রগামি তখন তাহারা চমকিৎ হইল ও তাহার সহিৎ যাইতেং ভীত হইল। তিনি ও পুনর্ব্বার সে দ্বাদশকে লইয়া বলিতে লাগিলেন
৩৩ তাঁহার কি হইবে। দেখ আমরা যাই য়িরোশলমে এবং মনুষ্যের পুত্র গচ্ছিত হইবেন প্রধান যাজক ও অধ্যাপকেরদের ঠাঁই তাহারা ও আজ্ঞা দিবে তাঁহাকে মারিতে ও গচ্ছিত করিবে তাঁহাকে অন্য বর্ণের ঠাঁই
৩৪ তাহারা ও নিন্দা করিবে ও কোড়া মারিবে ও থেপ দিবে ও বধ করিবে তাহাকে পরে তৃতীয় দিনে গাত্রোত্থান করিবেন পুনর্ব্বার।

৩৫ তৎপরে জেবদির পুত্র যাঁকুব ও য়োহন তাহার স্থানে আসিয়া বলিল হে প্রভু আমরা এ নিবেদন করি তুমি কর আমারদের কারন যাহাং আমরা আকাঙ্খা
৩৬ করি। তিনি বলিলেন তাহারদিগকে তোমরা কি
৩৭ চাহ আমি কি করিব তোমারদের কারন। তাহারা বলিল তাহাকে দেহ আমারদিগকে বসিতে এক জন তোমার দক্ষিনে আর এক জন তোমার বামে তোমার তেজের মধ্যে। য়েশু বলিলেন তাহারদিগকে

তোমরা জান না কি চাহিতেছ পীতে পার সে বাটী হইতে যাহা আমি পান করি ও ডুবিৎ হইতে পার
৩৯ সে ডুবে যাহাতে আমি ডুবিৎ হই তাহারা বলিল তাঁহাকে আমরা পারি। য়েশু বলিলেন তাহারদিগকে তোমরা অবশ্য পীবা সে বাটীর যাহা আমি পান করি ও ডুবিৎ হইবা সে ডুবে
৪০ যাহাতে আমি ডুবিৎ হই কিন্তু আমার দক্ষিনে বামে বসিতে আমার দাতৃব্য নহে কিন্তু দিতে হবে তাহার
৪১ দিগকে যাহারদের নিমিত্ত প্রস্তুত হইয়াছে। সে দশ জনেরা তাহা শুনিয়া বড় কষ্ট হইল যাঁকুব ও
৪২ যোহনের ওপর কিন্তু য়েশু তাহারদিগকে নিকট ডাকিয়া বলিলেন অন্য বর্ন্নের যাহারা কতৃত্ত করে তাহারা শাসন করে তাহারদিগকে ও বড় লোক
৪৩ সাওকাড়ি ফুলায় তাহারদের ওপরে। কিন্তু তোমার দের এই গতি হইবে না একারন তোমারদের যে কেহ
৪৪ বড় হইতে চাহে সে হওক তোমারদের সেবক ও যে কেহ অতি প্রধান হইতে চাহে সে হওক সকলের দাস
৪৫ একারন মনুষ্যের পুত্র আইলেন না সেবা লইতে কিন্তু সেবা করিতে ও তাহার জীবন দিতে অনেকের
৪৬ মুক্তের কারন। তাহারা ওপনিৎ হইল য়িরিখোতে। এবং তিনি ও তাহার শিষ্যেরা ও বড় মানষ্য য়িরিখো ছাড়িয়া প্রস্থান করিতেং টিমায়ের পুত্র টিমায় অন্ধ ভিক্ষা মাঙ্গিতেং বসিল পথের পার্শে।
৪৭ এবং য়েশু নাজরেন সেখান দিয়া গমনের কথা শুনিয়া চেঁচাইতে লাগিল হে দাওদের সন্তান য়েশু

৪৮ কৃপা কর আমাকে। তখন অনেকে আজ্ঞা করিল চুপ করাইতে তাহাকে কিন্তু সে আর চেঁচাইতেং বলিল
৪৯ হে দাওদের সন্তান কৃপা কর আমাকে। তখন য়েশু স্থকিত রহিয়া আজ্ঞা করিলেন ডাকিতে তাহাকে। অতএব তাহারা ডাকিল সে অন্ধ মনুষ্যকে বলিয়া ভাবনা করিও না ওঠ তিনি ডাকিতেছেন তোমাকে।
৫০ তাহাতে সে তাহার পরিচ্ছদ ফেলিয়া এবং ওঠিয়া
৫১ আইল য়েশুর নিকট। য়েশু ওত্তর করিয়া বলিলেন তাহাকে কি চাহ আমি কি করিব তোমাকে সে অন্ধ মনুষ্য বলিল ঈশ্বর আমি দৃষ্টি পাইতে চাহি।
৫২ য়েশু বলিলেন তাহাকে যাও তোমার ভক্তি পরিত্রান করিয়াছে তোমাকে। তত্ক্ষনে সে তাহার দৃষ্টি পাইয়া গেল পন্থে য়েশুর সহিত।

পর্ব্ব ১১ তাহারা য়িরোশলমের নিকট তাহা বীতফাজ ও বীতানিয়ায় জীত বৃক্ষ পর্ব্বতের সান্নিধ্য ওত্তরিয়া তিনি অগ্রে পাঠাইলেন তাহার দুই জন শিষ্যকে
২ ও বলিলেন তাহারদিগকে তোমারদের সন্মুখে সে নগরে যাও ও তাহাতে প্রবেশ করিবা মাত্র পাইবা এক টা বান্ধা বাছুর যাহার ওপরে মনুষ্য কখনা বৈসে
৩ নাই তাহাকে ছাড়িয়া আন যদি কেহ বলে তোমারদিগকে তোমরা এ কার্য্য কর কেন তবে বলিও ঈশ্বরের আবশ্যক আছে তাহাকে এবং তত্ক্ষনে
৪ তাহা পাঠাইয়া দিবে এখনে। তাহারা যাইয়া পাইল সে বাছুর বন্ধিত দ্বারের বাহিরে এক স্থানে

যেখানে দুই পথের মিলন তখন তাহারা ছাড়িয়া দেয়
৫ তাহাকে। তৎকালে তাহারদের কেহ যে
তাওাইয়া ছিল সে স্থানে বলিল তাহারদিগকে কি কর
৬ তোমরা বাচুর ছাড়িয়া দিতেছ কেন। তাহারা
বলিল তাহাকে যে মত যেশু আজ্ঞা করিয়া ছিলেন
৭ অতএব সে যাইতে দিল তাহাকে। পরে
তাহারা আনিল সে বাচুর যেশুর ঠাঁই ও তাহার
দের পরিচ্ছদ তাহার ওপরে দিয়া তিনি বসিলেন
৮ তাহাতে। তখন অনেকে তাহারদের পরিচ্ছদ
পাতিল পথে ও অন্যে লোক বৃক্ষের ডাল কাটিয়া
৯ ছড়াইল পথে ও তাহার অগ্রে ও পশ্চাৎ গামি
চেঁচাইয়া বলিল হোশানা ধন্য সে জন যিনি আইসেন
১০ ঈশ্বরের নামে ধন্য আমারদের পিতা দাওদের রাজ্য
যাহা আসিতেছে ঈশ্বরের নামে মহা হোশানা।
১১ পরে যেশু যিরোশলমে ওত্তরিয়া গেলেন ঈশ্বরের
ঘরে এবং বৈকাল হইলে ও তিনি চতুর্দ্দিকে সকলে
দৃষ্টি করিয়া প্রস্থান করিলেন সে দ্বাদশের সঙ্গে
বীতানিযায়।

১২ পর দিন তাহারা বীতানিয়া হইতে আসিতেং তিনি
১৩ ক্ষুধিত হইলেন ও দূরে তিনি এক পত্র পূর্ন ডুম্বুর
বৃক্ষ দেখিয়া আইলেন জানিবার জন্য তাহার কিছু
ফল কি না। তাহার নিকট যাইয়া কিছু পাইলেন না
১৪ কেবল পত্র একারন পাড়ন কাল তখন নহে। যেশু
প্রত্যুত্তর করিয়া বলিলেন তাহাকে ইহার পরে কেহ

কখন খাওক না তোমার ফল। ও তাহার শিষ্যেরা তাহা শুনিল।

১৫ পরে তাহারা আইল য়িরোশলমে ও য়েশু মন্দিরে যাইয়া তাড়িতে লাগিলেন তাহারদিগকে যাহারা ক্রয় বিক্রয় করিল তাহার মধ্যে ও বনিকেরদের মেজ ও ১৬ ঘুঘু বিক্রয় কর্ত্তারদের আসন গুল্টিয়া ফেলাইলেন ও কাহাকে দিলেন না কোন পাত্র বহিতে মন্দির দিয়া। ১৭ এবং তিনি শিক্ষাইয়া বলিলেন তাহারদিগকে ইহা লিপি নহে আমার ঘর কামনার ঘর খ্যাত হইবে সকল বর্ণের মধ্যে কিন্তু তোমরা তাহা করিয়াছ ১৮ চোরের খাদ। তখন অধ্যাপক ও প্রধান যাজক তাহা শুনিয়া অনুসন্ধান করিল তাহাকে কেমনে নষ্ট করিতে সমস্ত লোকেরা চমৎকৃত হইল তাহার হিত শুনিয়া সে কারন অতি ভয় করিল তাহাকে। ১৯ পরে বৈকাল হইলে তিনি সহর হইতে প্রস্থান করিলেন।

২০ প্রাতে তাহারা গমন করিতেং দেখিল সে ডুম্বুর ২১ বৃক্ষ সুকাইয়া গেল সিকড় সুদ্ধ। তখন পিতর স্মৃতি করিয়া বলিলেন তাহাকে প্রভু হে দেখ সে ডুম্বুর বৃক্ষ যাহা তুমি সাঁপ দিয়াছ তাহা সুকাইয়া ২২ গিয়াছে। য়েশু প্রত্যুত্তর করিয়া বলিলেন তাহার ২৩ দিগকে ভক্তি কর ঈশ্বরে একারন সত্য আমি বলি তোমারদিগকে যে কেহ বলিবেক এ পর্ব্বতকে লড়িয়া যাও পতনহ সমুদ্রে সে জনের মনে যদি সন্দেহ

নহে কিন্তু প্রত্যয় করে যাহা বলে তাহা হইবেক তবে
২৪ যা বলে তাহা পাইবেক। অতএব আমি বলি
তোমারদিগকে যাহা তোমরা আকাঙ্খা কর কামনা
২৫ করিতে২ তাহা পাইতে আস্থা করিয়া পাইবা। ও
যখন তোমরা কামনা করিতে২ তাহাও তখন মাফ কর
যদি তোমারদের কিছু আছে কোন কাহার বিপরিতে
তোমারদের পিতা ও তোমারদের ঘাইট মাফ করিবার
২৬ কারন। কিন্তু যদি তোমরা মাফ না কর তবে
তোমারদের পিতা যিনি স্বর্গে তোমারদের ঘাইট মাফ
করিবেন না।

২৭ তাহারা ও পুনর্ব্বার আইল যিরোশলমে এবং
মন্দিরে বেড়াইতে২ প্রধান যাজক ও অধ্যাপক ও
২৮ প্রাচিন লোকেরা আইল তাহার নিকট ও বলিল
তাহাকে কি পরাক্রমে করিয়াছ এ সকল কার্য্য ও
কেডা দিল তোমাকে পরাক্রম এ সকল কার্য্য করিতে।
২৯ য়েশু প্রত্যুত্তর করিয়া বলিলেন তাহারদিগেকে আমি ও
জিজ্ঞাসা করিব তোমারদিগকে এক কথা প্রত্যুত্তর কর
আমাকে তারপর আমি ও বলিব তোমারদিগকে কি
৩০ পরাক্রমে করি এ কার্য্য য়োহনের ডুব স্বর্গ হইতে
৩১ কি মনুষ্য হইতে প্রত্যুত্তর কর আমাকে। তখন
তাহারা আপন২ মধ্যে মন্ত্রনা করিয়া বলিল যদি
আমরা কহি স্বর্গ হইতে তবে সে বলিবে তোমারা
৩২ কেন প্রত্যয় করিলা না তাহাকে কিন্তু যদি আমরা

কহি মনুষ্য হইতে তাহারা ভয় করিল লোকের দিগকে একারন সকল লোকেরা য়োহনকে নিতান্ত
৩৩ ভবিষ্যত বক্তা গননা করিল। অতএব তাহারা প্রত্যুত্তর করিয়া বলিল য়েশুকে আমরা বলিতে পারি না। য়েশু প্রত্যুত্তর করিয়া বলিলেন তাহারদিগকে আমি ও বলি না তোমারদিগকে কি পরাক্রমে করি এ সকল কার্য্য।

পর্ব্ব ১২

পরে তিনি হিৎ উপদেশ কহিতে লাগিলেন তাহার দিগকে। এক জন করিল দ্রাক্ষা ক্ষেত্র ও তাহার চতুর্দ্দিকে বেড়া দিল ও দ্রাক্ষা চাপের খাদ করিল ও গড় গাঁথিল ও তাহা প্রজারদিগকে ভাড়া দিয়া প্রস্থান
২ করিল দূর দেশে। এবং কাল হইয়া এক চাকর পাঠাইল রাইয়ত লোকেরদের নিকট দ্রাক্ষা ফল লইবার
৩ জন্য সে রাইয়ত লোকের ঠাঁই। কিন্তু তাহারা তাহাকে ধরিয়া প্রহার করিল ও কষ্য হাতে বিদায়
৪ করিল। পুনর্ব্বার তিনি তাহারদের নিকট পাঠাইলেন আর এক চাকর এবং তাহারা তাহাকে পাথর মারিল ও লজ্জান্বিত ব্যবহার করিয়া বিদায় দিল।
৫ পুনর্ব্বার তিনি আর এক জনকে পাঠাইলেন ও তাহারা বধ করিল তাহাকে এবং আকং অনেককে কাহাকে
৬ প্রহার করিয়া ও কাহাকে বধ করিয়া। তাহার এক অতি প্রিয় পুত্র ব্যক্তি ছিল অতএব তাহাকে ও পাঠাইলেন সকলের শেষে বলিয়া তাহারা সনমান
৭ করিবে আমার পুত্রকে। কিন্তু সে প্রজারা যুক্তি

করিয়া বলিল এই অধিকারি আইস আমরা বধ করি
৮ ইহাকে তাহাতে অধিকার হবে আমারদের। তখন
তাহারা যাইয়া বধ করিল তাহাকে ও ফেলিল তাহাকে
৯ দ্রাক্ষা ক্ষেত্রের বাহিরে। অতএব সে দ্রাক্ষা ক্ষেত্রের
কর্ত্তা কি করিবেন তাহারদিগকে। তিনি আসিয়া
নাস করিবেন সে প্রজা লোকেরদিগকে ও দ্রাক্ষা
১০ ক্ষেত্র দিবেন অন্য লোককে। তোমরা পাঠ কর
নাই এ লিখন যে প্রস্তর রাজেরা তুচ্ছ করিল তাহা
১১ হইয়াছে কোনের প্রধান এই ঈশ্বরের ক্রিয়া এবং
১২ অতি আশ্চর্য্য আমারদের দৃষ্টে। তখন তাহারা
ধরিতে চেষ্টা করিল তাহাকে কিন্তু লোকেরদিগকে
ভয় করিল একারন তাহারা জানিল যে তিনি বলিয়া
ছিলেন এ উপদেশ তাহারদের বিপরিতে এবং
তাহারা তাঁহাকে ছাড়িয়া প্রস্থান করিল।
১৩ তারপর তাহারা কতক লোক ফারিসি ও হেরোদিয়া
১৪ পাঠাইল তাহার কথা ধরা করিতে। তাহারা
আসিয়া বলিল তাঁহাকে মহাশয় তুমি সত্য ও কোন
কাহাকে মান না একারন তুমি মুখাবলোকন না
করিতেছ মানুষেরদিগকে কিন্তু সত্য শিক্ষা করাইতেছ
ঈশ্বরের পথ তাহা আমরা জানি কাইসরকে খাজানা
১৫ দিতে কর্ত্তব্য কি না আমরা দিব কি না দিব। কিন্তু
তিনি তাহারদের কাল্পনিকতা জ্ঞাত হইয়া বলিলেন
কিমার্থে পরিক্ষা করিতেছ আমাকে একটা শুকা
১৬ আমার এখানে আন দেখিবারে। তাহারা তাহা
আনিল তখন তিনি বলিলেন তাহারদিগকে এ কাহার

চোবি ও ওপরে লেখা। তাহারা বলিল তাঁহাকে
১৭ কাইসরের। য়েশু প্রত্যুত্তর করিয়া বলিলেন তাহারদিগকে কাইসরকে দেহ কাইসরের ও ঈশ্বরকে ঈশ্বরের। তখন তাহারা চমকিৎ হইল তাহার কথাতে।
১৮ শাদুকিরা বলে পুনরুত্থান নাই তখন তাহারা তাহার নিকট আসিয়া জিজ্ঞাসা করিল তাঁহাকে বলিয়া
১৯ মহাশয় মোশা লিখিলেন আমারদিগকে যদি কোন মনুষ্যের ভ্রাতা মরে তাহার বধু অপুত্রক হইয়া তবে তাহার ভ্রাতা বিবাহ করিতে পারে তাহার বধূকে ও
২০ তাহার ভ্রাতার বংশ উৎপন্ন করে। পূর্ব্বে ছিল সাত ভ্রাতারা এবং প্রথম ভ্রাতা বিবাহ করিলে নিঃ
২১ সন্তানে মরিয়া গেল। পরে দ্বিতীয় ভ্রাতা ও তাহাকে বিবাহ করিলে নিঃসন্তানে মরিল সে মত ও
২২ তৃতীয় ভ্রাতা সে সাত ভ্রাতারা তাহাকে বিবাহ করিয়া নিঃসন্তান হইল সকলের শেষে সে নারী ও
২৩ মরিল। অতএব পুনরুত্থানে যখন তাহারা গাত্রোত্থান করিবেক তখন সে কাহার বধু হইবেক
২৪ একারন সে ছিল সাত জনের জায়া। য়েশু প্রত্যুত্তর করিয়া বলিলেন তাহারদিগকে তোমরা জান না ধর্ম্ম পুস্তক কিম্বা ঈশ্বরের পরাক্রম সে কারন চুক কর
২৫ নহ তোমরা। একারন যখন তাহারা পুন উঠিবে মৃত্যু হইতে তখন তাহারা বিবাহ করিবে না বিবাহ দিবে না কিন্তু হবে দূতেরদের মত যাহারা স্বর্গে।
২৬ কিন্তু মৃত্যুর বিষয় যে তাহারা উঠিবে মোশার পুস্তকে

পাঠ না করিয়াছ তোমরা কিমতে ঝাড়ের মধ্যে ঈশ্বর এ কথা কহিলেন তাহাকে আমি আবরহামের ও
২৭ য়িজহাক ও যাঁকুবের ঈশ্বর তিনি মৃত্যুর ঈশ্বর নহেন কিন্তু জীবতের অতএব তোমরা চুক কর।
২৮ তারপর এক জন অধ্যাপক আইল ও তাহারদের কথা বার্ত্তা শুনিয়া এবং বুঝিয়া যে তিনি সুন্দর প্রত্যুত্তর করিয়াছিলেন তাহারদিগকে জিজ্ঞাসা করিল
২৯ তাহাকে কোন আজ্ঞা সকলের প্রথম। য়েশু প্রত্যুত্তর করিলেন সকল আজ্ঞার প্রথম এই শুনরে য়িশরাল য়িহুহা আমারদের ঈশ্বর আছেন এক প্রভু
৩০ এবং প্রেম কর য়িহুহা তোমার ঈশ্বরকে তোমার সমস্ত অন্তঃকরন ও প্রান ও মন ও বল দিয়া। এই
৩১ প্রথম আজ্ঞা। ও দ্বিতীয় সে মত প্রেম কর তোমার প্রতিবাসিকে আপনার তুল্য। আর কোন আজ্ঞা
৩২ ইহা হইতে বড় নাই। সে অধ্যাপক বলিল তাহাকে ভাল মহাশয় তুমি সত্য কহিয়াছ একারন
৩৩ এক ঈশ্বর আছেন তাহার বিনা অন্য কেহ নহে এবং তাহাকে প্রেম করিতে সমস্ত অন্তঃকরন ও সমস্ত জ্ঞান ও সমস্ত প্রান ও সমস্ত বল দিয়া প্রতিবাসিকে ও প্রেম করিতে আপনার তুল্য এ সকল আহুতি ও বলিদান
৩৪ হইতে ভাল। য়েশু এ তাহার প্রত্যুত্তর বিলক্ষন দেখিয়া বলিলেন তাহাকে তুমি ঈশ্বরের রাজ্য হইতে দূর নহে। তৎপরে কোন কেহ হেম্মতি ছিল না কিছু জিজ্ঞাসা করিতে তাহাকে।
৩৫ য়েশু মন্দিরে শিক্ষা করাইতেং উত্তর করিয়া বলিলেন

অধ্যাপকেরা কেমন বলে খ্রীষ্ট দাঊদের সন্তান।
৩৬ একারন দাঊদ আপনি কহিলেন ধর্ম্মাত্মা করনক
য়িহুহা কহিলেন আমার ঈশ্বরকে বৈস আমার
দক্ষিনে যাবৎ পর্য্যন্ত আমি করি তোমার সত্রুর
৩৭ দিগকে তোমার পদাসন। অতএব দাঊদ আপনি
তাঁহাকে ঈশ্বর বলিলে তিনি তাহার পুত্র কেমনে
এবং ইতর লোক হরিষ মনে শুনিল তাহার
কথা।

৩৮ তিনি ও হিত করিতে২ বলিলেন তাহারদিগকে সাব
ধান হও অধ্যাপক হইতে যাহারা দীর্ঘ পরিচ্ছদে যাইতে
৩৯ চাহে ও বাজারে নমস্কার চাহে ও প্রধান আসন চাহে
৪০ সিনাগোগে ও নিমন্ত্রন স্থলে যাহারা নষ্ট করে
বিধবার ঘর ও নিদর্শনের কারন দীর্ঘ কামনা করে।
ইহারা পাইবে অতি বড় নরক জন্ত্রনা।

৪১ পরে য়েশু ভাণ্ডারের সন্মুখে বসিয়া দেখিলেন কি
মত লোকেরা দান করিতে২ ছিল ভাণ্ডারে অনেক
৪২ ধনবান ও বিস্তারিত ফেলিল তাহাতে কিন্তু এক
কাঙ্গাল বিধবা আসিয়া ফেলিল তাহাতে দুই পন কড়ি
৪৩ তাহা অর্দ্ধ আনা। তখন তিনি তাহার শিষ্যের
দিগকে ডাকিয়া বলিলেন সারোদ্ধার আমি বলি
তোমারদিগকে এ কাঙ্গাল বিধবা দিয়াছে সকল
৪৪ হইতে অধিক যাহারা ফেলিয়াছে ভাণ্ডারে একারন
এ সকলে দিয়াছে ভাণ্ডারে তাহারদের বিস্তারিত ধন
হইতে কিন্তু সে তাহার তন্নাস্তি হইতে দিয়াছে তাহার
সকল গুজরান।

পর্ব্ব ১৩ পরে তিনি মন্দির হইতে যাইতেং তাহার শিষ্যের দের এক জন বলিল তাঁহাকে প্রভু এ কেমন প্রস্তর ও
২ কি প্রকার গঠন। যেশু প্রত্যুত্তর করিয়া বলিলেন তাঁহাকে দেখিতেছ তুমি এ বড় গঠন এক পাথর আর
৩ পাথরের ওপরে নির্ভঞ্জন থাকিবেক না। তিনি জিত বৃক্ষ পর্ব্বতের ওপর মন্দিরের সম্মুখে বসিলে পিতর ও যাঁকুব ও য়োহন ও আন্দ্রু গুপ্তে জিজ্ঞাস্যা
৪ করিল তাঁহাকে কহ আমারদিগকে এ সমস্ত কখন
৫ হইবে ও এ সকল হইবার চিহ্ন কি। যেশু প্রত্যুত্তর করিয়া বলিতে লাগিলেন তাহারদিগকে সাবধান কেহ ভ্রান্তি জন্মায় না তোমারদিগকে যেন।
৬ একারণ অনেক আসিবে আমার নামে বলিতেং
৭ আমি খ্রীষ্ট ও ভ্রান্তি জন্মাইবে অনেককে। কিন্তু তোমরা রনের সমাচার শুনিয়া ব্যস্তিৎ হইও না একারন এ সকলের আবশ্যক আছে কিন্তু শেষ তখন
৮ নহে। বর্ন্ন ওঠিবে বর্ন্নের বিপরিতে ও রাজ্য রাজ্যের বিপরিতে স্থানেং ও ভূমীকম্প ও মন্বন্তর ও কলরব হইবেক এ সকল হইবে দুঃখের আরম্ভ।
৯ কিন্তু সাবধান হও একারন তাহারা তোমারদিগকে গচ্ছিত করিবে সভাতে ও সিনাগগে মারি খাইবা তোমরা ও আনয়ন হইবা অধ্যক্ষ এবং রাজার সাখ্যাৎ আমারার্থে স্বাক্ষী হইবার জন্য তাহারদের
১০ বিপরিতে। ইহার পূর্ব্বে ও মঙ্গল সমাচার ঢেরা
১১ দিতে হইবেক সকল বর্ন্নের মধ্যে। কিন্তু যখন তাহারা আনিয়া গচ্ছিৎ করে তোমারদিগকে তখন

চিন্তিৎ হইও না কিং বলিতে আগে ও চাওর করিও না কিন্তু যাহা দাতৃব্য হয় তোমারদিগকে সেইক্ষনে তাহা কহ একারন যাহা কহে তাহা তোমরা নহে
১২ কিন্তু ধর্ম্মাত্মা। ভ্রাতা ভ্রাতাকে গচ্ছিৎ করিবেক বধের কারন ও পিতা পুত্রকে শিশুগান ও উঠিবেক পিতা মাতার বিপরিতে বধ করাইতে তাহারদিগকে।
১৩ এবং তোমরা আমার নামেরার্থে সকল মনুষ্যের ঘৃন্নিৎ হইবা। কিন্তু যে জন সহে শেষ পর্য্যন্ত সেই ত্রান পাইবেক।
১৪ সে সর্ব্বনাস করনের ঘৃন্নিৎ বস্তু যাহার বিষয় দানিএল ভবিষ্যত বক্তা কহিলেন তাহা অনোচিৎ স্থানে থাকা দেখিয়া যে জন পাঠ করে সে বুঝুক তখন যে কেহ থাকে য়িহোদা দেশে সে পলাউক পর্ব্বতে
১৫ ও যে জন ঘরের ছাটের উপর সে ঘরে না নামুক ও তাহাতে প্রবেশ করুক না কোন বস্তু লইতে যাহা
১৬ থাকে ঘরে যে জন ক্ষেত্রে আছে সে ও তাহার
১৭ পরিচ্ছদ লইতে ফিরাউক না। কিন্তু সন্তাপ তাহার দের যাহারা গর্ব্ভবতী ও যাহারা বালককে স্তন পান
১৮ করায় সে দিনে। তোমরা ও কামনা কর তোমার
১৯ দের পলান শীত কালে যেমন না হয় একারন সে দিনে বড় ক্লেশ হইবে যেন তাহার মত কখন নাই সৃষ্টির আরম্ভ হইতে যাহা ঈশ্বর সৃজন করিলেন এ
২০ সময় পর্য্যন্ত ও হবে না কদাচ। ঈশ্বর ও সে কাল খাটো না করিলে কোন কাহার ত্রান হইতে পারিত না কিন্তু মননিতেরার্থে যাহারদিগকে তিনি

পচন্দ্ করিয়া ছিলেন তিনি যাহটো করিয়াছেন সে দিন।
২১ এবং যদি কেহ বলে তোমারদিগকে দেখ২ খ্রীষ্ট
২২ এখানে কি ওখানে তবে প্রত্যয় করিও না একারন
মিথ্যা খ্রীষ্ট ও মিথ্যা ভবিষ্যত বক্তারা ওৎপন্ন হইবে
ও দেখাইবে চিহ্ন ও আশ্চর্য্য কর্ম্ম কপট করিতে
২৩ মনোনিতেরদিগকে যদি সাধ্য। কিন্তু সাবধান তোমরা
আমি পুর্ব্বে কহিয়াছি তোমারদিগকে এ সমস্ত কথা।
২৪ কিন্তু সে দিনের ব্যামহের পরে সূর্য্য অন্ধকারাকৃত
২৫ হইবেক চন্দ্র ও দীপ্তি দিবে না স্বর্গের তারা পড়িবে
২৬ ও স্বর্গের সকল পরাক্রম লড়িবে তখন তাহারা
দেখিবে মনুষ্যের পুত্র মেঘে আসিতে২ মহা পরাক্রম
২৭ ও তেজ সাতে করিয়া। তৎকালে তিনি তাহার
দুতেরদিগকে পাঠাইয়া একত্তর করিবেন তাহার
মনোনিতকে চত্তুর্দ্দিগ হইতে পৃথিবীর অন্ত হইতে স্বর্গের
২৮ অন্ত পর্য্যন্ত। এখন শিক্ষ ডুম্বুর গাছের এক
ওপদেশ যখন তাহার ডাল কোমল ও পত্র মুঞ্জরে
২৯ তখন তোমরা জান বসন্ত কাল সন্নিকট এ মত এ
সকল কার্য্য বর্ত্তমান দেখিয়া জ্ঞাত হও যে তাহা নিকট
৩০ দ্বারের কাছেই। সত্য আমি বলি তোমারদিগকে
এ পুরুষ বহিবে না এ সকল প্রত্যক্ষ না হইলে।
৩১ স্বর্গ ও পৃথিবী বহিয়া যাবে কিন্তু আমার কথা বহিয়া
যাবে না।

৩২ কিন্তু সে দিন ও সে দণ্ডের বিষয় কেহ জানে না
স্বর্গের দূত কিম্বা পুত্র ও নহে কিন্তু পিতা কেবল।

৩৩ সাবধান হও চৌকি রাখ এবং কামনা কর একারন
৩৪ তোমরা জান না কখন সে সময় হয় যেমন কেহ যে দূর দেশে যাত্রা করিবারে ছাড়িল তাহার ঘর ও শাসনের পরাক্রম দিলেন তাহার দাসেরদিগকে ও প্রতি জনকে তাহার নিজ কার্য্য এবং আজ্ঞা দিলেন
৩৫ দ্বারিকে চৌকি দিতে। অতএব চৌকি রাখ একারন তোমরা জান না বাটীর প্রভু কখন আইসেন বৈকালে কিম্বা দুই প্রহর রাত্রে কিম্বা কুক্কুড়া বাঁকে কিম্বা প্রাতে
৩৬ কি জানি আচানক আসিয়া নিদ্রিত পাইবেন তোমার
৩৭ দিগকে। যা আমি বলি তোমারদিগকে তা আমি কহি সকলেরদিগকে চৌকি রাখ।

পর্ব্ব ১৪ দুই দিবার পরে পেশাঁক্ক ও বেখমির রুটির পর্ব্ব হইল তখন প্রধান যাজক ও অধ্যাপকেরা অন্যাসন করিল কেমনে কপট করিয়া তাহাকে ধরিলে বধ
২ করিতে পারিত। কিন্তু তাহারা বলিল নিমন্ত্রন দিনে
৩ নহে নতুবা লোকেরদের কলরব হইবে। তৎকালে বীতানিয়ায় শীমন পাখর গৃহস্থের বাটীতে হইয়া তিনি ভোজনে বসিলে এক মাইয়া মনুষ্য আনিল সেত প্রস্তরের এক কৌটা বহু মুল্য জটামাংসী তৈল পূরিত ও কৌটা ভাঙ্গিয়া দিল তাঁহার মাথায়।
৪ কিন্তু কতক লোক অন্তরে অতুষ্টিৎ হইয়া বলিল এ
৫ তৈলের অপচয় করিলি কেন একারন তাহা তিন শত শুকায় বিক্রায় করিলে দিতে পারিত দারিদ্র লোককে এতদর্থে তাহারা কচ২ করিল তাহার

৬ বিপরিতে। কিন্তু য়েশু বলিলেন কিছু বলিও না
তাহাকে কেন দুঃখ দিতেছ তাহাকে সে ভাল কার্য্য
৭ করিয়াছে আমার ওপরে। একারন দারিদ্র লোক
তোমারদের সঙ্গে সদাকাল ও তোমারদের ইচ্ছা হইয়া
কোন কালে ভাল কর্ম্ম করিতে পার তাহারদিগকে
৮ কিন্তু আমি সদাকাল নহি তোমারদের সঙ্গে। সে
যাহা পারিল তাহা করিয়াছে সে পূর্ব্বে আসিয়াছে
আমার সরীর মর্দ্দন করিতে কবরে শয়নের কারন।
৯ নিশ্চয় আমি বলি তোমারদিগকে সমস্ত জগতে যে
কোন স্থানে এ মঙ্গল সমাচার চেড়ি দিতে হয় সে
স্থানে ও এ কার্য্য যাহা সে করিয়াছে কহিতে হইবে
তাহার স্মরনার্থে।

১০ তখন য়িহোদা স্করিওটী দ্বাদশের এক জন গেল
প্রধান যাজকেরদের স্থানে তাহাকে সমর্পিৎ করিবারে
১১ তাহারদের হাতে। তাহারা তাহা শুনিয়া অহ্লাদিৎ
হইল এবং অঙ্গিকার করিল তাহাকে টাকা দিতে
তাহাতে সে অনুসন্ধান করিল কেমন সমর্পিৎ করিতে
তাহাকে।

১২ তখন বেখমির রুটির প্রথম দিনে যখন তাহারা
পেশাক্কের মেষ মারিল তখন তাঁহার শিষ্যেরা বলিল
তাঁহাকে কি তোমার ইচ্ছা আমরা কোথায় যাইয়া প্রস্তুত
১৩ করিব তোমার পেশাক্ক খাওনের কারন। তাহাতে
তিনি দুই জন শিষ্যকে পাঠাইয়া বলিলেন সহরে যাও
ও সেখানে এক মনুষ্যের দেখা হইবে তোমারদের

সাতে যে জলের এক কলসি বহে তাহার সঙ্গি যাও
১৪ যে স্থানে সে যায় তোমরা বলিও বাটীর কর্ত্তাকে
গুরু বলেন নিমন্ত্রনের শালা কোথায় যাহাতে আমি
পেশাক্ষ ভোজন করিব আমার শিষ্যেবদের সহিৎ।
১৫ তখন সেই দেখাইবে তোমারদিগকে এক বড় উপরে
দালান সাজান ও প্রস্তুত সে স্থানে পাক কর আমারদের
১৬ কারন। অতএব শিষ্যেরা প্রস্থান করিয়া গেল
নগরে ও পাইল যেমন তিনি বলিয়া ছিলেন তাহার
দিগকে ও তাহারা প্রস্তুত করিল পেশাক্ষ।
১৭ সায়ং কালে তিনি আইলেন দ্বাদশের সহিৎ।
১৮ তখন ভোজন করিতে বসিলে যেশু বলিলেন তাহার
শিষ্যেরদিগকে সত্য আমি বলি তোমারদিগকে তোমা
রদের এক জন যে ভোজন করিতেছে আমার সঙ্গে
১৯ দুর্গাচিৎ করিবে আমাকে ইহাতে তাহারা ব্যাকুল হইয়া
বলিতে লাগিল একে২ সে আমি পরে আর এক
২০ জন বলিল সে আমি। তিনি প্রত্যুত্তর করিয়া
বলিলেন তাহারদিগকে যে দ্বাদশ জন পাত্রে হাত
২১ ডুবায় আমার সঙ্গি তাহারদের এক জন মনুষ্যের পুত্র
যান যে মত লিপি আছে তাঁহার বিষয় কিন্তু সন্তাপ
সে মনুষ্যকে যে গাচ্চিৎ করে মনুষ্যের পুত্রকে সে
লোকের ভাল হইত যদি কখন না জন্মিত।
২২ তাহারদের ভোজন কালে যেশু রুটি লইলেন ও
আশীর্ব্বাদ করিয়া ভাঙ্গিলেন তাহা ও তাহারদিগকে
২৩ দিয়া বলিলেন লও খাও এ আমার সরীর। তিনি
ও বাটী লইলেন ও স্তব করিয়া দিলেন তাহারদিগকে

২৪ এবং তাহারা সমস্তে পান করিল তাহা। তিনিও বলিলেন তাহারদিগাকে এ আমার নুতন বন্দবস্তের
২৫ রক্ত যাহা পাত হইয়াছে অনেকের কারন। সত্য আমি বলি তোমারদিগাকে আমি আর পীব না দ্রাক্ষা ফলের রস সে দিন পর্য্যন্ত যাহাতে তাহা নুতন পীব তোমারদের সঙ্গে ঈশ্বরের রাজ্যে।

২৬ পরে তাহারা এক গীত গাইয়া গেল জিত বৃক্ষ পর্ব্বতে।
২৭ য়েশু বলিলেন তাহারদিগাকে এ রাত্রে তোমরা সকল বাধায় পড়িবা আমার কারন ইহাতে লিপি আছে আমি মারিব মেষের রক্ষক ও পালের মেষ ছিন্ন ভিন্ন
২৮ হইবেক কিন্তু আমার ওঠনের পরে যাইব তোমার
২৯ দের অগ্রে গালিলিতে। পিতর বলিল তাঁহাকে যদি সমস্তে পতন হয় তথাচ আমি এ মত হইব না।
৩০ যেশু বলিলেন তাহাকে নিশ্চয় আমি বলি তোমাকে অদ্যাই দুইবার কুক্কুড়া বাঁকের পূর্ব্বে তুমি তিন বার
৩১ হেয়জ্ঞান করিবা আমাকে। কিন্তু সে আর২ শক্ত কথা কহিল যদ্যপি আমি মরি তোমার সঙ্গে তত্রাপি কোন কালে হেয়জ্ঞান করিব না তোমাকে। তাহারা সকলে এই মত কহিল।

৩২ পরে তাহারা এক স্থানে আইলে তাহার নাম গেদসিমন তিনি বলিলেন তাহার শিষ্যেরদিগাকে
৩৩ এইখানে বৈস যাবৎ আমি কামনা করি। তখন তিনি পিতর ও যাঁকুব ও য়োহনকে সহিৎ লইয়া অতি দুঃখান্বিত ও অনুঃকরনে বড় ভারি হইতে লাগিলেন।

৩৪ ও বলিলেন তাহারদিগকে আমার প্রান অতি ব্যাকুল আছে মৃত্যুর ন্যায় তোমরা এ স্থানে থাকিয়া চৌকি
৩৫ দেহ। পরে কিছু অগ্রে গেলে তিনি ভূমিষ্ঠ হইয়া কায়না করিলেন সে দণ্ড বহিয়া যাইবার তাহা হইতে
৩৬ যদি সাধ্য। ও তিনি বলিলেন আবা পিতাহে সকল কার্য্য তোমার সাধ্য লইয়া যাও এ বাটী আমা হইতে কিন্তু আমার ইচ্ছা নহে তোমার
৩৭ ইচ্ছা হওক। পরে তিনি আসিয়া নিদ্রিত পাইলেন তাহারদিগকে তাহাতে পিতরকে বলিলেন শীমন নিদ্রিত হইয়াছ চৌকি দিতে পারিলা না এক দণ্ড।
৩৮ চৌকি দিও এবং পরিক্ষায় না পড়নের কারন কায়না কর আত্মা প্রস্তুত সে সত্য কিন্তু সরীর দুর্ব্বল।
৩৯ পুনর্ব্বার তিনি প্রস্থান করিয়া কায়না করিতে২ বলিলেন
৪০ সেই কথা। তাহারদের চক্ষু ঢুলু ঢুলু হইল সেকারন তিনি পুনর্ব্বার আসিয়া পাইলেন তাহারদিগকে নিদ্রিত তাহারা ও জানিল না কি প্রত্যুত্তর করিতে তাঁহাকে।
৪১ অতঃপরে তিনি তৃতীয় বার আসিয়া বলিলেন তাহার দিগকে নিদ্রিত হইয়া থাক ও বিশ্রাম কর এই প্রচুর সে দণ্ড বর্ত্তমান হইয়াছে দেখ মনুষ্যের পুত্র গচ্ছিৎ
৪২ হইয়াছেন পাপি লোকের হস্তে। ওঠ আমরা যাই দেখ যে জন গচ্ছিৎ করিবে আমাকে সেই নিকট।

৪৩ তিনি সে কথা কহিতে২ দ্বাদশের এক জন আইল তাহার নাম য়িহোদা ও তাহার সঙ্গে অতি মানব্য প্রধান যাজক ও অধ্যাপক ও প্রাচিন লোক হইতে

৪৪ তলোয়ার ও তণ্ড হাতে করিয়া। তখন যে জন গচ্ছিৎ করিল তাঁহকে সে দিল চিহ্ন তাহারদিগকে বলিয়া যাহাকে আমি চুম্বন করি সেই তিনি ধরিয়া সাব
৪৫ ধানে লইয়া যাও তাহাকে। সে জন ওত্তরিয়া দ্রুত গেল তাঁহার কাছে ওহে প্রভু কহিয়া চুম্বন করিল
৪৬ তাহাকে। তখন তাহারা হাতে ধরিল তাঁহাকে।
৪৭ তখন এক জন যে ডাণ্ডাইল তাহার নিকট তলোয়ার খুলিয়া মারিল প্রধান যাজকের এক দাস ও তাহার
৪৮ কর্ন্ন কাটিয়া ফেলিল তাহাতে য়েশু ওত্তর করিয়া বলিলেন তাহারদিগকে তোমরা আসিয়াছ চোর ধরনের মত তলোয়ার ও তণ্ড হাতে করিয়া ধরিতে আমাকে
৪৯ আমি তোমারদের সঙ্গে মন্দিরে দিন বদিন শিক্ষা করাইতে২ হইয়া তোমরা ধরিলা না আমাকে কিন্তু
৫০ ধর্ম্ম পুস্তক অবশ্য প্রত্যক্ষ হইবে। তখন সকলেই
৫১ তাঁহাকে ছাড়িয়া পলাইল। এক যুবা মনুষ্য তাহার ওলঙ্গ গাত্রে কাপড় দিয়া আইল তাঁহার সহিৎ তখন
৫২ যুবারা ধরিল তাঁহাকে। কিন্তু সেই সে কাপড় ছাড়িয়া ওলঙ্গ পলাইল তাহারদিগ হইতে।

৫৩ তৎপরে তাহারা লইয়া গেল য়েশুকে প্রধান যাজকের স্থানে ও সমস্ত প্রধান যাজক ও প্রাচিন লোক
৫৪ ও অধ্যাপক সভা হইল। সে কালে দূরে২ পিতর তাহার পশ্চাৎ বর্ত্তি হইল প্রধান যাজকের অট্টালিকায় ও দাসেরদের সঙ্গে বসিয়া আগুন পোহাইল।
৫৫ তখন প্রধান যাজকেরা ও সমস্ত সভা য়েশুর বিপরিতে

সাক্ষী অন্যাসন করিল তাহাকে হত্যা করিবার জন্য
৫৬ কিন্তু পাইল না। অনেকে মিথ্যা প্রমান দিল তাঁহার
অনহিতে সে সত্য কিন্তু তাহারদের প্রমান মিলিল না।
৫৭ শেষে কেহ মিথ্যা সাক্ষী উঠিয়া তাঁহার বিপরিতে বলিল
৫৮ আমরা শুনিলাম তাহার এ কথা আমি এ হস্তে গাঁথা
মন্দিরকে ভাঙ্গিয়া তিন দিনের মধ্যে গাঁথিব আর
৫৯ একেকে অহস্তে গাঁথা। কিন্তু এ মতে ও তাহারদের
৬০ প্রমান মিলিল না। তখন প্রধান যাজক মধ্য খানে
খাড়া হইয়া জিজ্ঞাসা করিল য়েশুকে বলিয়া কিছু
প্রত্যুত্তর না করিতেছ ইহারা কি প্রমান দেয় তোমার
৬১ বিপরিতে। কিন্তু তিনি চুপ করিয়া কিছু প্রত্যুত্তর
করিলেন না পুনর্ব্বার প্রধান যাজক জিজ্ঞাসা করিয়া
৬২ বলিল তাহাকে তুমি খ্রীষ্ট সুখধরের পুত্র কি না। য়েশু
বলেন আমি তাহা তামরা ও দেখিবা মানুষের পুত্রকে
পরাক্রমের দক্ষিন দিগে বসিয়া ও আসিতেং স্বর্গের
৬৩ মেঘারোহন করিয়া। তখন প্রধান যাজক তাহার
পরিচ্ছদ ফাড়িয়া বলিল আমারদের আর সাক্ষী
৬৪ আবশ্যক কি তোমরা শুনিয়াছ সে পাষণ্ড কথা
কি বিচার কর তোমরা তাহারা সকলে বলিল তাহার
৬৫ মৃত্যু যোগ্য অপরাধি অছে। এবং কতক লোক
তাহাকে থুক দিতে ও মুখ ঢাকিতে ও কিল মারিতে ও
বলিতে লাগিল ভবিষ্যত বাক্য কহ দাস লোক ও
থাবড়া মারিল তাহাকে।

৬৬ সে কালে পিতর অট্টালিকার নিচে বসিল তখন
৬৭ প্রধান যাজকের এক দাস সেখানে আসিয়া ও পিতরকে

আগুন পোহাইতেং দেখিয়া বলিল তুমি ছিল য়েশু
৬৮ নাজরেনের সঙ্গে। কিন্তু সে হেয়জ্ঞান করিয়া
বলিল আমি জানি না ও বুঝ না তুমি কি কহিতেছ।
৬৯ অতঃপরে পিঁড়ায় যাইয়া কুক্কুড়া বাঁক দিল। পুনর্ব্বার
এক দাসী তাহাকে দেখিয়া কহিতে লাগিল সে লোকেরে
যাহারা নিকট ডাণ্ডাইল এই তাহারদের এক জন।
৭০ তাহাতে সে হেয়জ্ঞান করিল পুনর্ব্বার। কিছু কাল
পরে ও যাহারা নিকটে ডাণ্ডাইল তাহারা পুনর্ব্বার
পিতরকে বলিল অবশ্য তুমি তাহারদের এক জন
একারন তুমি এক গালিলী ও তোমার ভাষা তাহারদের
৭১ মত। কিন্তু সে সাঁপ দিতে এবং কিরা করিতে
লাগিল বলিয়া আমি জানি না এ মনুষ্যকে যাহার
৭২ বিষয় তোমরা কহ। তখন দ্বিতীয় বার কুক্কুড়া
বাঁক দিল। পিতর ও সে কথা মনে করিল যাহা
য়েশু বলিয়া ছিলেন তাহাকে কুক্কুড়া দুই বার বাঁকের
পূর্ব্বে তুমি তিন বার হেয়জ্ঞান করিবা আমাকে।
সে ও তাহা মনে করিয়া ক্রন্দন করিল।

পর্ব্ব ১৫

প্রাতঃকাল হইলে প্রধান যাজক ও প্রাচিন ও
অধ্যাপকেরা সকল সভা হইয়া পরামর্শ করিল ও
য়েশুকে বন্দ করিয়া লইয়া গেল ও পীলাতের গছিতে
২ দিল। তখন পীলাত জিজ্ঞাসা করিল তাঁহাকে
তুমি য়িহোদীরদের রাজা তিনি প্রত্যুত্তর করিয়া
৩ কহিলেন তাহাকে তুমি বলিয়াছ। প্রধান যাজকেরা

ও অনেক ওল্লানা করিল তাঁহাকে কিন্তু তিনি কিছুই
৪ প্রত্যুত্তর করিলেন না। পীলাত জিজ্ঞাসা করিল
তাঁহাকে পুনর্ব্বার বলিয়া তুমি কিছু প্রত্যুত্তর না
করিতেছ দেখ তাহারা কত প্রমাণ দিতেছে তোমার
৫ বিপরিতে। কিন্তু য়েশু তখন কিছুই প্রত্যুত্তর
করিলেন না ইহাতে পীলাত অতি চমৎকৃত হইল।
৬ সে পর্ব্বের ব্যবহার ছিল খালাস করিতে
তাহারদিগকে এক বন্দিত যাহাকে তাহারদের ইচ্ছা।
৭ তৎকালে এক জন ছিল তাহার নাম বারাব্বা সে
কএদে ছিল তাহারদের সহিৎ যাহারা হঙ্গাম করিয়া
৮ ছিল ও হঙ্গাম করিতেং খুন করিয়া ছিল। অতএব
মানব্য চেঁচাইয়া দরখাস্ত করিতে লাগিল তাহা
করিতে যাহা সদাই করিয়া ছিল তাহারদিগকে।
৯ কিন্তু পীলাত প্রত্যুত্তর করিয়া বলিল তাহারদিগকে
তোমারদের ইচ্ছা যে আমি খালাস করিয়া দেই
১০ য়িহোদীয়দের রাজা তোমারদিগকে একারন সে
জানিল প্রধান যাজক সমর্পিত করিয়া ছিল তাঁহাকে
১১ দ্বেশের নিমিত্ত। কিন্তু প্রধান যাজকেরা
মুটাইল লোকেরদিগকে বারাব্বার খালাস চাহিতে।
১২ পীলাত পুনর্ব্বার প্রত্যুত্তর করিয়া বলিল তাহার
দিগকে তবে কি করিব তাহাকে যে তোমরা
১৩ বল য়িহোদীয়দের রাজা। পুনর্ব্বার তাহারা
চেঁচাইয়া বলিল শূলায়ায় খুন কর তাহাকে!
১৪ তখন পীলাত বলিল তাহারদিগকে কেন তাহার
কি দোষ। কিন্তু তাহারা আর বিস্তারিত চেঁচাইল

১৫ ক্রুসে খুন কর তাহাকে। অতএব পীলাত লোকেরদের তুষ্টি করিতে ইচ্ছা করিয়া বারাব্বাকে খালাস করিয়া দিল তাহারদিগকে ও য়েশুকে কোড়া মারিয়া গচ্ছিত করিল ক্রুসে খুনের জন্য।——

১৬ তখন শেনা লোক লইয়া গেল তাহাকে প্রেতোরিয়ম দালানে ও ডাকিয়া একত্তর করিল সমস্ত শেনা।
১৭ পরে তাহারা বাগুনায় কাপড় পড়াইল তাহাকে ও
১৮ কাণ্টার মুকুট বুনিয়া দিল তাহার মাথায় ও তাহাকে প্রনতি করিতে লাগিল নমস্কার২ য়িহোদীরদের রাজা।
১৯ তাহারা ও নলের বাড়ি মারিল তাহার মাথায় ও চেপ দিল তাহার গায়ে ও তাহারদের হাঁটু
২০ গাড়িয়া ভজনা করিল তাহাকে। পরে তাহাকে নিন্দা করিলে কাড়িয়া লইল সে বাগুনীয়া কাপড় ও আপনার পরিচ্ছদ দিল তাহার গায়ে তারপর ক্রুসে
২১ খুনের জন্য বাহির করিল তাহাকে। এক জন কিরীনি তাহার নাম শীমন আলেক্সান্দ্র ও রুফসের পিতা গ্রাম হইতে আসিতে২ তাহারা জোর করিয়া ক্রুস বহিতে দিল।——

২২ এবং তাহারা আনিল তাহাকে গল্গতা স্থানে তাহার
২৩ অর্থ খুলির স্থান পরে তাহারা পীতে দিল তাহাকে দ্রাক্ষ রস মিশাইয়া মরের সহিৎ কিন্তু তিনি লইলেন
২৪ না তাহা। তাহারা ও তাহাকে ক্রুসের ওপর টাঙ্গাইয়া ভাগ করিল তাহার পরিচ্ছদ গুলি বাঁট করিয়া
২৫ প্রতি জনের কি হবে। এক প্রহর বেলা তাহারা

২৬ ক্রুসে টাঙ্গাইল তাহাকে। এবং ওর্দ্ধানা পত্র
২৭ ওপরে লেখা ছিল এই য়িহোদীরদের রাজা। তাহার
সঙ্গে ও তাহারা ক্রুসে টাঙ্গাইল দুই চোর এক জন
২৮ দক্ষিনদিগে আর এক জন তাহার বামে। তাহাতে
২৯ গ্রন্থ প্রত্যক্ষ হইল যাহা বলে তিনি ব্যবস্থা বহির্ভূ
তেরদের সঙ্গে গননা হইলেন। যাহারা সেখান
দিয়া গেল তাহারা বিদ্রুপ করিল ও মাথা নয়াইতেং
বলিল তুই যে মন্দিরকে ভাঙ্গিয়া গাঁথিতে পারিস
৩০ তিন দিনের মধ্যে আপনাকে ওদ্ধার করিয়া নামিস
৩১ ক্রুস হইতে। সেই মত ও প্রধান যাজক ও
অধ্যাপকেরা নিন্দা করিতেং বলিল পরস্পর অন্যকে
৩২ ত্রান করিল আপনাকে ত্রান করিতে পারে না খ্রীষ্ট
য়িশরালের রাজা এখন নামিয়া আইসুক ক্রুস হইতে
তাহা দেখিয়া প্রত্যয় করিব। যাহারা ক্রুসে
টাঙ্গা হইল তাহার সঙ্গে তাহারা ও নিন্দা করিল
৩৩ তাঁহাকে। তৎকালে দুই প্রহর দিনে অন্ধকার
৩৪ হইল সমস্ত পৃথিবীতে তিন প্রহর পর্য্যন্ত। তিন প্রহরের
সময় য়েশু চিৎকার করিয়া বলিলেন আলোহিং
লামা শ্বাবাখ্থনি তাহার অর্থ হে আমার ঈশ্বর আমার
৩৫ ঈশ্বর কিমার্থে ছাড়িয়া দিয়াছ আমাকে। কতক
লোক যাহারা নিকট ডাণ্ডাইল ইহা শুনিয়া বলিল
৩৬ দেখ সে ডাকে আলীহাকে। তখন তাহারদের
এক জন দৌড়িয়া স্পঞ্জ সিরকা পূর্ন করিল ও তাহা
নলের আগায় বান্দাইয়া পীতে দিল তাঁহাকে আরং

বলিল থাক আমরা দেখি আলীহা আসিবেন তাহাকে
নামাইতে কি না।

৩৭ য়েশু আরবার চেঁচাইয়া প্রান ত্যাগ করিলেন।
৩৮ তখন মন্দিরের পরদা চিড়িয়া দুইখান হইল ঊর্দ্ধ
৩৯ হইতে অধঃ পর্য্যন্ত। সে এক শত শেনার পতি ও
যে তাওাইল তাহার সন্মুখে যখন দেখিয়া ছিল যে এ
মত কিৎকার করিয়া প্রান ত্যাগ করিলেন তখন বলিল
৪০ নিতান্ত এই মনুষ্য হইল ঈশ্বরের পুত্র। কতক স্ত্রী
লোক ও দুরে থাকিল দেখিতে২ তাহারদের মধ্যে
মারিয়া মাগ্দলেন ও ছোট যাঁকুব ও য়োশের মাতা
৪১ মারিয়া ও শলোমে যাহারা ও তাহার সহিৎ
গালিলিতে হইয়া করিল তাহার সেবা আর
অনেক নারী ও যাহারা ছিল তাহার সহিৎ
য়িরোশলমে।

৪২ তারপর সন্ধ্যা হইলে আয়োজন কালে তাহা
৪৩ শাবতের পূর্ব্ব দিবস রামার যুসফ এক জন বড়
সম্ভ্রান্ত মন্ত্রি যে ও আসান্বিত হইল ঈশ্বরের রাজ্যের
কারন সে আসিয়া নির্ভয় গেল পীলাতের স্থানে ও
৪৪ ভিক্ষা করিল য়েশুর শরীর। পীলাতের আশ্চর্য্য হইল
যদি এখন মরিতেন অতএব সে এক শত শেনার
পতিকে ডাকিয়া জিজ্ঞাসা করিল তাহাকে কতক্ষনে
৪৫ মরিয়া ছিলেন। তখন তাহা এক শত শেনার
৪৬ পতির মুখে জ্ঞাত হইয়া শরীর দিল যুসফকে। সে
মেহি কাপড় কিনিয়া ও তাহাকে নামাইয়া জড়াইল
কাপড়ের মধ্যে ও শোয়াইল তাহাকে এক কবরে

যাহা খোদিয়া ছিল পাথরে ও পাথর গড়াইয়া
৪৭ দিল কবরের দ্বারে। মারিয়া মাগ্দলেন ও মারিয়া যোশের মাতা চাহিয়া দেখিল যেখানে তাহাকে থুইল।

পর্ব্ব ১৬ তখন শাবত গত হইলে মারিয়া মাগ্দলেন ও যাঁকুবের মাতা মারিয়া ও শলোমি সুগন্ধ মিঠা মসালা ক্রয় করিয়া ছিল তাহাকে যাইয়া মাখাইবার কারন।
২ সপ্তার প্রথম দিনে প্রত্যুশয় তাহারা কবরে আইল
৩ সুর্য্যোদয়ের সময়। তখন তাহারা পরস্পর বলিল কেডা পাথর গড়াইবে কবরের দ্বার হইতে আমারদের
৪ কারন। তাহা অতি বৃদ্ধ কিন্তু তাহারা দৃষ্টি করিয়া
৫ দেখিল সে পাথর তখন গড়াইয়া গেল। সে কালে তাহারা কবরে প্রবেশ করিয়া দেখিল এক যুবা পুরুষ বসিয়া দক্ষিন দিগে দীর্ঘ শুক্ল বর্ন্ন পরিচ্ছদে
৬ তাহাতে তাহারা ভয়ান্বিত হইল কিন্তু সে বলিল তাহারদিগকে ভয়ান্বিত হইও না তোমরা অন্যাষন করিতেছ যেশু নাজরেনকে যিনি ক্রুসে মুন হইলেন তিনি ওঠিয়াছেন তিনি এখানে নহেন দেখ
৭ সে স্থান যাহাতে তাহারা শোয়াইল তাহাকে। কিন্তু প্রস্থান কর এ কথা কহ তাহার শিষ্যেরদিগকে ও পিতরকে তিনি গালিলিতে যাইতেছেন তোমারদের আগে সে স্থানে তাহার দেখা পাইবা যে মত তিনি
৮ কহিলেন তোমারদিগকে। তাহারা তাহাতে শীঘ্র গতি প্রস্থান করিয়া পলাইল কবর হইতে একারন

তাহারা কম্পিৎ ও চমৎকৃত হইল। তাহারা ও কোন মনুষ্যকে কিছু কহিল না একারন তাহারা ভীত হইল।

৯ সপ্তার প্রথম দিবার প্রাতে য়েশু গাত্রোত্থান করিয়া প্রথম দেখা দিলেন মারিয়া মাগ্দলেনকে যাহা হইতে
১০ ছাড়াইয়া ছিলেন সাত ভূৎ। সে যাইয়া কহিল তাহারদিগকে যাহারা শোকিৎ হইয়া ও ক্রন্দন
১১ করিতে২ ছিল তাঁহার সাতে। তাহারা যখন শুনিতে পাইয়া ছিল যে তিনি জীবৎ ও দর্শন দিয়া ছিলেন তাহাকে তখন প্রত্যয় করিল না।
১২ ইহার পর তাহারদের আর দুই জন ক্ষেত্রে বেড়াইতে২ তিনি অন্য মূর্ত্তিতে দর্শন দিলেন তাহার
১৩ দিগকে। তাহারা ও যাইয়া কহিল তাহা বক্রির দিগকে তথাচ তাহারা প্রত্যয় করিল না তাহারদিগকে।
১৪ তাহার পর সে একাদশ ভোজনে বসিলে তিনি দর্শন দিয়া বিরক্ত করিলেন তাহারদিগকে তাহারদের অনাস্থা ও অন্তঃকরনের কাঠন্যতার কারন এ হেতু তাহারা আস্থা করিল না তাহারদিগকে যাহারা
১৫ তাঁহাকে দেখিয়া ছিল ওঠনের পরে। এবং বলিলেন তাহারদিগকে যাও সমস্ত জগত দিয়া ও মঙ্গল
১৬ সমাচার চেড়ি দেহ সমস্ত সৃষ্টির শ্রবনে। যে জন প্রত্যয় করিয়া ডুবিত হয় সে ত্রান পাইবেক কিন্তু যে
১৭ আস্থা করে না সে আকল্পনারকি হইবেক। যাহারা আস্থা করে তাহারদের এই চিহ্ন হইবে আমার নামে তাহারা ভূৎ ছাড়াইয়া ফেলিবেক তাহারা কহিবে

নূতন ভাষায় তাহারা সর্প ধরিয়া তুলিবে ও কোন
১৮ বিষ পান করিলে তাহারদের হিংসা হবেক না
তাহারা ও পীড়িতের ওপরে হাত দিলে তাহারা
সুস্থ হবেক।

১৯ তখন প্রভু তাহারদের শ্রবনে এ কথা কহিয়া লয়া
২০ গিলেন স্বর্গে ও বসিলেন ঈশ্বরের দক্ষিনে। তখন
তাহারা যাইয়া চেতি দিল প্রতি স্থানে ঈশ্বর কর্ম্ম
করিতেং তাহারদের সঙ্গে ও কথা স্থির করিতেং
পশ্চাৎ চিহ্ন দিয়া। আমেন।

মঙ্গল সমাচার লূকের রচিত

১ প্রথম পর্ব্ব

১ অনেক লোক প্রকাশ করিতে লাগিয়াছে সে প্রশঙ্গ যাহা নিঃসন্দেহ প্রত্যয় হইল আমারদের মধ্যে
২ যেমনে২ গাঁথুত হইল আমারদিগকে যে হইলাম প্রত্যক্ষ
৩ সাক্ষী ও বাক্য বক্তা সেবক আমি ও সে সকল প্রজ্ঞাত হইলে প্রথম অবধি মনে বাঞ্ছা করিলাম তোমাকে সারি২ লিখিতে তেয়ফিলস মহা মহিমহে
৪ তোমার নিঃসন্দেহ জানিবার কারন সে সকল কথা যাহাতে তোমার হিত হইয়া ছিল।

৫ য়িহোদা দেশের হেরোদ রাজার কালে ছিল আবীহার পালার এক জন যাজক তাহার নাম তথরীহা তাহার ভার্য্যা ও আহারনের সন্তান তাহার নাম
৬ আলিশেবাঁ। তাহারা ও দুই জন সাধু ঈশ্বরের গোচরে নির্দ্দোষি চলিতে২ য়িহুহার আজ্ঞা ও
৭ ব্যবস্থায়। তাহারদের অপত্য নহে একারন আলিশেবাঁ
৮ বন্ধ্যা হইল তাহারা ও দুই জন বৃদ্ধা। তাহার
৯ পালার যাজকতা কার্য্য করিতে২ ঈশ্বরের সাক্ষাত যাজকতা কার্য্যের ব্যবহারেরানুযায়ি তাহার কার্য্য ছিল

১০ সুগন্ধ পোড়াইতে য়িহুহার মন্দিরে। তৎকালে লোকের সকল মণ্ডলি বাহিরে ছিল প্রার্থনা করিতে২
১১ সুগন্ধের কালে। তখন য়িহুহার এক দূত দেখা দিল তাহাকে সুগন্ধের কুণ্ডের নিকট ডাণ্ডাইয়া।
১২ জখরীহা তাহাকে দেখিয়া ভাবনা করিল ও ত্রাস
১৩ পড়িল তাহার ওপর। কিন্তু সে দূত বলিল ভয় না জখরীহারে তোমার নিবেদন শুনা গিয়াছে ও তোমার আলিশেবাঁ বধু পুত্র প্রসব হইবে তুমি ও তাহার নাম
১৪ রাখিবা য়োহন। তোমার হইবে আনন্দ ও আহ্লাদ
১৫ তুমি ও বহু হৃষ্ট হইবা তাহার জন্ম কালে। একারন সে হইবে বড় য়িহুহার গোচরে এবং দ্রাক্ষা রস কিম্বা সুরা পান করিবে না কিন্তু হইবে ধর্ম্মাত্মা পূর্ন্নিত
১৬ তাহার মাতার গর্ব্ভাবধি। য়িশরালের সন্তানের অনেক লোককে ও ফিরাইবে য়িহুহা তাহারদের
১৭ ঈশ্বরের প্রেম্বে। একারন আলীহার আত্মা ও পরাক্রমে যাইবে তাহার অগ্রে২ পিতারদের হৃদয় ফিরাইতে অনত্যেরদের প্রেম্বে ও অনাজ্ঞাবর্ত্তিরদের হৃদয় পুকৃতার্থিকেরদের জ্ঞানেরদিগে লোককে প্রস্তুত
১৮ করিতে য়িহুহার কারন। তখন জখরীহা বলিল দূতকে আমি কেমন করিয়া ইহা জানিব একারন
১৯ আমি জীর্ন মানুষ ও আমার বধু বহু বৃদ্ধা। তখন সে দূত প্রত্যুত্তর করিয়া বলিল আমি গাব্রিএল যে ডাণ্ডাই ঈশ্বরের সাখ্যাৎ ও প্রেরিত হইয়াছি এ মঙ্গল
২০ সমাচার কহিতে তোমাকে। তুমি ও হইবা গোঙ্গা ও তোমার কহিবার শক্তি নহে এ সকল কথার প্রত্যক্ষ

দিন পর্য্যন্ত আমার কথা প্রত্যয় না করনের কারন
২১ যাহা ওচিৎ কালে প্রত্যক্ষ হইবে। লোক জখরীয়ার
কারন অপিক্ষা করিতেং চমকিৎ হইল তাহার এত
২২ গৌনের জন্য মন্দিরে। পরে সে বাহির হইয়া কথা
কহিতে পারিল না তাহারদিগকে অতএব তাহারা
বুঝিল যে সে দেখিয়া ছিল দর্শনীয় মন্দিরে সে ও
২৩ হাত চারিয়া নিঃশব্দ রহিল। তারপর তাহার সেবা
২৪ করনের দিন পূর্ন হইলে আপনার আলয়ে গেল। এ
দিনের পরে তাহার আলিশেবাঁ বধু গর্ব্ভবতি হইলে
২৫ লুকাইয়া থাকিল পাঁচ মাস কহিয়া এমন ঈশ্বর
করিয়াছেন আমাকে সে দিনে যাহাতে দেখিলেন
আমাকে আমার লজ্জা খণ্ডিতে যাহা আছে মানুষের
মধ্যে।

২৬ পরে ষষ্ঠম মাসে গাব্রিএল দূত প্রেরিৎ হইল
ঈশ্বর হইতে গালিলির এক নগরে তাহার নাম
২৭ নাজরেত এক কন্যার স্থানে যে বাগ্দত্তা হইল
দাওদের বংশের এক জনকে তাহার নাম যূসফ সে
২৮ কন্যার নাম মারিয়া। দূত তাহার স্থানে প্রবেশ
করিয়া বলিল হে তুমি বহু অনুগ্রহী জয় তোমার
য়িহহা আছেন তোমার সহিৎ নারীগনের মধ্যে বর
২৯ প্রাপ্য তুমি। সে তাহাকে দেখিলে চিন্তা করিতে
লাগিল তাহার বাক্যে ও বিবেচনা করিল এ কি প্রকার
৩০ নমস্কার। সে দূত বলিল তাহাকে ভয় না মারিয়া
৩১ তো একারন অনুগ্রহ পাইয়াছ ঈশ্বরের স্থানে দেখ
তুমি গর্ব্ভবতি হইয়া পুত্র প্রসব হইবা তাহার নাম

৩২ রাখিবা য়েশু। তিনি হইবেন মহৎ ও সর্ব্বাধ্যক্ষের পুত্র বিখ্যাত হইবে য়িহুহা ঈশ্বর দিবেন তাহার পিতা
৩৩ দাওদের সিংহাসন তাহাকে তিনি ও সদাকাল কর্তৃত্ব করিবেন য়াকুবের বংশের ওপর ও তাহার
৩৪ রাজ্যের অন্ত হইবে না। কিন্তু মারিয়া বলিল দূতকে আমি পুরুষকে জানি না সে কারন এ কেমন
৩৫ হইবে। সে দূত প্রত্যুত্তর করিয়া বলিল ধর্ম্মাত্মা আসিবে তোমার ওপর ও সর্ব্বাধ্যক্ষের পরাক্রম ছায়াইবে তোমাকে অতএব যে ধর্ম্ম জন্ম হইবে তোমার ওদরে তাহা বলিতে হইবে ঈশ্বরের
৩৬ পুত্র। দেখ তোমার আলিশেবা জ্ঞাতি ও পুত্র গর্ব্ভস্থা হইয়াছে তাহার বৃদ্ধ কালে এ ও তাহার
৩৭ ষষ্ঠম মাস যে বন্ধ্যা কহা গেল। একারন কোন
৩৮ কার্য্য ঈশ্বরের অসাধ্য নহে। পরে মারিয়া বলিল দেখ য়িহুহার দাসী যেমন তোমার কথা তেমন হওক আমার গতি। তখন দূত তাহাকে ছাড়িয়া গেল।

৩৯ সে কালে মারিয়া শীঘ্র ওঠীয়া প্রস্থান করিল পর্ব্বতে
৪০ য়িহোদার এক সহরে এবং জখরীহার ঘরে প্রবেশ করিয়া নমস্কার করিল আলিশেবাঁকে।
৪১ আলিশেবা মারিয়ার নমস্কার শুনিলে এমন হইল বালক ওল্লাসিত হইয়া লড়িল তাহার গর্ব্ভে আলিশেবা
৪২ ও হইল ধর্ম্মাত্মা পূর্ন্নিত এবং ওচ্চস্বরে চেঁচাইয়া বলিল স্ত্রী লোকের মধ্যে ধন্য তুমি ও ধন্য তোমার

৪৩ গর্ভের ফল। এই ও আমার কি যে আমার প্রভুর
৪৪ মাতা আসিয়াছেন আমার স্বস্থানে। একারন
তোমার নমস্কার শব্দ আমার কর্ন্নে সান্দাইবা মাত্র
৪৫ বালক হৃষ্ট হইয়া নড়িল আমার গর্ব্ভে। যে
জন প্রত্যয় করিল ও ধন্য সেই একারন যাহা যিশুহা
কহিলেন তাহা প্রত্যক্ষ হইবে।

৪৬ পরে মারিয়া বলিল আমার প্রান স্তব করে
৪৭ যিশ্বহাকে আমার আত্মা ও আহ্লাদ আছে ঈশ্বর
৪৮ আমার ত্রান কর্ত্তায়। তাহার দাসীর ক্ষীনত্ব
দেখিয়াছেন সে কারন এখন হইতে সকল পুরুষ
৪৯ বলিবে আমাকে ধন্য। এ নিমিত্ত যিনি পরাক্রান্ত
তিনি মহা কার্য্য করিয়াছেন আমার কারন ধন্য
৫০ তাহার নাম। যাহারা ভয় করে তাঁহাকে তাহার
৫১ দিগকে তাহার ক্ষেমা পুরুষ২ অনুক্রমে। আপনার
ভুজ দিয়া পরাক্রম দেখাইয়াছেন অহঙ্কারিরদিগকে
৫২ ছড়িয়াছেন তাহারদের নিজ মনোদ্ভবে। বলবানকে
নামাইয়াছেন তাহারদের আসন হইতে কিন্তু ওচ্চা
৫৩ করাইয়াছেন ক্ষীন ও নম্রাত্মীয়কে। ক্ষুধিতকে
ওত্তম তৃপ্তি করাইয়াছেন কিন্তু ধনবানকে কচ্ছ হস্তে
৫৪ বিদায় করিয়াছেন। তাহার অঙ্গীকার ক্ষেমা মনে
৫৫ রাখিয়াছেন তাহার য়িশরাল দাসেরদিগে যেমন
কহিয়াছেন আমারদের পিতারদিগকে আবরহাম
৫৬ ও তাহার সন্তানকে। পরে মারিয়া থাকিল মাস
তিনেক তাহার সহিৎ তারপর ফিরিয়া গেল আপনার
ঘরে।

৫৭ তখন আলিশেবাঁর প্রসব কাল পরিপূর্ন হইয়া পুত্র
৫৮ প্রসব হইল। এবং তাহার প্রতিবাসি ও জ্ঞাতিরা শুনিতি পাইল যে য়িহুহা মহা ক্ষেমা করিয়া ছিলেন তাহাকে তাহারা ও আইল আনন্দ করিতে তাহার
৫৯ সহিৎ। এমন হইল তাহারা অষ্টম দিনে বালকের তকচ্ছেদ করিতে আসিয়া রাখিল তাহার নাম জখরীহা
৬০ তাহার পিতার নামের মত। কিন্তু তাহার মাতা ওত্তর করিয়া বলিল এমন নহে তাহার নাম রাখিতে
৬১ হবে য়োহন। তাহারা প্রত্যুত্তর করিয়া বলিল তাহাকে তোমার কুটুম্বের কেহ এ নাম ধরে নাই।
৬২ তখন তাহারা ঠারিল তাহার পিতার স্থানে জানিতে
৬৩ তাহার কি নাম রাখিবার ইচ্ছা। তখন সে তক্তি মাগিয়া লিখিল তাহার নাম য়োহন। ও
৬৪ তাহারা সকল চমকিৎ হইল তাহার মুখ ও ততক্ষনে খুলা গেল ও তাহার জিহ্বার আড় ঘুচিল ও সে কথা
৬৫ কহিয়া ঈশ্বরের আশীর্ব্বাদ কহিল। তখন ত্রাস পড়িল তাহারদের সকল প্রতিবাসিরদের ওপর এবং এ সকল সমাচার গেল য়িহোদার পর্ব্বত দেশান্তরে।
৬৬ সমস্ত লোক এ কথা থুইল তাহারদের অন্তঃকরনে কহিতেং এ হইবে কি প্রকার বালক। য়িহুহার হাত ও রহিল তাহার সহিৎ।

৬৭ তাহার পিতা জখরীহা ও ধর্ম্মাত্মা পূর্ন্নিত হইয়া এ
৬৮ ভবিষ্যত বাক্য কহিতে লাগিল ধন্য য়িহুহা য়িশরালের ঈশ্বর একারন তাহার লোকের সহিৎ
৬৯ দেখা হইলে মুক্ত করিয়াছেন তাহারদিগাকে ও

ত্রানের শৃঙ্গ ওঠাইয়াছেন তাহার দাস দাওদের ঘরে
৭০ যেমত কহিয়া ছিলেন তাহার পূর্ব্ব কালের পূন্য
৭১ ভবিষ্যৎ বক্তারদের মুখ দিয়া আমারদিগাকে ত্রান
করিতে আমারদের শত্রুরদিগ হইতে ও তাহারদিগ
৭২ হইতে যাহারা ঘৃন্না করে আমারদিগাকে তাহার
ক্ষেমা করিতে আমারদের পিতৃরদিগাকে ও মনে
৭৩ রাখিতে তাহার ধর্ম্ম বন্দবস্তকে সে কিরা যাহা তিনি
৭৪ করিলেন আমারদের আবরহাম পিতাকে আমার
দিগাকে ইহা দিতে আমরা আমারদের শত্রুরদের
হাত হইতে মুক্ত হইলে তাহার সেবা নির্ভয় করিতে
৭৫ ধর্ম্মে ও প্রকৃতার্থে আমারদের সকল প্রমায়ু হে
৭৬ বালক তোমার নাম কহিতে হইবা সর্ব্বাধ্যক্ষের
ভবিষ্যৎ বক্তা একারন তুমি যাইবা য়িহহার আগে
৭৭ তাহার পন্থ প্রস্তুত করিতে ত্রানের জ্ঞান দিতে তাহার
৭৮ লোককে তাহারদের পাপ মোচন করিয়া আমারদের
ঈশ্বরের স্নেহ দিয়া যাহাতে ওপর হইতে ভোর ওদয়
৭৯ হইয়াছে আমারদের ওপর দীপ্তি করাইতে তাহার
দিগাকে যাহারা বসে অন্ধকার ও মৃত্যুর ছায়ায়
আমারদের পদ গমন করাইতে কুশলের পন্থে ।
৮০ পরে বালক বাড়িল ও বুদ্ধিমন্ত হইতেং থাকিল বনে
যাবৎ পর্য্যন্ত কাল হইল তাহাকে দেখাইতে
য়িশরালকে ।

পর্ব্ব ২ সে কালে কাইসর আগষ্টস আজ্ঞা দিলেন সমস্ত
দেশ জনাজাৎ ঘর্দ্দ করিতে । এই কিরীনিয়স

৩ সিরিয়ার অধ্যক্ষের প্রথম ফর্দ্দ লেখা তখন সমস্ত লোক গেল আপনার২ সহরে নাম লেখিয়া
৪ দিতে। যুসফ ও দাওদের পরিজন ও বংশের এক জন হইয়া গেল গালিলির নাজরেত সহর হইতে য়িহোদা দেশে দাওদের সহরে তাহার নাম বীতলহ্রম
৫ নাম লিখিয়া দিতে তাহার বরনীয়া ভায়া মারিয়ার
৬ সহিৎ যে গর্ব্ববতি হইল। সে কালে তাহারা সে খানে থাকিতে২ তাহার প্রসবের সময় পূর্ণ হইল।
৭ ও সে তাহার প্রথম জন্মিত পুত্র প্রসব হইয়া কাপড়ে জড়ইয়া থুইল তাহাকে হাড়গে একারন স্থান নাই তাহারদের কারন সেরায়ে।

৮ সে দেশে কতক রাখাল থাকিল ক্ষেত্রে তাহারদের
৯ পালের চৌকি দিয়া রাত্রে। তৎ কালে দেখ ঈশ্বরের দূত আইল তাহারদের কাছে ও ঈশ্বরের তেজ তাহারদের চতুর্দ্দিগে দীপ্তি করিল এবং তাহারা
১০ বড় ভয় করিল। তখন দূত বলিল তাহারদিগকে ভয় নাই একারন দেখ আমি বলি তোমারদিগকে মহানন্দ দাইক বড় মঙ্গল সমাচার যা সকল লোকের
১১ কারন। একারন অদ্য ত্রান কর্ত্তা এক জন তিনি
১২ খ্রিষ্ট প্রভু জন্মিয়াছেন দাওদের সহরে এই তোমার দের এক চিহ্ন তোমরা পাইবা সে বালক কাপড়ে
১৩ জড়ান ও হাড়গে শুইয়া। ততক্ষনে সে দূতের সহিৎ স্বর্গের সৈন্যের অনেক২ লোক হইল ঈশ্বরকে স্তব
১৪ করিতে২ ও বলিতে২ নাম হওক ঈশ্বরের সর্ব্বোচ্চ স্থানে ও কুশল হওক পৃথিবীতে অনুগ্রহ মানুষেরদিগে।

১৫ সে দূত লোকেরা তাহারদিগকে ছাড়িয়া স্বর্গে গেলে রাখালেরা বলিল এক জন আর এক জনকে আইস আমরা বীতলহমে যাইয়া দেখিব যাহা হইয়াছে ১৬ যাহা ঈশ্বর জানাইয়াছেন আমারদিগকে। তখন তাহারা শীঘ্র যাইয়া পাইল মারিয়া ও যুসফকে ও বালক ১৭ হাড়গে শুইয়া। তাহারা দেখিয়া প্রকাশ করিল ১৮ যাহা২ শুনিতে পাইয়া ছিল এ বালকের বিষয়। ও যাহারা শুনিল রাখালের প্রসঙ্গ তাহারা সকল চমৎ-১৯ কৃত হইল তাহাতে। কিন্তু মারিয়া মনে রাখিল ২০ ও বিবেচনা করিল সে সমস্ত কথা। তখন রাখালেরা ফিরিল ঈশ্বরের ঘোষন ও স্তব করিতে২ সে সকলের কারনে যা২ তাহারা শুনিয়া ছিল ও দেখিয়া ছিল যে মত কহিয়া গেল তাহারদিগকে।

২১ তখন বালকের তকছেদ করিবার অষ্টম দিবস পূর্ণ হইলে তাহারা রাখিল তাহার নাম য়েশু যে মত দূত রাখিল তাহা তিনি গর্ব্ভস্থ পূর্ব্বে।

২২ যখন তাহার অশুচি দিবস পূর্ণ হইল মোশার ব্যবস্থানুযায়ি তখন তাহারা য়িরোশলমে আনিল ২৩ তাহাকে ঈশ্বরের সাক্ষাৎ করিবারে ও বলি দান দিতে এক জোড়া ঘুঘু কিম্বা দুইটা কবুতরের বাচ্চা ২৪ একারন ঈশ্বরের ব্যবস্থায় লিপি আছে প্রতি পুরুষ যে গর্ব্ভ খুলে পবিত্র হইবে য়িহুহার কারন।

২৫ দেখ য়িরোশলমে ছিল এক মানুষ তাহার নাম শিমযোঁন সে হইল পুকৃতার্থিক ও পুন্যবনু অপিক্ষা করিতেং য়িশরালের মুক্তের কারন ও ধর্ম্মাত্মা হইল
২৬ তাহার ওপর ধর্ম্মাত্মা করনক ও এই প্রকাশ ছিল তাহাকে ঈশ্বরের অভিশেকি না দেখিলে তাহার
২৭ মরন হইবে না। সে জন ধর্ম্মাত্মায় মন্দিরে আইল তৎকালে পিতা মাতা য়েশু বালককে আনিল
২৮ ব্যবস্থার ব্যবহার করিতে তাহাকে। তখন সে তাহাকে হাতে লইল এবং ঈশ্বরকে স্তব করিয়া
২৯ বলিল হে ঈশ্বর এখন যেমন তোমার বাক্য তেমন
৩০ কুশলে বিদায় কর তোমার দাসকে একারন আমার
৩১ চক্ষু দেখিয়াছে তোমার ত্রানদত্ত যাহাকে প্রস্তুৎ
৩২ করিয়াছ সকল লোকের গোচরে অন্য বর্নের দীপ্তি করিবার রশ্মি ও তোমার য়িশরাল লোকেরদের
৩৩ তেজ। তারপর যুসফ ও তাহার মাতা চমৎকৃত হইল
৩৪ সে সকলে যাহা কহিয়া গেল তাঁহার বিষয়। তখন শিমযোঁন আশীর্ব্বাদ করিল তাহারদিগকে ও তাহার মাতা মারিয়াকে বলিল দেখ এই বালক নিযুক্ত হইয়াছে য়িশরালের অনেকের পড়িবার ও পুনরায় ওঠিবার জন্য
৩৫ এবং বিপরিৎ লক্ষনের কারন এক বান ও নিতান্ত বিন্ধিবে তোমার আপনার প্রানকে অনেকের মনোন্তর প্রকাশ করিবার নিমিত্ত।

৩৬ সেখানে ও ছিল এক স্ত্রী ভবিষ্যৎ বক্তা আশরের গোষ্ঠির ফানুএলের কন্যা হানা। সে অতি বুড়ী হইল এবং জাইবত্ কালাবধি সাত বৎসর স্বামীর

৩৭ সহিৎ বাস করিয়া ছিল সে হইল বিধবা বৎসর চৌরাশি এবং ঈশ্বরের ঘর ছাড়িল না কিন্তু ওপবাস ও কাম্না করিতেং রাত্রি দিন
৩৮ সেবা করিল। সে তৎকালে ভিতরে আসিয়া স্তব করিল ঈশ্বরকে ও তাহার বিষয় বলিল য়িরোশলমের সকল লোককে যাহারা ওদ্ধার অপিক্ষা
৩৯ করিল। তারপর তাহারা ঈশ্বরের ব্যবস্থানুযায়ি সকল করিয়া প্রস্থান করিল গালিলিতে আপনারদের নগর নাজরেতে।

৪০ সে বালক ও বাড়িল এবং আত্মাতে শক্ত হইয়া জ্ঞান পূর্ন্নিৎ হইল ও ঈশ্বরের অনুগ্রহ তাহারে হইল।

৪১ পেশাক্ক পর্ব্বে ও তাহার পিতা মাতা প্রতি বৎসর
৪২ য়িরোশলমে গেল। তাহার দ্বাদশ বৎসর বয়ক্রম হইলে তাহারা য়িরোশলমে গেল পর্ব্ব ব্যবাহারনুযায়ি।
৪৩ এবং সে দিবস পূর্ন্ন হইয়া তাহারা ফিরিয়া গেল কিন্তু য়েশু বালক তাহারদের পাছে থাকিল য়িরোশলমে
৪৪ যুসফ ও তাহার মাতা জ্ঞাত না হইয়া: কিন্তু ভাবিতেং যে তিনি মানব্যের মধ্যে তাহারা এক দিবসের পথ গেল পরে চেষ্টা করিল তাহাকে কুটুম্ব
৪৫ ও সখাগিনের মধ্যে। এবং তাহাকে না পাইয়া
৪৬ য়িরোশলমে ফিরিল চেষ্টা করিতেং। অতঃপর তিন দিনের অন্তে তাহারা পাইল তাহাকে স্বন্দিরে পণ্ডিৎ লোকের মধ্যে বসিয়া বাক্য শুনিতেং ও জিজ্ঞাসা

৪৭ করিতেং। যত লোক ও শুনিল তাহার কথা তত চমৎকৃত হইল তাহার বুদ্ধি ও প্রত্যুত্তরের শ্রবনে।
৪৮ তাহার পিতা মাতা তাহাকে দেখিয়া বড় চমৎকৃত হইল তখন তাহার মাতা বলিল তাহাকে হে পুত্র আমারদিগকে এই মত করিলা কেনা দেখ তোমার পিতা ও আমি দুঃখিত হইয়া চেষ্টা করিয়াছি
৪৯ তোমাকে। এবং তিনি বলিলেন তাহারদিগকে আমাকে চেষ্টা করিলা কি কারন জান না যে আমি
৫০ অবশ্য আমার পিতার কর্ম্মে হই। কিন্তু
৫১ তাহারা বুঝিল না তাহার সে কথা। তিনি তাহারদের সহিৎ যাইয়া ওত্তরিলেন নাজরেতে ও তাহারদের বাধ্য হইলেন কিন্তু তাহার মাতা এ সকল কথা অনুঃকরনে রাখিল।
৫২ পরে য়েশুর জ্ঞান ও বয়ক্রম বাড়িল তিনি ও ভগবান ও মনুষ্যের সুগ্রাহ্য হইলেন।

পর্ব্ব ৩ তিবেরিয়স কাইসরের রাজত্ব পঞ্চদশ বৎসরে পন্তিয়স পীলাত য়িহোদা দেশের কর্ত্তা ও হেরোদ গালিলির চতুর্থাংশের কর্ত্তা ও তাহার ভাই ফিলিপ ইটুরীয়া ও ত্রাখোনীতিস দেশের চতুর্থাংশের কর্ত্তা ও লিসানিয়া আবিলেনির চতুর্থাংশের কর্ত্তা হইয়া
২ আনা ও কাইয়াফা প্রধান যাজক হইয়া ঈশ্বরের কথা
৩ আইল জখরীহার পুত্র য়োহনকে আরন্যেতে। তৎপরে তিনি য়ির্দনের চতুর্দ্দিগের সমস্ত দেশে আসিয়া চেড়ি দিলেন খেদের ডুব পাপ মোচনের কারন

৪ যেমন এ কথা লিপি আছে য়িশঈহার ভবিষ্যৎ বাক্যে এক জনের রব অরন্যে চেঁচাইয়া বলিতেং ঈশ্বরের
৫ পথ সোজা কর। প্রতি নিচ স্থান পূর্ন করিতে হইবে প্রতি গিরি ও পর্ব্বত সমান করিতে হইবেক বেকাঁ সোজা করিতে হবেক ও উকড়া থাবড়া পথ
৬ সমান হবেক সকল লোক ও দেখিতে পাইবে
৭ ঈশ্বরের ত্রান। অনেক লোক ডুব পাত্তনের জন্য আইল তাহার স্থানে তখন তিনি বলিলেন তাহারদিগকে আরে তোমারা সর্পের বংশ কে পরামর্শ দিয়াছে তোমারদিগকে আগত ক্রোধ হইতে পলাইতে।
৮ অতএব খেদের উচিৎ ফল ফলো এবং মনে বলিও না আবরহাম আমারদের পিতা একারন আমি বলি তোমারদিগকে ভগবান এই পাথর হইতে উৎপন্ন
৯ করিতে পারেন আবরহামের শিশুকে। এখন গাছের মুড়ায় কুড়াল লাগে অতএব প্রতি গাছ যে ভাল ফল ফলে না তাহা কাটীয়া আগ্নিতে ফেলিতে হয়।
১০ তখন লোক তাহাকে জিজ্ঞাসা করিয়া কহিল তবে
১১ আমরা কি করিব। সে প্রত্যুত্তর করিয়া বলিল তাহারদিগকে যাহার আছে দুই বস্ত্র সে দেউক তাহাকে যাহার নাই ও যাহার খাইবার আছে সে এ
১২ তমত করুক। তখন পাটোয়ারিরা তাহার ডুব পাওনের জন্য আসিয়া বলিল গুরুহে আমরা কি
১৩ করিব। তিনি বলিলেন তাহারদিগকে তোমার দের উচিৎ পাওনের অধিক কিছু লইও না জোর
১৪ করিয়া। সেনা লোক ও তাহাকে জিজ্ঞাসা করিয়া

কহিল আমরা কি করিব। তিনি বলিলেন তাহারদিগকে কোন কাহাকে জোর করিও না কি মিথ্যা ওল্লানা করিও না ও তোমারদের মাহিনা পাইয়া সন্তুষ্ট থাক।

১৫ যাবৎ লোক অপিক্ষা করিতেছিল ও সমস্তেই অন্তঃকরনে চিন্তা করিল য়োহনের বিষয় তিনি
১৬ খ্রীষ্ট কি নহে তাবৎ য়োহন ওত্তর করিয়া বলিল তাহারদের সকলকে আমি জলে ডুবাই তোমারদিগকে সে সত্য কিন্তু আর এক জন আসিতেছেন তিনি আমা হইতে শক্তিবন্ত তাঁহার জুতা খুলিতে আমি যোগ্য নহি তিনি ডুবাইবেন তোমারদিগকে
১৭ ধর্ম্মাত্মা ও অগ্নিতে তাঁহার কুলা তাহার হাতে তিনি খুব ঝাড়িবেন তাহার খামার ও একত্তর করিবেন গোম তাহার গোলায় কিন্তু ভূষি পোড়াইবেন
১৮ অনির্ব্বানানলে। এবং আরং অনেক হিৎ কহিয়া তিনি চেড়ি দিলেন লোকের শুবনে।

১৯ কিন্তু হেরোদ চতুর্থাংশের কর্ত্তা বিরুক্ত হইয়া তাহার করনক তাহার ভাই ফিলিপের জায়া হেরোদিয়ার বিষয় এবং আরং সমস্ত মন্দ কর্ম্মের যা
২০ হেরোদ করিয়া ছিল তাহার আর সকল মন্দ কর্ম্মের অধিক ইহা করিল য়োহনকে কএদ করিল।

২১ সকল লোকের ডুব হইলে য়েশু ও ডুবিৎ হইলেন
২২ এবং কামনা করিতেং স্বর্গ খোলা গেল তখন ধর্ম্মাত্মা দর্শনীয় মূর্ত্তি ঘুঘুর মত তাঁহার ওপর নামিলেন

এক রব ও স্বর্গ হইতে শুনা গেল যাহা বলিল তুমি আমার প্রিয় পুত্র তোমারে আমার বড় তুষ্টি।
২৩ তৎকালে য়েশুর বয়ক্রম হইল বৎসর ত্রিশেক যুসফের পুত্র হইয়া যেমন মনুষ্য বুঝিল সে হেলির
২৪ পুত্র সে মাটতাতের পুত্র সে লোইর পুত্র সে মলখির
২৫ পুত্র সে যানির পুত্র সে যুসফের পুত্র সে মত্তার পুত্র সে ঙমোজের পুত্র সে নাহ্মোমের পুত্র সে
২৬ হ্মসলের পুত্র সে নাগীর পুত্র সে মাত্তের পুত্র সে মাটতের পুত্র সে শমঁয়ের পুত্র সে যুসফের পুত্র সে
২৭ য়িহোদার পুত্র সে যোহনার পুত্র সে রেসার পুত্র সে জরবাবলের পুত্র সে শলতীএলের পুত্র সে নরির
২৮ পুত্র সে মলখীর পুত্র সে ঙদির পুত্র সে যোসমের পুত্র সে আলমোদদের পুত্র সে ঙরের পুত্র সে
২৯ য়োসার পুত্র সে আলিয়েঁজরের পুত্র সে য়োরমের
৩০ পুত্র সে মত্তাতার পুত্র সে লোইর পুত্র সে শিমযোঁনের পুত্র সে য়িহোদার পুত্র সে যুসফের পুত্র সে যোনার
৩১ পুত্র সে আলিয়াঁমের পুত্র সে মলিয়ার পুত্র সে মান্নির পুত্র সে মাটতার পুত্র সে নাতনের পুত্র সে দাঙদের
৩২ পুত্র সে য়িশির পুত্র সে ঙোবেদের পুত্র সে বঙজের
৩৩ পুত্র সে শালমার পুত্র সে নাহ্শোনের পুত্র সে ঙমিনদবের পুত্র সে রামের পুত্র সে হ্মজরোনের
৩৪ পুত্র সে পরজের পুত্র সে য়িহোদার পুত্র সে যাঁকুবের পুত্র সে য়িজহ্মকের পুত্র সে আবরহামের পুত্র সে
৩৫ তরহের পুত্র সে নাহোরের পুত্র সে সারোগের পুত্র সে রঘোঁর পুত্র সে পলগের পুত্র সে ঙেবরের পুত্র

৩৬ সে শলক্ষের পুত্র সে কাইনানের পুত্র সে আর্ফযশা দের পুত্র সে শমের পুত্র সে নোক্ষের পুত্র সে লমখের
৩৭ পুত্র সে মতোশলক্ষের পুত্র সে হ্বানোখের পুত্র সে য়িরদের পুত্র সে মহললালের পুত্র সে কেননের পুত্র
৩৮ সে আনোশের পুত্র সে শেতের পুত্র সে আদমের পুত্র সে ঈশ্বরের পুত্র।

পর্ব্ব ৪ পরে য়েশু ধর্ম্মাত্মা পুর্নিৎ হইয়া য়িৰ্দ্দন ছাড়িলেন ও আত্মাকর্ষিত হইয়া গিয়াছেন অরন্যে চল্লিশ দিন সয়তানের পরিক্ষা পাইয়া। সে দিনে কিছু খাই
৩ লেন না তারপর ক্ষুধিত হইলেন। তখন সয়তান বলিল তাহাকে যদি তুমি ঈশ্বরের পুত্র তবে এই
৪ পাথরকে আজ্ঞা করিয়া রুটি কর। কিন্তু য়েশু পুত্যুত্তর করিয়া বলিলেন লিপি আছে মনুষ্য কেবল
৫ ভক্ষে বাঁচে না কিন্তু ঈশ্বরের পুতি কথায়। পরে সয়তান তাহাকে ওচ্চ পর্ব্বতের ওপরে লইয়া দেখাইল
৬ জগতের সমস্ত রাজ্য এক নিমিসে সয়তান ও বলিল তাহাকে এই সকলের শাসন ও তেজ আমি দিব তোমাকে একারন এই সকল আমার গচ্ছিতে হইয়াছে ও যাহাকে আমার ইচ্ছা তাহাকে দেই তাহা
৭ অতএব আমাকে ভজনা করিলে সমস্ত হইবে
৮ তোমার। য়েশু পুত্যুত্তর করিয়া বলিলেন তাহাকে আমার পশ্চাৎ যাও সয়তান একারন ইহা লিপি আছে য়িহ্বহা তোমার ঈশ্বরকে ভজনা কর ও তাহার
৯ সেবা কর কেবল। তারপর সে তাহাকে য়িরোশলমে

লইয়া বসাইল মন্দিরের এক কাঙ্গুরার ওপরে ও বলিল যদি তুমি ভগবানের পুত্র তবে এখান হইতে
১০ আপনি ক্ষেপন হও   একারন লিপি আছে তিনি আজ্ঞা দিবেন তাহার দূতগনকে তোমার বিষয় রক্ষা
১১ করিতে তোমাকে   ও তাহারা হাতে বহিবে তোমাকে
১২ তোমার পা পাথরে না লাগনের নিমিত্ত।   য়েশু প্রত্যুত্তর করিয়া বলিলেন ইহা ও লিপি আছে পরখিও
১৩ না য়িহুহা তোমার ঈশ্বরকে।   তখন সয়তান সকল পরিক্ষা শাঙ্গ করিয়া কিছু কাল ছাড়িল তাহাকে।——

১৪ তৎপরে য়েশু আত্মার পরাক্রমে ফিরিয়া গেলেন গালিলিতে ও তাহার বড় নাম গেল সে চতুর্দ্দিগের
১৫ দেশে।   ও তিনি সকল হইতে সুখ্যাত পাইয়া শিক্ষা
১৬ করাইলেন তাহারদের সিনগোগে।   তিনি ও আইলেন আপনার পালন স্থান নাজরেতে পরে সিনগোগে যাইয়া ডাণ্ডাইলেন পাঠ করিতে শাবত দিনে আপনার
১৭ ব্যবহারের মত।   তখন য়িশঔহার ভবিষ্যৎ বাক্য পুস্তক দেয়া গেল তাহাকে।   তাহাতে তিনি পুস্তক খুলিয়া পাইলেন সে ঠাঁই যেখানে লিপি আছে
১৮ ঈশ্বরের আত্মা আমার ওপরে একারন তিনি অভিশেক করিয়াছেন আমাকে মঙ্গল সমাচার ছেড়ি দিতে দারিদ্র লোকের শ্রবনে তিনি পাঠাইয়াছেন আমাকে সুস্থ করিতে ভাঙ্গাত্মীয়কে বন্দিতেরদের মুক্ত

এবং অন্ধ লোকের দৃষ্টি প্রাপ্য ছেড়ি দিতে চেষ্টাকে
১৯ উদ্ধার করিতে ছেড়ি দিতে ঈশ্বরের গ্রাহ্যক বৎসর।
২০ পরে পুস্তক বন্দ করিয়া ও সেবককে দিয়া বসিলেন
এবং যাহারা সিনগগে তাহারদের সকলের চক্ষু
২১ হইল তাহারদিগে। তখন তিনি কহিতে লাগিলেন
তাহারদিগকে আজি এই গ্রন্থ প্রত্যক্ষ আছে তোমারদের
২২ শ্রবনে। তাহাতে সকল লোক তাহার সাক্ষী দিল ও
চমকিৎ হইল যে অনুগ্রহী কথা শুনিয়া যা বাহিরিল
তাহার মুখ হইতে ও তাহারা বলিল এই যুসফের
২৩ পুত্র নহে। তিনি বলিলেন তাহারদিগকে তোমরা
বলিবা এ কাহিনি আমাকে কবিরাজ আপনাকে সুস্থ কর
যাহাং আমরা শুনিয়াছি কফরনহুমে তাহা এখানে
২৪ কর আপনার দেশে। তিনি ও বলিলেন সত্য
আমি বলি তোমারদিগকে কোন ভবিষ্যৎ বক্তা
২৫ আপনার দেশে গ্রাহ্য নহে। কিন্তু আমি
নিতান্ত বলি তোমারদিগকে আলীহার দিনে যখন
স্বর্গ বন্দ হইল সাড়ে তিন বৎসর ও বড় মন্বন্তর সমস্ত
দেশে তৎকালে অনেক বিধবা ছিল য়িশরাল
২৬ দেশে কিন্তু তাহারদের কোন কাহাকে আলীহা
পাঠান হইল না কেবল চীদনের এক সহরে তাহার
২৭ নাম চরেপত এক বিধবা নারীর ঠাঁই। অনেক
ব্যাধি ও ছিল য়িশরালে আলিশাঁ ভবিষ্যত বক্তার
কালে কিন্তু তাহারদের কেহ সুস্থ হইল না কেবল
২৮ নউামন আরমী। তখন যত লোক সিনগগে থাকিল
২৯ এই কথা শুনিয়া ক্রোধাভিষ্ট হইল এবং উঠিয়া

সহরের বাহিরে ঠেলিল তাহাকে ও লইয়া গেল তাহাকে সে পর্ব্বতে যাহার ওপরে তাহারদের সহর গ্রন্থিত হইল তাহাকে অধোমুখে ফেলিয়া দিতে।

৩০ কিন্তু তিনি তাহারদের মধ্য স্থান দিয়া গেলে প্রস্থান করিলেন।

৩১ এবং গালিলির কফরনহুম নগরে ওত্তরিয়া

৩২ শিক্ষাইলেন তাহারদিগকে শাবত দিনে। তিনি শাসন কথা কহিলেন সে জন্য তাহারা চমকিত হইল

৩৩ তাহার ওপদেশে। তাহারদের সিনাগোগে ও হইল

৩৪ এক জন অশুচি ভূৎ গ্রহস্থ। সে মহা চেঁচাইয়া বলিল পীড়া পীড়ি করিও না আমারদের কি কার্য্য তোমার সঙ্গে নাজরেতের য়েশুহে আসিয়াছ সংহার করিতে আমারদিগকে তোমাকে চিনি তুমি ঈশ্বরের ধার্ম্মিক

৩৫ জন। কিন্তু য়েশু তাহাকে বিরক্ত করিয়া বলিলেন চুপ কর ও তাহাকে ছাড়িয়া আইস। তাহাতে ভূৎ তাহাকে মধ্য স্থানে ফেলিয়া ছাড়িল ও কিছু হিংসা

৩৬ করিল না তাহাকে। তখন তাহারা সকলে চমৎকৃত হইয়া পরস্পর বলিল এ কি কথা তিনি শাসন ও পরাক্রমে আজ্ঞা করেন অশুচি আত্মাকে ও

৩৭ তাহারা বাহিরে যায়। ও তাহার বস্তু নাম গেল সে সকল দেশান্তরে।

৩৮ পরে তিনি সিনাগোগ ছাড়িয়া গেলেন শীমনের বাটীতে। ও শীমনের সাশুড়ি বড় জ্বরে পীড়িতা

৩৯ হইল সে কারন তাহারা কাকুতি করিল তাঁহাকে।

তখন তিনি তাহার কাছে ডাণ্ডাইলেন ও জ্বরকে বিরুক্ত করিবা মাত্র তাহা ছাড়িল তাহাকে পরে সে উঠিয়া তাহারদের সেবা করিল।

৪০ সূর্য্য অস্তগত হইলে যত লোকের হইল নানা প্রকার রোগি ও পীড়িৎ২ তাহারা আনিল তাঁহার কাছে ও তিনি হাতের স্পর্শনে সুস্থ করিলেন প্রতি জনকে।

৪১ ভূৎ২ ও অনেক লোককে ছাড়িয়া গেল চেঁচাইয়া বলিতেং তুমি খ্রীষ্ট ঈশ্বরের পুত্র। কিন্তু তিনি তাহার দিগকে বিরুক্ত করিয়া বলিতে দিলেন না এ কারন

৪২ তাহারা জানিল তিনি খ্রীষ্ট। প্রভাত হইলে তিনি সে স্থান ছাড়িয়া গেলেন অরন্যে। তখন লোক চেষ্টা করিতেং আইল তাঁহার কাছে ও তাহাকে বিলম্ব

৪৩ করাইল তিনি তাহার দিগকে না ছাড়িবার কারন। ও তিনি বলিলেন তাহারদিগকে আমার আবশ্যক আছে ভগবানের রাজ্য চেড়ি দিতে অন্য সহরে

৪৪ তেকারন আমি পাঠান হইয়াছি। এবং তিনি চেড়ি দিলেন গালিলির সিনাগগ

পর্ব্ব ৫ অনেক লোক তাহাকে চাপিল ভগবানের কথা শুনিতে সে কারন তিনি ডাণ্ডাইলেন গনসর বিলের

২ নিকট দুই নৌকা বন্দ থাকিল যাহা হইতে মাছুয়া

৩ গিয়া ছিল জাল ধুইবারে তাহা দেখিয়া তিনি এক নৌকার উপর গেলেন তাহা শীমনের ও তাহাকে বলিলেন কিনারা ছাড়িয়া কিছু দুর যাইতে। পরে

৪ তিনি বসিয়া শিখাইলেন লোকের দিগকে নৌকা

৫ হইতে। সে কথা শান্ত হইলে তিনি শীমনকে বলিলেন গভীরে যাইয়া জাল ফেলিও ক্ষেপের নিমিত্ত।
৬ শীমন প্রত্যুত্তর করিয়া বলিল তাহাকে গুরু আমরা সমস্ত রাত্রি মিহনৎ করিয়া কিছুই ধরিলাম না কিন্তু
৭ তোমার আজ্ঞায় জাল ফেলিব। ও তাহা করিলে বিস্তরং মৎস্য ধরিল তাহাতে জাল ছিড়িল। তখন তাহারদের সহকারিকে ঠারিল যাহারা হইল অন্য নৌকায় আসিয়া উপকার করিতে তাহারদিগকে। তাহারা ও আসিয়া পূর্ন্ন করিল দুই নৌকা তাহাতে
৮ ডুবিতে লাগিল। শীমন পিতর তাহা দেখিয়া পড়িল য়েশুর হাঁটুতে বলিতেং হে ঈশ্বর আমি পাপি
৯ মানুষ তেকারণ আমা হইতে যাও। একারণ সে ও তাহার সহিৎ সমস্তে ডরে চমৎকৃত হইল সে
১০ মৎস্যের ক্ষেপতে তাহা ধরা গেল সে মত ও জেবদির দুই পুত্র যাঁকুব ও য়োহন যাহারা ছিল শীমনের ভাগী। তখন য়েশু বলিলেন শীমনকে ভয়
১১ নাই ইহার পরে মনুষ্যকে ধরিবা। যখন তাহারা নৌকা কেনারায় লাগিয়া ছিল তখন তাহারা সকল ত্যাগ করিয়া গেল তাহার সহিৎ।

১২ ইহার পরে তিনি এক সহরে আইলে এক জন মহাব্যাধি পূর্ন্নিৎ হইল সে জন য়েশুকে দেখিয়া মুখে পড়িল ও বিলাপ কহিতেং বলিল ঈশ্বর যদি তোমার ইচ্ছা তবে শুচি করিতে পার আমাকে।
৩৯ ভোগ করিয়াছ তাহারদের কার্য্য। তখন সে সহরের বহু শমরনীরা বিশ্বাস করিল তাঁহাকে সে নারীর বচনের জন্য যে এই প্রমান বলিল তিনি কহিলেন আমাকে সকল কার্য্য যা আমি কোন কালে করিলাম।
৪০ অতএব শমরনীরা তাহার স্থানে আসিয়া নিবেদন করিল তাঁহাকে তাহারদের সাতে বাস করিতে
৪১ তাহাতে তিনি থাকিলেন সে স্থানে দুই দিবস। তখন আর অনেক লোক আস্থা করিল তাহার আপনার
৪২ কথার কারন এবং বলিল সে নারীকে এখন আমরা আস্থা করি তোমার কথার জন্য নহে একারন আমরা আপনারা শুনিয়া জানি ওনি আছেন নিতান্ত খ্রীষ্ট এ জগতের ত্রান কর্ত্তা।

৪৩ আর দুই দিবসের পর তিনি সে স্থান ছাড়িয়া
৪৪ গালিলিতে গেলেন। একারন য়েশু আপনি এ প্রমান দিলেন ভবিষ্যৎ বক্তার সম্ভ্রম নহে আপনার দেশে।
৪৫ পরে তিনি গালিলিতে আসিয়া যাহারা দেখিয়া ছিল সমস্ত কার্য্য যাহা তিনি করিলেন য়িরোশলমে পর্ব্বের সময় সে গালিলীরা আল্হাদ করিয়া মর্য্যাদা করিল তাহাকে একারন তাহারা ও পর্ব্বে গেল।
৪৬ অতঃপরে য়েশু পুনর্ব্বার ওত্তরিলেন গালিলির কানায় যেখানে জল করিয়া ছিলেন দ্রাক্ষা রস। এবং খাফরনহুমে ছিল এক জন মহৎ যাহার পুত্র

৪৭ পীড়িৎ হইল সে জন তাহার নিকট যাইয়া কাকুতি করিল তাঁহাকে সেখানে যাইতে ও সুস্থ করিতে তাহার
৪৮ পুত্রকে একারন তাহার মৃত্যু কাল হইল। তাহাতে য়েশু বলিলেন তাহাকে তোমরা চিহ্ন ও আশ্চর্য্য না
৪৯ দেখিলে আস্থা করিবা না। সে মহৎ লোক বলিল তাঁহাকে মহাশয় আইস আমার পুত্রের মরনের
৫০ পূর্ব্বে। য়েশু বলিলেন তাহাকে যাও তোমার পুত্র বাঁচে। তখন সে মানুষ আস্থা করিল সে কথা যাহা
৫১ য়েশু কহিয়া ছিলেন তাহাকে ও চলি গেল। যাইতেং তাহার দাসেরা দেখা করিল তাঁহার সহিৎ এবং
৫২ বলিল তোমার পুত্র আরাম হইয়াছে। অতএব সে জিজ্ঞাসা করিল কত বেলায় আরাম পাইতে ধরিল। তাহারা বলিল তাহাকে কল্য দুই প্রহর আড়াই দণ্ড জ্বর
৫৩ ছাড়িল তাহাকে। অতএব সে পিতা জানিল এ হইল সে দণ্ডে যাহাতে য়েশু বলিয়া ছিলেন তাহাকে তোমার পুত্র বাঁচে অতএব সে ও তাহার বাটীর সমস্ত লোক
৫৪ আস্থা করিল। এই পুনর্ব্বার সে দ্বিতীয় আশ্চর্য্য যা য়েশু করিবেন যখন তিনি আসিয়া ছিলেন য়িহোদা দেশ হইতে গালিলিতে।

পর্ব্ব তারপর য়িহোদীরদের এক পর্ব্ব হইল য়েশু
৫ গেলেন য়িরোশলমে। য়িরোশলমের মেষ বাজারে এক পুষ্করিণী আছে যাহার এব্রি নাম বীতস্কেসদা সে
৩ পুকরের পাঁচ ঘাট আছে। তাহার মধ্যে থাকিল বহু পীড়িৎ লোক অন্ধ খোঁড়া নুলা জলের লড়ন

৪ অপিক্ষা করিতেং। একারন এক দূত নিরূপিত কালে পুষ্করিণিতে নামিয়া জল লড়াইল জল লড়নের পরে যে কেহ নামিল প্রথম সে আরাম পাইল তাহার
৫ যে কোন প্রকার পীড়া হইত। সেখানে ছিল এক জন
৬ আটত্রিশ বৎসর দুর্ব্বল। য়েশু জানিলেন যে তাহার এ পীড়া বহু কাল হইল অতএব তাহাকে শয়নে
৭ দেখিয়া বলিলেন আরাম হইতে চাহ। সে পীড়িত প্রত্যুত্তর করিল তাঁহাকে মহাশয় যখন জল লড়ে তখন আমার কেহ নহে আমাকে নামাইতে পুষ্করিণিতে আমি ও যাইতেং আর কেহ নামে আমার পূর্ব্বে।
৮ য়েশু বলিলেন তাহাকে ওঠ তোমার বিছানা তুলিয়া
৯ চল। সে মানুষ সত্ত্বর আরাম হইল এবং তাহার বিছানা তুলিয়া চলি গেল। এই হইল শাবত দিনে।
১০ অতএব য়িহোদীরা বলিল তাহাকে যে আরাম পাইয়া
১১ ছিল শাবত দিন আছে বিছানা বহিতে অকর্ত্তব্য সে প্রত্যুত্তর করিল তাহারদিগকে যিনি আরাম করাইলেন আমাকে তিনি বলিলেন তোমার বিছানা তুলিয়া চল
১২ পরে তাহারা জিজ্ঞাসা করিল তাহাকে সে মানুষ কেডা যে বলিল তোমাকে তোমার বিছানা তুলিয়া চল।
১৩ যে জন আরাম পাইয়া ছিল সে জানিল না কেডা একারন য়েশু সে স্থান ছাড়িয়া গিয়া ছিলেন অনেক
১৪ লোক সেখানে হইয়া। তৎপরে য়েশু তাহাকে মন্দিরে পাইয়া বলিলেন দেখ তুমি আরাম পাইয়াছ আর কখন পাপ করিও না কি জানি তোমার ইহা
১৫ হইতে দুর্ভাগ্য হইবে। সে মানুষ যাইয়া কহিল

য়িহোদীয়দিগকে যে য়েশু সে জন যিনি তাহাকে
১৬ আরাম করাইয়া ছিলেন। অতএব য়িহোদীরা বিপক্ষতা
করিল ও চাওরিল বধ করিতে য়েশুকে একারন এ
কার্য্য করিয়া ছিলেন শাবত দিনে।
১৭ কিন্তু য়েশু প্রত্যুত্তর করিলেন তাহারদিগকে আমার
১৮ পিতা এখন পর্য্যন্ত কার্য্য করেন আমি ও করি অতএব
য়িহোদীরা আর চেষ্টা করিল বধ করিতে তাহাকে
একারন তিনি শাবতকে ব্যবহারি করিয়া ছিলেন না
কেবল কিন্তু বলিয়া ছিলেন ঈশ্বর তাহার পিতা
১৯ আপনাকে ঈশ্বরের সমান করিয়া। অতএব য়েশু
প্রত্যুত্তর করিয়া বলিলেন তাহারদিগকে সত্যং আমি
বলি তোমারদিগকে পুত্র আপনার যোগ্যতায় কিছু
করিতে পারে না কিন্তু যাহা দেখে পিতা করিতেছেন
একারন যে কার্য্য তিনি করেন সেই ও পুত্র করে সে মত।
২০ পিতা পুত্রকে প্রেম করেন ও যে সমস্ত তিনি আপনি
করেন তাহা দেখান তাহাকে তিনি ও দেখাইবেন
তাহাকে ইহা হইতে বড় কার্য্য তোমারদের চমৎকিৎ
২১ হওনের জন্য। যে মত পিতা উঠান ও জীবান
মৃত্যুরদিগকে সে মত পুত্র ও জীবান যে কাহাকে
২২ ইচ্ছা করে। একারন পিতা কোন কাহাকে
বিচার করেন না কিন্তু সমস্ত বিচার গচ্ছিত করিয়াছেন
২৩ পুত্রকে সমস্ত লোক পিতার মত পুত্রকে সম্ভ্রম
করনার্থে। যে কেহ সম্ভ্রম না করে পুত্রকে
সে ও সম্ভ্রম করে না পিতাকে যিনি পাঠাইয়াছেন

২৪ তাহাকে। সত্যং আমি বলি তোমারদিগকে যে কেহ আমার কথা শুনিয়া আস্থা করে তাঁহাকে যিনি পাঠাইয়াছেন আমাকে তাহার আছে অনন্ত প্রমায়ু এবং দোষাঘাতে পড়িবে না কিন্তু মৃত্যু ছাড়িয়া জীবনে
২৫ গিয়াছে। সত্যং আমি বলি তোমারদিগকে সে দণ্ড আসিতেছে এখন ও হইয়াছে যাহাতে মৃত্যু মানুষেরা শুনিতে পাইবে ঈশ্বরের পুত্রের রব ও
২৬ যাহারা শুনে তাহারা বাঁচিবেক। একারন যে মত পিতা আছেন স্বয়ংজীবী সে মত স্বয়ংজীবী হইতে
২৭ দিয়াছেন পুত্রকে। তিনি ও মনুষ্যের পুত্র হইয়া
২৮ তাহাকে বিচার করনার্থে পরাক্রম দিয়াছেন। ইহাতে চমৎকৃত হইও না একারন সে দণ্ড আসিতেছে যাহাতে
২৯ সমস্ত যাহারা কবরে হইয়াছে তাহারা তাহার রব শুনিবে ও যাহারা ভাল ক্রিয়া করিয়াছে তাহারা বাহিরে আসিবে জীবনের পুনরুত্থানের জন্য কিন্তু
৩০ যাহারা দুষ্ট করিয়াছে দোষাঘাতের পুনরুত্থানের জন্য। আমি আপনার য়োগ্যতায় কিছু করিতে পারি না যেমন শুনি তেমন বিচার করি এবং আমার বিচার প্রকৃত একারন আমি আপনার ইচ্ছা চেষ্টা করি না কিন্তু পিতার ইচ্ছা যিনি পাঠাইয়াছেন আমাকে।——

৩১ যদি আমি প্রমান দেই আপনার বিষয় তবে আমার
৩২ প্রমান সত্য নহে আর এক আছে যিনি প্রমান দিতেছেন আমার বিষয় আমি ও জানি সে প্রমান সত্য
৩৩ যাহা দিতেছেন আমার বিষয়। তোমরা পাঠাইলা য়োহনের ঠাঁই এবং সে প্রমান দিল সত্যতার বিষয়।

৩৪ আমি প্রমান লই না মানুষ হইতে কিন্তু আমি ইহা
৩৫ বলি তোমারদের ত্রানের নিমিত্ত । সে হইল এক প্রজ্বলিৎ ও তেজ যুক্ত প্রদীপ এবং তোমরা ঐচ্ছুক ছিলা
৩৬ কিছু কাল আনন্দ করিতে তাহার আলোতে । কিন্তু আমার প্রমান আছে য়োহনের প্রমান হইতে বড় একারন যে কার্য্য পিতা দিয়াছেন আমাকে পূর্ন্ন করিতে যেই কার্য্য আমি করি সেই প্রমান দেয় আমার বিষয়
৩৭ যে পিতা পাঠাইয়াছেন আমাকে । পিতা ও যিনি পাঠাইয়াছেন আমাকে তিনি আপনি প্রমান দিয়াছেন আমার বিষয় তোমরা তাঁহার রব কথন শুনিলা
৩৮ না ও তাঁহার মূর্ত্তি দেখিলা না । তাঁহার বাক্য ও তোমারদের মধ্যে নহে একারন যে জন তিনি পাঠাইয়াছেন তাঁহাকে তোমরা আস্থা
৩৯ কর না । ধর্ম্ম গ্রন্থকে তজবিজ কর একারন তাহার মধ্যে তোমরা বুঝ অনন্ত পরমায়ু আছে তাহা ও সেই
৪০ যে প্রমান দেয় আমার বিষয় । কিন্তু তোমরা আসিতে চাহ না আমার স্থানে জীবনের কারন ।
৪১ আমি লই না সম্ভ্রম মানুষের ঠাঁই । কিন্তু আমি
৪২ জানি তোমারদিগকে তোমারদের মধ্যে ঈশ্বরের
৪৩ প্রেম নহে । আমি আইলাম আমার পিতার নামে ও তোমরা আমাকে গ্রহন করিলা না । যদি আর কেহ আইসে আপনার নামে তাহাকে তোমরা গ্রহন
৪৪ করিবা । তোমরা সম্ভ্রম লইতে২ এক জন আর এক জনের ঠাঁই ও যে সম্ভ্রম ঈশ্বর হইতে কেবল চেষ্টা
৪৫ না করিয়া আস্থা করিতে পার কেমনে । মনে করিও

না যে আমি ওল্লানা করিব তোমারদিগকে পিতার স্থানে এক জন আছে যে ওল্লানা করিবে তোমার দিগকে তিনি মোশা যাহারে তোমরা বিশ্বাস কর।
৪৬ তোমরা মোশাকে আস্থা করিলে আস্থা করিতা আমাকে একারন সে লেখিল আমার বিষয়।
৪৭ কিন্তু যদি তোমরা প্রত্যয় কর না তাহার লেখন তবে কেমনে প্রত্যয় করিবা আমার কথা।

পর্ব্ব ৬ ইহার পর য়েশু গালিলির তিবেরিয়া সমুদ্র পার হইলেন। তখন বড় মানষ্য তাহার পশ্চাৎ বর্ত্তি হইল তাহার আশ্চর্য্য দেখিলে যাহা করিলেন
৩ পীড়িতের ওপর। পরে য়েশু এক পর্ব্বতের ওপর
৪ যাইয়া বসিলেন তাহার শিষ্যেরদের সহিৎ। হেন কালে য়িহোদীরদের পেশাক্ক পর্ব্ব নিকট হইল।
৫ য়েশু ওর্দ্ধ দৃষ্টি করিয়া দেখিলেন বড় মানষ্য তাহার দিগে আসিতেং তখন তিনি বলিলেন ফিলিপকে এ সকলের খাইবার কারন রুটি ক্রয় করিব কোথায়
৬ তিনি ইহা বলিলেন তাহার পরিক্ষা লইতে এহারে।
৭ আপনি জানিলেন কি করিতে। ফিলিপ প্রত্যুত্তর করিল তাহাকে পাঁচ শত শুকার রুটি হবে না তাহার
৮ দের প্রতি জন অল্পং লইতে। তাহার শিষ্যেরদের এক জন শীমন পিতরের ভাই আন্দ্রু বলিল তাহাকে এক
৯ ছোক্রা এখানে যাহার আছে পাঁচটা যবের রুটি। ও দুইটা মৎস্য কিন্তু তাহা কি হইবে এত লোকের জন্য।
১০ য়েশু বলিলেন লোককে বসাও। অনেক ঘাশ সে

স্থানে হইল অতএব তাহারা বসিল জন সহশ্র
১১ পাঁচেক। তখন য়েশু সে রুটি লইলেন এবং স্তব
করিয়া ভাগং করিলেন ও তাহা দিলেন শিষ্যেরদিগকে
ও শিষ্যেরা দিল লোকেরদিগকে এবং মৎস্য ও যত
১২ চাহিল। তাহাতে পরিতোষ হইয়া তিনি বলিলেন
তাহার শিষ্যরদিগকে সকল ওব্বর্ত্ত গুঁড়া গাঁড়া কুড়াও
১৩ তাহাতে কিছু অপচয় না হয়। অতএব তাহারা
সকল একত্তর করিয়া পূর্ণ করিল দ্বাদশ ডালা সে
পাঁচটা যবের রুটির ওব্বর্ত্ত চুর দিয়া যাহা থাকিল
১৪ লোকের ভোজনের পর। সে মনুষ্যেরা য়েশুর
এ আশ্চর্য্য কার্য্য দেখিয়া বলিল এই নিতান্ত সেই
ভবিষ্যৎ বক্তা যাহার জগতে আগমন অপিক্ষা হইয়া
১৫ ছিল। লোক আসিতে চাহিল জোর করিয়া রাজা
করাইতে তাহাকে অতএব য়েশু তাহা জাত হইয়া একা
গেলেন পর্ব্বতের ওপর পুনর্ব্বার।

১৬ সন্ধ্যা কালে তাঁহার শিষ্যগন সমুদ্রের তিরে গেল
১৭ এবং ডিঙ্গায় চড়িয়া সমুদ্রের পার হইতে লগিল
খাফরনহুমের দিগে তখন অন্ধকার হইলে
১৮ য়েশু আসিয়া ছিলেন না তাহারদের স্থানে। তৎ
১৯ কালে মহা বায়ু বহিতেং সমুদ্রের ঢেও হইল। তখন
তাহারা দাঁড় বাহিতেং ক্রোশ দুই তিনেক চলিয়া
দেখিল য়েশুকে হাঁটিতেং সমুদ্রের ওপর ও ডিঙ্গায়
নিকট আসিতেং অতএব তাহারা ভয় করিল। কিন্তু
২০ তিনি বলিলেন তাহারদিগকে এই আমি ভয় নাই।
২১ তবে তাহারা আনন্দিত হইয়া লইল তাহাকে ডিঙ্গায়

এবং তাহারা সত্তর ওপস্থিৎ হইল সে স্থানে যাহাতে তাহারদের গমন।

২২ পর দিনে যে লোক ডাণ্ডাইল সমুদ্রের ও পার দেখিতে পাইল সেখানে আর কোন নৌকা নাহি সে একটা বিনা যাহাতে তাঁহার শিষ্যেরা গিয়া ছিল এবং য়েশু তাহার শিষ্যেরদের সহিৎ গেলেন না কিন্তু কেবল

২৩ তাহার শিষ্য আর নৌকা আইল তিবেরিয়া হইতে সে স্থানের নিকট যাহাতে তাহারা রুটি খাইয়া ছিল

২৪ প্রভু স্তব করনের পরে য়েশু কিম্বা তাঁহার শিষ্যেরা সে স্থানে নহে তাহা লোক দেখিতে পাইলে ডিঙ্গায় চড়িয়া ওত্তরিল খাফরনহুমে য়েশুকে চেষ্টা করিতে২।

২৫ তখন তাহারা সমুদ্রের ও পার তাহার সহিৎ সাখ্যাৎ

২৬ হইলে বলিল রাব্বি কখন আইলেন এখানে। য়েশু প্রত্যুত্তর করিয়া বলিলেন তাহারদিগকে সারোদ্ধার আমি বলি তোমারদিগকে তোমরা সে আশ্চর্য্য দেখিলে সেকারন চেষ্টা কর না আমাকে কিন্তু একারন রুটি

২৭ খাইয়া তৃপ্তি হইল। শ্রম করিও না ক্ষয় ভক্ষ্যের জন্য কিন্তু সে ভক্ষ্যের জন্য যে থাকে অনন্ত প্রমায়ু পর্য্যন্ত যাহা মানুষের পুত্র দিবেন তোমারদিগকে একারন ঈশ্বর পিতা মহরে চপাইয়াছেন তাহাকে।

২৮ তখন তাহারা বলিল তাঁহাকে ঈশ্বরের ক্রিয়া করিতে

২৯ কি করিব। য়েশু প্রত্যুত্তর করিয়া বলিলেন তাহার দিগকে এ ঈশ্বরের ক্রিয়া আস্থা করিতে তাহারে

৩০ যাহাকে তিনি পাঠাইয়া দিয়াছেন। অতএব তাহারা বলিল তাঁহাকে কি চিহ্ন দেখাইতেছ আমার দেখন ও

তোমাকে আস্থা করনার্থে তুমি কি করিতেছ।
৩১ আমারদের পিতৃ লোক মান্ন খাইল অরন্যে যেমন লিপি আছে তিনি দিলেন তাহারদিগকে ভোজন করি
৩২ বার দ্রব্য স্বর্গ হইতে। তখন য়েশু বলিলেন তাহার দিগকে সত্যং আমি বলি তোমারদিগকে মোশা দিলেন না তোমারদিগকে সে ভক্ষ্য স্বর্গ হইতে কিন্তু আমার পিতা দিতেছেন তোমারদিগকে সত্য ভক্ষ্য স্বর্গ
৩৩ হইতে। একারন যিনি স্বর্গ হইতে নামিয়া জীবন
৩৪ দেন জগতকে তিনি ঈশ্বর দত্ত ভক্ষ্য। অতএব তাহারা বলিল তাহাকে প্রভুহে এই ভক্ষ্য দহে আমার
৩৫ গিদকে নিত্য। য়েশু বলিলেন তাহারদিগকে আমি জীবনের ভক্ষ্য যে কেহ আমার স্থানে আইসে সে কখন ক্ষুধিৎ হইবে না ও যে কেহ বিশ্বাস করে
৩৬ আমারে সে কখন তৃষ্ণিত হইবে না। কিন্তু আমি ইহা বলিয়াছি তোমারিদগকে তোমরা আমাকে দেখিলে
৩৭ আস্থা কর না। যাহারদিগকে পিতা দিয়াছেন আমাকে তাহারা সকল আসিবে আমার স্থানে এবং য কেহ আইসে আমার ঠাঁই তাহাকে আমি কোন
৩৮ মতে বাহিরে ফেলিব না একারন আমি নামিলাম স্বর্গ হইতে আপনার ইচ্ছা করিবার কারন নহে কিন্তু
৩৯ তাহার ইচ্ছা যিনি পাঠাইলেন আমাকে। এই পিতার ইচ্ছা যিনি পাঠাইলেন আমাকে আমি তাহারদের কিছু না হরাইতে যাহা তিনি দিয়াছেন আমাকে কিন্তু সমস্ত
৪০ উত্থান করিতে শেষ দিনে। যিনি পাঠাইলেন আমাকে তাহার ও এ ইচ্ছা প্রতি জন যে পুত্রকে দেখিয়া বিশ্বাস

করে সে জন পাইতে অনন্ত পরমায়ু ও আমি জীবাইব তাহাকে শেষ দিনে।

৪১ তাহাতে য়িহোদীরা কচ্‌চ করিল তাহার ঠাঁই এ কারন তিনি বলিয়া ছিলেন আমি সে ভক্ষ্য যাহা
৪২ নামিল স্বর্গ হইতে। ও তাহারা বলিল এ যুসফের পুত্র য়েশু নহে যাহার পিতা মাতাকে আমরা জানি তবে সে কেমন বলে আমি স্বর্গ হইতে নামিলাম।
৪৩ অতএব য়েশু প্রত্যুত্তর করিয়া বলিলেন তাহারদিগকে
৪৪ পরস্পর কচ্‌চ করিও না। কোন কেহ আমার ঠাই আসিতে পারে না পিতা যিনি পাঠাইলেন আমাকে তাহাকে না টানিলে ও আমি জীবাইব তাহাকে শেষ
৪৫ দিনে। ভবিষ্যৎ বাক্যে ইহা লিপি আছে তাহারা সমস্ত হইবে ঈশ্বরের শিক্ষিৎ। অতএব প্রতি জন যে শুনে ও শিক্ষে পিতার স্থানে সে আইসে আমার
৪৬ ঠাঁই। কোন কেহ পিতাকে দেখিতে পায় নাহি সে জন ব্যতিরেক যে আছে ঈশ্বর হইতে সেই পিতাকে
৪৭ দেখিয়াছে। সত্য আমি বলি তোমারদিগকে যে কেহ আস্থা করে আমারে তাহার আছে অনন্ত পরমায়ু।
৪৮ আমি জীবনের আহার। তোমারদের পিতৃগন মান্
৪৯ খাইল অরন্যে ও তাহারা মৃত্যু হইয়াছে। এই সে
৫০ ভক্ষ্য যে স্বর্গ হইতে আইসে এ হেতু মানুষ তাহা
৫১ খাইয়া মরিবে না। আমি সে অমৃত আহার যাহা আইল স্বর্গ হইতে যদি কেহ এ ভক্ষ্য খায় তবে সে বাঁচিবে সদা কাল এবং যে আহার আমি দিব তাহা আমার মাংস যাহা আমি দিব এ জগতের জীবনের জন্য।

৫২ অতএব য়িহোদীরা পরস্পর কন্দল করিল বলিতেং এ মানুষ আপনার মাংস খাইবারে দিতে পারে
৫৩ কেমনে। তাহাতে য়েশু বলিলেন তাঁহারদিগকে মানুষের পুত্রের মাংস না খাইলে ও তাহার রক্ত না
৫৪ পীলে তোমারদের কিছু জীবন নহে। যে কেহ আমার মাংস খায় ও আমার রক্ত পীয়ে তাহার আছে অনন্ত পুরায়ু ও আমি উঠাইব তাহাকে শেষ
৫৫ দিনে। একারন আমার মাংস নিশ্চয় ভক্ষ্য ও
৫৬ আমার রক্ত নিশ্চয় পানীয়। যে কেহ আমার মাংস খায় ও আমার রক্ত পীয়ে সে থাকে আমার
৫৭ মধ্যে ও আমি তাহার মধ্যে। যে মত জীবৎ পিতা আমাকে পাঠাইয়াছেন ও আমি বাঁচি পিতার করনক সে মত যে কেহ খায় আমাকে সে ও বাঁচিবে
৫৮ আমার করনক। এই সে ভক্ষ্য যে নামিল স্বর্গ হইতে যে মত তোমারদের পিতৃগন মান খাইয়াছে ও মরা হইয়াছে তেমন নহে যে কেহ এ ভক্ষ্য খায় সে বাঁচিবে সদাকাল।

৫৯ তিনি শিক্ষা করাইতেং খাফরনহুমে বলিলেন এ
৬০ বাক্য সিনগাগে। অতএব তাঁহার অনেক জন শিষ্য তাহা শুনিয়া বলিল এই কঠিন কথা কেডা
৬১ শুনিতে পারে তাহা। য়েশু আপনার মধ্যে জ্ঞাত হইয়া যে তাহার শিষ্যগন ইহার বিষয় কচং করিল
৬২ বলিলেন তাহারদিগকে এ তোমারদের বাধক। যদি তোমরা দেখ মানুষের পুত্র ওপর যায় তাহার পূর্ব্ব

৬৩ স্থানে আত্মা জীবায় মাংস কিছু প্রাপ্তি দেয় না যে কথা আমি বলি তোমারদিগকে সে কথা আত্মা

৬৪ এবং জীবন। কিন্তু তোমারদের কেহং আছে যে আস্থা করে না। একারন য়েশু প্রথমাবধি জানিলেন কাহারং ভক্তি নহে এবং কেডা দাগাবাজি

৬৫ গাচ্ছিৎ করিবে তাহাকে। অতএব তিনি বলিলেন এ নিমিত্ত আমি বলিলাম তোমারদিগকে আমার পিতৃ দত্ত না হইলে কোন কেহ আমার ঠাঁই আসিতে

৬৬ পারে না। সে কালাবধি তাহার অনেক শিষ্য

৬৭ ফিরিয়া আর গেল না তাহার সহিৎ। তাহাতে

৬৮ য়েশু বলিলেন দ্বাদশকে তোমরা ও যাবা। শীমন পিতর প্রত্যুত্তর করিল তাহাকে প্রভু আমরা কাহার

৬৯ ঠাঁই যহিব অনন্ত প্রমায়ুর কথা তোমার। আমরা ও আস্থা করি এবং ধ্রুব জানি তুমি খ্রীষ্ট অমর

৭০ ঈশ্বরের পুত্র। য়েশু প্রত্যুত্তর করিলেন তাহার দিগকে আমি পছন্দ না করিয়াছি তোমরা দ্বাদশ জনকে কিন্তু তোমারদের এক জন আছে সয়তান।

৭১ তিনি কহিলেন শীমনের পুত্র য়িহোদা স্কারিওটার বিষয় একারন সেই দ্বাদশের এক জন হইয়া দাগাবাজি গাচ্ছিৎ করিবে তাহাকে।

পর্ব্ব ইহার পরে য়িহোদীরা য়েশুকে বধ করিতে চাহিল

৭ সে নিমিত্ত তিনি আর বেড়াইতে চহিলেন না য়িহোদা

২ দেশে কিন্তু বেড়াইলেন গালিলেতে। তৎকালে য়িহোদীরদের তাম্বু বাস করন পর্ব্ব নিকট হইল।

৩ তখন তাহার ভ্রাতাগন বলিল তাঁহাকে এ স্থান ছাড়িয়া যাও য়িহোদা দেশে তোমার শিষ্য তোমার ক্রিয়া
৪ দেখনার্থে একারন কোন কেহ গুপ্ত কার্য্য করিয়া খ্যাত হইতে চাহে আপনি। যদি এ কার্য্য কর
৫ তবে প্রকাশ কর আপনাকে জগতে। একারন
৬ তাহার ভ্রাতারা আস্থা করিল না তাঁহাকে। তখন য়শু বলিলেন তাহারদিগকে আমার কাল এখন নহে
৭ কিন্তু তোমারদের সময় সদত আছে। জগত ঘৃন্না করিতে পারে না তোমারদিগকে কিন্তু তাহা ঘৃন্না করে আমাকে একারন আমি প্রমান দিতেছি যে তাহার
৮ কার্য্য দুষ্ট। তোমরা যাও এ পর্ব্বে আমি এখন যাই না এ পর্ব্বে একারন আমার কাল এখন পূর্ন্ন
৯ নহে। তিনি এ কথা তাহারদিগকে কহিয়া থাকিলেন গালিলিতে

১০ কিন্তু তাহার ভ্রাতা গেলে তিনি ও গেলেন পর্ব্বে
১১ প্রকাশ নহে কিন্তু গুপ্ত মত। তখন য়িহোদীরা তাঁহাকে পর্ব্বে তল্লাস করিয়া বলিল সে কোথায়।
১২ লোকের পরম্পর বড় কচ২ ও হইল তাঁহার বিষয় একারন কেহ২ বলিল তিনি ভাল মানুষ। আর২ লোক বলিল নহে সে ফাঁকি দেয় লোকেরদিগকে।
১৩ কিন্তু য়িহোদীরদের ভয়েতে কেহ প্রকাশ কথা কহিল না তাঁহার বিষয়।

১৪ পর্ব্বের মধ্যে কালে য়েশু মন্দিরে যাইয়া শিক্ষা
১৫ করাইলেন। তখন য়িহোদীরা চমৎকৃত হইয়া বলিল এ মানষ কখন শিক্ষা না করিয়া অক্ষর জানে

১৬ কেন। যেশু প্রত্যুত্তর করিয়া বলিলেন তাহার দিগকে আমার প্রকরন আমার নহে কিন্তু তাহার যিনি
১৭ পাঠাইয়া দিয়াছেন আমাকে। যদি কেহ তাঁহার ইচ্ছা করিতে চাহে তবে সে জানিবে প্রকরনের বিষয় যদি ঈশ্বরের কিম্বা বলি আপনার মন হইতে।
১৮ যে কহে আপনার বিষয় সে চেষ্টা করে আপনার সম্ভ্রম। কিন্তু যে চেষ্টা করে তাহার সম্ভ্রম যে পাঠাইয়া দিয়াছে তাহাকে সেই জন সত্যবাদি এবং কিছু
১৯ অযথার্থ তাহার মধ্যে নহে। মোশা ব্যবস্থা না দিয়াছে তোমারদিগকে কিন্তু তোমারদের কেহ ব্যবস্থা মানে না। আমাকে খুন করিতে বেড়াইতেছ কেন।
২০ মানব্য প্রত্যুত্তর করিয়া বলিল তুমি ভূতে ধরা হই
২১ য়াছে কেডা বেড়ায় মারিয়া ফেলিতে তোমাকে। যেশু প্রত্যুত্তর করিয়া বলিলেন তাহারদিগকে আমি এক কার্য্য করিলে তোমরা সকল চমকিত হইয়াছ।
২২ মোশা তক্ছেদ দিল তোমারদিগকে একারন তাহা মোশা হইতে নহে কিন্তু পিতৃগন হইতে তোমরা ও
২৩ শাবত দিনে মানুষের তক্ছেদন কর যদি কোন কাহার তক্ছেদ হয় শাবত দিনে মোশার ব্যবস্থা ভঙ্গ না হইবার কারন তবে তোমরা ক্রোধিৎ আমার ওপর একারন এক জন মানুষ আরাম করিয়াছি শাবত
২৪ দিনে। বিচার কর না যেমন দেখায় কিন্তু বিচার কর প্রকৃত।

২৫ তখন যিরোশলমের কেহ২ বলিল এ সে জন
২৬ নহে যাহাকে তাহারা বধ করিতে চাহে কিন্তু

দেখ সে প্রকাশমান বলিলে তাহারা কিছু বলে না তাঁহাকে। অধ্যক্ষ লোক অবশ্য জানে এ নিতান্ত
২৭ খ্রীষ্ট। আমরা জানে কোথা হইতে এ মানুষ কিন্তু খ্রীষ্ট আইলে কেহ জানি না কোথা হইতে তিনি।
২৮ তৎপরে য়েশু মন্দিরে শিক্ষা করাইতেং চেঁচাইয়া বলিলেন তোমরা জান আমাকে তোমরা ও জান আমি কোথা হইতে আমি ও আইলাম না আপনার ইচ্ছায় কিন্তু যিনি পাঠাইলেন আমাকে তিনি সত্য যাঁহাকে তোমরা
২৯ জান না। কিন্তু আমি জানি তাঁহাকে একারন আমি তাঁহা হইতে ও তিনি পাঠাইয়াছেন আমাকে।
৩০ তখন তাহারা ধরিতে চাহিল তাঁহাকে কিন্তু কেহ হস্ত দিল না তাঁহার ওপর একারন তাঁহার দণ্ড তখন
৩১ নহে। তাহাতে মানুষ্যের অনেক লোক তাহারে প্রত্যয় করিয়া বলিল খ্রীষ্ট আইলে করিবেন এ
৩২ মানুষের আশ্চর্য্য ক্রিয়া হইতে অধিক। ফারিসিরা শুনিতে পাইল যে লোক এমন কচং করিল তাঁহার বিষয়। অতএব ফারিসি ও প্রধান যাজক পাইক
৩৩ পাঠাইল তাঁহাকে ধরিতে। তাহাতে য়েশু বলিলেন তাহারদিগকে আর কিঞ্চিৎ কাল আমি থাকি তোমার দের সহিৎ তারপর আমি যাই তাহার স্থানে যিনি
৩৪ পাঠাইলেন আমাকে। তোমরা চেষ্টা করিবা আমাকে কিন্তু পাইবা না এবং যে স্থানে আমি সে
৩৫ স্থানে তোমরা আসিতে পারিবা না। তখন য়িহোদীরা পরস্পর বলিল সে কোথায় যাবে যাহাতে আমরা পাইতে পারিব না তাহাকে সে অন্য বর্ণের

মধ্যে ছড়ানীয়ারদের স্থানে যাইয়া শিক্ষা করায় অন্য
৩৬ বর্ন্নেরদিগকে। সে কেমন কথা কহিয়াছে। তোমরা
তল্লাস করিবা আমাকে কিন্তু পাইবা না এবং যেখানে
৩৭ আমি সেখানে তোমরা আসিতে পারিবা না। শেষ
দিনে তাহা পর্ব্বের বড় দিন যেশু ডাণ্ডাইয়া বলিলেন
যদি কেহ তৃষ্ণিত হয় আমার ঠাঁই আইসক ও পিয়ুক
৩৮ সে। যে জন বিশ্বাস করে আমারে তাহার ওদর
ছাড়িয়া চলিবে অমৃত জলের নদী যেমন ধর্ম্ম গ্রন্থে বলে।
৩৯ কিন্তু এ তিনি বলিলেন আত্মার বিষয় যাহা তাহারা
পাইবে যাহারা বিশ্বাস করে তাহারে একারন পরমাত্মা
৪০ তখন দেয়া গেল না য়েশু মোক্ষিৎ না হইয়া। অতএব
অনেক লোক সে কথা শুনিয়া বলিল এই ভবিষ্যৎ
৪১ বক্তা নিতান্ত। আর লোক বলিল এ আছে খ্রীষ্ট। কিন্তু
৪২ কেহ২ বলিল খ্রীষ্ট আসিবেন গালিলি হইতে। ধর্ম্ম
পুস্তকে বলে না যে খ্রীষ্ট আসিবেন দাওদের বীজ ও
বীতলহম নগর হইতে যে স্থানে দাওদ ছিলেন।
৪৩ অতএব লোক ভিন্ন২ হইল তাঁহার বিষয়। এবং
৪৪ কেহ২ ধরিতে চাহিল তাঁহাকে কিন্তু কোন কেহ হাত
৪৫ দিল না তাঁহার ওপরে। তৎকালে পাইক প্রধান
যাজক ও ফারিসিরদের ঠাঁই আইলে তাহারা বলিল
তাহারদিগকে তোমরা আনিলা না তাহাকে কেন।
৪৬ পাইক প্রত্যুত্তর করিল কেহ কখন কহিল না এ
৪৭ মানুষের মত। ফারিসিরা প্রত্যুত্তর করিল তাহার
৪৮ দিগকে তোমরা ও ভ্রান্ত। কোন অধ্যক্ষ কি ফারিসি
৪৯ আস্থা করিল তাঁহাকে। কিন্তু এ সাঁপ গৃহস্থ লোক

৫০ ধর্ম্ম গ্রন্থ জানে না। নিকদেমষ যে রাত্রে আইল য়েশুর স্থানে সে তাহারদের এক জন বলিল তাহার
৫১ দিগকে আমারদের ব্যবস্থা কোন মানুষকে বিচার করে তাহাকে শুনন এবং কি করিয়াছে জাননের
৫২ পূর্ব্বে। তাহারা প্রত্যুত্তর করিয়া বলিল তাহাকে তুমি ও গালিলির এক জন। তল্লাস কর এবং দেখ
৫৩ একারন গালিলি হইতে ভবিষ্যৎ বক্তা নহে। পরে সমস্ত লোক আপনারদের ঘরে গেল।

পর্ব্ব ৮ য়েশু গেলেন জিত বৃক্ষ পর্ব্বতের ওপর। এবং প্রত্যুষায় তিনি ফিরিয়া আইলেন মন্দিরে তখন সকল লোক তাহার নিকটে হইয়া তিনি বসিলেন ও শিক্ষা
৩ করাইলেন তাহারদিগকে। তৎকালে অধ্যাপক ও ফরিসিরা আনিল তাহার ঠাঁই এক জন স্ত্রী যাহাকে ব্যভিচারিনী ক্রিয়ায় ধরা গেল পরে তাহাকে মধ্যে
৪ স্থলে বসাইলে বলিল হে গুরু এ স্ত্রী লোক ধরা
৫ গেল ওপপতি সমসর্গে মোশা আজ্ঞা দিল আমার দিগকে ব্যবস্থার মধ্যে এ মত লোককে পাথর মারিতে
৬ কিন্তু তুমি কি কহিতেছ। তাহারা এ কথা কহিল পরিক্ষা করিতে তাহাকে কিছু বরামদ করিবার জন্য। কিন্তু য়েশু হেঁট হইয়া অঙ্গুলি দিয়া মৃত্তিকার ওপর
৭ লেখিলেন। তখন তাহারা তাহাকে জিজ্ঞাসা করিতেং তিনি ওঠিয়া বলিলেন তাহারদিগকে তোমারদের যে জন নিষ্পাপি সে প্রথম পাথর ফেলুক তাহার ওপরে।
৮ পরে আরবার হেঁট হইয়া মৃত্তিকার ওপর লেখিলেন।

৯ এবং যাহারা শুনিল তাহারা আপনারদের মনে প্রবোধ পাইয়া একে২ বহিরে গেল জ্যেষ্ঠ হইতে কনিষ্ঠ পর্য্যন্ত। তাহাতে য়েশু একা রহিলেন ও সে নারী
১০ মধ্য স্থলে ডাণ্ডাইয়া। যখন য়েশু উঠিয়া দেখিলেন সে স্ত্রী লোক ব্যতিরেক কেহ নহে তখন তিনি বলিলেন তাহাকে হে নারী তোমার ওল্লানা কর্ত্তা কোথায় কেহ
১১ দোষাদাতি করিল না তোমাকে। সে বলিল কেহ নহে প্রভু। য়েশু বলিলেন আমি ও দোষাদাতি করি না তোমাকে যাও আরবার পাপ করিও না।
১২ পরে য়েশু কহিলেন তাহারদিগকে পুনর্ব্বার আমি জগতের দীপ্তি আমার পশ্চাত বর্ত্তি যে জন সে বেড়াইবে না অন্ধকারে কিন্তু জীবনের দীপ্তি পাইবে।
১৩ অতএব ফারিসিরা বলিল তাঁহাকে তুমি প্রমান দিতেছ
১৪ আপনার বিষয় তোমার প্রমান সত্য নহে। য়েশু প্রত্যুত্তর করিয়া বলিলেন তাহারদিগকে আপনার প্রমান দিলে আমার প্রমান আছে সত্য একারন আমি জানি কোথা হইতে আসিয়াছি ও কোথায় যাই কিন্তু তোমরা বলিতে পার না আমি কোথা হইতে আইসি
১৫ কিম্বা কোথায় যাই। তোমরা বিচার কর শরীরের
১৬ মত আমি কাহাকে বিচার করি না। কিন্তু বিচার করিলে আমার বিচার আছে সত্য একারন আমি একা নহি কিন্তু আমি ও পিতা যিনি পাঠাইলেন আমাকে।
১৭ তোমারদের ব্যবস্থায় ও লিপি আছে দুই জনের প্রমান
১৮ সত্য। আমি এক জন যে প্রমান দেয় আপনার বিষয় এবং পিতা যিনি পাঠাইলেন আমাকে তিনি

১৯ ও প্রমান দেন আমার বিষয়। তখন তাহারা বলিল তাঁহাকে তোমার পিতা কোথায়। য়েশু প্রত্যুত্তর করিলেন তোমরা জান না আমাকে কিম্বা আমার পিতাকে। যদি জানিতা আমাকে তবে জানিতা
২০ আমার পিতাকে। য়েশু মন্দিরে শিক্ষাইতেং এ কথা বলিলেন ভাণ্ডার ঘরে কিন্তু কেহ হাত দিল না তাঁহার ওপরে একারন তাহার দণ্ড তখন নহে।
২১ পরে য়েশু আর বার বলিলেন তাহারদিগকে আমি যাই তোমরা চেষ্টা করিবা আমাকে ও মরিবা তোমারদের পাপে যেখানে আমি যাই সেখানে তোমরা
২২ আসিতে পারিবা না। অতএব য়িহোদীরা বলিল আপনাকে বধ করিবে একারন বলে যেখানে আমি
২৩ যাই সেখানে তোমরা আসিতে পার না। তিনি বলিলেন তাহারদিগকে তোমরা নিচে হইতে আমি ওপর হইতে তোমরা এ জগত হইতে আমি এ জগত হইতে নহি।
২৪ তেকারন বলিলাম তোমারদিগকে তোমরা মরিবা তোমারদের পাপে একারন যদি তোমরা প্রত্যয় কর না যে আমি হই সেই জন তবে তোমারদের পাপে মরিবা।
২৫ পরে তাহারা বলিল তাঁহাকে তুমি কে। য়েশু বলিলেন তাহারদিগকে আমি সেই যাহা প্রথমে
২৬ বলিলাম তোমারদিগকে। আমার আছে অনেক বলিতে ও বিচার করিতে তোমারদের বিষয়। কিন্তু যিনি পাঠাইয়াছেন আমাকে তিনি সত্য ও যে কথা আমি শুনিয়াছি তাঁহার ঠাঁই তাহা বলি জগতকে।

২৭ তাহারা বুঝিল না যে তিনি কহিলেন তাহারদিগকে
২৮ পিতার বিষয় । পরে য়েশু বলিলেন তাহারদিগকে
যখন মানুষের পুত্রকে ওঠাইয়াছ তখন জানিবা যে
আমি হই আমি ও কিছু করি না আপনার মন হইতে
কিন্তু যেমন পিতা শিক্ষা করাইয়াছেন আমাকে তেমন
২৯ কহি । যিনি পাঠাইয়া দিয়াছেন আমাকে তিনি ও
আমার সাতে পিতা ছাড়িয়া না দিয়াছেন আমাকে একা
একারন আমি নিত্য করি যাহাং তাঁহার সন্তোষ ।
৩০ তিনি এ কথা কহিলে অনেক লোক আস্থা করিল
তাঁহাকে ।

৩১ পরে য়েশু বলিলেন সে য়িহোদীরদিগকে যাহারা
প্রত্যয় করিল তাঁহারে যদি তোমরা থাক আমার বাক্যে
৩২ তবে তোমরা আমার শিষ্য নিতান্ত । তোমরা ও
সত্যতা জানিবা এবং সত্যতা ওদ্ধার করিবে তোমার
৩৩ দিগকে । তাহারা প্রত্যুত্তর করিল তাঁহাকে
আমরা আবরহামের সন্তান এবং কাহার গোলাম
কখন হইলাম না কি রূপে বলিতেছ তোমরা ওদ্ধার
৩৪ হইবা । য়েশু প্রত্যুত্তর করিলেন তাহারদিগকে
সত্য আমি বলি তোমারদিগকে যে কেহ পাপ করে সে
৩৫ পাপের গোলাম । এবং গোলাম ঘরে থাকে না
৩৬ সদাকাল কিন্তু পুত্র থাকে সদাকাল অতএব যদি পুত্র
ওদ্ধার করেন তোমারদিগকে তবে নিতান্ত ওদ্ধার হবা ।
৩৭ আমি জানি তোমরা আবরহামের সন্তান কিন্তু তোমরা
মনে কর খুন করিতে আমাকে একারন আমার কথা
৩৮ স্থান পায় না তোমারদের মধ্যে । যা আমি দেখিয়াছি

আমার পিতার স্থানে তা আমি বলি এবং যা তোমরা দেখিয়াছ তোমারদের পিতার স্থানে তাহা তোমরা কর ।
৩৯ তাহারা প্রত্যুত্তর করিয়া বলিল তাঁহাকে আবরহাম আমারদের পিতা । যেশু বলিলেন তাহারদিগকে যদি তোমরা আবরহামের সন্তান হইতা তবে
৪০ আবরহামের কার্য্য করিতা । কিন্তু তোমরা মনে কর বধ করিতে আমাকে এক জন যে কহিয়াছি সত্যতা তোমারদিগকে যা আমি শুনিয়াছি ঈশ্বর হইতে
৪১ আবরহাম এ মত করিলেন না । তোমরা কর আপনারদের পিতার কার্য্য । তখন তাহারা বলিল তাহাকে আমরা না জন্মিয়াছি পরদার হইতে আমার
৪২ দের এক পিতা আছেন তিনি ঈশ্বর । যেশু বলিলেন তাহারদিগকে যদি ঈশ্বর তোমারদের পিতা তবে তোমরা আমাকে প্রেম করিতা একারন আমি বাহির হইলাম ঈশ্বর হইতে আমি ও আপনার মনে আইলাম না কিন্তু তিনি পাঠাইয়াছেন আমাকে ।
৪৩ আমার বাক্য বুঝ না কেন একারন তোমরা
৪৪ আমার কথা শুনিতে পার না । তোমরা তোমার দের সয়তান পিতা হইতে তোমারদের পিতার ইচ্ছা করিতে চাহ । সে আছিল বধ কর্ত্তা প্রথমাবধি এবং রহিল না সত্যতায় একারন কিছু সত্যতা তাহার মধ্যে নহে । যখন মিথ্যা বলে তখন বলে আপন হইতে একারন সে আছে মিথ্যা বক্তা ও তাহার পিতা ।
৪৫ আমি কহি সত্য কথা সে কারন তোমরা আস্থা কর
৪৬ না আমাকে । তোমারদের কোন মানুষ আমার

পাপের প্রমাণ করে। এবং যদি আমি সত্য বাণী
৪৭ বলি তবে কি জন্য আস্থা কর না আমাকে। যে
জন আছে ঈশ্বরের সে শুনে ঈশ্বরের কথা অতএব
ঈশ্বরের না হইলে তোমরা সে কথা শুন না।—
৪৮ তখন যিহোদীরা প্রত্যুত্তর করিয়া বলিল তাহাকে
আমরা কহি তুমি শমরনী ও ভূৎ গৃহস্থ এ সত্য
৪৯ কথা নহে। য়েশু প্রতুত্তর করিলেন আমার ভূৎ নহে
কিন্তু আমি সম্ভ্রম করি আমার পিতাকে এবং তোমরা
৫০ অসম্ভ্রম কর আমাকে। কিন্তু আমি চেষ্টা করি না
আপনার নাম এক জন আছে যে চেষ্টা করে ও বিচার
৫১ করে। সত্যং আমি বলি তোমারদিগকে যদি
কেহ আমার কথা মানে তবে সে জন মৃত্যু কখন
৫২ দেখিবে না। তাহাতে যিহোদীরা বলিল তাঁহাকে এখন
আমরা জানি তোমার এক ভূৎ আছে। আবরহাম
ও ভবিষ্যৎ বক্তা সকলে মরিয়াছে কিন্তু তুমি কহিতেছ
যদি কেহ মানে আমার কথা তবে সে মৃত্যুকে কখন
৫৩ চাকিবেক না। তুমি আমারদের আবরহাম পিতা
হইতে বড় যিনি মরিয়াছেন ভবিষ্যৎ বক্তা ও সব
৫৪ মরিয়া গিয়াছে আপনকে করিতেছ কে। য়েশু
প্রত্যুত্তর করিলেন যদি আমি সম্ভ্রম করি আপনাকে
তবে আমার সম্ভ্রম কিছু নহে সে আমার পিতা যিনি
সম্ভ্রম করেন আমাকে যাঁহাকে তোমরা বল তোমারদের
৫৫ ঈশ্বর তোমরা তাঁহাকে জান না কিন্তু আমি জানি
তাঁহাকে ও যদি বলি আমি তাঁহাকে জানি না তবে
তোমারদের মত মিথ্যা বক্তা হইব কিন্তু আমি জানি

৫৬ তাঁহাকে ও মানি তাঁহার কথা। তোমারদের পিতা আবরহাম আনন্দিত ছিল আমার দিন দেখিতে তিনি
৫৭ ও তাহা দেখিয়া উল্লাষিত হইল। তাহাতে য়িহোদীরা বলিল তাঁহাকে তোমার বয়ক্রম পঞ্চাশ বৎ-
৫৮ সর নহে ও তুমি আবরহামকে দেখিয়াছ। য়েশু বলিলেন তাহারদিগাকে সত্যং আমি বলি তোমার
৫৯ দিগকে আমি হই আবরহামের পূর্ব্বে। অতএব তাহারা পাথর লইল মারিতে তাহাকে কিন্তু য়েশু আপনাকে গুপ্ত করিলেন এবং তাহারদের মধ্য খান দিয়া প্রস্থান করিলেন মন্দির হইতে এবং এ মত লঙ্ঘিলেন তাহারদিগকে।

পর্ব্ব এবং য়েশু যাইতেং দেখিলেন এক মানুষ তাহার
৯ জন্মাবধি অন্ধ। তখন তাহার শিষ্যগান জিজ্ঞাসা করিল তাহাকে হে প্রভু পাপ করিল কে এ মানুষ কি তাহার
৩ পিতা মাতা তাহাতে সে অন্ধ জন্মিয়াছে। য়েশু প্রত্যুত্তর করিলেন এ মানুষ কিম্বা তাহার পিতা মাতা পাপ না করিয়াছে কিন্তু ঈশ্বরের কার্য্য তাহার মধ্যে
৪ প্রকাশ হওনের জন্য। আমার আবশ্যক আছে দিন থাকিতে করিতে তাঁহার কার্য্য যিনি পাঠাইয়াছেন আমাকে রাত্র হইলে কেহ কর্ম্ম করিতে পারে না।
৫ যাবৎ আমি জগতের মধ্যে তাবৎ আমি জগতের
৬ আলো। তিনি এ কথা বলিয়া ছেপ দিলেন মৃত্তিকায় এবং সে ছেপ দিয়া করিলেন ছিন্না মৃত্তিকা পরে সে ছিন্না মৃত্তিকা অন্ধ মানুষের চক্ষের উপর

৭ লাগাইয়া বলিলেন তাহাকে যাইয়া স্নান কর শিলোয়া পুষ্কর্ণিতে তাহার অর্থ প্রেরিত। অতএব সে যাইয়া ধুইল এবং দৃষ্টি পাইয়া আইল।

৮ অতএব তাহার প্রতিবাসি ও যাহারা পূর্ব্ব কাল অন্ধ দেখিয়া ছিল তাহাকে তাহারা বলিল এ সে মানুষ নহে
৯ যে বসিল ও ভিক্ষা চাহিল। কেহ২ বলিল এ সে জন আর কেহ২ বলিল সে তাহার মত। কিন্তু সে
১০ আপনি বলিল আমি সেই জন। অতএব তাহারা বলিল তাহাকে তোমার চক্ষু ভাল হইয়াছে কেমনে।
১১ সে বলিল এক জন তাহার নাম য়েশু চিক্কা মৃত্তিকা বানাইয়া লাগাইলেন আমার চক্ষের ওপর ও বলিলেন শিলোয়া পুষ্কর্ণিতে স্নান কর তাহাতে আমি যাইয়া
১২ ধুইলাম ও চক্ষু পাইলাম। তখন তাহারা বলিল তাহাকে সে জন কোথায়। সে বলিল আমি জানি না।

১৩ তাহারা আনিল ফারিসিরদের স্থানে সে জন যে
১৪ পূর্ব্বকাল অন্ধ ছিল। য়েশু শাবত দিনে সে চিক্কা মৃত্তিকা বানাইয়া ভাল করিয়া ছিলেন তাহার চক্ষু।
১৫ অতএব ফারিসিরা আরবার জিজ্ঞাসা করিল তাহাকে তাহার চক্ষু পাইয়াছে কেমনে। সে বলিল তাহার দিগিকে তিনি চিক্কা মৃত্তিকা লাগাইলেন আমার চক্ষের ওপর পরে আমি ধুইয়া দেখিতে পাইলাম।
১৬ অতএব কতক জন ফারিসি বলিল এই মানুষ ঈশ্বর হইতে নহে একারন শাবত দিন মানে না। আর২ লোক বলিল পাপি লোক এই আশ্চর্য্য করিতে পারে

১৭ কেমনে। তাহারদের এ মত কন্দল হইল। তাহারা আরবার বলিল সে অন্ধকে তিনি ভাল করিয়াছেন তোমার চক্ষু তাহাতে কি কহিতেছ তাহার বিষয়। সে
১৮ বলিল তিনি এক ভবিষ্যৎ বক্তা। কিন্তু য়িহোদীরা তাহার পিতা মাতা যে চক্ষু পাইয়া ছিল না ডাকিয়া আস্থা করিল না যে সে অন্ধ হইয়া চক্ষু পাইয়া ছিল।
১৯ অতএব তাহারা জিজ্ঞাসা করিল তাহারদিগকে বলিয়া এই তোমারদের পুত্র যে তোমরা বল অন্ধ জন্মিল।
২০ এখন সে কেমন করিয়া দেখিতে পায়। তাহার পিতা মাতা প্রত্যুত্তর করিয়া বলিল আমরা জানি এই আমার
২১ দের পুত্র ও সে অন্ধ জন্মিল কিন্তু এখন কেমনে দেখিতে পায় কিম্বা কে তাহার চক্ষু ভাল করিয়াছে তাহা আমরা জানি না সে বড় হইয়াছে জিজ্ঞাসা কর
২২ তাহাকে সে বলিবে আপনার কথা। য়িহোদীরা ইহার পূর্ব্বে ব্যবস্থা করিয়া ছিল যদি কেহ বলিত যে তিনি খ্রীষ্ট তবে তাহাকে সিনগগা হইতে বাহিরে ফেলিতে তেকারন তাহার পিতা মাতা এ কথা কহিল
২৩ য়িহোদীরদের ভয়েতে। এ নিমিত্ত তাহার পিতা মাতা বলিল সে বড় হইয়াছে জিজ্ঞাসা কর তাহাকে।
২৪ অতএব যে মানুষ অন্ধ ছিল তাহাকে আরবার ডাকিয়া বলিল ঈশ্বরকে স্তব কর আমরা জানি এই
২৫ আছে পাপি মানুষ। সে প্রত্যুত্তর করিয়া বলিল যদি পাপি কি না আমি জানি না আমি এক কথা জানি পূর্ব্ব কাল আমি অন্ধ ছিলাম এখন দেখিতে পাই।
২৬ পরে তাহারা পুনর্ব্বার বলিল তাহাকে সে কি করিল

২৭ তোমাকে তোমার চক্ষু ভাল করিয়াছেন কেমন। সে প্রত্যুত্তর করিল তাহারদিগকে আমি একবার কহিয়াছি তোমারদিগকে কিন্তু তোমরা শুনিলা না। কি জন্য শুনিবা আরবার তোমরা ও তাহার শিষ্য হবা।
২৮ তখন তাহারা গালাগালি দিল তাহাকে ও বলিল তুই
২৯ তাহার শিষ্য কিন্তু আমরা মোশার শিষ্য। আমরা জানি যে ঈশ্বর কহিলেন মোশাকে কিন্তু এই লোক
৩০ কোথা হইতে তা আমরা জানি না। সে মানুষ প্রত্যুত্তর করিয়া বলিল তাহারদিগকে নিতান্ত এই এক চমৎকার কথা তিনি ভাল করিয়াছেন আমার চক্ষু
৩১ কিন্তু তোমরা জান না তিনি কোথা হইতে। আমরা জানি ঈশ্বর পাপি লোককে শুনেন না কিন্তু যদি কোন কেহ ঈশ্বরের পূজক ও করে তাহার ইচ্ছা তবে তিনি
৩২ শুনেন তাহাকে। পৃথমাবধি কখন শুনা যায় না যে কোন কেহ ভাল করিল এক জনের চক্ষু যে অন্ধ জন্মিল।
৩৩ যদি এই জন ঈশ্বর হইতে না হইতেন তবে তিনি কিছু
৩৪ করিতে পারিতেন না। তাহারা প্রত্যুত্তর করিয়া বলিল তাহাকে তুই অবশ্য পাপি জন্মিলি ও তুই শিক্ষাইতেছিস আমারদিগকে। তখন তাহারা বাহিরে ফেলিল তাহাকে।

৩৫ য়েশু শুনিতে পাইলেন যে তাহারা বাহিরে করিয়া ছিল তাহাকে অতএব তিনি তাহাকে পাইয়া বলিলেন
৩৬ ঈশ্বরের পুত্রে বিশ্বাস করিতেছ। সে প্রত্যুত্তর করিয়া বলিল প্রভু হে তিনি কেডা আমি তাঁহারে বিশ্বাস
৩৭ করনের জন্য। য়েশু বলিলেন তাহাকে তুমি দেখিয়াছ

তাঁহাকে তিনি ও কথা কহিতেছেন তোমার সহিৎ ।
৩৮ সে বলিল হে প্রভু আমি বিশ্বাস করি । তাহাতে
৩৯ ভজনা করিল তাঁহাকে । পরে য়েশু বলিলেন
বিচারের জন্য আসিয়াছি এ জগতে যাহারা দেখিতে
না পায় তাহারদের দেখনের নিমিত্ত এবং যাহারা
৪০ দেখিতে পায় তাহারা অন্ধ হওনের নিমিত্ত । তখন
কতক ফারিসি যাহারা তাহার সহিৎ এই কথা
৪১ শুনিয়া বলিল আমরা ও অন্ধ । য়েশু বলিলেন
তাহারদিগকে অন্ধ হইলে তোমারদের পাপ হইত না
কিন্তু আমরা দেখিতে পাই বলিলে তোমারদের পাপ
থাকে ।

পর্ব্ব ১০ সত্যং আমি বলি তোমারদিগকে যে কেহ প্রবেশ
করে না মেষালয়ের দ্বার দিয়া কিন্তু আর কোন দিগে
২ চড়ে সে আছে চোর ও ডাকাইত । কিন্তু যে জন
দ্বার দিয়া প্রবেশ করে সে আছে মেষের রাখাল ।
৩ দ্বারি তাহার কারন দ্বার খুলে এবং মেষ শুনে তাহার
রব সে ও আপনার মেষ নামেং ডাকে ও তাহার
৪ দিগকে বাহিরে লইয়া যায় । সে ও আপনার মেষ
বাহির করিয়া যায় তাহারদের আগেং ও মেষ যায়
তাহার পাছেং একারন তাহারা জানে তাহার রব ।
৫ তাহারা ও যায় না অন্যের পাছেং কিন্তু পলাবে তাহা
৬ হইতে একারন অন্যের রব জানে না । য়েশু বলিলেন
এ উপদেশ তাহারদিগকে কিন্তু তাহারা বুঝিল না

তিনি কিং কহিয়া ছিলেন তাহারদিগকে ৷
৭ আর বার য়েশু বলিলেন তাহারদিগকে সত্যং আমি বলি তোমারদিগকে আমি হই মেষালয়ের দ্বার ৷
৮ যত লোক আইল আমার পুর্ব্বে তাহারা সমস্ত চোর ও ডাকাইত কিন্তু মেষ শুনিল না তাহারদিগকে ৷
৯ আমি হই দ্বার আমা দিয়া যদি কেহ প্রবেশ করে তবে সে পাইবে পরিত্রান এবং ভিতরে বাহিরে যাইতেং
১০ ভাল চারন পাইবে ৷ চোর আইসে কেবল চুরি ও মারন ও নষ্ট করনার্থে ৷ আমি আইলাম তাহারদের জীবন প্রাপ্তি ও তাহারা তাহা অতি
১১ অধিক প্রাপ্ত্যর্থে ৷ আমি হই ভাল রাখাল ভাল রাখাল আপনার জীবন দেয় মেষের কারন ৷
১২ কিন্তু যে জন যাগ্রিয়ান ও রাখাল নহে যাহার নিজ মেষ নহে সে কেন্দুয়ার আগমন দেখিলে মেষ ছাড়িয়া পলায় এবং কেন্দুয়া তাহারদিগকে ধরিয়া
১৩ ছড়াইয়া দেয় মেষকে ৷ সে যাগ্রিয়ান পলায় একারন যাগ্রিয়ান আছে এবং ভাবনা করে না
১৪ মেষের কারন ৷ আমি হই ভাল মেষ রাখাল ও জানি আমার মেষ আমার মেষ ও জানে আমাকে ৷
১৫ যেমন পিতা জানেন আমাকে তেমন আমি জানি পিতাকে আমি ও আপনার জীবন দেই মেষের কারন ৷
১৬ আমার আর মেষ ও যাহারা এ আলয়ের নহে তাহারদিগকে ও আমি আনিব এবং তাহারা শুনিবে আমার রব পরে এক আলয় হইবেক ও এক রাখাল ৷
১৭ অতএব আমার পিতা প্রেম করেন আমাকে একারন

আমি আপনার জীবন দেই তাহা পুনর্ব্বার লইবার জন্য।
১৮ কেহ লয় না তাহা আমা হইতে কিন্তু আপনার মনে তাহা দেই আমার শক্তি আছে তাহা থুইতে ও পুনর্ব্বার লইতে। এই আজ্ঞা আমি পাইয়াছি আমার পিতার
১৯ স্থানে। অতএব য়িহোদীরদের পরস্পর বিরোধ
২০ হইল আরবার এই কথার জন্য। তাহারদের মধ্যে কতক বলিল তাহার ভূৎ আছে সে ও আছে পাগল
২১ তাহাকে শুনিতেছ কেন। আর কেহ বলিল এই তাহার কথা নহে যাহার ভূৎ আছে ভূৎ অন্ধ লোকের চক্ষু ভাল করিতে পারে।

২২ তৎকালে য়িরোশলমে পবিত্র করনের পর্ব্ব হইলো
২৩ তাহা ও শীত কাল যেশু গেলেন সুলিমানের শলমার
২৪ পিঁড়ায়। তখন য়িহোদীরা তাহার চতুর্দ্দিগে আসিয়া বলিল কতক্ষন পর্য্যন্তু ওশ্বাস করাইতেছ আমারদিগকে
২৫ যদি তুমি খ্রীষ্ট তবে স্পষ্ট কহ আমারদিগকে। যেশু প্রত্যুত্তর করিলেন আমি কহিয়াছি তোমার দিগকে কিন্তু তোমরা আস্থা করিলা না যে কার্য্য আমি করি আমার পিতার নামে সে কার্য্য আমার
২৬ প্রমান দেয়। কিন্তু তোমরা আস্থা কর না একারন তোমরা আমার মেষ নহে। যেমন বলিয়াছি তোমার
২৭ দিগকে আমার মেষ শুনে আমার রব আমি ও তাহারদিগকে জানি এবং তাহারা আমার পশ্চাৎ
২৮ বর্ত্তি হয় আমি ও অনন্ত পুমায়ু দেই তাহারদিগকে এবং তাহারা কখন ধ্বংশ হবে না ও কোন কেহ

কাড়িবে না তাহারদিগকে আমার হস্ত হইতে।
২৯ আমার পিতা যিনি দিলেন তাহারদিগকে আমার ঠাঁই
তিনি সকল হইতে অধিক এবং কোন কেহ তাহার
দিগকে কাড়িতে পারে না আমার পিতার হাত হইতে।
৩০ আমি ও পিতা এক। তখন য়িহোদীরা আরবার
৩১ পাথর লইল মারিতে তাঁহাকে। য়েশু প্রত্যুত্তর
৩২ করিলেন তাহারদিগকে অনেক ভাল কার্য্য দেখাইয়াছি
তোমারদিগকে আমার পিতা হইতে তাহার কোন
৩৩ কার্য্যের নিমিত্ত পাথর মার আমাকে। য়িহোদীরা
প্রত্যুত্তর করিয়া বলিল তাহাকে ভাল কার্য্যের নিমিত্ত
আমরা পাথর মারি না তোমাকে কিন্তু পাষণ্ডতার
নিমিত্ত এবং এ নিমিত্ত তুমি মানুষ হইয়া আপনাকে
৩৪ করিতেছ ঈশ্বর। য়েশু প্রত্যুত্তর করিলেন তাহার
দিগকে তোমারদের ব্যবস্থায় লিপি নহে আমি বলিলাম
৩৫ তোমরা ঈশ্বর যদি তিনি বলিলেন তাহারা ঈশ্বর
যাহারদিগকে ঈশ্বরের কথা আইল এবং ধর্ম্ম গ্রন্থ
৩৬ ভঙ্গ হইতে পারিবে না তবে বলিবা তাহার বিষয়
যাহাকে পিতা পবিত্র করিয়া পঠাইয়াছেন জগতে তুমি
পাষণ্ডতা করিতেছ একারন বলিয়াছি আমি ঈশ্বরের
৩৭ পুত্র। যদি আমার পিতার কার্য্য করি না তবে আস্থা
৩৮ কর না আমাকে কিন্তু যদি তাহা করি তবে
আমাকে আস্থা না করিলে কার্য্য আস্থা কর এই জানন
ও প্রত্যয় করনের জন্য পিতা আমাতে ও আমি
৩৯ তাঁহাতে। অতএব তাহারা আরবার তাঁহাকে
ধরিতে চাহিল কিন্তু তিনি তাহারদের হাত ছাড়িয়া

১০ পুনর্ব্বার গেলেন য়র্দনের ও পার সে স্থানে যাহাতে য়োহন প্রথমে ডুবাইল এবং তিনি বাস করিলেন
৪১ সে স্থানে। তখন অনেক লোক তাহার ঠাঁই আসিয়া বলিল য়োহন কিছু আশ্চর্য্য করিল না কিন্তু যাহা য়োহন বলিল এ মানুষের বিষয় তাহা সকল
৪২ সত্য। এবং অনেক লোক প্রত্যয় করিল তাহারে সে স্থানে।

পর্ব্ব ১১ পরে মারিয়া ও তারার ভগিনী মার্ত্তার বৈতানিয়া নগরের এক জন পীড়িৎ ছিল তাহার নাম লাসার।
২ সে মারিয়া যে সুগন্ধ তৈল মাখাইল প্রভুক ও তাহার চুল দিয়া মুছিল তাহার পদ তাহার ভাই লাসার
৩ পীড়িৎ ছিল। অতএব তাহার ভগিনী লোক পাঠাইয়া বলিল তাহাকে হে প্রভু যে জনকে তুমি প্রেম
৪ করিতেছ সে পীড়িৎ আছে। য়েশু তাহা শুনিয়া বলিলেন এ পীড়া মরনের জন্য নহে কিন্তু ঈশ্বরের নামের জন্য ঈশ্বরের পুত্র যশ পাইবার কারন।
৫ য়েশু প্রেম করিলেন মার্ত্তা ও তাহার ভগিনী ও লাসার
৬ কে। অতএব তিনি সে পীড়ার সমাচার পাইয়া
৭ থাকিলেন আর দুই দিন সে স্থানে। তারপর তিনি বলিলেন তাহার শিষ্যেরদিগকে আমরা আরবার
৮ যাই য়িহোদা দেশে। তাহার শিষ্যেরা বলিল তাহাকে প্রভু হে কিঞ্চিৎ কাল পুর্ব্বে য়িহোদীরা চেষ্টা করিল পাথর মারিতে তোমাকে তবে সেখানে
৯ যাবা আরবার। য়েশু প্রত্যুত্তর করিলেন ত্রিশ

ঘন্ত দিন নহে কেহ দিনে গতি করিলে পড়ে না
১০ একারন দেখে এ জগতের আলো কিন্তু কেহ রাত্রে
গতি করিলে পড়ে একারন আলো তাহার মধ্যে নহে।
১১ তিনি এ কথা কহিলেন তারপর বলিলেন তাহারদিগকে
আমারদের বন্ধু লাজার ঘুমাইতেছেন কিন্তু আমি যাই
১২ তাহাকে জাগাইতে। তাহার শিষ্যগন বলিল
১৩ প্রভু যদি ঘুমায় তবে ভাল হইবে। য়েশু কহিলেন
তাহার মরনের বিষয় কিন্তু তাহারা বুঝিল যে তিনি
১৪ কহিলেন ঘুমে বিশ্রম পাওনের বিষয়। পরে য়েশু প্রকৃত
১৫ বলিলেন তাহারদিগকে লাজার মরিয়া গিয়াছে। এবং
আমি সেখানে না হইয়া আনন্দিত হই তোমারদেরার্থে
তোমারদের প্রত্যয় করনের হেতু কিন্তু এখন আমরা
১৬ যাই তাহার স্থানে। তখন তমা তাহার খ্যাত নাম
দ্বিদিমস বলিল তাহার সহ শিষ্যরদিগকে আমরা ও
যাই মরিতে তাহার সহিৎ।

১৭ য়েশু ওতুরিয়া জানিতে পাইলেন সে তখন কবরে
১৮ চারি দিন শুইয়া ছিল। বীতানিয়া য়িরোশলমের
১৯ নিকট তাহা ক্রোশেক পথ। অতএব অনেক য়িহোদীরা
আইল মারিয়ার স্থানে শান্তনা করিতে তাহারদিগকে
২০ তাহারদের ভাইর কারনে। মার্ত্তা য়েশুর আগমনের
সংবাদ পাইয়া গেল দেখা করিতে তাহার সহিৎ
২১ কিন্তু মারিয়া ঘরে বসিল। তখন মার্ত্তা বলিল হে
প্রভু আপনি এখানে রহিলে আমার ভাই মরিত
২২ না। কিন্তু এখন আমি জানি যদি তুমি চাহ
কোন কিছু ঈশ্বরের স্থানে ঈশ্বর তাহা দিবেন

২৩ তোমাকে। যেশু বলিলেন তাহাকে তোমার ভাই
২৪ আরবার ওঠিবে। মার্ত্তা বলিল তাহাকে আমি জানি
২৫ সে পুনর্ব্বার ওঠিবে পুনরুত্থানে শেষ দিনে। যেশু
বলিলেন তাহাকে আমি হই পুনরুত্থান ও জীবন যে
কেহ বিশ্বাস করে আমারে সে মরা হইলে বাঁচিবে
২৬ এবং যে কেহ জীবৎ হইয়া বিশ্বাস করে আমারে
সে কখন মরিবে না ইহা আস্থা করিতেছ।
২৭ সে বলিল হাঁ পৃভু আমি আস্থা করি যে তুমি ঈশ্বরের
পুত্র খ্রীষ্ট যাহার এ জগতে অবতারের আবশ্যক
২৮ হইল। সে এ কথা বলিয়া গেল এবং তাহার ভগিনী
মারিয়াকে গুপ্ত ডাকিল বলিয়া পৃভু আসিয়া ডাকেন
২৯ তোমাকে। তখন সে তাহা শুনিলে শীঘ্র ওঠিয়া গেল
৩০ তাহার ঠাঁই। যেশু তখন গ্রামে ওপস্থিত নহেন
কিন্তু সে স্থানে যেখানে মার্ত্তা ভেটিল তাহার সহিৎ।
৩১ তাহাতে য়িহোদী যাহারা ঘরে তাহার সহিৎ হইয়া
শান্তনা করিল তাহাকে যখন তাহারা দেখিল মারিয়া
শীঘ্র ওঠিয়া বাহিরে গিয়াছিল তখন তাহারা তাহার
পশ্চাৎ বর্ত্তি হইল বলিয়া সে কবরে যায় রোদন
৩২ করিতে সেখানে। মারিয়া যেশুর স্থানে ওপনিৎ
হইয়া ও তাহাকে দেখিয়া পড়িল তাহার চরনে কহিতে২
হে পৃভু তুমি এখানে হইলে আমার ভাই মরিত না।
৩৩ অতএব যেশু তাহাকে ও য়িহোদী যাহারা আইল
তাহার সহিৎ রোদন করিতে২ দেখিয়া আত্মায়
৩৪ কোঁকাইলেন এবং মনস্তাপি হইয়া বলিলেন কোথায়
থুইয়াছ তাহাকে। তাহারা বলিল তাঁহাকে হে পৃভু

৩৫ আইস দেখ। য়েশু রোদন করিলেন। তখন
৩৬ য়িহোদীরা বলিল দেখ তিনি কেমন প্রেম করিলেন
৩৭ তাহাকে। এবং তাহারদের কেহ২ বলিল এ মানুষ
অন্ধ লোকের চক্ষু ভাল করে তাহার শক্তি নহে এ
৩৮ মানুষের মৃত্যু বারন করিতে। অতএব য়েশু আরবার
আপনার মধ্যে কোঁকাইয়া আইলেন কবরের কাছে।
৩৯ তাহা এক গভর ও তাহার ওপর একটা পাথর। য়েশু
বলিলেন পাথর সরাও। সে মরার ভগিনি মার্থা
বলিল প্রভু এ সময়ে দুর্গন্ধ হইয়াছে একারন এখন
৪০ মরিয়াছে চারি দিবস। য়েশু বলিলেন তাহাকে আমি
না বলিয়াছি তোমাকে যদি আস্থা করিবা তবে ঈশ্বরের
৪১ বৈভব দেখিবা। তখন তাহারা সরাইল পাথরকে
শবের স্থান হইতে। য়েশু ঊর্দ্ধ দৃষ্টি করিয়া বলিলেন
ওরে পিতা আমি স্তব করি তোমাকে একারন শুনিয়াছ
৪২ আমার কথা। এবং আমি জানিলাম যে তুমি সদাকাল
শুনিতেছ আমাকে কিন্তু যাহারা নিকট ডাণ্ডাই তাহার
দের কারন আমি বলিয়াছি তাহারদের আস্থা করনের
৪৩ জন্য যে তুমি পাঠাইয়াছ আমাকে। তিনি এ কথা
বলিয়া ওচ্চই রবে ডাকিলেন হে লাজার বাহিরে
৪৪ আইস। তখন মৃত্যু মানুষ বাহিরে আইল হাত পা
কবর কাপড়ে বন্দিত এবং একটা রুমাল তাহার
মুখের ওপর। য়েশু বলিলেন তাহারদিগকে খোল
৪৫ এবং ছাড়িয়া দেহ তাহাকে। তখন অনেক য়িহোদী
যাহারা মারিয়ার ঠাঁই আইলে দেখিয়া ছিল যাহা২
৪৬ য়েশুর ক্রিয়া প্রত্যয় করিল তাঁহাকে। কিন্তু তাহারদের

কেহ২ ফারিসির ঠাঁই যাইয়া বলিল কি২ কার্য্য তেঁহ করিয়া ছিলেন।

৪৭ পরে প্রধান যাজক ও ফারিসিরা সভা হইয়া বলিল আমরা কি করি একারণ এ মানুষ করে অনেক
৪৮ আশ্চর্য্য ক্রিয়া। তাহার এ মত হইতে দিলে সকল লোক আস্থা করিবে তাহাকে এবং রোমন লোক আসিয়া লইবে আমারদের স্থান ও বর্ম্মাধিকার।
৪৯ তাহারদের এক জন সেই বৎসরের প্রধান যাজক ছিল তাহার নাম কাইয়াফা অতএব সে বলিল তাহারদিগকে
৫০ তোমরা কিছু জান না তোমরা মনে কর না যে আমারদের উচিত আছে এক জন মরিতে লোকের
৫১ বদলে এবং সকল বর্ম্ম সংহার না হইতে। সে এ কথা কহিল না আপনার মন হইতে কিন্তু সে বৎসর প্রধান যাজক হইয়া ভবিষ্যত কহিল যে য়েশু
৫২ মরিবেন সে বর্ম্মের বদলে এবং সে বর্ম্মের বদলে নহে কেবল কিন্তু ঈশ্বরের সকল ছিন্ন ভিন্ন শিশু
৫৩ একত্তর করিতে। পরে সে দিনাবধি তাহারা পরস্পর
৫৪ বলিল তাহাকে মারিয়া ফেলিতে। অতএব য়েশু আর বার প্রকাশ বেড়াইলেন না য়িহোদীরদের মধ্যে কিন্তু সে স্থান ছাড়িয়া গেলেন এক দেশে অরন্যের নিকট এক নগরে তাহার নাম আফ্রিম এবং সেখানে বসতি করিলেন তাহার শিষ্যেরদের সহিত।
৫৫ তখন য়িহোদীরদের পেশাক নিকট হইল ও সে পর্ব্বের পূর্ব্বে অনেক লোক সর্ব্ব দেশ হইতে য়িরোশলমে

গেল পবিত্র করিবার জন্য। সে কালে তাহারা চেষ্টা করিল য়েশুকে এবং পরস্পর কহিল স্বস্তিকে কি
৫৭ বুঝ সে আসিবে না পর্ব্বে। একারণ প্রধান যাজক ও ফারিসিরা আজ্ঞা দিয়া ছিল যদি কেহ জানিত কোথায় তিনি তবে তাহা বলিতে তাহারা তাঁহাকে ধরনের কারন।

পর্ব্ব ১২

পেশাক্কের পূর্ব্বে ছয় দিন য়েশু আইলেন বীতাঁনিয়ায় যেখানে লাজারের ঘর যে মরা ছিল যাহাকে
২ তিনি উঠাইয়া ছিলেন মৃত্যু হইতে। সেখানে তাহারা রাত্রের ভক্ষ্য পুস্তুত করিল তাহার জন্য ও মার্ত্তা পরিবেসন করিল কিন্তু লাজার ছিল তাহারদের
৩ মধ্যে যাহারা যেজে বসিল তাহার সহিৎ। সে কালে মারিয়া অর্দ্ধসের অতি মুল্য জটামাংশি তৈল লইয়া মাখাইল য়েশুর পায় ও তাহার চুল দিয়া মুছিল তাঁহার পা তাহাতে সমস্ত ঘর সে তৈলের সুগন্ধে
৪ আমোদ হইল। তখন তাহার এক জন শিষ্য তাহা শীমনের পুত্র য়িহোদা স্কারিওটা দাগাবাজ বলিল
৫ তাহাকে এ তৈল বিক্রয় নহে তিন শত শুকার কারন
৬ ও দরিদ্রকে না দেয়া গেল কেন। সে কহিল না এ কথা দরিদ্র ভাবিতের কারন কিন্তু একারন সে হইল চোর এবং থৈলা পাইয়া বহিল যাহা তাহার মধ্যে।
৭ তখন য়েশু বলিলেন ছাড়িয়া দেহ তাহাকে আমার কবরে শয়ন দিনের কারন ইহা রাখিয়াছে।
৮ একারন গরিব লোক সদা কাল তোমারদের সহিৎ কিন্তু আমি সর্ব্বক্ষন তোমারদের সহিৎ নহে।

৯ অতএব অনেক য়িহোদীরা জ্ঞাত হইয়া সেখানে আইল য়েশুরার্থে কেবল নহে কিন্তু লাজার ও দেখিতে
১০ যাহাকে তিনি ওঠাইয়া ছিলেন মৃত্যু হইতে কিন্তু প্রধান যাজক যুক্তি করিল লাজারকে ও খুন করিতে
১১ একারন তাহার নিমিত্ত অনেক য়িহোদীরা যাইয়া
১২ আস্থা করিল য়েশুকে। পর দিনে অনেক লোক যে পর্ব্বের কারন আইল যখন তাহারা শুনিয়া ছিল
১৩ য়েশুর য়িরোশলমে আগমনেরসমাচার তখন তাল গাছের বাগুড়া লইয়া বাহিরে গেল দেখা করিতে তাঁহার সহিৎ ও চেঁচাইতেং বলিল হোশানা জয় হওক য়িশরালের রাজার যিনি আসিতেছেন ঈশ্বরের
১৪ নামে। পরে য়েশু এক যুবা গাধা পাইয়া চড়িলেন
১৫ তাহার ওপরে যে মত লিপি আছে জীয়নের কন্যাভো ভয় করিও না দেখ তোমার রাজা আসিতেছেন গাধার বাচ্চার ওপরে চড়িয়া।
১৬ এ কথা তাহার শিষ্যগন সে শময় বুঝিল না কিন্তু য়েশুর বৈভব হইলে তাহারা মনে পাইল যে এ সমস্ত লিপি হইল তাহার বিষয় ও যে তাহারা করিয়া ছিল এ
১৭ সকল তাঁহাকে। অতএব যে লোক থাকিল তাহার সহিৎ যখন তিনি ডাকিলেন লাজরকে কবর হইতে ও ওঠাইলেন তাহাকে মৃত্যু হইতে তাহারা প্রমান
১৮ দিল। এতদর্থে মানব্য শুনিতে পাইয়া যে তিনি এ আশ্চর্য্য ক্রিয়া করিয়া ছিলেন দেখা করিতে গেল
১৯ তাহার সহিৎ। তন্নিমিত্ত ফারিসিরা পরস্পর বলিল

দেখ না যে তোমরা কিছু করিতে পার না দেখ সমস্ত লোক গিয়াছে তাহার পুছে।

২০ এবং তাহারদের মধ্যে ও আছিল কতক গ্রীক
২১ লোক যাহারা পর্ব্বে ভজন করিতে আইল। অতএব সে লোক গালিলির বীতচিদার ফিলিপের ঠাঁই আইলে জিজ্ঞাসা করিল তাহাকে বলিয়া মহাশয় আমরা
২২ য়েশুকে দেখিতে চাহি। ফিলিপ আসিয়া কহিল আন্দ্রাকে তারপর আন্দ্রা ও ফিলিপ বলিল য়েশুকে।
২৩ তখন য়েশু উত্তর করিলেন তাহারদিগকে মনুষ্যের
২৪ পুত্রের বৈভবের দণ্ড আছে। সত্যং আমি বলি তোমারদিগকে গোমের এক দানা মৃত্তিকায় পড়ন ও মরন ব্যতিরেক একা থাকে কিন্তু মরিলে বহুত ফল
২৫ ফলে। যে কেহ আপনার প্রান মায়া করে সে তাহা হরিবে এবং যে কেহ আপনার প্রান দৃষ্ম করে এ জগতের মধ্যে সে তাহা রাখিবে অনন্ত পরমায়ু
২৬ পর্য্যন্ত। যে কেহ আমার সেবা করে সে হওক আমার পশ্চাৎ বর্ত্তি এবং যেখানে আমি থাকি সে স্থানে আমার সেবক ও থাকিবে যদি কোন কেহ আমার সেবা করে তবে আমার পিতা মর্য্যাদা করিবেন তাহাকে।

২৭ এখন আমার প্রান মনস্তাপিৎ হইয়াছে আমি ও কি বলিব হে পিতা ত্রান কর আমাকে এ দণ্ড হইতে কিন্তু
২৮ ইহার কারন আমি আইলাম এ দণ্ডে। ওরে পিতা কর তোমার নামের পৌরষ। তখন স্বর্গ হইতে রব হইল আমি তাহার পৌরষ করিয়াছি ও আরবার

তাহা করিব অতএব যাহারা নিকট ডাণ্ডাইয়া
২৯ শুনিল তাহা তাহারা বলিল সন্ধ্যা গর্জ্জন হইল আর
লোক বলিল এক দূত বলিতেছে তাহার সহিৎ। য়েশু
৩০ প্রত্যুত্তর করিয়া বলিলেন এ রব আমার জন্য নহে
কিন্তু তোমারদেরার্থে। এখন এ জগতের বিচার
৩১ হয়। এ জগতের রাজা বাহিরে ফেলিতে হইয়াছে।
আমি ও যদি তোলান হই পৃথিবী হইতে তবে টানিব
৩২ সকল লোককে আমাতে। তিনি এ কথা কহিলেন
৩৩ জানাইতে কি প্রকার মৃত্যু মরিবেন। লোক
৩৪ প্রত্যুত্তর করিল তাঁহাকে আমরা শুনিয়াছি ধর্ম্ম
পুস্তক হইতে যে খ্রীষ্ট সাদকাল রহিবেন এবং তুমি
কেমন বলিতেছ মানুষের পুত্রকে তোলান হইবা এই
৩৫ মানুষের পুত্র কে। য়েশু বলিলেন তাহারদিগকে আর
কিঞ্চিৎ কাল আলো আছে তোমারদের সহিৎ আলো
থাকিতে গতি কর তাহাতে অন্ধকার ধরে না তোমার
৩৬ দিগকে। যে গতি কর অন্ধকারে সে জানে না কোথায়
যায়। যাবৎ আলো থাকে তাবৎ আলোতে বিশ্বাস
কর আলোর শিশু হইবার জন্য। য়েশু এ কথা কহিয়া
৩৭ প্রস্থান করিয়া নুকাইলেন তাহারদিগ হইতে। তিনি
সে মত অনেক আশ্চর্য্য ক্রিয়া করিলেন তাহারদের
সন্মুখে কিন্তু তথাচ তাহারা আস্থা করিল না তাঁহাকে।
৩৮ তাহাতে প্রত্যক্ষ হইল য়িশঈহা ভবিষ্যত বক্তার কথা
যাহা কহিল আরে প্রভু কেতা প্রত্যয় করিয়াছে
আমারদের সমাচার ও কাহার ঠাঁই ঈশ্বরের হস্ত
৩৯ প্রকাশ হইয়াছে। অতএব তাহারা ভক্তি করিতে

পারিল না একারন য়িশওীহা আরবার বলিয়াছিল
৪০ তিনি তাহারদের চক্ষু অন্ধ করাইল ও তাহারদের অন্তঃ
করন কঠিন করাইল তাহারা চক্ষে না দেখন ও অন্তঃকরনে
না বুঝনের জন্য কি জানি ফিরিয়া আমি সুস্থ করাই
৪১ তাম তাহারদিগাকে। য়িশওীহা তাহার তেজ দেখিয়া
৪২ ও তাঁহার বিষয় বলিয়া কহিলেন এ কথা। অধ্যক্ষের
দের অনেক লোক ও আস্থা করিল তাঁহাকে কিন্তু
ফারিসিরদের কারন কবুল করিল না নতুবা তাহারা
৪৩ সিনাগাগ হইতে ফেলা হইত। একারন তাহারা মানু
ষের ব্যাখ্যান চাহিল ঈশ্বরের ব্যাখ্যান হইতে অধিক
৪৪ য়েশু চেঁচাইয়া বলিলেন যে কেহ আস্থা করে
আমাকে সে আস্থা করে না আমাকে কিন্তু তাঁহাকে
৪৫ যিনি পাঠাইয়াছেন আমাকে। এবং যে কেহ আমাকে
দেখে সে দেখে তাঁহাকে যিনি পাঠাইয়াছেন আমাকে।
৪৬ আমি আইলাম এক দীপ্তি জগতে সে জন অন্ধকারে
৪৭ না থাকনের কারন যে ভক্তি করে আমারে কেহ যদি
আমার কথা শুনিয়া বিশ্বাস করে না তবে আমি
তাহাকে বিচার করি না একারন আমি আইলাম না
জগত বিচার করিবারে কিন্তু জগত ত্রান করিবার কারন।
৪৮ যে কেহ অশ্রদ্ধা করে আমাকে ও আমার কথা লয়
না এক আছে বিচার করিতে তাহাকে যে কথা আমি
বলিয়াছি সেই বিচার করিবে তাহাকে শেষ দিনে।
৪৯ একারন আমি কহি না আপনার মন হইতে কিন্তু
পিতা যিনি পাঠাইয়াছেন আমাকে তিনি আজ্ঞা দিয়াছেন
৫০ কি বলিতে ও কি কহিতে। আমি ও জানি তাঁহার

আজ্ঞা আছে অনন্ত পুয়াযু অতএব যাহা আমি কহি
তাহা বলি যেমন পিতা কহিয়াছেন আমাকে।

পর্ব্ব এখন পেশাক্ষের পর্ব্বে যখন য়েশু জানিলেন
১৩ তাঁহার দণ্ড হইয়াছে এ জগত ছাড়িয়া যাইতে পিতার
স্থানে তিনি তাহার নিজ যাহারা জগতে থাকে প্রেম
করিয়া প্রেম করিলেন তাহারদিগকে শেষ পর্য্যন্ত।
২ সয়তান তখন দিয়া ছিল শীমনের পুত্র য়িহোদা
স্কারিওটার অন্তঃকরনে দাগাবাজি গছিৎ করিতে
৩ তাহাকে। রাত্রের ভোজন হইলে ও য়েশু জ্ঞাত হইয়া
যে পিতা সমস্ত গছিৎ করিয়া ছিলেন তাহার হাতে
এবং যে তিনি ঈশ্বর হইতে আসিয়া ছিলেন ও
৪ ঈশ্বরের স্থানে যাবেন তখন তিনি রাত্রের ভোজন
ছাড়িয়া ওঠিলেন ও বস্ত্র খুলিয়া গামছা কমরে
৫ বন্দিলেন তৎপরে তিনি জল ঢালিয়া পাত্রে শিষ্যের
দের পদ ধুইতে ও মুছিতে লাগিলেন সে গামছা
৬ দিয়া যাহাতে বন্দিৎ ছিলেন। পরে তিনি শীমন
পিতরের ঠাঁই আইলেন ও পিতর বলিল তাহাকে
৭ প্রভুহে আমার পা ধুইবা। য়েশু ওত্তর করিয়া
বলিলেন তাহাকে যাহা করি তাহা এখন তুমি জ্ঞাত নহ
৮ কিন্তু শেষে জানিবা। পিতর বলিল তাঁহাকে তুমি
কখন ধুইবা না আমার পদ য়েশু প্রত্যুত্তর করি
লেন তাহাকে যদি তোমাকে না ধুই তবে তোমার
৯ কিছু ভাগ নাহি আমার সহিৎ। শীমন পিতর
বলিল তাহাকে প্রভুহে আমার পা কেবল নহে কিন্তু

১০ আমার হাত ও আমার মাথা। য়েশু বলিলেন তাহাকে যাহার স্নান হইয়াছে তাহার আবশ্যক নহে ধুইতে বিনা তাহার পা কিন্তু সকলে পরিষ্কার হইয়াছে
১১ তোমরা ও পরিষ্কার কিন্তু প্রতি জন নহে। তিনি জানিলেন কে দাগাবাজি গচ্ছিৎ করিবে তাহাকে অতএব বলিলেন তোমরা সকল পরিষ্কার নহ।
১২ তিনি তাহারদের পা ধুইয়া ও পরিচ্ছদ লইয়া এবং আরবার বসিয়া বলিলেন তাহারদিগকে জান তোমরা
১৩ আমি কি করিয়াছি তোমারদিগকে। তোমরা কহিতেছ আমাকে গুরু ও প্রভু এবং তোমরা ভাল কহ
১৪ একারন আমি তাহা হই। অতএব আমি তোমারদের গুরু ও প্রভু যদি ধুইয়াছি তোমারদের পা
১৫ তবে তোমরা পরস্পর পা ধুইতে জুয়ায়। একারন আমি নমুনা দিয়াছি তোমারদিগকে তোমারদের করিবার কারন যে মত আমি করিয়াছি তোমারদিগকে।
১৬ সত্যং আমি বলি তোমারগিকে দাস প্রভু হইতে বড় নহে কিম্বা প্রেরিত তাঁহা হইতে বড় যে
১৭ পাঠাইল তাহাকে। ইহা জানিলে করিয়া ভাগ্যমন্ত
১৮ তোমরা। আমি বলি না তোমারদের সকলের বিষয় আমি জানি কাহারদিগকে পছন্দ করিয়াছি কিন্তু ধর্ম্ম গ্রন্থ প্রত্যক্ষের জন্য যে খায়ে আমার অন্ন
১৯ সে গুড় মুড়া ওঠাইয়াছে আমার বিপরিতে। এখন প্রত্যক্ষের পূর্ব্বে আমি বলি তোমারদিগকে তোমরা তাহা হইলে আস্থা করিবার কারন যে আমি হই সে
২০ জন। সত্যং আমি বলি তোমারদিগকে যে কেহ

অতীথি করে আমার কোন প্রেরিত সে অতীথি করে আমাকে ও যে কেহ অতীথি করে আমাকে সে অতীথি করে তাঁহাকে যিনি পাঠাইলেন আমাকে।

২১ য়েশু এ কথা কহিলে আত্মায় দুঃখিৎ হইয়া প্রমান দিলেন ও বলিলেন সত্যং আমি বলি তোমারদিগকে তোমারদের এক জন দুর্গচ্ছিৎ করিবে আমাকে।
২২ তাহাতে শিষ্যগন পরস্পর দেখিতেং ভাবিল কাহার
২৩ বিষয় ইহা কহিলেন। সে সময় য়েশুর এক জন শিষ্য আড় হইয়া রহিল তাঁহার বুকে য়েশু প্রেম
২৪ করিলেন তাহাকে। অতএব শীমন পিতর ঠারিল তাহাকে জিজ্ঞাসা করিতে কাহার বিষয় কহিলেন।
২৫ অতএব সে য়েশুর বুকে শুইয়া বলিল প্রভু সে জন
২৬ কে। য়েশু প্রত্যুত্তর করিলেন যাহাকে আমি এক টুক্রা ভিজাইয়া দেই সেই জন পরে তিনি তাহা ভিজাইয়া দিলেন শীমনের পুত্র য়িহোদা স্কারিয়টাকে।
২৭ সে ভিজা খাইলে সয়তান প্রবেশ করিল তাহার মধ্যে তখন য়েশু বলিলেন তাহাকে যাহা করিতে চাহ তাহা
২৮ শীঘ্র করিয়া কর। যাহারা মেজে বসিল তাহারদের কেহ জানিল না কি কারন এ কথা কহিয়া ছিলেন
২৯ তাহাকে। য়িহোদার ঠাঁই থৈলি ছিল সেকারন কেহং ভাবিল যে য়েশু বলিয়া ছিলেন তাহাকে ক্রয় কর যাহা আমরা চাহি পর্ব্বের জন্য কিম্বা কিছু দিতে
৩০ দরিদ্রকে। পরে য়িহোদা সে ভিজান পাইবা মাত্র বাহিরে গেল ও গেলে রাত্র হইল।

৩১ সে বাহিরে গেলে য়েশু বলিলেন এখন মানুষের পুত্রের নাম হইল এবং তাহারে ঈশ্বরের নাম ও
৩২ হইল। ঈশ্বরের নাম প্রাপ্তি তাহারে হইলে ঈশ্বর তাহার ঘোষন ও করিবেন আপনার মধ্যে এবং
৩৩ ততক্ষনে করিবেন তাহার ঘোষন। ক্ষুদ্র শিশুরে তোমারদের সঙ্গে আর কিঞ্চিৎ কাল থাকি তোমরা খুজিবা আমাকে ও যেমন বলিয়াছি য়িহোদীর দিগকে যেখানে আমি যাই সেখানে তোমরা আসিতে
৩৪ পার না সে মত বলি তোমারদিগকে। এক নুতন আজ্ঞা আমি দেই তোমারদিগকে পরস্পর প্রেম কর যে মত আমি প্রেম করিয়াছি তোমারদিগকে
৩৫ সে মত প্রেম কর এক জন আর এক জনকে। যদি তোমরা এ মত পরস্পর প্রেম কর তবে সকলে জানিবে
৩৬ যে তোমরা আমার শিষ্যগন। শীমন পিতর বলিল তাহাকে প্রভু কোথায় যাইতেছ। য়েশু প্রত্যুত্তর করিলেন যেখানে আমি যাই সেখানে এখন যাইতে পার না আমার সহিৎ কিন্তু পরে যাইবা আমার
৩৭ পশ্চাৎ। পিতর বলিল তাহাকে তোমার সঙ্গে এখন যাইতে পারি না কেন আমি আপনার প্রান দিব
৩৮ তোমারার্থে। যেশু প্রত্যুত্তর করিলেন তোমার প্রান দিবা আমারার্থে সত্য২ আমি বলি তোমাকে কুক্কুড়া বাঁক দিবে না তুমি তিন বার আমাকে জানিতে হেয় জ্ঞান না করিলে।

পর্ব্ব অন্তঃকরনে দঃখিৎ হইও না। তোমরা ঈশ্বরকে
১৪ আস্থা কর আমাতে ও আস্থা করহ। আমার

পিতার ঘরে অনেক কুঠরি যদি এমন নহে তবে বলিতাম তোমারদিগকে। আমি যাই স্থান প্রস্তুত করিতে
৩ তোমরদের নিমিত্ত। এবং আমি যদি যাইয়া স্থান প্রস্তুত করি তোমারদের নিমিত্ত তবে পুনর্ব্বার আসিয়া লইব তোমারদিগকে আপনার ঠাঁই। তাহাতে যে স্থানি আমি থাকি সে স্থানে তোমরা ও হইবা।
৪ কোথায় আমি যাই তাহা তোমরা জান তোমরা সে পথ
৫ ও জান। তমা বলিল তাহাকে প্রভু হে আমরা জানি না কোথায় তোমার গমন অতএব পথ জানিব কেমন
৬ করিয়া। য়েশু বলিলেন তাহাকে আমি পথ ও সত্যতা ও জীবন কোন কেহ আমা দিয়া না গেলে আইসে না
৭ পিতার স্থানে। তোমরা আমাকে জানিলে জানিতা আমার পিতাকে এ কালাবধি ও তোমরা জান ও দেখিয়াছ
৮ তাঁহাকে। ফিলিপ বলিল তাহাকে হে প্রভু আমার
৯ দিগকে পিতাকে দেখাইলে আমরা তৃপ্তি হই। য়েশু বলিলেন তাহাকে হে ফিলিপ আমি এত দিন তোমার সহিৎ থাকিলে জানিলা না আমাকে। যে কেহ আমাকে দেখিয়াছে সে পিতাকে দেখিয়াছে অতএব
১০ কেমন বলিতেছ দেখাও পিতাকে আমারদিগকে। প্রত্যয় না করিতেছ যে আমি পিতার মধ্যে ও পিতা আমার মধ্যে। যে কথা আমি বলি তোমারদিগকে তাহা আপনার মন হইতে বলি না কিন্তু পিতা যিনি থাকেন
১১ আমার মধ্যে তিনি সে কার্য্য করেন। প্রত্যয় কর আমাকে যে আমি পিতার মধ্যে ও পিতা আমার মধ্যে কিম্বা প্রত্যয় কর আমাকে সে কার্য্যের কারন।

১২ সত্যং আমি বলি তোমারদিগকে যে কেহ বিশ্বাষ করে আমারে যে কার্য্য আমি করি তাহা সে ও করিবে বটে ইহা হইতে বড় কার্য্য করিবেক একারন আমি যাই
১৩ পিতার স্থানে। যাহা তোমরা চাহিবা আমার নামে তাহা ও আমি করিব পিতার পৌরষ পুত্রে হাওনের জন্য।
১৪ তোমরা কিছু চাহিলে আমার নামে আমি তাহা করিব।
১৫ যদি আমাকে প্রেম কর তবে আমার আজ্ঞা মান।
১৬ আমি ও কামনা করিব পিতাকে এবং তিনি দিবেন আর এক শান্তনা কর্ত্তা তোমারদিগকে তোমারদের
১৭ সহিৎ সর্ব্বক্ষন থাকনের জন্য তিনি সত্যতার আত্মা যাঁহাকে জগত গ্রহন করিতে পারে না একারন তাহাকে দেখে না জানে না কিন্তু তোমরা জান তাঁহাকে একারন তিনি বসতি করেন তোমারদের
১৮ সহিৎ ও হইবেন তোমারদের মধ্যে। আমি শান্তনা হিন ছাড়াইব না তোমারদিগকে আমি আসিব তোমার
১৯ দের ঠাঁই। আর কিঞ্চিৎ কাল পরে জগত দেখিবে না আমাকে কিন্তু তোমরা দেখিবা আমাকে
২০ আমি বাঁচি সেকারন তোমরা ও বাঁচিবে। সে দিনে তোমরা জানিবা যে আমি পিতার মধ্যে ও তোমরা
২১ আমার মধ্যে ও আমি তোমারদের মধ্যে। যে জন আমার আজ্ঞা পাইয়া মানে সে প্রেম করে আমাকে ও যে জন প্রেম করে আমাকে তাহাকে আমার পিতা প্রেম করিবেন ও আমি প্রেম করিব তাহাকে ও প্রকাশ
২২ হইব তাহার ঠাঁই। স্কারিওটী ভিন্ন অন্য য়িহোদা বলিল তাহাকে প্রভু এ কেমন তুমি প্রকাশ হইয়া

আমারদের স্থানে কিন্তু জগতের স্থানে নহে।
২৩ যেশু প্রত্যুত্তর করিয়া বলিলেন তাহাকে কোন কেহ আমাকে প্রেম করিলে মানিবে আমার কথা আমার পিতা ও প্রেম করিবেন তাহাকে এবং আমরা আসিয়া
২৪ বাস করিব তাহার সহিৎ। যে জন প্রেম করে না আমাকে সে মানে না আমার কথা এবং যে কথা তোমরা শুনিতেছ তাহা আমার নহে কিন্তু পিতার যিনি পাঠাইয়াছেন আমাকে।
২৫ আমি তোমারদের সহিৎ থাকিয়া বলিয়াছি এ কথা
২৬ তোমারদিগকে। কিন্তু শান্তনা কর্ত্তা তিনি ধর্ম্মাত্মা যাহাকে পিতা পাঠাইয়া দিবেন আমার নামে তিনি সকল শিক্ষাইবেন তোমারদিগকে ও তোমারদের মনে দিবেন সকল যাহা আমি বলিয়াছি তোমারদিগকে।
২৭ কুশল আমি থুই তোমারদের ঠাঁই আমার কুশল দেই তোমারদিগকে যে মত জগতের লোক দেয় তেমন আমি দেই না। তোমারদের অন্তঃকরন দুঃখিৎ
২৮ কিম্বা ভয়ান্বিৎ হওক না। তোমরা শুনিয়াছ যে আমি কহিলাম তোমারদিগকে আমি যাই তারপর ফিরিয়া আসিব তোমারদের স্থানে। আমাকে প্রেম করিলে আনন্দিত হইতা আমার বচনের কারন যে আমি পিতার স্থানে যাই একারন আমার
২৯ পিতা আমা হইতে বড়। আমি এখন তাহা প্রত্যক্ষের পূর্ব্বে কহিয়াছি তোমারদিগকে তাহাতে তাহা হইলে তোমরা আস্থা করিবা।
৩০ ইহার পরে আমি অনেক কথা কহিব না তোমার

দের সহিৎ একারন এ জগতের রাজা আসিতেছে ও
৩১ তাহার কিছু নহে আমার মধ্যে। কিন্তু জগতের
লোক জানিবার জন্য যে আমি প্রেম করি পিতাকে এবং
যে মত আজ্ঞা দিয়াছেন আমাকে সে মত আমি করি।
উঠ আমরা এখান হইতে যাই।

পর্ব্ব আমি সত্য দ্রাক্ষা গাছ ও আমার পিতা কৃশান।
১৫ আমার প্রতি ডাল যে ফল ফলে না তিনি কাটেন ও
প্রতি ডাল যে ফল ফলে তাহা পরিষ্কার করেন তাহা
৩ আর ফল ফলনের জন্য। এখন তোমরা পরিষ্কার
হইয়াছ সে বাক্য করনের যাহা আমি কহিয়াছি
৪ তোমারদিগকে। তোমরা থাক আমার মধ্যে ও
আমি তোমারদের মধ্যে। যেমন ডাল আপনি ফল
ফলিতে পারে না দ্রাক্ষা বৃক্ষে না থাকিলে তেমন
৫ তোমরা আমার মধ্যে না থাকিলে। আমি দ্রাক্ষা
গাছ তোমরা ডাল যে কেহ থাকে আমার মধ্যে ও
আমি তাহার মধ্যে সে অনেক ফল ফলে একারন
৬ তোমরা কিছু করিতে পার না আমা বই। কোন কেহ
আমার মধ্যে না থাকিলে কাটিয়া ফেলিতে হয় ডালের
মত ও সুখু হইবে পরে লোক তাহারদিগকে একত্তর
৭ করিয়া অগ্নিতে ফেলে তাহাতে পুড়িয়া যায়। যদি
তোমরা থাক আমার মধ্যে এবং আমার কথা থাকে
তোমারদের মধ্যে তবে যাহা২ তোমারদের ইচ্ছা তাহা
নিবেদন করিলে করিতে হবে তোমারদের জন্য।
৮ তোমরা অনেক ফল ফলিতে২ আমার পিতার নাম হয় ও

৯ তোমরা হইবা আমার নিতান্ত শিষ্য। যেমন পিতা প্রেম করিয়াছেন আমাকে তেমন আমি প্রেম করিয়াছি
১০ তোমারদিগকে থাক আমার প্রেমে। আমার আজ্ঞা মানিলে থাকিবা আমার প্রেমে যেমন আমি
১১ আমার পিতার আজ্ঞা মানিয়া থাকি তাহার প্রেমে। আমার হৃষ্ট থাকিবার কারন তোমারদের মধ্যে ও তোমারদের আনন্দ পূর্ণ হওনের জন্য আমি কহিয়াছি এ কথা তোমারদিগকে।

১২ তোমরা পরস্পর প্রেম কর যে মত আমি প্রেম করি
১৩ য়াছি তোমারদিগকে এ আমার আজ্ঞা। কোন কাহার প্রেম ইহা হইতে বড় নহে কেহ আপনার
১৪ জীবন দিতে তাহার বন্ধুর নিমিত্ত। যাহা২ আমি আজ্ঞা দেই তোমারদিগকে তাহা করিলে তোমরা
১৫ আমার বন্ধু। ইহারপর আমি দাস বলি না তোমার দিগকে একারন দাস জানে না তাহার প্রভু কি করেন কিন্তু আমি বন্ধু বলিয়াছি তোমারদিগকে একারন যাহা আমি শুনিয়াছি আমার পিতার স্থানে তাহা
১৬ সকল জানাইয়াছি তোমারদিগকে। তোমরা পছন্দ না করিয়াছ আমাকে কিন্তু আমি পছন্দ করিয়াছি তোমারদিগকে এবং নিযুক্ত করিয়াছি তোমারদিগকে যাইয়া অনেক ফল ফলিতে ও তোমারদের ফল থাকিতে তাহাতে যাহা তোমরা চাহ আমার পিতার ঠাঁই আমার নামে তাহা তিনি দিবেন তোমারদিগকে।
১৭ আমি এ আজ্ঞা করি তোমারদিগকে পরস্পর প্রেম কর।
১৮ যদি জগত ঘৃন্না করে তোমারদিগকে জান তাহ

১৯ ঘৃন্না করিল আমাকে তোমারদের পুর্ব্বে। যদি তোমরা হইতা এ জগতের লোক তবে জগত আপনার প্রেম করিত তোমরা এ জগতের লোক নহ কিন্তু আমি পছন্দ করিয়াছি তোমারদিগকে জগত হইতে এ নিমিত্ত জগত
২০ ঘৃন্না করে তোমারদিগকে। মনে রাখ আমার যে কথা কহিয়াছি তোমারদিগকে দাস প্রভু হইতে বড় নহে। তাহারা আমাকে বিপক্ষতা করিলে বিপক্ষতা করিবে তোমারদিগকে। আমার কথা মানিলে মানিবে
২১ তোমারদের। তাহারা তাহাকে জানে নাই যিনি পাঠাইয়াছেন আমাকে সেকারন এ সমস্ত করিবে
২২ তোমারদিগকে আমার নামেরার্থে। যদি আমি না আসিয়া বলিতাম তাহারদিগকে তবে তাহারদের পাপ হইত না কিন্তু এখন তাহারদের পাপের আচ্ছাদন
২৩ নহে। যে জন ঘৃন্না করে আমাকে সে ও ঘৃন্না
২৪ করে আমার পিতাকে। যদি সে কার্য্য না করিতাম তাহারদের মধ্যে যাহা আর কেহ না করিয়াছে তবে তাহারদের পাপ হইত না কিন্তু এখন তাহারা দেখিয়াছে ও ঘৃন্না করিয়াছে আমাকে ও আমার
২৫ পিতাকে। কিন্তু এ হইল সে কথা পুত্যক্ষে রজন্য যাহা তাহারদের ব্যবস্থায় লিপি আছে তাহারা অকারন
২৬ ঘৃন্না করিয়াছে আমাকে। শান্তনা কর্ত্তা যাহাকে আমি পাঠাইব তোমারদের ঠাঁই পিতা হইতে তিনি পিতারোদ্ভব সত্যতার আত্মাই তিনি আসিয়া পুমান
২৭ দিবেন আমার বিষয়। তোমরা ও পুথমাবধি হইয়া ছিলা আমার সহিৎ সে নিমিত্ত তোমরা ও পুমান দিবা।

পর্ব্ব তোমরা বেজার না হইবার কারন কহিয়াছি এ
১৫ কথা তোমারদিগাকে। তাহারা ফেলিবে তোমার
দিগাকে সিনগগ হইতে বটে সে সময় ও আসিতেছে
যখন কেহ তোমারদিগাকে বধ করিলে বুঝিবে তাহা
৩ ঈশ্বরের সেবা। তাহারা জানি নাই পিতা কিম্বা
আমাকে সে নিমিত্ত এ সমস্ত করিবে তোমারদিগাকে।
৪ কিন্তু এ সমস্ত আমি কহিয়াছি তোমারদিগাকে ইহাতে
সে সময় আইলে তোমরা মনে পাইবা যে আমি
কহিয়াছি এ কথা তোমারদিগাকে। আমি ও আছিলাম
তোমারদের সহিৎ সে কারন এ কথা কহিলাম না
৫ তোমারদিগাকে প্রথমে। কিন্তু এখন আমি যাই
তাঁহার স্থানে যিনি পাঠাইয়াছেন আমাকে ও তোমার
দের কেহ জিজ্ঞাসা করে না আমাকে কোথায় যাইতেছ।
৬ কিন্তু আমি এ কথা কহিলাম তোমারদিগাকে তন্নিমিত্ত
৭ তোমারদের অন্তঃকরন দুঃখ পূর্ন্নিৎ। কিন্তু আমি
সত্য কথা কহি তোমারদিগাকে আমার আবশ্যক
আছে এখান ছাড়িয়া যাইতে একারন না গেলে
শান্তনা কর্ত্তা আসিবে না তোমারদের ঠাঁই কিন্তু আমি
৮ যাইয়া পাঠাইব তাহাকে তোমারদের ঠাঁই। এবং
তিনি আইলে বিরুক্ত করিবেন জগতকে পাপ পুকৃতার্থ
৯ ও বিচারের বিষয় তাহারা বিশ্বাস করে না আমারে
১০ সে নিমিত্ত পাপের বিষয় আমি যাই আমার পিতার
স্থানে ও তোমরা আর বার দেখিবা না আমাকে সে
১১ হেতু পুকৃতার্থের বিষয় এ জগতের রাজা বিচারে

জিল সে কারন বিচারের বিষয়।

১২ আমার আর অনেক বচন বলিতে তোমারদিগকে
১৩ কিন্তু এখন তোমরা সহিতে পার না তাহা। কিন্তু তিনি তাহা সত্যতার আত্মা আসিয়া সমস্ত সত্যতাতে পথ দেখাইবেন তোমারদিগকে একারন তিনি বলিবেন না আপনা হইতে কিন্তু যাহা শুনিবেন তাহা বলিবেন। এবং দেখাইবেন ভবিষ্যৎ কার্য্য তোমারদিগকে।
১৪ তিনি দুষিবেন আমাকে একারন তিনি আমার লইয়া
১৫ দেখাইবেন তোমারদিগকে। যাহা পিতার সে সমস্ত আমার অতএব আমি বলিলাম তিনি আমার লইয়া দেখাইবেন তোমারদিগকে।

১৬ কিঞ্চিৎ কাল পরে তোমরা দেখিতে পাইবা না আমাকে পুনর্ব্বার কিঞ্চিৎ কাল পরে তোমরা দেখিতে পাইবা আমাকে একারন আমি যাই পিতার স্থানে।
১৭ তখন তাহার কতক জন শিষ্য পরস্পর বলিল তিনি কি বলেন আমারদিগকে কিঞ্চিৎ কাল পরে দেখিতে না পাইবা আমাকে পুনর্ব্বার কিঞ্চিৎ কাল পরে দেখিতে পাইবা আমাকে একারন আমি যাই পিতার স্থানে।
১৮ অতএব তাহারা বলিল তিনি কি কথা কহেন কিঞ্চিৎ
১৯ কাল আমরা বলিতে পারি না কি কহেন। য়েশু জানিলেন যে তাহারা জিজ্ঞাসা করিতে চাহিল তাহাকে অতএব বলিলেন তাহারদিগকে তোমরা পরস্পর জিজ্ঞাসা কর যাহা আমি বলিলাম কিছু কাল পরে দেখিতে না পাইবা আমাকে এবং পুনর্ব্বার কিঞ্চিৎ কাল পরে
২০ দেখিতে পাইবা আমাকে। সাক্ষোদ্ধার আমি

বলি তোমারদিগকে তোমরা রোদন ও হাহাকার করিবা কিন্তু সংসার আনন্দিৎ হবে তোমরা ও দুস্থিৎ হবা কিন্তু তোমারদের দুঃখ বদল হবে
২১ আনন্দতে। স্ত্রী লোক প্রসব ব্যথিৎ হইয়া দুস্থ পায় একারন তাহার কাল হইয়াছে কিন্তু পুত্র প্রসব হইলে সে জন্ত্রনা মনে থাকে না পুত্র সন্তান সংসারে
২২ প্রসবের আনন্দের কারন। এ নিমিত্ত তোমারদের দুঃখ এখন কিন্তু আমি তোমারদিগকে পুনর্ব্বার দেখিলে আনন্দিৎ হইবা অন্তঃকরনে ও কেহ লয়েতে না তোমারদের
২৩ আনন্দ। সে দিনে তোমরা কিছু জিজ্ঞাসা করিবা না আমাকে সত্যং আমি বলি তোমারদিগকে যাহা তোমরা চাহিবা পিতার ঠাঁই আমার নামে তাহা
২৪ তিনি দিবেন তোমারদিগকে। এখন পর্য্যন্ত তোমরা কিছু চাহিলা না আমার নামে চাহ তখন
২৫ পাইবা তোমারদের আনন্দ পুর্ন হইবার জন্য। এ সমস্ত দ্বার্থ কথা কহিয়া বলিয়াছি তোমারদিগকে কিন্তু কাল আসিতেছে যাহাতে আর দ্বার্থ কথা কহিব না কিন্তু প্রকাশে দেখাইব তোমারদিগকে পিতার
২৬ বিষয়। সে দিনে তোমরা চাহিবা আমার নামে এবং আমি কহি না যে আমি কামনা করিব পিতাকে
২৭ তোমারদের বিষয় একারন তোমরা আমাকে প্রেম করিলে ও প্রত্যয় করিলে যে আমার আগমন পিতা হইতে পিতা আপনি প্রেম করেন তোমারদিগকে।
২৮ আমি পিতা হইতে আসিয়া জগতে আইলাম পরে জগত্ত ছাড়িয়া যাই পিতার স্থানে।

২৯ তাঁহার শিষ্য বলিল তাঁহাকে দেখ এখন শুদ্ধ কথা
৩০ বলিয়াছ ও কিছু দৃষ্টান্ত কথা নহে। এখন আমরা নিশ্চয় জানি যে তুমি সর্ব্বজ্ঞ ও তোমার আবশ্যক নহে কেহ জিজ্ঞাসা করিতে তোমাকে ইহাতে আমরা আস্থা
৩১ করি যে তুমি আসিয়াছ ঈশ্বর হইতে। যেশু প্রত্যুত্তর
৩২ করিলেন এখন আস্থা কর তোমরা। দেখ দণ্ড আসিতেছে বটে এখন আছে যখন তোমরা সকল ভিন্ন ভিন্ন হবা প্রতি জন আপনার সম্পদে এবং ছাড়িবে আমাকে একা কিন্তু আমি একা নহে একারন পিতা
৩৩ আমার সহিৎ। আমি এ কথা কহিয়াছি তোমার দিগকে তোমরা আমাতে কুশল প্রাপ্তির কারন। জগতে হইবে তোমারদের দুঃখ কিন্তু নির্ভয় হও আমি পরাভব করিয়াছি জগতকে।

পর্ব্ব যেশু এ কথা বলিয়া স্বর্গেরদিগে দৃষ্টি করিলেন ও
১৭ বলিলেন হে পিতা সে দণ্ড আসিয়াছে তোমার পুত্রের বৈভব ঘোষাও তোমার পুত্র ও তোমার ঘোষনা
২ করিবার নিমিত্ত। যে মত শাসন করিবার পরাক্রম দিয়াছ তাঁহাকে সকল লোকের ওপরে অনন্ত পরমায়ু
৩ দিবার কারন সকলকে যাহারা দিয়াছ তাহাকে। এ আছে অনন্ত পরমায়ু জানিতে তোমাকে এক সত্য
৪ ঈশ্বর ও যেশু খ্রীষ্ট যাহাকে তুমি পাঠাইয়াছ। আমি করিয়াছি তোমার ঘোষনা পৃথিবীর ওপর যে কার্য্য দিয়াছ আমাকে করিবার জন্য তাহা আমি পুর্ন্ন করি
৫ য়াছি। আরে পিতা এখন করাও আমার তেজ

সে তেজে যাহা আছিল তোমার আপনার সহিৎ
৬ জগতের পূর্ব্ব। তোমার নাম প্রকাশ করিয়াছি তাহার
দিগকে যাহারদিগকে তুমি দিয়াছ আমাকে এ জগত
হইতে তাহারা ছিল তোমার ও তুমি দিয়াছ তাহার
দিগকে আমাকে এবং তাহারা পালন করিয়াছে
৭ তোমার কথা। এখন তাহারা জানিতে পাইয়াছে
যে সমস্ত তোমা হইতে যাহাং দিয়াছ আমাকে।
৮ একারন যে কথা দিয়াছ আমাকে তাহা দিয়াছি
তাহারদিগকে এবং তাহারা তাহা গ্রহন করিয়াছে
এবং নিশ্চয় জ্ঞাত হইয়াছে যে আমি আইলাম তোমা
হইতে তাহারা ও আস্থা করিয়াছে যে তুমি পাঠাইয়া
৯ দিয়াছ আমাকে। আমি কামনা করি তাহারদের
কারন আমি কামনা করি না জগতের কারন কিন্তু তাহার
দের কারন যাহারদিগকে দিয়াছ আমাকে একারন
১০ তাহারা তোমার। এবং আমার তোমার ও তোমার
আমার ও আমার নাম হইয়াছে তাহারদের মধ্যে।
১১ আমি ও এখন জগতে আর থাকি না কিন্তু ইহারা
জগতে এবং আমি আসিতেছি তোমার স্থানে আরে
ধর্ম্ম পিতা আপনার নাম দিয়া রক্ষা কর তাহারদিগকে
যাহারদিগকে দিয়াছ আমাকে তাহারদের এক হওনের
১২ জন্য যেমন আমরা। যাবৎ আমি ছিলাম জগতে
তাবৎ রক্ষা করিলাম তাহারদিগকে তোমার নামে
যাহারাদিগকে তুমি দিয়াছ আমাকে তাহারদিগকে
রক্ষা করিয়াছি ও তাহারদের এক জন হারায় নাই বিনা
১৩ সর্ব্বনাশের পুত্র ধর্ম্ম গ্রন্থ প্রত্যক্ষের জন্য। এখন

আইসি তোমার ঠাঁই এবং এ কথা কহি জগতে আমার
আনন্দ পূর্ণ হইবার কারন তাহারদের মধ্যে।
১৪ তাহারদিগকে দিয়াছি তোমার কথা এবং জগত ঘৃন্না
করিয়াছে তাহারদিগকে একারন তাহারা এ জগতের
১৫ লোক নহে যে মত আমি এ জগতের নহি। আমি
কামনা করি না যে তুমি লইবা তাহারদিগকে এ জগত
হইতে কিন্তু তাহারদিগকে রক্ষা করিতে দোষ হইতে।
১৬ তাহারা এ জগতের লোক নহে যে মত আমি এ
১৭ জগতের নহি। পুন্য করাও তাহারদিগকে তোমার
১৮ সত্যতাতে তোমার কথা সত্যতা। যে মত তুমি
পাঠাইয়াছ আমাকে এ জগতে তেমন আমি ও পাঠাই
১৯ য়াছি তাহারদিগকে জগতের মধ্যে। তাহারদেরার্থে
ও আমি আপনাকে পবিত্র করাই তাহারা ও পবিত্র
২০ হওনের জন্য সত্যতায়। আমি কামনা করি না
ইহারদের কারন কেবল কিন্তু তাহারদের কারন ও
যাহারা আস্থা করিবে আমাকে তাহারদের কথা
২১ শুনিয়া তাহারদের সকল এক হওনের কারন যে
মত তুমি আরে পিতা আমার মধ্যে ও আমি তোমার
মধ্যে তাহাতে তাহারা আমারদের মধ্যে এক হইবার
ও জগত আস্থা করিবার কারন যে তুমি পাঠাইয়াছ
২২ আমাকে। এবং যে সম্ভ্রম তুমি দিয়াছ আমাকে
তা আমি দিয়াছি তাহারদিগকে তাহারদের এক হইবার
২৩ জন্য যে মত আমরা এক আমি তাহারদের মধ্যে ও
তুমি আমার মধ্যে তাহারা একে শুদ্ধ হইবার জন্য এবং
জগত জানিবার নিমিত্ত যে তুমি পাঠাইয়াছ আমাকে

ও প্রেম করিয়াছ তাহারদিগকে যে মত প্রেম করিয়াছ
২৪ আমাকে। হে পিতা যাহারদিগকে তুমি দিয়াছ আমাকে
তাহারদিগকে ও আমি ইচ্ছা করি রহিতে আমার
নিকট যে স্থানে আমি থাকি আমার সে তেজ দেখিতে
যাহা তুমি দিয়াছ আমাকে একারণ তুমি প্রেম করি
২৫ য়াছ আমাকে জগতের ভিৎ করনের পুর্ব্বে। আরে
প্রকৃতার্থিক পিতা এ জগত জানে নাই তোমাকে কিন্তু
আমি জানিয়াছি তোমাকে ইহারা ও জ্ঞাত হইয়াছে যে
২৬ তুমি পাঠাইয়াছ আমাকে। আমি প্রকাশ করিয়াছি
তোমার নাম তাহারদিগকে ও তাহা প্রকাশ করিব
যে প্রেমে প্রেম করিয়াছ আমাকে তাহারদের মধ্যে
হওনের জন্য এবং আমি তাহারদের মধ্যে।

পর্ব্ব ১৮ য়েশু এ কথা কহিয়া তাহার শিষ্যেরদের সাতে
কেদ্রোন নদী পার হইলেন যে স্থানে এক বাগান
যাহাতে তিনি ও তাঁহার শিষ্য প্রবেশ করিল।
২ য়িহোদা দাগাবাজ ও তাহা চিনিল একারণ য়েশু পুনঃ
সেখানে গেলেন তাহার শিষ্যেরদের সহিৎ।
৩ তখন য়িহোদা সেনা ও আমলদার প্রধান যাজক ও
ফারিসিরা হইতে পাইয়া আইল সেখানে লাণ্ঠান
৪ ও তামর ও অস্ত্র হাতে করিয়া। অতএব য়েশু সমস্ত
জ্ঞাত হইয়া যাহা আসিবে তাঁহার ওপর বাহিরে
গেলেন এবং বলিলেন তাহারদিগকে কাহাকে চেষ্টা
৫ করিতেছ। তাহারা প্রত্যুত্তর করিল য়েশু নাজরেন।
তাহাতে য়েশু বলিলেন আমি সে জন। য়িহোদা

৬ দাগাবাজ ও ডাণ্ডাইল তাহারদের সঙ্গে। যখন তিনি কহিয়া ছিলেন তাহারদিগকে আমি সে জন তখন
৭ তাহারা পাছেং যাইয়া পড়িল মৃত্তিকায়। তখন তিনি জিজ্ঞাসা করিলেন তাহারদিগকে আরবার কাহাকে চেষ্টা করিতেছ তোমরা। তাহারা বলিল য়েশু
৮ নাজরেন। য়েশু প্রত্যুত্তর করিলেন আমি কহিয়াছি তোমারদিগকে যে আমি সে জন অতএব যদি আমাকে
৯ চেষ্টা করিতেছ তবে ইহারদিগকে যাইতে দেহ সে কথা প্রত্যক্ষের জন্য যাহা তিনি কহিয়া ছিলেন যাহারদিগকে তুমি দিয়াছ আমাকে তাহারদের এক জন হারাইলাম
১০ না। তখন শীমন পিতরের এক তলোয়ার হইয়া সে তাহা বাহির করিয়া মারিল প্রধান যাজকের দাসকে ও কাটিয়া ফেলিল তাহার কর্ণ। সে দাসের
১১ নাম মলখ। তখন য়েশু বলিলেন পিতরকে তোমার তলোয়ার ফিরিয়া দেহ তাহার খাপে যে বাটী আমার পিতা দিয়াছেন আমাকে তাহা পীব না।
১২ অতঃপর সেনাগন ও সেনাপতি ও য়িহোদীর প্রধানেরা
১৩ য়েশুকে ধরিয়া বন্দ করিল। ও লইয়া গেল হন্নার ঠাঁই প্রথমে তিনি সে বৎসরের প্রধান যাজক
১৪ কাইয়াফার শ্বশুর। কাইয়াফা সে জন যে পরামর্শ দিল য়িহোদীরদিগকে এক জন মরিতে লোকের কারন
১৫ উপযুক্ত। শীমন পিতর ও আর এক শিষ্য য়েশুর পশ্চাৎ গেল। সে শিষ্য চিনা গেল প্রধান যাজকে এবং সঙ্গে গেল প্রধান যাজকের অট্টালিকায়।
১৬ কিন্তু পিতর বাহিরে ডাণ্ডাইল দ্বারের কাছে তখন সে

শিষ্য প্রবীন যাজকে জ্ঞাত হইল সে বাহিরে গেল এবং দ্বারীকে কহিয়া ভিতরে আনিল পিতরকে।
১৭ তখন সে দ্বারী দাসী পিতরকে বলিল তুমি এ মানুষের
১৮ এক শিষ্য। সে বলিল নহে। দাসেরা ও সরদার লোক সেখানে ডাণ্ডাইয়া ও শীতের জন্য কয়লার আগুন জালাইয়া পোহাইল। তখন পিতর তাহারদের সঙ্গে ডাণ্ডাইয়া অগ্নি পোহাইল।
১৯ পরে প্রবীন যাজক জিজ্ঞাসা করিল য়েশুকে তাহার
২০ শিষ্য ও প্রকরণের বিষয়। য়েশু প্রত্যুত্তর করিলেন তাহাকে আমি প্রকাশ করিয়া কহিলাম জগতকে আমি সর্ব্বক্ষন শিক্ষাইলাম সিনাগগ ও মন্দিরে যেখানে য়িহোদীরা নিত্য যায় এবং অপ্রকাশে কিছু
২১ কহিলাম না। কি জন্য জিজ্ঞাসা করিতেছ আমাকে যাহারা শুনিয়াছে আমাকে তাহারদিগকে জিজ্ঞাসা কর
২২ আমি কি কথা বলিলাম। তিনি এ কথা কহিয়া এক জন প্রবীন যে নিকট ডাণ্ডাইল য়েশুকে চড় মারিল বলিয়া এ মত প্রত্যুত্তর করিস প্রবীন যাজককে তুই।
২৩ য়েশু প্রত্যুত্তর করিলেন তাহাকে যদি মন্দ কথা কহিয়াছি তবে সে মন্দ কথার প্রমান দেহ কিন্তু
২৪ ভাল কহিলে আমাকে মারিতেছ কেন। হন্না তাহাকে বন্দিত পাঠাইয়া ছিল কাইয়াফা প্রবীন যাজকের ঠাই।
২৫ শীমন পিতর ডাণ্ডাইয়া আগুন পোহাইল। তৎকালে তাহারা বলিল তাহাকে তুমি এ মানুষের এক শিষ্য নহ। সে তাহা হেয়জ্ঞান করিয়া কহিল আমি

২৬ তাহা নহি। প্রধান যাজকের এক জন দাস তাঁহার কুটুম্ব যাহার কর্ন পিতর কাটিয়া ফেলিয়া ছিল সে বলিল তোমাকে দেখিলাম না বাগানে তাহার সাতে।
২৭ তখন পিতর আরবার হেযজ্ঞান করিল এবং কুক্কুটা বাঁক দিল সত্তর।

২৮ তারপর তাহারা ভোরে লইয়া গেল য়েশুকে কাইয়াফা হইতে আদালত ঘরে এবং তাহারা আপনারা আদালত ঘরে গেল না অশুচি না হওনের জন্য তাহাতে পেশাক্ক
২৯ খাইতে পারিত। তখন পীলাত বাহিরে যাইয়া বলিল কি বরাযদ করিতেছ এ মানুষের বিপরিতে।
৩০ তাহারা প্রত্যুত্তর করিয়া বলিল তাহাকে যদি কুকর্ত্তা না হইত তবে আমরা না দিতাম তাহাকে তোমার হাতুতে।
৩১ তবে পীলাত বলিল তাহারদিগকে তোমরা লইয়া বিচার কর তাহাকে আপনারদের ব্যেবস্থারানুযায়ি। তাহাতে য়িহোদীরা বলিল তাহাকে কোন কাহাকে বধ
৩২ করিতে আমারদের অকর্ত্তব্য। য়েশুর কথা প্রত্যক্ষের জন্য যাহা তিনি কহিলেন জানাইতে কি প্রকার
৩৩ মরনে মরিবেন। তখন পীলাত আরবার আদালত ঘরে যাইয়া ও য়েশুকে ডাকিয়া বলিল তুমি
৩৪ য়িহোদীরদের রাজা। য়েশু প্রত্যুত্তর করিলেন তাহাকে এই বাণী বলিতেছ আপনার মন হইতে কিম্বা
৩৫ আর কেহ কহিল তোমাকে আমার বিষয়। পীলাত প্রত্যুত্তর করিল আমি য়িহোদী। তোমার নিজ বর্গ ও প্রধান যাজক আনিয়া দিয়াছে তোমাকে আমার

৩৬ গিটুিতে কি করিয়াছ। যেশু প্রত্যুত্তর করিলেন আমার রাজ্য এ জগতের নহে আমার রাজ্য এ জগতে হইলে আমার দাস যুদ্ধ করিত আমার য়িহোদীরদের গাছুিতে না পড়িবার কারন কিন্তু এখন আমার রাজ্য
৩৭ এ স্থানের নহে। অতএব পীলাত বলিল তুমি রাজা যেশু প্রত্যুত্তর করিয়া বলিলেন তুমি সত্য কহিতেছ আমি এক রাজা। এ নিমিত্ত জন্ম হইয়া ছিলাম ও এ হেতু আমি আইলাম এ জগতে সত্যতার প্রমান দিতে। প্রতি জন যে সত্যতার পক্ষ সে শুনে আমার কথা।
৩৮ পীলাত বলিল তাঁহাকে সত্যতা কি। এবং ইহা বলিয়া আরবার বাহিরে গেল য়িহোদীরদের ঠাঁই ও তাহার দিগকে বলিল আমি তাহার কিছু দোষ পাই না।
৩৯ কিন্তু তোমারদের ব্যবহার আছে যে আমি এক জন খালাস করি তোমারদের ঠাঁই পেশাক্ষ সময়ে অতএব তোমার ইচ্ছা হইলে মুক্ত করিব য়িহোদীরদের রাজা।
৪০ তখন তাহারা সকল চেঁচাইয়া বলিল এ মানুষ নহে কিন্তু বরাব্বা। বরাব্বা হইল চোর

পর্ব্ব ১ অতএব পীলাত যেশুকে ধরিয়া কোড়া মারিল পরে সেনাগন কণ্টকের এক মুকুট বানাইয়া দিল তাঁহার
৩ মাথায় ও এক বাগুনিয়া জামা তাহাকে পরাইয়া বলিল নমস্কার য়িহোদীরদের রাজারে। তাহারা ও চড়
৪ মারিল তাঁহাকে। অতএব পীলাত আরবার বাহিরে যাইয়া বলিল তাহারদিগকে দেখ আমি আনি তাঁহাকে তোমারদের স্থানে তোমারদের জানিবার
৫ কারন যে আমি তাঁহার কিছু দোষ পাই না। তখন

যেশু বাহিরে আইলেন সে কন্টকের মুকুট ও বাগুনিয়া জামা গায়ে দিয়া। তাহাতে পীলাত বলিল তাহারদিগকে দেখ সে মানুষকে।

৬ অতএব প্রধান যাজক ও প্রধান লোক তাঁহাকে দেখিলে চেঁচাইয়া বলিল ক্রুসে খুন কর তাহাকে ক্রুসে খুন কর তাহাকে। পীলাত বলিল তাহারদিগকে তাঁহাকে লইয়া ক্রুসে খুন কর

৭ একারণ আমি তাঁহার কিছু দোষ দেখি না। যিহোদীরা প্রত্যুত্তর করিল তাহাকে আমারদের এক ব্যবস্থা আছে সে ব্যবস্থার মত তাহার মরণ উচিৎ একারণ আপনাকে করাইল ঈশ্বরের পুত্র

৮ অতএব পীলাত সে কথা শুনিয়া আর ভীত হইল

৯ এবং আরবার আদলাত ঘরে যাইয়া বলিল যেশুকে তুমি কোথা হইতে। কিন্তু যেশু প্রত্যুত্তর করিলেন না

১০ তাহাকে। তখন পীলাত বলিল তাহাকে আমাকে উত্তর না দিতেছ জান না যে আমার পরাক্রম আছে ক্রুসে খুন করিতে কি মুক্ত করিতে তোমাকে।

১১ যেশু প্রত্যুত্তর করিলেন উপর হইতে দেয়া না হইলে তোমার কিছু পরাক্রম হইতে পারিত না আমার বিপরিতে এ নিমিত্ত যে জন গচ্ছিৎ করিয়াছে আমাকে

১২ তোমার হাতে তাহার অধিক পাপ আছে। এবং সে কালাবধি পীলাত তাহাকে মুক্ত করিতে যত্ন করিল। কিন্তু যিহোদীরা চেঁচাইয়া বলিল তুমি এ মানুষকে ছাড়িলে কাইসরের প্রিয় নহ যে জন আপনাকে রাজা করায় সে কাইসরের বিপরিতে

১৩ বলে। অতএব পীলাত সে কথা শুনিয়া বাহিরে

করিল য়েশুকে এবং বিচার আসনে বসিল এক
স্থানে তাহার নাম পাথর বান্ধা কিন্তু এব্রি ভাষায়
১৪ গাব্বথা। এ হইল পেশাক আয়োজন দিন প্রহর
দুই এক বেলায় তখন সে বলিল য়িহোদীরদিগকে
১৫ দেখ তোমারদের রাজা। কিন্তু তাহারা চেচাইয়া
বলিল দূর কর দূর কর ক্রুসে খুন কর তাহাকে। পীলাত
বলিল তাহারদিগকে ক্রুসে খুন করিব তোমারদের
রাজাকে; প্রধান যাজক প্রত্যুত্তর করিল কাইসার
১৬ বই আমারদের রাজা নহে। তখন তাহাকে ক্রুসে
খুন করিবার জন্য তাহারদের গচ্ছিৎ করিলে তাহারা
য়েশুকে লইয়া গেল।

১৭ পরে তিনি আপনার ক্রুস বহিতেং গেলেন এক স্থানে
তাহার নাম মাথা খুলির স্থান তাহা এব্রি ভাষায়
১৮ গল্গতা। তাহারা সেখানে ক্রুসে টাঙ্গাইল তাহাকে
ও আর দুই জন তাহার সহিৎ একং দিগে একং জন ও
১৯ য়েশু মধ্য স্থলে। এবং পীলাত এক পত্র দিল ক্রুসের
ওপর সে লেখা য়েশু নাজারেন য়িহোদীরদের রাজা।
২০ তখন অনেক য়িহোদীরা সে পত্র পড়িল একারন নগ
রের নিকট সে জায়গা যাহাতে য়েশু ক্রুসে খুন হইল
সে পত্র ও ছিল এব্রি ও গ্রীক ও লাতিন কথা।
২১ তখন য়িহোদীরদের প্রধান যাজক বলিল পীলাতকে
লেখিও না য়িহোদীরদের রাজা কিন্তু সে বলিল আমি
২২ য়িহোদীরদের রাজা। পীলাত প্রত্যুত্তর করিল যাহা
২৩ লেখিয়াছি তাহা লেখিয়াছি। তখন সেনাগন য়েশুকে
ক্রুসে টাঙ্গাইলে তাহার পরিচ্ছদ লইয়া চারি ভাগ

করিল প্রতি সেনা এক২ ভাগ ও তাহার জামা। সে জামার কিছু জোড়া নহে ঊপর হইতে সমস্ত বুনা।
২৪ অতএব তাহারা পরস্পর বলিল আমরা ছিড়িব না তাহা কিন্তু গুলিবাঁট করিয়া দেখিব কাহার হয়। গ্রন্থ প্রত্যক্ষ করিতে যাহা বলে তাহারা ভাগ করিয়া লইল আমার পরিচ্ছদ এবং আমার কারন গুলিবাঁট করিল। অতএব এ সমস্ত সেপাহা করিল।

২৫ য়েশুর ক্রুসের নিকট ডাণ্ডাইল তাহার মাতা এবং তাহার মাসি ও ক্লেওপার জায়া মারিয়া ও মারিয়া
২৬ মাগ্দলেন এ নিমিত্ত য়েশু তাহার মাতাকে ও প্রিয় শিষ্য ডাণ্ডাইয়া দেখিলে বলিলেন তাহার মাতাকে হে নারী দেখ তোমার পুত্রকে। পরে তিনি বলিলেন
২৭ সে শিষ্যকে দেখ তোমার মাতাকে। এবং সে দণ্ডাবধি সে শিষ্য লইয়া গেল তাহাকে আপনর দ্বারে।
২৮ ইহারপর য়েশু জ্ঞাত হইয়া যে সকল পূর্ন হইল ধর্ম্ম গ্রন্থ প্রত্যক্ষের জন্য বলিলেন আমি তৃষ্ণিত হইয়াছি।
২৯ সে সময় এক পাত্র সির্কা পূর্ন্নিৎ ছিল সেখানে অতএব তাহারা এক স্পঞ্জ সির্কা পূর্ন্নিৎ করিয়া তাহা
৩০ হেজবের ঊপর দিলে দিল তাহার মুখে। অতএব য়েশু সে সির্কা চাকিয়া বলিলেন সাঙ্গ হইযাছে পরে মাথা ডণ্ডবৎ করিয়া প্রান ত্যাগ করিলেন।

৩১ আয়োজন সময় হইলে ও শরীর ক্রুসের ঊপর শাবত দিনে না থাকনের জন্য য়িহোদীরা নিবেদন করিল পীলাতকে তাহারদের পা ভাঙ্গিবার ও তাহার দিগকে লইয়া যাইবার কারন এ নিমিত্ত সে শাবত্র

৩২ অতি বড় দিন। তখন সেনা আসিয়া ভাঙ্গিল প্রথমের পা ও অন্য জন যে ক্রুসে খুন হইল তাহার
৩৩ সহিত। কিন্তু য়েশুর ঠাঁই আসিয়া ও তাহাকে এখন
৩৪ মৃত্যু দেখিয়া ভাঙ্গিল না তাহার পদ। কিন্তু এক জন সেনা তলোয়ারে বিন্ধিল তাহার কোঁকে তাহাতে রক্ত
৩৫ ও জল বাহিরিল সত্তর। এবং এক জন যে দেখিল প্রমাণ দিয়াছে ও তাহার প্রমাণ সত্য সে ও জানে যে তাহার কথা সত্য তোমারদের আস্থা করনের জন্য।
৩৬ এ সমস্ত হইল ধর্ম্ম গ্রন্থ প্রত্যক্ষের জন্য তাহার এক
৩৭ হাড় ভাঙ্গিতে হবে না। আরবার আর এক গ্রন্থ বলে তাহারা দৃষ্টি করিবে তাঁহার ওপর যাহাকে হানিল।

৩৮ ইহারপর রামার যূসফ সে ও য়েশুর এক শিষ্য কিন্তু অপ্রকাশ করিয়া য়িহোদীরদের ভয়েতে সে পীলাতকে সাধনা করিল য়েশুর শরীর লইবার কারন। তখন পীলাত তাহা করিতে দিল। অতএব সে আসিয়া য়েশুর শরীর লইয়া গেল।
৩৯ নিকদেমষ ও যে প্রথম আইল য়েশুর নিকট রাত্রে সে আসিয়া আনিল মর্ই ও অগুর মিশ্রিত সের পঞ্চাশেক।
৪০ পরে তাহারা য়েশুর শরীর লইয়া কাপড়ে জড়াইল মসালা দিয়া যেমন য়িহোদীরদের ব্যবহার কবরে
৪১ শুয়াইতে। যে স্থান য়েশু ক্রুসে খুন হইলেন তাহার নিকট এক বাগান ও বাগানের মধ্যে এক নুতন পাকা
৪২ কবর যাহাতে মানুষ কখন শুইল না। অতএব

সে স্থানে তাহারা শুয়াইল য়েশুকে য়িহোদীরদের আয়োজন দিনের জন্য একারন সে পাকা কবর নিকট ছিল।

পর্ব্ব ২০

১ সপ্তার প্রথম দিনে বড় ভোরে অন্ধকার থাকিতে মারিয়া মাগ্দলেন সে কবরের কাছে আসিয়া দেখিল পাথর সরিয়া গেল কবর হইতে। ২ তখন সে দৌড়িয়া আইল শীমন পিতর ও অন্য শিষ্যের ঠাঁই যাহাকে য়েশু প্রেম করিলেন ও বলিল তাহারদিগকে কেহ লইয়া গিয়াছে তাহার প্রভু কবর হইতে কোথায় রাখিয়াছে তাঁহাকে আমি জানি না। ৩ এ নিমিত্ত পিতর ও সে অন্য শিষ্য বাহিরিলে আইল কবরের কাছে। ৪ একারন তাহারা সাতেং দৌড়িল কিন্তু অন্য শিষ্য পিতর হইতে শীঘ্র দৌড়িয়া উত্তরিল প্রথমে কবরে। ৫ এবং হেঁট হইয়া দেখিল সে কাপড় থুয়া গেল কিন্তু ভিতরে গেল না। ৬ পরে শীমন পিতর ও পাছেং আসিয়া গেল কবরের ভিতরে ও দেখিল সে কাপড় থুয়া হইল ৭ ও কমাল যাহাতে মাথা বন্দ ছিল সে কাপড়ের সহিৎ নহে কিন্তু মুড়ি হইয়া আলাদা রাখিল। ৮ পরে সে অন্য শিষ্য ও যে প্রথম উত্তরিল কবরে ভিতরে যাইয়া দেখিল এবং আস্থা করিল। ৯ একারন তাহারা সে কাল পর্য্যন্ত ধর্ম্ম গ্রন্থ জানিল না যে তিনি নিশ্চয় পুনর্ব্বার উঠিবেন। ১০ পরে শিষ্যেরা আরবার প্রস্থান করিল আপনং ঘরে।

১১ কিন্তু মারিয়া কবরের বাহিরেডাণ্ডাইল ক্রন্দন

করিতেং এবং ক্রন্দন করিতেং হেঁট হইয়া দৃষ্টি করিল
১২ কবরে ও দেখিল দুই দূত শুক্ল বস্ত্রে বসিয়া এক জন
শিয়রে ও আর এক জন পৈতানেযে স্থানে য়েশুর
১৩ শরীর শোয়াইয়া ছিল। এবং তাহারা বলিল তাহাকে
হে নারী কি জন্য ক্রন্দন করিতেছ। সে বলিল তাহার
দিগকে একারন কেহ লইয়া গিয়াছে আমার প্রভুকে ও
১৪ কোথায় রাখিল তাঁহাকে আমি জানি না। সে
এ কথা কহিয়া ফিরিল এবং য়েশুকে তাগুাইয়া দেখিল
১৫ কিন্তু জানিল না যে তিনি য়েশু। য়েশু বলিলেন তাহাকে
নারীভো ক্রন্দন করিতেছ কেন কাহাকে চেষ্টা করিতেছ।
সে মনে করিল এ মালি সেকারন বলিল তাহাকে
মহাশয় যদি তুমি তাহাকে লইয়া গিয়াছ তবে বল
কোথায় থুইয়াছ তাহাকে ও আমি লইয়া যাই তাহাকে
১৬ সেখান হইতে। য়েশু বলিলেন তাহাকে মারিয়াগো
সে ফিরিয়া বলিল তাহাকে রাব্বোনি তাহার অর্থ হে
১৭ আমার গুরু। য়েশু বলিলেন তাহাকে স্পর্শ করিও
না আমাকে একারন এখন ওঠিলাম না আমার পিতার
স্থানে কিন্তু আমার ভ্রাতারদের ঠাঁই যাইয়া বল তাহার
দিগকে আমি ওঠিব আমার ও তোমারদের পিতা এবং
১৮ আমার ও তোমারদের ঈশ্বরের স্থানে। মারিয়া
মাগ্দলেন আসিয়া বলিল শিষ্যগনকে যে সে পাইয়া
ছিল প্রভুর দর্শন ও তিনি কহিয়া ছিলেন এ কথা
তাহাকে।

১৯ ইহা সপ্তার প্রথম দিন সে দিন শায়ং কালে ঘরের কপাট রুদ্ধ হইয়া য়িহোদীরদের ভয়েতে ও শিষ্যেরা সভা হইলে য়েশু আসিয়া ডাণ্ডাইলেন মধ্য স্থানে ও বলিলেন তাহারদিগকে কুশল হওক তোমারদের ।
২০ তিনি এ কথা কহিয়া দেখাইলেন তাহার হাত ও কোঁক তাহারদিগকে । তখন শিষ্যগন আনন্দিত হইল
২১ প্রভুকে দেখিয়া। তৎকালে য়েশু আরবার বলিলেন তাহারদিগকে কুশল হওক তোমারদের । যেমন আমার পিতা পাঠাইয়াছেন আমাকে তেমন আমি পাঠাই
২২ তোমারদিগকে । এবং তিনি এ কথা কহিয়া মুখের হাঁই দিলেন তাহারদের ওপরে ও বলিলেন ধর্ম্মাত্মা
২৩ লও । যাহারদের পাপ তোমরা মাফ কর তাহা মাফ হইয়াছে তাহারদের ঠাঁই ও যাহারদের পাপ তোমরা অমনি রাখ তাহা অমনি থাকে ।

২৪ কিন্তু তমা দ্বাদশের এক জন যাহার খ্যাত নাম দ্বিদিমষ তাহারদের সহিৎ ছিল না যখন য়েশু
২৫ আইলেন । অতএব অন্য শিষ্যেরা বলিল তাহাকে আমরা দেখিয়াছি প্রভুকে । কিন্তু সে বলিল আমি সে খিলের দাগ তাহার হাতে না দেখিয়া ও আমার অঙ্গুলি খিলের দাগে না দিয়া ও তাহার কোঁকে আমার
২৬ হাত না দিয়া আস্থা করিব না । অষ্ট দিনের পরে তাহার শিষ্যেরা আরবার ভিতরে ছিল ও তমা তাহারদের সহিৎ তখন কপাট রুদ্ধ হইয়া য়েশু বিদ্যমান ডাণ্ডাইলেন মধ্য স্থানে ও বলিলেন কুশল হওক
২৭ তোমারদের । পরে তিনি বলিলেন তমাকে অঙ্গুলি

বাড়াইয়া দেখ আমার হস্ত ও তোমার হাত বাড়াইয়া দেহ আমার কোঁকে এবং অনাস্থিক হইও না কিন্তু
২৮ ভক্তি যুক্ত। তাহাতে তমা প্রত্যুত্তর করিয়া বলিল
২৯ তাহাকে হে আমার প্রভু ও আমার ঈশ্বর। যেশু বলিলেন তাহাকে তমা আমাকে দেখিলে আস্থা করিয়াছ ধন্য তাহারা যাহারা না দেখিয়া আস্থা করিয়াছে।

৩০ যেশু আর অনেক চিহ্ন করিলেন তাহার শিষ্যের
৩১ দের গোচরে যাহা লেখা নহে এ পুস্তকে। কিন্তু এ লেখা হইয়াছে তোমরা আস্থা করিবার কারন যে যেশু আছেন খ্রীষ্ট ঈশ্বরের পুত্র এবং আস্থা করিয়া জীবন পাইবা তাঁহার নামের করনক।

পর্ব্ব ২১ ইহার পরে যেশু আপনাকে আরবার দেখাইলেন শিষ্যেরদিগকে তিবেরিয়া সমুদ্রের তীরে। এই মত
২ তিনি আপনাকে দেখাইলেন। শীমন পিতর ও তমা যাহার খ্যাত নাম দ্বিদিমঘ ও গালিলির কানার নতনাল ও জেবদির পুত্র ও তাহার আর দুই শিষ্য এক স্থানে
৩ হইয়া শীমন পিতর বলিল তাহারদিগকে আমি মৎস্য মারিতে যাই। তাহারা বলিল আমরা ও যাই তোমার সহিৎ। তাহারা তখন যাইয়া নৌকায় প্রবেশ
৪ করিল ও সে রাত্রে কিছু ধরিল না। প্রাত কাল হইলে যেশু তীরে ডাণ্ডাইলেন কিন্তু শিষ্যেরা জানিল
৫ না ইনি যেশু। তখন যেশু বলিলেন তাহারদিগকে শিশুরা কিছু খাইবার আছে রে। তাহারা প্রত্যুত্তর

৬ করিল তাহাকে নহে। তিনি বলিলেন তাহারদিগকে জাল ফেল নৌকার দক্ষিন পার্শ্বে তখন পাইবা। অতএব তাহারা তাহা ফেলিয়া টানিতে পারিল না অনেক
৭ মৎস্যের কারন। অতএব য়েশুর প্রিয় শিষ্য বলিল পিতরকে এ প্রভু। শীমন পিতর শুনি প্রভু কথা শুনিয়া বন্দ করিল তাহার জালিয়ার বস্ত্র একারন উলঙ্গ ছিল
৮ পরে ঝাঁপ দিল সমুদ্রেতে। অন্য শিষ্যেরা ও নৌকায় আইল জাল মৎস্য সমেত টানিতেং একারন ভুমি
৯ বহুত দুর নহে কিন্তু হাত শত দুই এক। তাহারা কিনারায় লাগিয়া কয়লার প্রজলিত আগুন দেখিল সে স্থানে
১০ এবং মৎস্য ও রুটি তাহার উপর। য়েশু বলিলেন তাহারদিগকে যে মৎস্য এখন ধরিয়াছ তাহার কিছু
১১ আনহ। শীমন পিতর যাইয়া জাল কিনারায় টানিল বড় মৎস্য পূর্ন এক শত তিপান্ন কিন্তু এত অনেক
১২ হইয়া জাল ছিড়িল না। য়েশু বলিলেন তাহার দিগকে আইস খাও। এবং কোন শিষ্যের শক্তি ছিল না জিজ্ঞাসা করিতে তাঁহাকে তুমি কে একারন
১৩ তাহারা জানিল তিনি প্রভু। তখন য়েশু আসিয়া
১৪ রুটি ও মৎস্য লইয়া দিলেন তাহারদিগকে। এ আছে তৃতীয় বার যাহাতে য়েশু দর্শন দিলেন তাহার শিষ্যেরদিগকে তাহার মৃত্যু হইতে উঠনের পরে।—
১৫ খাইলে পরে য়েশু বলিলেন শীমন পিতরকে য়োনার পুত্র শীমনরে এ সমস্ত হইতে প্রেম করিতেছ আমাকে। সে বলিল তাঁহাকে হাঁ প্রভু তুমি জানিতেছ যে আমি প্রেম করি তোমাকে। তিনি বলিলেন তাহাকে আমার

১৬ মেষের বাচ্চাকে প্রতি পালন কর। তিনি দ্বিতীয় বার ও বলিলেন তাহাকে য়োনার পুত্র শীমন প্রেম করিতেছ আমাকে সে বলিল তাঁহাকে হাঁ প্রভু তুমি জানিতেছ যে আমি প্রেম করি তোমাকে। তিনি বলিলেন তাহাকে
১৭ আমার মেষকে প্রতি পালন কর। তিনি বলিলেন তাহাকে তৃতীয় বার য়োনার পুত্র শীমন প্রেম করিতেছ আমাকে। তাহাকে তৃতীয়া বার বলিলে প্রেম করিতেছ আমাকে পিতর দুঃখিৎ হইয়া বলিল প্রভু তুমি সর্ব্বজ্ঞ তুমি জানিতেছ যে আমি প্রেম করি তোমাকে। য়েশু বলিলেন তাহাকে আমার মেষকে
১৮ প্রতি পালন কর। সত্যং আমি বলি তোমাকে তুমি যুবা হইলে আপনাকে বন্দিয়া গিয়াছ যেথানে তোমার ইচ্ছা কিন্তু বৃদ্ধ হইয়া হাত মেলিবা ও অন্য কেহ তোমাকে বন্দিয়া লইয়া যাবে সে স্থানে তোমার
১৯ ইচ্ছা নহে। এ কথা কহিলেন জানাইতে কি প্রকার মরনে করিবে ঈশ্বরের সুখ্যাত। তিনি এ কথা কহিয়া
২০ বলিলেন তাহাকে আমার পশ্চাৎ আইস। তখন পিতর মুখ ফিরিয়া দেখিল সে শিষ্য যাহাকে য়েশু প্রেম করিলেন পাছে আসিতেং সে ও তাহার বুকের ওপর হেলান দিল রাত্রে ভোজনে ও বলিল প্রভু কেডা
২১ দুর্গচ্ছিৎ করিবে তোমাকে। পিতর তাহাকে দেখিয়া
২২ বলিল য়েশুকে এ মানুষ ও কি করিবে। য়েশু বলিলেন তাহাকে যদি আমার ইচ্ছা যে সে থাকে আমার আইসন পর্য্যন্ত তবে তাহা কি কর্ম্ম তোমার।
২৩ আমার পশ্চাৎ বর্ত্তি হও তুমি। তখন এ কথা

বাহিরে গেল ভ্রাতাগনের মধ্যে যে সে শিষ্য মরিবে না কিন্তু য়েশু বলিলেন না যে সে মরিবে না কিন্তু যদি আমার ইচ্ছা যে সে থাকে আমার আইসন পর্য্যন্ত
২৪ তাহা কি কার্য্য তোমার। এ সে শিষ্য যে এ সকলের প্রমান দেয় ও লেখিয়াছে এ সমস্ত। এবং আমরা
২৫ জানি তাহার প্রমান সত্য। আরং অনেক কথা ও আছে যাহা য়েশু করিলেন এবং যদি প্রতি কথা লেখা যায় তবে আমি বুঝি এ জগত ধরিবে না সে সমস্ত পুথি যাহা লেখিতে হবে। আমেন।

প্রেরিতের ক্রিয়া

১ প্রথম পর্ব্ব

১ হে তেয়ফিলস আমি রচিয়াছি সে প্রথম গ্রন্থ সকলের বিষয় যাহা য়েশু করিতে ও শিক্ষাইতে
২ লাগিলেন সে দিন পর্য্যন্ত যাহাতে ধর্ম্মাত্মা করনক তাহার মনোনিত প্রেরিতেরদিগকে আজ্ঞা করিয়া ওপরে
৩ গ্রহনিৎ হইলেন। যাহারদিগকে ও তাহার মরনের পরে অনেক লক্ষনে প্রকাশ হইলেন চল্লিশ দিন তাহারদের ঠাঁই দর্শন দিয়া ও কাথা কহিতেং ঈশ্বরের
৪ রাজ্যের বিষয়। এবং সভা হইয়া তিনি অনুমতি দিলেন তাহারদিগকে য়িরোশলম না ছাড়িতে কিন্তু অপিক্ষ করিতে পিতার অঙ্গিকার যাহা শুনিতে পাইয়াছ
৫ আমার ঠাঁই। একারন য়োহন জলে ডুবাইল সে সত্য কিন্তু তোমরা ডুবিত হইবা ধর্ম্মাত্মায় অল্প দিন
৬ পরে। অতএব তাহারা সভা হইয়া জিজ্ঞাসা করিল তাহাকে বলিতেং ঈশ্বরহে এখন পুন স্থির করিয়া
৭ দিবা রাজ্য য়িশ্রায়েলকে। তিনি বলিলেন তাহারদিগকে এ তোমারদের কার্য্য নহে জানিতে কাল ও সুকাল যাহা পিতা থুইয়াছেন আপনার শাসনে।
৮ কিন্তু তোমরা পাইবা ধর্ম্মাত্মার বিক্রম ওপর হইতে

আসিতেং তোমারদের ওপরে তাহাতে আমার সাক্ষী হইবা য়িরোশলম ও য়িহোদা ও শমরন দেশে ও
৯ পৃথিবীর শীমা পর্য্যন্ত। এ বানী বলিতেং তাহাকে ওপরে লইয়া গেল ও মেঘ ঢাকিল তাহাকে তাহার
১০ দের দৃষ্টি হইতে। তাহারা তাহার ওপর গমন
১১ দেখিতেং দুই জন শুক্ল পরিচ্ছদে বিদ্যমান হইল যাহারা ও বলিল গালিলি লোকরে স্বর্গেরদিগে দেখিতেং কেন তাগুাইতেছ এই য়েশু যাহাকে স্বর্গে লইয়াছে তোমারদিগ হইতে তিনি আসিবেন যেমন তোমরা
১২ দেখিয়াছ তাহার স্বর্গে গমন। পরে তাহারা ফিরিয়া গেল য়িরোশলমে সে পর্ব্বত হইতে যাহা বলে তিত্ত বৃক্ষের যাহা য়িরোশলম হইতে এক শাবত দিনের গমন।

১৩ এবং তাহারা প্রবেশ করিয়া গেল এক ওপর কুটরিতে যেখানে থাকিল পিতর ও যাঁকুব ও য়োহন ও আন্দ্রি ও ফিলিপ ও তমা ও বার্তোলমি ও মাত্তিও ও ক্লপয়ির পুত্র যাঁকুব ও শীমন জলন্ত ও যাঁকুবের পুত্র
১৪ য়িহোদা। ইহারা সকল নিত্য এক মনে কামনা ও নিবেদন করিতেং ছিল নারীগন ও য়েশুর মাতা মারিয়া ও তাহার ভ্রাতারদের সহিৎ।

১৫ তৎকালে পিতর খাড়া হইল শিষ্যেরদের মধ্যখানে তাহারা হইল নামং এক শত কুড়ি জন তখন
১৬ বলিলেন মনুষ্য ভাইরে এ গ্রন্থ প্রত্যক্ষ করিতে জুয়ায় যাহা ধর্ম্মাত্মা বলিলেন দাওদের মুখ দিয়া য়িহোদার

বিষয় যে পথ দেখাইল তাহারদিগকে যাহারা ধরিল
১৭ য়েশুকে একারন সে জন গননা গেল আমারদের
১৮ সহিৎ ও তাহার ছিল এ সেবার মহাংশ। এ
মানুষ অধর্ম্মার্থের ভাড়া দিয়া ক্ষেত্র ক্রয় করিল পরে
অধমুখে মৃত্তিকায় পড়িয়া ফাটিল মধ্যে খানে ও তাহার
১৯ সকল নাড়ী ভুড়ি বাহির হইল। এ কার্য্য জানা গেল
য়িরোশলমের সমস্ত গৃহস্থেরদিগকে তাহাতে তাহার
দের ভাষায় সে ক্ষেত্রের নাম হইল হকেলদমা তাহার
২০ অর্থ রক্ত ক্ষেত্র। গীতের পুস্তকে ও লেখা হইয়াছে
হওক তাহার বসতি অরন্য ও নর শূন্য আর এক জন
২১ ও লওক তাহার কার্য্য। অতএব সে লোকেরদের
মধ্যে যাহারা হইয়া ছিল আমারদের সহিৎ যে কালে
প্রভু য়েশু ভিতরে বাহিরে গেলেন আমারদের দৃষ্টে
২২ য়োহনের ডুব হইতে সে দিন পর্য্যন্ত যাহাতে তাহাকে
লইয়া গিয়াছে আমারদিগ হইতে আবশ্যক আছে
তাহারদের এক জন করাইতে তাহার পুনরুত্থানের
২৩ সাক্ষী। এতদর্থে তাহারা নিযুক্ত করিল দুই জন
যুসফ যাহাকে বলে বারশবা ও যাহার খ্যাত নাম
২৪ য়ুস্তস এবং মতীয়া। তখন নিবেদন করিয়া বলিল
হে য়িহহা সর্ব্ব অন্তঃকরন জ্ঞাত দেখাও এ দুই জনের
২৫ কাহাকে পছন্দ করিয়াছ এ সেবা ও প্রেরিতের ভার
লইতে যাহা হইতে য়িহোদা ঘাইট করিয়া পড়িল
২৬ আপনার স্থানে যাইবার কারন। পরে গুলিবাঁট

করিয়া হাঁট পড়িল মতীয়ার ওপর ও সে গননা গেল একাদশ প্রেরিতের সহিৎ ।

পর্ব্ব ২ পেন্তেকস্ত দিন পূর্ন্ন হইলে তাহারা সকল এক মনে সভা হইল এক স্থানে তৎকালে আচম্বিত শব্দ হইল স্বর্গ হইতে মহা প্রচণ্ড বায়ুর মত ও ভরাইল সে সমস্ত ঘর ৩ যাহাতে তাহারা বসিয়া থাকিল। তখন অগ্নির ন্যায় দুই ভাগ চিড়া জুব্বা দেখা গেল ও বসিল সকলের মাথায়। ৪ তাহাতে তাহারা হইল ধর্ম্মাত্মা পূর্ন্নিৎ ও অন্য ভাষা কহিতে লাগিল যেমন আত্মা কহিতে দিলেন তাহার ৫ দিগকে। তৎকালে পুন্যবান য়িহোদীরা বাস করিল ৬ য়িরোশলমে স্বর্গের নিচে প্রতি বর্ন্ন হইতে। এ কার্য্য প্রকাশ হইলে মানুব্য দৌড়িল এক ঠাঁই ও প্রতি জন তাহারদিগকে আপনার নিজ ভাষা কহিতে২ শুনিয়া ৭ বিশ্ময় হইল। অতএব সকল মূর্চ্ছিৎ ও চমকিত হইল পরস্পর বলিতে২ ইহারা সকল গালিলী নহে ৮ যাহারা কথা কহে তবে আমরা প্রতি জন কেমনে ৯ শুনি আপনার২ জন্ম দেশের ভাষা পার্ত্তী ও মাদী ও আইলমী ও মেসপোতামি ও য়িহোদা দেশি ও ১০ কপদোকি ও পন্তুষ ও আসিয়া ফ্রিগিয়া ও পাম্ফলিয়া ও মিসর ও লিবিয়া কিরেনের নিকট ভাগের প্রজা ১১ রোমে প্রবাসি য়িহোদীরা ও অন্য গতি কারক ক্রেতী ও ঔরাবীরা আমরা তাহারদিগকে শুনি আমারদের ১২ নিজ ভাষায় কহিতে২ ঈশ্বরের মহা কার্য্য। অতএব মানব্য চমকিত হইল ও মনে দিধা থাকিয়া পরস্পর

১৩ বলিল এ কি। আর কেহ২ শ্লেষ করিতে২ বলিল ইহারা নূতন দ্রাক্ষা রস পূর্ন্নিত।
১৪ তাঁহাতে পিতর একাদশের সহিৎ চেঁচাইয়া বলিল য়িহোদী লোক ও য়িরোশলমের গৃহস্থরে ইহা জ্ঞাত
১৫ হও ও শুন আমার বচন একারন দিন এক প্রহর কেবল হইলে ইহারা বেশুর নহে যেমন তোমরা মনে
১৬ কর কিন্তু এ য়োএল ভবিষ্যৎ বক্তার যাহা বলিল
১৭ য়িহুহা বলেন সে দিনে এমন হইবে আম্বার আত্মা ঢালিব সমস্ত প্রানির ওপর তাহাতে তোমারদের পুত্র কন্যা কহিবে ভবিষ্যৎ বাক্য তোমারদের যুবা দর্শনীয় দেখিবে ও তোমারদের জীর্ন লোক স্বপ্ন দেখিবে।
১৮ আমার দাস দাসীরদের ওপর ও আমার আত্মা ঢালিব
১৯ তাহাতে তাহারা ভবিষ্যৎ বাক্য বলিবে আমি ও করিব লক্ষন স্বর্গে যাহা ওপরে ও চিহ্ন পৃথিবীতে যাহা
২০ নিচে রক্ত ও অগ্নি ও ধুমা কুঙ্কুটি সূর্য্য হইবে অন্ধকার ও চন্দ্র রক্ত য়িহুহার সে বড় ও অদ্ভুৎ দিনের
২১ পূর্ব্বে। কিন্তু যে কেহ নিবেদন করে য়িহুহার নামে
২২ সেই পাইবে পরিত্রান। হে য়িশরাল লোক শুন এ কথা য়েশু নাজরেন এক জন যিনি পরাক্রম ও অদ্ভুৎ ক্রিয়া ও লক্ষন দিয়া ঈশ্বরে ব্যাখ্য হইল যাহা ঈশ্বর করিলেন তাহার করনক তোমারদের মধ্যে যেমন তোমরা
২৩ ও জান তিনি ঈশ্বরের নিলা ও পূর্ব্ব জ্ঞানে গচ্ছিত হইলে তোমরা লইয়া ক্রুসে টাঙ্গাইয়াছ ও বধ করিয়াছ
২৪ পামর হাত দিয়া তাহাকে ঈশ্বর জীবাইয়াছেন মৃত্যুর জন্ত্রনা ঘুচিয়া একারন অসাধ্য তাহাকে

২৫ তাহারে ধরিয়া রাখিতে। দাঊদ ও বলিলেন
তাহার বিষয় আমি যিহুহাকে দেখিয়াছি আমার
সন্মুখে তিনি আমার দক্ষিনে সে কারন আমি লড়িব
২৬ না সে কারন ও আমার হৃদয় হর্ষ ও আমার
জিহ্বা আনন্দিৎ আমার দেহ ও ভরসায় শুইবে
২৭ একারন আমার প্রান নরকে ছাড়িবা না ও তোমার
২৮ ধার্ম্মিককে ও ক্ষয় দেখিতে দিবা না। আমার
স্থানে জানাইয়াছ জীবনের পথ তোমার মুখ দেখাইয়া
২৯ ওল্লাষ পূর্ন করিয়াছ আমাকে। লোক ভাইরে
আমি পষ্ট কথা কহি তোমারদিগকে দাঊদ পিতৃর
বিষয় তিনি মরিয়াছেন ও কবরে শয়ন হইয়াছেন
তাহার কবর ও থাকে আমারদের এখানে আজি পর্য্যন্ত
৩০ তিনি ভবিষ্যৎ বক্তা হইয়া ও জ্ঞাত হইয়া যে ঈশ্বর
কিরা করিয়া বলিয়া ছিলেন তাহাকে তাহার ওরস
সন্তান হইতে খ্রীষ্ট ওৎপন্ন করিতে বসিবার জন্য
৩১ তাহার সিংহাসনের ওপর ইহা পূর্ব্ব জ্ঞাত হইয়া
বলিলেন খ্রীষ্টের পুনরুত্থানের বিষয় যে তাহার প্রান
নরকে ছাড়া থাকে না ও তাহার শরীর ক্ষয় দেখিল
৩২ না। এ য়েশুকে ঈশ্বর ওঠাইয়াছেন যাহার সাক্ষী
৩৩ আমরা সকল তিনি ঈশ্বরের দক্ষিনে ওত্থান হইয়া
ও পিতার স্থানে ধর্ম্মাত্মা অঙ্গিকার পাইয়া ইহা ঢালি
য়াছেন আমারদের ওপর যাহা তোমরা দেখিতেছ ও
৩৪ শুনিতেছ। দাঊদ স্বর্গে না গিয়াছেন বটে কিন্তু
আপনি বলিলেন যিহুহা বলিলেন আমার ভগবানকে
৩৫ বস আমার দক্ষিনে যাবৎ পর্য্যন্ত আমি করি তোমার

৩৬ শত্রু তোমার পদাসন। অতএব য়িশরালের সকল বংশ নিশ্চয় জানুক যে ঈশ্বর করিয়াছেন এই য়েশু যাহাকে তোমরা ক্রুসে হত্যা করিলা দুই প্রভু ও খ্রীষ্ট।

৩৭ তাহারা এ কথা শুনিয়া অন্তঃকরনে বিদ্ধিৎ হইল এবং পিতর ও অন্য প্রেরিতকে বলিল লোক ভাইরে

৩৮ আমরা কি করিব। কিন্তু পিতর বলিলেন তাহার দিগকে খেদ কর ও পাপ মোচন চিহ্নে প্রতি জন ডুবিত হও য়েশু খ্রীষ্টের নামে তাহাতে পাইবা ধর্ম্মাত্মা দান।

৩৯ একারন সে অঙ্গিকার তোমার ও তোমার সন্তানের দিগে ও যে লোক দূরে থাকে বটে যত লোক য়িহুহা

৪০ আমারদের ঈশ্বর ডাকিবেন। পরে আরং এমন কথা কহিয়া প্রমান দিলেন ও হিতার্থে বলিলেন

৪১ কহিয়া নিস্তার হও এ পামর পুরুষ হইতে। তাহাতে যত লোক মনে লইল তাহার বানী তত ডুবিত হইল এবং সেই দিন সহস্র তিনেক লোক তাহারদের সমযোগি হইল।

৪২ তাহারা ও নিত্য থাকিল প্রেরিতেরদের প্রকরন এ সম্ভাসে ও রুটি ভাঙ্গিতেং ও কামনা করিতেং।

৪৩ সকলের ওপর ও বড় ভয় পড়িল এবং প্রেরিতেরদের

৪৪ হাত দিয়া হইল অদ্ভুৎ ক্রিয়া ও চিহ্ন। সমস্ত যাহারা প্রত্যয় করিল তাহারা ও হইল একে ও সমস্ত দ্রব্য

৪৫ হইল সমান তাহারদের অধিকার ও ধন ও বিক্রয় করিয়া ভাগং করিল সকলের ঠাঁই যেমন প্রতি জনের

৪৬ আবশ্যক হইল। তাহারা ও সারা দিন মৃত্তিকা

থাকিল এক মনে ও ঘরেং রুটি ভাঙ্গিতেং খাইল তাহারদের আহার হরিষ ও মনের এক সন্ধান হইয়া
৪৭ ঈশ্বরকে স্তব করিতেং ও সকলের সুখ্যাত পাইয়া। এবং য়িহুহা ত্রান প্রাপ্য লোক নিত্য বাড়িলেন মণ্ডলিতে।

পর্ব্ব ৩ তৎকালে পিতর ও য়োহন মন্দিরকে গেল এ হইল প্রার্থনা কালে তাহা তিন প্রহর দিনে। সেখানে এক জন মাতার গর্ব্ভাবধি খোড়া থাকিল যাহাকে লোক বহিয়া খুইল দিন রদিন মন্দিরের সে দ্বারে যাহা বলে সুন্দর ভীক্ষা মাঁগিতে তাহারদের ঠাঁই যাহারা মন্দিরকে
৩ যায় সে জন পিতর ও য়োহনকে মন্দিরকে যাইবার
৪ মত দেখিয়া ভীক্ষা মাঁগিল। তখন পিতর ও য়োহন তাহারদিগে দৃষ্টি করিয়া বলিল আমারদের দিগে
৫ দেখ। সে মানিল তাহারদের কথা ভরসা করিয়া
৬ কিছু পাইতে তাহারদের ঠাঁই। তাহাতে পিতর বলিল রূপা সোনা আমার কিছু নহে কিন্তু আমার যাহা আছে তাহা দেই তোমাকে য়েশু খ্রীষ্ট নাজরেনের
৭ নামে ওঠ বেড়াও। পরে তাহার দক্ষিন হাত ধরিয়া ওঠাইল তাহাকে তাহাতে তাহার পদ ও গোড়াগাইট
৮ জোর পাইল। তাহাতে সে লাফ দিল ও খাড়া হইল ও বেড়াইল ও মন্দিরকে তাহারদের সঙ্গে যাইয়া হাঁটিল
৯ লাফ দিতেং ও ঈশ্বরকে স্তব করিতেং। তখন সকল লোক তাহাকে বেড়াইতেং ও ঈশ্বরকে স্তব
১০ করিতেং দেখিয়া জানিল এ সে জন যে বসিল ভীক্ষা

৩ তৃতীয় পর্ব্ব প্রেরিতের ক্রিয়া

যাঁগিতে মন্দিরের সুন্দর দ্বারে তাহাতে মহা চমৎকিৎ হইল সে ক্রিয়াতে।

১১ সে খোড়া সুস্থ পায়া মানুষ পিতর ও য়োহনকে ধরিলে সমস্ত লোক বিস্ময় হইয়া দৌড়িতে২ আইল
১২ তাহারদের ঠাঁই শলমার পীড়ায়। তখন পিতর হেড়িয়া বলিল লোককে য়িশরালী মানুষেরারে ইহাতে বিস্ময় বদনে কেন ও আমারদিগকে দেখিতেছ কেন যেমন আপনারদের বিক্রম কিম্বা ধর্ম্মে ইহাকে
১৩ হাঁটাইতাম। আবরহাম য়িজহ্বক ও যাঁকুবের ঈশ্বর আমারদের পিতৃরদের ঈশ্বর করিয়াছেন তাহার পুত্র য়েশুর বড় নাম যাহাকে তোমরা কুণ্ঠিত করিলা ও তাহাকে হেজ্ঞান করিলা পীলতের সাখ্যাতে যে বিচার
১৪ করিয়া চাহিল তাহাকে ছাড়িয়া দিতে কিন্তু তোমরা সে ধার্ম্মিক ও প্রকৃতার্থিককে হেজ্ঞান করিয়া চাহিলা
১৫ এক জন খুন কর্ত্তার মুক্ত ও হত্যা করিলা জীবনের রাজা যাহাকে ঈশ্বর পুনঃ জীবাইলেন যাহাতে আমরা
১৬ সাক্ষী তাহার নাম সে নামে ভক্তি করনক ও এ মানুষকে বলবান করাইয়াছে যাহাকে তোমরা দেখ এবং চিন বটে সে ভক্তি যাহা তাহারে দিয়াছে তাহাকে এ সুস্থতা তোমারদের সকলের গোচার
১৭ এখন ভাইরে আমি জানি যে তোমরা ও তোমারদের
১৮ অধ্যক্ষ অজ্ঞাত হইয়া ইহা করিল কিন্তু ঈশ্বর যাহা বলিয়াছেন তাহার সকল ভবিষ্যৎ বক্তার মুখ দিয়া যে খ্রীষ্ট মরিবেন তাহা এমন প্রত্যক্ষ করিয়াছেন।
১৯ অতএব খেদ কর ও অন্য মনে হও তোমারদের পাপ

বিমোচনের কারন তাহতে বিশ্রাম কাল আসিতে পারিবে
২০ যিহুহার স্বস্থান হইতে ও তিনি পাঠাইবেন য়েশু খ্রীষ্ট
২১ যাহার বিষয় পূর্ব্ব কহা গেল তোমারদিগকে যাহাকে
স্বর্গে ধরিতে জুয়ায় সমস্তের পুনঃ সাজনে কাল পর্য্যন্ত
যাহা ঈশ্বর কহিয়াছেন তাহার সকল পুন্য ভবিষ্যৎ
বক্তার মুখ দিয়া যাহারা হইল কালের প্রথমাবধি।
২২ মোশা ও বলিলেন পিতৃরদিগকে যিহুহা তোমারদের
ঈশ্বর আমার ন্যায় ভবিষ্যৎ বক্তা উৎপন্ন করিবেন তো
মারদের কারন আপনারদের ভ্রাতারদিগ হইতে তাহার
২৩ বচন শুন সকলে যাহাং বলেন তোমারদিগকে এবং
প্রতি প্রানি যে শুনে না সে ভবিষ্যৎ বক্তা ছেদন করিতে
২৪ হইবে তাহার লোক হইতে। সর্ব্ব ভবিষ্যৎ বক্তা
ও শামুএল অবধি ও তারপর যত কহিয়াছে বলি
২৫ য়াছে এ দিন হইবা। তোমরা ভবিষ্যৎ বক্তা ও সে
বন্দবস্তের সন্তান যাহা ঈশ্বর করিলেন আমারদের
পিতৃরদের সহিৎ আবরহামকে কহিয়া তোমার সন্তানে
পৃথিবীর সর্ব্ব বংশ আশির্ব্বাদ প্রাপ্য হইবেক।
২৬ ঈশ্বর তাহার পুত্র য়েশুকে উঠাইয়া পাঠাইয়াছেন তোমার
দের স্থানে প্রথমে তোমারদের প্রতি জন তাহার পাপ
হইতে ফিরাইতেং আশির্ব্বাদ দিতে তোমারদিগকে।

পর্ব্ব ৪

তাহারা লোককে কথা কহিতেং যাজক ও মন্দিরের
কর্ত্তা ও শাদুকিরা আইল তাহারদের ঠাঁই কষ্ট
হইয়া যে তাহারা শিক্ষাইল লোককে ও জানাইল
৩ মৃত্যুর পুনরুত্থান য়েশু করনক। অতএব তাহারা

হাতে ধরিয়া কএদ করিল তাহারদিগকে পর দিন
৪ পর্য্যন্ত সন্ধ্যা তখন হইয়া। কিন্তু অনেক যাহারা
বাক্য শুনিয়া ছিল আস্থা করিল তাহারদের সঙ্খ্যা জন
৫ সহশ্র পাঁচেক। পর দিনে য়িরোশলমে সভা
হইল তাহারদের অধ্যক্ষ ও প্রাচিন ও অধ্যাপকেরা
৬ ও হনা প্রধান যাজক ও কায়াফা ও য়োহন ও
৭ আলেক্সান্দ্র ও যত লোক প্রধান যাজকের কুটুম্ব। পরে
তাহারদিগকে মধ্যে স্থানে বসাইলে তাহারা জিজ্ঞাসা
করিল কি পরাক্রমে কিম্বা কি নামে ইহা করিয়াছ।
৮ তাহাতে পিতর ধর্ম্মাত্মা পূর্ণিৎ হইয়া বলিল তাহার
দিগকে হে লোকের প্রধান ও য়িশরালের প্রাচিন
৯ অদ্য যদি আমরা বিচার্য্য হই সে ভাল কর্ম্মের বিষয়
যাহা সে দুর্ব্বল মানুষকে সে কেমনে আরাম
১০ পাইয়াছে। তবে জান তোমরা ও য়িশরালের
সর্ব্ব লোক জানুক যে য়েশু খ্রীষ্ট নাজরেন যাহাকে
তোমরা ক্রুসে খুন করিয়াছ যাহাকে ঈশ্বর উঠাইলেন
মৃত্যু হইতে তাহার নামে এ মানুষ সুস্থ ডাণ্ডায়
১১ তোমারদের গোচরে। এ সে পাথর যাহা তোমরা
রাজেরা তুচ্ছ করিলা তাহা হইয়াছে কোনের প্রধান
১২ আর কোন কাহারে ও ত্রান নহে একারন স্বর্গের তলে
মনষ্যেরদের মধ্যে আর কোন নাম নহে যাহা দিয়া
১৩ আমারদের ত্রান হইতে জুয়ায়। তাহারা পিতর ও
য়োহনের নির্ভয় মন দেখিয়া এবং বুঝিয়া যে তাহারা
অজ্ঞান ও মুর্খ লোক চমকিৎ হইল ও জানিতে পাইল যে

১৪ তাহারা হইয়া ছিল য়েশুর সহিৎ। পরে সে সুস্থ মানুষকে দেখিলে তাহারদের মধ্যখানে খাড়া থাকিয়া
১৫ কিছু বিপরিত কহিতে পারিল না। কিন্তু সভার বাহিরে যাইতে বলিলে তাহারা পরস্পর যুক্তি করিল
১৬ কহিয়া আমরা কি করিব এ লোককে একারন য়িরোশমের সর্ব্ব গৃহস্থের ঠাঁই এ বড় আশ্চর্য্য প্রকাশ হইয়াছে তাহারদের করনক আমরা ও তাহা হেয়জ্ঞান
১৭ করিতে পারি না। কিন্তু তাহা আর না ঘোষিবার কারন লোকের মধ্যে আমরা প্রতিজ্ঞা করিয়া মানা করি তাহারদিগকে কোন কাহাকে এ নামে কহিতে।
১৮ পরে তাহারদিগকে ডাকিয়া তাহারা মানা করিল
১৯ কাহাকে কহিতে কি শিক্ষাইতে য়েশুর নামে। কিন্তু পিতর ও য়োহন প্রত্যুত্তর করিয়া বলিল তাহারদিগকে ঈশ্বরের দৃষ্টে প্রকৃত তোমারদিগকে শুনিতে ঈশ্বরের
২০ আগে তাহা বিচার কর তোমরা একারন যাহা আমরা দেখিয়াছি ও শুনিয়াছি তাহা কহিতে লঙ্ঘিতে পারি না।
২১ পরে তাহারা আর প্রতিজ্ঞা করিয়া বিদায় করিল তাহারদিগকে সাস্তি দিবার কিছু না পাইয়া লোকের নিমিত্ত একারন এ কার্য্যে সমস্ত লোক করিল ঈশ্বরের
২২ নাম। সে মানুষ হইল চল্লিশ বৎসর বয়ক্রমাধিক যাহারে এ সুস্থ করনের লক্ষন হইল।

২৩ তাহারা বিদায় পাইয়া গেল আপনারদের সহায়ের ঠাঁই ও বলিল যত কহিয়া ছিল তাহারদিগকে প্রধান
২৪ যাজক ও প্রাচিন লোক। তাহারা শুনিয়া এক মনে চেঁচাইয়া বলিল ঈশ্বরকে হে য়িহুহা তুমি ঈশ্বর তুমি

সৃজন করিয়াছ স্বর্গ পৃথিবী সমুদ্র ও যাহাং তাহার
২৫ দের মধ্যে তোমার দাস দাঙদের মুখ দিয়া কহিয়াছ
বর্ন্নগন কেন ওদ্ধ হই ও লোক কেন অনর্থক কার্য্য
২৬ চাওরে পৃথিবীর রাজা খাড়া হয় ও অধ্যক্ষেরা পরামর্শ
করে য়িহুহা ও তাহার অভিশেকির বিপরিতে।
২৭ একারন নিশ্চয় তোমার ধার্ম্মিক শিশু য়েশু যাহাকে
তুমি অভিশেক করিয়াছ তাহার বিপরিতে হেরোদ ও
পন্তিয়ষ পীলাত অন্য বর্ন্ন ও যিশরাল লোক সুদ্ধ সভা
২৮ হইল করিতে যাহা তোমার হাত ও তোমার নিয়ত নিরুপন
২৯ করিল করিতে। এমন অরে য়িহুহা দেখ তাহারদের
প্রতিজ্ঞা ও তোমার দাসেরদিগকে দেহ নির্ভয় কহিতে
৩০ তোমার বচন তোমার হাত বাড়াইয়া সুস্থ করিতে
এবং চিহ্ন ও আশ্চর্য্য কার্য্য করিতে তোমার ধার্ম্মিক
৩১ শিশু য়েশুর নাম দিয়া। তাহারা কামনা করিতেং
স্থান লড়িল যাহাতে তাহারা সভা হইল ও তাহারা
সকল ধর্ম্মাত্মা পূর্ন্নিৎ হইয়া নির্ভয় বলিল ঈশ্বরের
কথা।

৩২ ও যাহারা আস্থা করিল তাহারদের মণ্ডলির হইল
এক অন্তঃকরন ও এক প্রান এবং কেহ তাহার ধন নিজ
বলিল না একারন সকল হইল সকলের সমান।
৩৩ প্রেরিতেরা ও মহা পরাক্রমে দিল প্রভু য়েশুর পুনরুত্থা
নের প্রমান এবং মহা অনুগ্রহ হইল সকলের ওপর।
৩৪ তাহারদের কেহ ভন্নাস্তিক হইল না একারন যাহারা ভূমি
কি আলয়ের অধিকারি তাহারা তাহা বিক্রয় করিলে

৩৫ মূল্য আনিয়া ফেলিল প্রেরিতেরদের পায়ে ও তাহা ভাগ হইল প্রতি জনকে তাহার প্রয়োজনের মত।
৩৬ য়োশে তাহার নাম প্রেরিতেরা বলিল বারনাবা তাহার
৩৭ অর্থ শান্তনার শিশু কুপ্রস দেশের এক লোক তাহার ভূমি হইয়া তাহা বিক্রয় করিল এবং মূল্য আনিয়া দিল প্রেরিতেরদের চরনে।

পর্ব্ব ৫

১ কিন্তু এক জন তাহার নাম হননীয়া ও তাহার জাইয়া শফীরা অধিকার বিক্রয়
২ করিল ও মূল্য কিছু গুপ্তে রাখিল তাহার পত্নী ও জ্ঞাত হইয়া পরে কিছু টাকা আনিয়া দিল প্রেরিতের
৩ দের পদে। তাহাতে পিতর বলিল হে হননীয়া সয়তান কেমনে ভরিয়াছে তোমার অন্তঃকরন মিথ্যা কথা কহিতে ধর্ম্মাত্মাকে ও ভূমির তঙ্কা কিছু গুপ্তে
৪ রাখিতে। তাহা থাকিলে তোমার নিজ হইল না ও বিক্রয় হইলে তোমার পরাক্রমে নহে। তবে অন্তঃকরনে কেন স্থির করিতে এ কার্য্য মনুষ্যকে মিথ্যা
৫ কথা না কহিয়াছ কিন্তু ঈশ্বরকে। হননীয়া এ বচন শুনিয়া পড়িয়া মরিল তাহাতে যত লোক ইহা শুনিল
৬ সে সকলের মহা ত্রাস হইল। ও যুবারা তাহাকে
৭ বহিয়া বাহির করিল ও কবরে শোয়াইল। দণ্ড তিনেক ইহার পরে তাহার পত্নী এ সকল অজ্ঞাত
৮ হইয়া ভিতরে আইল। তাহাতে পিতর উত্তর করিল তাহাকে কহ আমাকে এত মূল্যের কারন ভূমি বিক্রয় করিয়াছ। সে বলিল তাহাকে সত্য এত মূল্যে।
৯ পিতর বলিল তাহাকে এ কি তোমরা এমন মন মিলিয়াছ য়িহুহার আত্মায় পরিক্ষা করিতে। দেখ যাহারা

তোমার স্বামীকে কবরে শোয়াইয়াছে তাহারদের পা
১০ দ্বারে ও লয়া যাবে তোমাকে। তাহাতে সে সত্তর তাহার
চরনে পড়িয়া মরিল ও যুবারা প্রবেশ করিলে তাহাকে
দেখিল মরা পরে বহিয়া কবরে শোয়াইল তাহার পত্তির
১১ বগলে। ইহাতে সকল মণ্ডলি ও যত লোক শুনিতে পাইল
১২ এ সমাচার ইহারদের বড় ভয় হইল। প্রেরিতেরদের
হাত দিয়া ও অনেক লক্ষন ও আশ্চর্য্য কার্য্য করা
হইল লোকেরদের মধ্যে ও তাহারা সর্ব্ব জন এক মনে
১৩ থাকিল শলমার পীড়ায় আর কেহ নির্ভয় হইল
না তাহারদের সময়োগ হইবারে কিন্তু সমস্ত করিল
১৪ তাহারদের বড় নাম ও প্রভুর ভক্ত বহু বাড়িল
১৫ অনেক২ পুরুষ ও স্ত্রী তাহাতে গলিতে আনিল
পীড়িতকে বিছানা ও খাটায় শুয়াইয়া পিতর সে দিগা
যাইয়া ছাইবার কারন তাহারদের কতক জন।
১৬ অনেক লোক একত্তর আইল য়িরোশলমের চতুর্দ্দিগের
নগর হইতে পীড়িৎ ও ভূতে ধরা সঙ্গে আনিয়া
যাহারা সকলে সুস্থ হইল।

১৭ তাহাতে প্রধান যাজক ও তাহার সহায় শাদুকী বর্ন
১৮ প্রজ্বলিত হইয়া ওঠিল ও প্রেরিতেরদিগকে ধরিয়া
১৯ ইতরের কারাগারে ফেলিল। কিন্তু রাত্রে য়িহুহার
দূত কারগারের দ্বার খুলিয়া বাহির করিলেন তাহার
২০ দিগকে কহিয়া যাও এবং মন্দিরের দ্বারে ডাণ্ডাইয়া
কহ এ প্রমাত্রর সমস্ত বচন লোকেরদের শ্রবনে।
২১ তাহারা সে বানী শুনিলে ভোরে মন্দিরে প্রবেশ করিয়া
শিক্ষাইল। তৎকালে প্রধান যাজক ও তাহার

সহায় সভা ও য়িশরালের সন্তানের মন্ত্রীরদিগকে একত্তর ডাকিয়া পাঠাইল কারগারে তাহাদিগকে আনি
২২ বার কারন। কটোয়ালেরা যাইয়া পাইল না তাহার দিগকে কারাগারে। অতএব ফিরিলে সমাচার দিল
২৩ বলিয়া আমরা কারাগার বড় সাবধান রুদ্ধ পাইলাম ও চৌকিদার ডাণ্ডাইয়া দ্বারের সন্মুখে সে সত্য কিন্তু
২৪ দ্বার খুলিয়া কাহাক ওদ্দেশ পাইলাম না। যাজক ও মন্দিরের কর্ত্তা ও প্রধান যাজক এ কথা শুনিয়া বড়
২৫ ভাবনা করিল এ কি হইবে। তাহাতে এক জন আসিয়া সমাচার দিল বলিয়া দেখ যে লোক তোমরা রুদ্ধ করিলা তাহারা মন্দিরে খাড়া হইয়া শিক্ষাইতেছে
২৬ লোকেরদিকে। তখন সেনাপতি ও কটোয়ালেরা গেল ও জোর না করিয়া আনিল তাহারদিগকে একারন তাহারা বড় ভয় করিল লোক পাথর মারিবে তাহার
২৭ দিগকে কি না তাহারা তাহারদিগকে আনিয়া বসাইল
২৮ সভায়। পরে প্রধান যাজক জিজ্ঞাসা করিয়া বলিল তাহারদিগকে আমরা এ নামে শিক্ষাইতে নিশ্চয় মানা না করিলাম তোমারদিগকে কিন্তু দেখ তোমার শিক্ষন পূর্ন্ন করিয়াছ য়িরোশলম ও এ মানুষের খুন
২৯ আনিতে চাহ আমারদের ওপর। তখন পিতর ও প্রেরিতেরা প্রত্যুত্তর করিয়া বলিল ঈশ্বরকে মানিতে
৩০ জুয়ায় মনুষ্য হইতে অধিক। আমারদের পিতৃর দের ঈশ্বর জীবাইলেন য়েশুকে যাহাকে তোমরা গাছের
৩১ ওপরে টাঙ্গাইয়া খুন করিলা ঈশ্বর তাহাকে আপনার দক্ষিনে ওচ্চা করাইয়া করিয়াছেন অধ্যক্ষ

ও ত্রান কর্ত্তা খেদ ও পাপ মোচন দিবার জন্য য়িশরালি
৩২ কে। আমরা এবং ধর্ম্মাত্মা ও যাহা ঈশ্বর দিয়া
ছেন তাহার আজ্ঞা বর্ত্তেরদিগকে এ কথার সাক্ষী।
৩৩ তাহারা এ কথা শুনিয়া ক্রোধাভিষ্ঠ হইল ও যুক্তি
৩৪ করিল বধ করিতে তাহারদিগকে সকল। তখন
এক জন ফারিসি গুরু বিজ্ঞ ও সকল লোকে সম্ভ্রান্ত
তাহার নাম গমালিএল ওঠিয়া আজ্ঞা দিল প্রেরিতের
৩৫ দিগকে কিঞ্চিত কাল বাহির করিতে পরে বলিল
তাহারদিগকে য়িশরালী লোকরে সাবধান কি করিতে
৩৬ চাহ এ মানুষেরদিগকে একারন এ কালের পূর্ব্বে
তদা ওৎপন্ন হইল বলিতেং আপনি কেহ বড় তাহার
সহিৎ হইল জন শত চারেক সে বিনাশ হইল ও
তাহার যত সহায় ছড়িয়া গেল ও হইল কিছু নহে।
৩৭ তারপর জন ঘর্দ কালে গালিলির য়িহোদা ওৎপন্ন
হইল ও তাহার সহায় করিল অনেক লোক সে বিনাশ
৩৮ হইল ও তাহার সহায় সমস্ত ছড়িয়া গেল। অতএব
আমি বলি তোমারদিগকে এ লোককে ত্যাগ কর ও
তাহারদিগকে কিছু করিও না একারন এ যুক্তি ও এ
৩৯ কার্য্য যদি মনুষ্য হইতে তবে আলিয়া যাইবে কিন্তু
যদি ঈশ্বর হইতে তবে তাহা পরাজয় করিতে পার না
নতুবা খ্যাত হইবা রন করিতে ঈশ্বরের সহিৎ।
৪০ তাহারা মনে লইল তাহার কথা পরে প্রেরিতেরদিগকে
ডাকিল ও মারিয়া আজ্ঞা দিল য়েশুর নামে না কহিতে
৪১ পরে বিদায় করিল তাহারদিগকে। অতএব তাহারা
প্রস্থান করিল সভা হইতে আনন্দিৎ হইয়া যে তাহারা

৪২ তাহার নামেরার্থে লজ্জা পাওনের যোগ্য। এবং মন্দিরেতে ও ঘরে২ তাহারা সমস্ত দিন ত্যাগ করিল না শিক্ষাইতে ও ঢোঁড়ি দিতে য়েশু খ্রীষ্ট।

পর্ব্ব ৬ সে কালে শিষ্যেরা বহু বৃদ্ধ হইয়া গ্রীকের কন্দল হইল ইব্রীরদের সহিত এক্কারন নিত্য দানে তাহারদের বিধবাকে ছাড়িয়া গেল।

২ তাহাতে দ্বাদশ জন মানব্যকে ডাকিয়া বলিল আমরা ঈশ্বরের কথা

৩ ছাড়িয়া মেজের কার্য্য করিতে উচিৎ নহে অতএব ভাইরে তোমরা আপনারদিগ হইতে পছন্দ কর সাত জন সুখ্যাত ধর্ম্মাত্মা ও জ্ঞান পূর্ণিৎ যাহারদিগকে নিযুক্ত

৪ করিতে পারি এ কার্য্য করিতে কিন্তু আমরা নিত্য

৫ করিব কামনা ও বাক্য বলন সেবা। এ কথা তুষিল সমস্ত মানব্যকে তাহাতে তাহারা পছন্দ করিল স্তিফানস এক জন ধর্ম্মাত্মা ও ভক্তি পূর্ণিত ও ফিলিপ ও প্রখোরস ও নিকানর ও টিমোন ও পরমেনা

৬ ও আন্তিয়োখের এক ভক্তি ধরা নিকলা ইহারদিগকে তাহারা আনিল প্রেরিতেরদের সম্মুখে যাহারা প্রার্থনা

৭ করিয়া হাত দিল তাহারদের উপর। ঈশ্বরের বাক্য বাড়িল এবং য়িরোশলমে শিষ্যেরদের সংখ্যা অত্যন্ত বৃদ্ধ হইল এবং অনেক যাজক ভক্তি মানিল।

৮ স্তিফানস ও ধর্ম্মাত্মা ও পরাক্রম পূর্ণিৎ হইয়া করিলেন লক্ষন ও আশ্চর্য্য কার্য্য লোকের গোচরে।

৯ তাহাতে লিবর্ত্তীন ও কিরীনী ও আলেক্সান্দ্রী ও কিলিকিয়া

ও আসিয়ার মিনগোর কতক লোক উঠিয়া রদবদল
১০ করিল স্তিফানের সহিত। কিন্তু সে জ্ঞান ও
আত্মা যাহাতে বলিল তাহা হেয়জ্ঞান করিতে না
১১ পারিলে তাহারা লোককে উসকাইল যাহারা
বলিল আমরা শুনিলাম তাহাকে পাষণ্ডা কথা
১২ কহিতে২ মোশা ও ঈশ্বরের বিপরিতে। তাহাতে
লোক ও অধ্যাপক ও প্রাচিনেরা প্রজ্বলিত হইলে দৌড়িয়া
১৩ ধরিল এবং আনিল তাহারদিগকে সভায়। পরে
মিথ্যা সাক্ষী নিযুক্ত করিল যে বলিল এ বেটা পাষণ্ডা
কথা কহিতে ছাড়ে না এ পবিত্র স্থান ও ব্যবস্থার
১৪ বিপরিতে একারন আমরা শুনিলাম তাহাকে কহিতে২
যে এই য়েশু নাজরেন আলাইবে এ স্থান ও বদল করিবে
সর্ব্ব ব্যবহার যাহা মোশা দিয়াছেন আমারদিগকে।
১৫ তৎকালে যে লোক সভায় বসিল তাহারা দেখিল
তাহার মুখ ধর্ম্ম দূতের মুখের মত।

পর্ব্ব ৭ তখন প্রধান যাজক কহিল এ কার্য্য এমন।
তাহাতে সে কহিল মনুষ্য ভাই পিতারে অবধান কর
তেজোময় ঈশ্বর দেখা দিলেন আমারদের পিতা
আবরহামকে মেশপোটামিয়ায় থাকিতে তাহার হারানে
৩ বাস করনের পূর্ব্বে ও কহিলেন তাহাকে তোমার
দেশ ও তোমার কুটুম্ব ছাড়িয়া আইস সে দেশে যাহা
৪ আমি দেখাইব তোমাকে। তখন তিনি খাশিদী
দেশ ছাড়িয়া বাস করিলেন হারানে পরে তাহার
পিতা মরিলে সেখান ছাড়িয়া প্রস্থান করিলেন এ দেশে
৫ যাহাতে তোমরা এখন বসতি কর। তিনি তাহার

মধ্যে দিলেন না কিছু অধিকার তাহাকে বটে এক পদ
ভূমি নহে কিন্তু তাহা অধিকার দিতে অঙ্গিকার
করিলেন তাহাকে ও তাহার সন্তানকে তাহার পরে
৬ তাহার কোন শিশু তখন না হইয়া। ঈশ্বর ও ইহা
কহিলেন যে তাহার সন্তান বসতি করিবে অন্য দেশে
তাহাতে সে লোক তাহারদিগকে গোলামে করাইবে
ও ক্লেশ দিবে তাহারদিগকে চারি শত বৎসর।
৭ ঈশ্বর ও বলিলেন তারপরে আমি অবশ্য বিচার করিব
সে বর্গ যাহারদের বস তাহারা হয় তৎপরে তাহারা
বাহিরে আসিয়া আমার সেবা করিবে এ স্থানে।
৮ তিনি ও দিলেন তকচেদ বন্ধবস্ত তাহাকে পরে সে
য়িজক্ককে জন্ম দিলে করিল তাহার তকচেদ অষ্টম দিনে
ও য়িজক্কর জন্ম দিল যাঁকুবকে ও যাঁকুব দ্বাদস পিতৃর
৯ দিগকে। পিতৃরা দ্বেশাভিষ্ট হইয়া বিক্রয় করিল
যুসফকে মিজরে কিন্তু ঈশ্বর হইলেন তাহার সাতে।
১০ ও পরিত্রান করিলেন তাহাকে তাহার সকল দুঃখ
হইতে এবং দিলেন তাহাকে অনুগ্রহ ও জ্ঞান
মিজরের রাজা ফারোউার গোচরে তাহাতে সে নিযুক্ত
করিল তাহাকে মিজরের দেশ ও আপনার সকল ঘরের
১১ কর্ত্তা। তারপরে মন্বন্তর ও বড় দুঃখ হইল মিজর ও
খনাঁয়ন সকল দেশে তাহাতে আমারদের পিতৃরা ভক্ষ্য
১২ পাইল না। কিন্তু যাঁকুব শুনিল শস্য আছে মিজরে
তাহার পরে পাঠাইল আমারদের পিতৃগন প্রথমে
১৩ পরে দ্বিতীয় বার গেলে যুসফ চিনা গেল তাহার ভ্রাতার
দের ঠাঁই ও যুসফের পরিজন চিনা গেল ফারোউার

১৪ ঠাঁই। এবং যুসফ লোক পাঠাইয়া ডাকিল আপনার নিকট তাহার পিতা যাঁকুব ও তাহার সকল কুটুম্বকে পঁচাত্তর প্রানি।——'
১৫ তখন যাঁকুব গেলেন মিসরে এবং তিনি ও আমারদের
১৬ পিতৃগন মরিল সেখানে পরে তাহারদিগকে শিখমে বহিয়া গেলে শোয়াইল সেকবরে যাহা আব রহাম মূল্য দিয়া কিনিয়া ছিল শিখমের পিতা হ্মমরের
১৭ সন্তানেরদিগ হইতে। কিন্তু সে অঙ্গিকার প্রত্যক্ষ সময় নিকট হইলে যাহা ঈশ্বর কিরা করিয়া ছিলেন
১৮ আবরহামকে লোক বৃদ্ধং হইল মিসরে আর এক
১৯ রাজা ওৎপন্ন পর্য্যন্ত যে যুসফকে চিনিল না। সে দুর্যতি হইল আমারদের কুটুম্বের বিপরিতে ও বড় জোর করিল আমারদের পিতৃরদের ওপর তাহারদের সকল বালক বাহির করিয়া বংস বিনাশ করনার্থে।
২০ সে কালে মোশা জন্ম হইল এবং অতি সুন্দর হইয়া তিন মাস প্রতি পালন হইল আপনার পিতার ঘরে
২১ পরে বাহিরে ফেলা হইলে ফারোওর কন্যা তাহাকে পাইয়া প্রতি পালন করিল আপনার পুত্রের কারন তাহাতে
২২ মোশা হইল মিসরীরদের সকল শাস্ত্রজ্ঞ এবং ভাষা
২৩ ও ক্রিয়ায় শক্তি। পরে তাহার চল্লিশ বৎসর বয়ক্রম হইয়া মনে হইল তাহার ভ্রাতারা য়িশ
২৪ রালের সন্তান দেখিবার জন্য যাইতে। তখন তাহারদের এক জন হিংসিত দেখিয়া ওপগার করিল
২৫ তাহাকে ও বধ করিল সে মিসরীকে। একারন মনে ভাবিল যে তাহার ভ্রাতাগন ইহা বুঝিবে ঈশ্বর তাহার

হাত দিয়া পরিত্রান করিবেন তাহারদিগকে কিন্তু
২৬ তাহারা তাহা বুঝিল না। পর দিবস তাহারদের
ঝকড়া হইলে আপনি বিদ্যমান হইয়া তাহার
দিগকে কহিল মানুষরে তোমরা ভাই২ পরস্পর হিংসা
২৭ কর কেন। কিন্তু যে হিংসা করিল তাহার
প্রতিবাসিকে ঠেলিল তাহাকে কহিয়া কেডা নিযুক্ত
করিল তোমাকে আমারদের পতি ও বিচার কর্ত্তা
৯ প্রমান দিতে২। কিন্তু কতক লোক কঠিন হইল ও আস্থা করিতে চাহিল না এ গতি নিন্দা করিতে২ মানুষ্যের সাক্ষাত তেকারন সে তাহারদিগ হইতে যাইয়া আলাদা করিল শিষ্যেদিগকে দিন বদিন ন্যায় করিতে২ এক জনের পাঠসালে তাহার নাম
১০ তরান্নস। এ হইল বৎসর দুএক তাহাতে আসিয়ার সকল প্রজা দুহে য়িহোদী ও গ্রীক শুনিতে পাইল
১১ প্রভু য়েশুর কথা। এবং ঈশ্বর করাইলেন
১২ অসম্ভব আশ্চর্য্য কার্য্য পাওলের করনক তাহাতে কমাল কি বুতি লইয়া গেল তাহার অঙ্গ হইতে পীড়িত লোকের ঠাঁই ও পীড়া ছাড়িল তাহারদিগকে
১৩ ও ভূত গেল তাহারদিগকে ছাড়িয়া। তখন কতক পাজি য়িহোদী গুনি কহিতে লাগিল প্রভু য়েশুর নাম

তাহারদের ওপর যাহারাদের ভূৎ ছিল কহিয়া আমরা আজ্ঞা দেই তোমারদিগকে য়েশুর নামে যাহার কথা
১৪ পাওল কহে। য়িহোদীরদের প্রধান যাজক স্কেবা নামে
১৫ এক জনের সাত পুত্র এমন করিল। কিন্তু ভূৎ ওত্তর করিয়া বলিল য়েশুকে চিনি ও পাওলকে চিনি কিন্তু
১৬ তোমরা কে। পরে সে ভূত গৃহস্থ লাফ দিল তাহারদের ওপর ও জোর করিয়া জিনিল তাহারদিগকে তেকারন তাহারা পলাইল সে ঘর ছাড়িয়া ওলঙ্গ ও
১৭ য়েতলা। তখন এ সমাচার গেল সকল য়িহোদী ও গ্রীকের স্থানে যাহারা বসতি করে এফেসসে তাহাতে ভয় পড়িল সকলের ওপর ও প্রভু য়েশুর
১৮ নামের স্তব হইল। অনেক ভক্তরা ও আসিয়া
১৯ স্বীকার করিল ও জানাইল তাহারদের ক্রিয়া। অনেক মন্ত্রি ও তাহারদের পুস্তককে একত্তর আনিয়া পুড়াইয়া ফেলিল সকলের সন্মুখে পরে সে সকলের মূল্য হিসাব করিয়া বুঝিল তাহা পঞ্চাশ হাজার থান রুপা
২০ প্রভুর কথা এমন পরাক্রান্ত হইয়া বাড়িল ও জয় করিল।

২১ এ সকল হইলে পরে পাওল মনে ঠাওরিল মাকিদনিয়া ও আখায়া দিয়া যাইতে য়িরোশলয়েতে কহিয়া আমি সেখানে গেলে পর রোমকে দেখিতে
২২ জুয়ায়। পরে তাহার দুই জন সেবক টিমোত্তিয়ষ ও এরাস্তষকে মাকিদনিয়ায় পাঠাইলে আপনি তিষ্ঠিল কিছু
২৩ কাল আসিয়ায়। তৎকালে বড় হুড়াহুড়ি হইল সে
২৪ পথের বিষয়। একারন এক জন রুপাকার

তাহার নাম দেমেত্রিয়ষ যে দিয়ানার রূপার পুতুলা
২৫ বানাইয়া প্রাপ্তি করাইল বহু কারকের যাহার
দিগকে সভা ডাকিল সকল সে কর্ম্ম কারকের সহিত
পরে বলিল ভাইরে তোমরা জান আমারদের ধন
২৬ আছে এ কার্য্য হইতে তোমরা ও দেখিতেছ
ও শুনিতেছ যে এ পাওল ক্ষোভ করিয়াছে অনেক২
লোককে কেবল এফেসসে নহে কিন্তু প্রায় সকল
আসিয়ায় এবং ফিরাইয়াছে তাহারদিগকে কহিতে২
২৭ যাহা হাতে নির্ম্মান হইয়াছে তাহা ঈশ্বর নহে অতএব
কেবল আমারদের কার্য্য হেলনাপন্ন নহে কিন্তু মহা দেবী
দিয়ানার দলান হেলা ও তাহার মহিমার ধ্বংসনাপন্ন
আছে যাহাকে আসিয়া কেবল ভজনা করে না কিন্তু
২৮ সমস্ত জগত। এবং তাহারা ইহা শুনিয়া ক্রোধ পূর্ন্নিত
ছিল ও চেঁচাইয়া বলিল মহা২ এফেসীর দিয়ানা।
২৯ তখন সকল সহর হুড়াহুড়ি পূর্ন্নিত হইল তাহাতে
এক মনে তামসিক ঘরে দৌড়িলে টানিয়া লইয়া গেল
পাওলের সহকারি মাকিদনিয়ার গাইয়ষ ও আরি
৩০ ষ্টার্খষ। যখন পাওল প্রবেশ করিতে চাহিয়াছে
লোকের ঠাঁই তখন শিষ্যগন যাইতে দিল না তাহাকে।
৩১ আসিয়ার কতক অধ্যক্ষ ও তাহার বন্ধু হইয়া পাঠাইল
তাহার ঠাঁই ও বিনয় করিল তাহাকে তামসিক ঘরে
৩২ না যাইতে। অতএব কেহ কহিল এক কথা আর কেহ
আর২ কথা একারন মানব্য হুড়াহুড়ি হইল এবং অধি
৩৩ কাংশ জানিল না কি কারন সভা হইল। পরে তাহারা
টানিয়া দিল আলেক্সান্দর মানব্য হইতে য়িহোদীরা ও

অগ্রে ঠেলিতেং তাহাকে। তখন আলেক্সান্দর হাতে
৩৪ ঠারিয়া পরিচয় দিতে চাহিল লোককে। কিন্তু
যখন তাহারা চিনিল সে এক য়িহোদী তখন সকল
এক রবে চেঁচাইয়া বলিল পাঁচ দণ্ড সরাসর মহাং
৩৫ এফেসীরদের দিয়ানা। পরে সহরের দেয়ান
লোককে চুপ করাইয়া বলিল শুনরে তোমরা এফেসী
লোক কে আছে যে জানে না এফেসীর সকল সহর
পূজা করে মহা দেবী দিয়ানা যে পড়িল যুপিতর হইতে।
৩৬ অতএব এ সকল অটল বিষয় হইয়া তোমারদের
আবশ্যক আছে থামিতে এবং কিছু না করিতে
৩৭ তরায় একারন তোমরা আনিয়াছ এ লোককে যে দেব
স্থানের চোর কিম্বা তোমারদের দেবীর পাষণ্ড কর্ত্তা নহে
৩৮ অতএব যদি দেমেত্রিয়ষ ও তাহার সহায় কর্ম্ম কারকের
কিছু বরামদ কোন কাহার সহিৎ তবে আদালত এবং
৩৯ ওকিল আছে তাহারা সায়াল যায়াব দেওক। কিন্তু যদি
কিছু জিজ্ঞাসা কর আর কোন কার্য্যের বিষয় তবে
৪০ তাহা রফা হবে ওপযুক্ত সভায়। একারন অবশ্য
আমার আপদ আছে আজিকার হড়বড়ির প্রমান
৪১ দিতে এ কোলাহলের হেতু করিবার কিছু না হইয়া।
সে এ কথা কহিয়া বিদায় করিল সভাকে।

পর্ব্ব ২০ সে হড়াহড়ি গেলে পাওল শিষ্যগনকে ডাকিয়া ও
আলিঙ্গন করিয়া প্রস্থান করিল মাকিদনিয়ায় যাইতে
২ ও সে দেশে অনেক বেড়াইয়া ও তাহারদিগকে স্তোভ
৩ দিয়া ওতুরিল গ্রীক দেশে। ও সেখানে তিন মাস
বাস করিয়া জাহাজে যাইতে লগিল সিরিয়ায় কিন্তু

য়িহোদীরা তৎকালে তাহাকে মারিতে নেওয়াতি রাখিলে
তাহার মনে হইল বাহুড়িতে মাকিদনিয়ার পথে।
৪ তখন তাহার সাতে গেল আসিয়ার বেরৈয়ার সোপাটর
ও তসলোনিকার আরিষ্টার্খষ ও সেকন্দষ ও দর্ব্বের
টিমোতিয়ষ ও আসিয়ার টিখিকস ও ট্রুফিমস।
৫ এ সকল আগে যাইয়া তিষ্ঠিল ট্রোয়াসে আমারদের
৬ কারন। বেখমির রুটির দিনের পরে আমরা ও
ফিলিপি ছাড়িয়া পাঁচ দিন বাযু গমন করিতেং আসি
-লাম তাহারদের নিকটে ট্রোয়াসে যেখানে আমরা
৭ তিষ্ঠিলাম সাত দিন। তখন শাবতের প্রথমে
শিষ্যেরা রুটি ভাঙ্গিতে সভা হইলে পাওল প্রস্তুত হইয়া
পর দিনে যাইতে হিৎ উপদেশ করিল তাহারদিগকে ও
৮ তাহার উপদেশ করিল মধ্যে রাত্রে পর্য্যন্তু। অনেক
প্রদীপ হইল সে উপর কুঠরিতে যাহাতে তাহারদের
৯ মণ্ডলি এক জন যুবা মানুষ গবাক্ষে বসিয়া নিদ্রিত
পড়িল তখন পাওল অনেক্ষন তাহার উপদেশ
কহিতেং সে নিদ্রিত হইয়া পড়িল তৃতীয় তালা হইতে
এবং তুলন হইল মরা তাহার নাম ইওটিখস।
১০ তাহাতে পাওল নামিয়া পড়িল তাহার উপর এবং
তাহাকে কোলে করিয়া কহিল কিছু নাদ করিও না
১১ তাহার প্রান আছে তাহাতে। পরে পুনর্ব্বার উপর
যাইয়া ও রুটি ভাঙ্গিয়া ও খাইয়া সে আর বহু কাল
কথা বার্ত্তা কহিল তাহারদের সহিৎ ভোর পর্য্যন্তু
১২ তারপর গেল। এবং তাহারা সে যুবা আনিয়া
১৩ বহুত শান্তু পাইল। কিন্তু আমরা জাহাজে আগে

ঘাইয়া বাবু গমন করিলাম আসসে যেখানে পাওলকে লইতে হইল একারন সে তেমন নিরুপন করিয়া ছিল
১৪ আপনি পছন্দ করিয়া পদব্রজে যাইতে। তখন সে আমারদের সহিৎ আসসে মিলিলে ও আমরা
১৫ তাহাকে লইয়া ওত্তরিলাম মিটলেনেতে। এবং সেখান হইতে বাবু গমন করিয়া ওত্তরিলাম খিয়সের সন্মুখে পর দিনে ও তার পর দিন লাগিলাম সামসে ও স্থিতি করিলাম ত্রোগালিয়মে ও তার পর দিবস আমরা
১৬ ওত্তরিলাম মিলেটসে। একারন পাওল নিয়ম করিয়া ছিল এফেসস দিয়া যাইতে আসিয়ায় আর না থাকনার্থে একারন সে চেষ্টা করিল যদি সাধ্য য়িরোশিলমে ওপনিৎ হইতে পেন্তেকস্তে।
১৭ এবং মিলেটস হইতে লোক পাঠাইয়া এফেসসে
১৮ ডাকিল মণ্ডলির প্রাচিন লোককে। তাহারা তাহার নিকট ওত্তরিলে সে কহিল এ কথা তাহারদিগকে তোমরা জান কেমন আমি রহিলাম তোমারদের মধ্যে সে সকল সময় প্রথম দিনাবধি যাহাতে
১৯ আসিলাম আসিয়ায় বহু নম্রাত্মায় হইয়া ও নেত্রাশ্রু বহু করিয়া অনেক পরিক্ষার মধ্যে যাহা প্রভুর সেবা করিতেং পড়িল আমার ওপর য়িহোদীরদের নেওয়াতিতে
২০ ও কেমনে আমি কিছু প্রাপ্তি দাইক ছাপিয়া রাখিলাম
২১ না কিন্তু জানাইলাম ও শিক্ষাইলাম তোমারদিগকে প্রকাশমান ও ঘরে ঘরে সাক্ষী দিতেং দুই য়িহোদী ও গ্রীকের ঠাঁই খেদ ভগবানের দিগে ও ভক্তি আমার
২২ দের প্রভু য়েশু খ্রীষ্টে। এখন ও আমি আত্মায় বন্দিৎ

হইয়া যাইতেছি যিরোশলমে অজ্ঞাত হইয়া আমার কিং
২৩ গতি হইবে সেখানে ইহা ব্যতিরেক প্রতি সহরে
ধর্ম্মাত্মা সাক্ষী দেয় কহিতেং বন্দ ও দুঃখ অপিক্ষা
২৪ করে আমার কারন। কিন্তু আমি ইহার কোন
বিষয়তে উদ্বিগ্নিৎ নহি ও আপনার জীবনকে বলে না
আত্মাপ্রিয় আমার সকল কার্য্য আনন্দ পূর্ব্বক পূর্ন
করনার্থে ও যে সেবা আমি পাইয়াছি প্রভু য়েশুর ঠাই
ঈশ্বরের অনুগ্রহের মঙ্গল সমাচারের প্রমান দিতে।
২৫ এখন আমি জানি যে তোমরা সকল যাহারদের মধ্যে
আমি ঈশ্বরের রাজ্যের কথা কহিতেং গিয়াছি আর
২৬ কখন দেখিবা না আমার মুখ। অতএব আমি
আজি তোমারদের মনে দেই যে আমি পরিস্কার সকল
২৭ লোকের রক্ত হইতে। একারন আমি না ছাড়িয়াছি
জানাইতে তোমারদিগকে ঈশ্বরের সকল প্রশপ্ন।
২৮ অতএব সাবধান হও আপনারদিগকে ও সে সকল
পালকে যাহার উপর ধর্ম্মাত্মা নিযুক্ত করিয়াছে তোমার
দিগকে ওত্তরসাইক প্রতি পালন করিতে ঈশ্বরের
মণ্ডলিকে যাঁহা ক্রয় করিয়াছেন আপনার রক্ত দিয়া।
২৯ একারন আমি জানি যে আমার যাওনের পরে দুরন্ত
কেন্দুয়া আসিবে তোমারদের মধ্যে পালকে কিছু দয়া
৩০ না করিয়া। বটে তোমার আপনারদের মধ্যে
হইতে লোক উৎপন্ন হইবে যাহারা বিপরিত কথা
৩১ কহিবে টানিয়া লইতে শিষ্যগনকে। অতএব চৌকি
দেহ ও মনে রাখ কি মত তিন বৎসর সরাসর
আমি ত্যাগ করিলাম না প্রবোধ করিতে প্রতি জনকে

৩২ দিবা রাত্রে নেত্রাশ্রু পড়িয়া। অতএব এবে ভ্রাতাগন আমি ব্যাখ্যা করি তোমারদিগকে ঈশ্বর ও তাঁহার অনুগ্রহের কথাকে যিনি তোমারদের হিত করিতে পারেন এবং অধিকার দিতে পারেন তোমারদিগকে ৩৩ সকলের মধ্যে যাহারা পবিত্র হইয়াছে। আমি লোভ করিলাম না কোন কাহার রূপা কিম্বা সোনা ৩৪ কিম্বা পরিচ্ছদ। বটে তোমরা আপনারা জান এই হস্ত সেবা করিয়াছে আমার তন্নাস্তিতে ও তাহারদের ৩৫ যাহারা আমার সহিৎ। আমি দেখাইয়াছি তোমার দিগকে সকল কার্য্য কেমন এ মত মেহনত করিতেং জুয়ায় অশক্তিকে ওপগার করিতে ও প্রভু য়েশুর কথা মনে করিতে যিনি কহিলেন দেওন লওন হইতে ভাল। ৩৬ সে এ কথা কহিয়া হাঁটু গাড়িল ও কামনা করিল ৩৭ তাহারদের সহিৎ। এবং তাহারা সকল বড় হাহাকার করিলে পাওলের গলায় পড়িয়া চুম্বন করিল ৩৮ তাহাকে সকল হইতে শোকিত হইয়া সে কথাতে যাহা কহিয়া ছিল যে তাহারা আর কখন দেখিবে না তাহার মুখ। পরে তাহারা জাহাজে গেল তাহার সহিৎ।

পর্ব্ব ২১ তারপর আমরা তাহারদিগকে ছাড়িয়া ও পাল ওঠাইয়া সোজা যাইতেং ওত্তরিলাম কোওসে ও পর ২ দিনে রোদসে এবং সেখান হইতে পাটারায়। এবং যাইবার এক জাহাজ পাইলে তাহাতে চড়িয়া পাল

৩ গুটাইলাম। তখন কুপ্রসের দেখা পাইয়া বামে ছাড়িলাম তাহা ও বাযুগমন করিলাম সিরিয়ায় ও সেখান হইতে জোরে গেলাম একারন সেখানে
৪ জাহাজের বোজ নামাইতে হইল। আমরা সেখানে শিষ্যগন পাইয়া তিষ্ঠিলাম সাত দিন ও তাহারা আত্মায়
৫ বাণী কহিল পাওলকে য়িরোশলমে না যাইতে। সে সাত দিন পূর্ন্ন হইলে আমরা প্রস্থান করিলাম এবং তাহারা সকল স্ত্রী জায়াল সুদ্ধ আমারদের সাতে গেল সহরের বাহিরে তখন আমরা হাঁটু গাড়িয়া কামনা
৬ করিলাম সমুদ্রের তিরে। পরে পরস্পর আলিঙ্গন করিয়া চড়িলাম জাহাজে ও তাহারা ফিরিল নিজ ঘরে।
৭ এবং আমরা জোরে গমন ছাড়িয়া ওত্তরিলাম প্তলমাইসে ও ভ্রাতারদিগকে আলিঙ্গন করিয়া
৮ তিষ্ঠিলাম এক দিন তাহারদের সহিৎ। পর দিবসে পাওল ও তাহার সহায় তাহা ছাড়িয়া ওত্তরিল কাইসারিয়ায় এবং ফিলিপ মঙ্গল সমাচার বক্তার ঘরে যাইয়া স্থিতি করিলাম তাহার সহিৎ সে হইল
৯ সাত দিকনের এক জন। তাহার ও হইল চারি
১০ জনা ভবিষ্যত বক্তা আইবড় কন্যা। আমরা অনেক দিবস সেখানে থাকিতেং এক জন ভবিষ্যত বক্তা আইল য়িহোদা দেশ হইতে তাহার নাম আগবস
১১ সে আমারদের নিকট আসিয়া লইল পাওলের বন্দ ও আপনার হাত পা বন্দ করিয়া বলিল ধর্ম্মাত্মা এ কথা কহে যে জনের এ বন্দ তাহাকে য়িরোশলমের য়েহোদীরা এ মত বন্দ করিবে ও গছিত করিবে অন্য

১২ বর্ণের হাতে। সে কথা শুনিলে আমরা ও সে স্থানের গৃহস্থ দুহে সাধিনা করিলাম তাহাকে না
১৩ যাইতে য়িরোশলমে। কিন্তু পাওল প্রত্যুত্তর করিল কান্দিতেং ও আমার অন্তঃকরন ভাঙ্গিতেং কি কর তোমরা একারন আমি কেবল বন্দিত হইবারে প্রস্তুত নহি কিন্তু মরিতে ও য়িরোশলমে প্রভু য়েশুর
১৪ নামের জন্য। অতএব সে আমারদের যুক্তি না মানিলে আমরা চুপ করিলাম কহিয়া প্রভুর ইচ্ছা
১৫ হওক। এ কালের পরে আমরা আমারদের সামিগ্রি একত্তর করিয়া গেলাম য়িরোশলমে।
১৬ কাইসারিয়ার কতক শিষ্য আমারদের সাতি গেল আমারদিগকে আনিয়া এক জন কপ্রসী প্রাচিন শিষ্যের ঠাঁই তাহার নাম ম্নাসন যাহার ঘরে আমারদের তিষ্ঠিতে হইল।

১৭ পরে আমরা য়িরোশলমে ওত্তরিলে ভ্রাতাগন হরিষ
১৮ মনে মর্য্যাদা করিল আমারদিগকে। পর দিনে পাওল প্রবেশ করিল আমারদের সহিৎ যাঁকুবের ঘরে
১৯ সকল প্রাচিন লোক ও বিদ্যমান থাকিল। এবং সে তাহারদিগকে আলিঙ্গন করিলে বিস্তার করিয়া কহিল যাহাং ঈশ্বর করিয়া ছিলেন অন্য বর্ণের মধ্যে
২০ তাহারদের করনক। তাহারা তাহা শুনিয়া ঈশ্বকে স্তব করিল এবং বলিল তাহাকে ভাইরে তুমি দেখিতেছ কত লক্ষ ভক্ত আছে য়িহোদীরদের মধ্যে
২১ এবং তাহারা সকল ব্যবস্থার কারন বড় ওত্তপ্ত। এবং

তাহারা সংবাদ পাইয়াছে তোমার বিষয় যে তুমি শিক্ষা করাইতেছ সকল য়িহোদীরদিগকে যাহারা অন্য বর্ণের মধ্যে মোশা ত্যাগ করিতে কহিয়া বালকের ত্বকচ্ছেদ করিতে কিম্বা ব্যেবহারে চলিতে
২২ অনোচিৎ। তবে এ কি মানব্য অবশ্য সভা আসিবে একারন শুনিতে পাইবে তোমার আইসনের
২৩ কথা। অতএব যাহা আমরা কহি তাহা কর আমার দের এখানে চারি জন আছে যাহারদের এক মানন
২৪ তাহারদিগকে লও ও আপনাকে পবিত্র কর ও মাথা মুড়াবার খরচ কর তাহারদের সহিৎ সকলের জানি বারে যে তোমার যেং কথা শুনিয়াছে তাহা কিছু নহে কিন্তু তুমি ব্যবহারের মত চলিতেং ব্যবস্থাকে মানিতেছ।
২৫ কিন্তু অন্য বর্ণের ভক্তের বিষয় আমরা লেখিয়াছি ও নিরূপন করিয়াছি ইহার কিছু না মানিতে ইহা ব্যতিরেক দেবতার প্রসাদ ও রক্ত ও টুসিৎ বস্তু
২৬ ও পরদার ত্যাগ করিতে। তখন পাওল সে লোককে লইল এবং পর দিনে পবিত্র হইয়া মন্দিরে প্রবেশ করিল তাহারদের সহিৎ জানাইতে যে পবিত্র করনের দিন পূর্ণ হইল প্রতি জনের ওৎসর্গ দেওন
২৭ পর্য্যন্ত। কিন্তু সে সাত দিন প্রায় পূর্ণ হইলে আসিয়ার কতক য়িহোদী তাহাকে মন্দিরে দেখিয়া বড় হুড়াহুড়ি করিল ও ধরিল তাহাকে
২৮ ডাকিতেং য়িশরাল লোকরে ওপগার কর এ সে মানুষ যে প্রতি স্থানে শিক্ষা করায় লোক ও ব্যবস্থা ও এ পবিত্র স্থানের বিপরিতে সে ও আনিয়াছে গ্রীক লোক

মন্দিরকে ও অশুচি করিয়াছে এ পবিত্র স্থান।
২৯ তাহারা পূর্ব্বে দেখিয়া ছিল ট্রফিমস এফেসী সহরে
তাহার সহিৎ অতএব ভাবিল যে পাওল আনিয়াছিল
৩০ তাহাকে মন্দিরে। এবং সকল সহর হুড়াহুড়ি
হইল এবং লোকের বড় কোলাহল তাহাতে তাহারা
পাওলকে টানিতেং মন্দিরের বাহির করিল তখন
৩১ সত্বর কপাট বন্ধ হইল। তাহারা তাহাকে বধ করিতে
চাওরিতেং সমাচার গেল প্রধান শেনাপতির স্থানে যে
৩২ সকল য়িরোশলমে কোলাহল হইল অতএব সে শৈন্য
ও এক শত শেনার পতিকে লইয়া দৌড়িল তাহারদের
মধ্যে। ও তাহারা শেনাপতি ও শেনাগনকে দেখিলে
৩৩ পাওলকে মারিতে নিরস্ত হইল। তখন শেনাপতি
নিকট আসিয়া ধরিল তাহাকে ও আজ্ঞা করিল
তাহাকে দুই জিঞ্জিরে বন্ধিতে পরে জিজ্ঞাসা করিল
৩৪ সে কে ও কি করিয়া ছিল। তখন মানবের কেহং
চেঁচাইয়া বলিল এক কথা আরং বলিল আর
কথা তাহাতে সে কিছু ঠিকানা না পাইয়া আজ্ঞা
৩৫ দিল লইয়া যাইতে তাহাকে গড়ে। কিন্তু
সিড়ির ওপর হইয়া এ মত হইল লোকের জোরেতে
৩৬ শৈন্য তুলিয়া বহিল তাহাকে। একারন লোকের
মানব্য পাছেং গেলে চেঁচাইয়া বলিল দূর কর
তাহাকে।

৩৭ কিন্তু পাওলকে গড়ে আনিতেং সে কহিল শেনা
পতিকে আমাকে কিছু কহিতে দেহ তোমাকে এবং
৩৮ সে বলিল গ্রীক ভাষা কহিতে পার। তুমি সে

মিচরী নহে যে এ সময়ের পূর্ব্বে করিয়াছ বড় কোলাহল ও সঙ্গে লইয়াছ অরন্যতে চারি হাজার হত্যা
৩৯ কর্ত্তা। কিন্তু পাওল কহিল আমি নিতান্ত কিলিকিয়ার তার্সসের এক য়িহোদী ইতর সহরের গৃহস্থ নহে আমি ও সাধনা করি তোমাকে আমাকে কহিতে দেহ লোককে।

৪০ তখন পাওল অনুমতি পাইয়া ডাণ্ডাইল সিঁড়ির ওপর ও হাত চারিল লোককে তাহাতে বড় নিঃশব্দ হইলে কহিল তাহারদিগকে এব্রি ভাষায় বলিয়া মানুষ

পর্ব্ব ২২

ভাই ও পিতারে অবধান কর আমার ওত্তর যাহা
২ আমি করি তোমারদিগকে। সে কহিল এব্রি ভাষায় তাহারদিগকে অতএব তাহারা তাহা শুনিয়া
৩ অধিক নিঃশব্দ হইল তখন সে বলিল সত্য আমি এক জন য়িহোদী কিলিকিয়ার তার্সসে জন্মিত কিন্তু গমালিএলের পদে শিক্ষিৎ এ সহরে ও আমারদের ব্যবস্থা ক্রিয়া বিজ্ঞ ও তপ্ত ছিলাম ঈশ্বরের নিতে যেন
৪ তোমরা সকল অদ্য হইয়াছ এবং আমি বিপক্ষতা করিলাম এ পথ মৃত্যু পর্য্যন্ত দূহে পুরুষ ও নারী
৫ বন্দিয়া কএদে গচ্ছিৎ করিতেং প্রধান যাজক ও প্রাচিন লোকের সভা আমার এ সাক্ষী যাহারদিগ হইতে ও আমি দমাশেকের ভ্রাতারদের ঠাঁই পত্র পাইয়া গেলাম সেখানকার লোককে বন্দিত আনিতে য়িরোশলমে
৬ সাজা পাইবারার্থে। এবং এ মত হইল আমি যাইতেং ওত্তরিলাম দমাশেকের নিকট ও দুই প্রহর বেলা এক মহা দীপ্তি সত্তর তেজিল আমার চতুর্দ্দিগে স্বর্গ হইতে

৭ এবং আমি মৃত্তিকাতে পড়িয়া শুনিলাম এক রব
কহিতেং আমাকে শাওলরে শাওলরে কেন বিপক্ষতা
৮ করিতেছ আমাকে কিন্তু আমি প্রত্যুত্তর করিলাম
প্রভুহে তুমি কে তিনি কহিলেন আমি য়েশু নাজরেন
৯ যাহাকে তুমি বিপক্ষতা করিতেছ। আমার সহিৎ
লোক ও নিশ্চয় দেখিল সে দীপ্তি ও ভীত হইল
কিন্তু শুনিল না তাঁহার রব যে কহিল আমাকে।
১০ তখন আমি কহিলাম হে প্রভু কি করিব প্রভু কহিলেন
আমাকে ওঠ দমাশেকে যাও সেখানে কহিতে হইবে
তোমাকে সকল যাহাং নিরুপন হইয়াছে তোমার
১১ করনের কারন। এবং সে দীপ্তির তেজের হেতু
আমি দেখিতে পারিলাম না কিন্তু আমার সমিভ্যারি
১২ দের হাতে লায়্গি হইয়া গুত্তরিলাম দমাশেকে। তখন
হ্ননীহা এক জন পরমার্থিক ব্যবস্থারানুয়ায়ি যাহার
ভাল নাম হইল সকল য়িহোদীরদের মধ্যে যাহারা
১৩ বাস করিল সেখানে আমার নিকট আসিয়া এ
ডাগুাইয়া বলিল আমাকে ভাই শাওলরে দেখিতে
১৪ পাও। এবং সে দণ্ড আমি দৃষ্টি করিলাম তাহার
ওপর। পরে সে কহিল আমারদের পিতৃরদের
ঈশ্বর পূর্ব্বে নিযুক্ত করিয়াছেন তোমাকে তাহার
ইচ্ছা জানিতে ও দেখিতে সে ধার্ম্মিককে ও তাঁহার
১৫ মুখের কথা শুনিতে একারন তুমি হবা তাঁহার
সাক্ষী সকল লোককে যেং বিষয়তে দেখিয়াছ
১৬ ও শুনিয়াছ। এবং এখন বিলম্ব করিতেছ কেন ওঠ
ডুবিৎ হও এবং কামনা করিতেং প্রভুর নামে ধুইয়া

১৭ যেন তোমার পাপকে। পরে এ মত হইল আমি
য়িরোশলমে ফিরিয়া ও মন্দিরে নিবেদন করিতেং
১৮ অবসন্ন হইলাম ও দেখিলাম তাঁহাকে কহিতেং
শীঘ্র করিয়া প্রস্থান কর য়িরোশলম হইতে একারন
তাহারা লইবে না তোমার প্রমান আমার বিষয়।
১৯ আমি কহিলাম হে প্রভু তাহারা জানে কেমন আমি
কএদ করিলাম ও সিনগগে মারিলাম তাহারদিগকে
২০ যাহারা আস্থা করিল তোমাকে এবং যখন তোমার
সাক্ষী স্তিফানঘের রক্ত পাত হইল তখন আমি ও নিকট
দাণ্ডাইয়া এক শীল ছিলাম তাহার বধেতে ও তাহার
২১ হত্যা কর্ত্তারদের বস্ত্র রাখিলাম। পরে তিনি
কহিলেন প্রস্থান কর একারন আমি দূরে পাঠাইব
তোমাকে অন্য বর্ন্নের ঠাঁই

২২ তখন তাহারা অবধান করিল তাহার এ কথা ও
তারপর চেঁচাইয়া বলিল দূর কর এমন বেটা পৃথিবী
২৩ হইতে তাহাকে বাঁচিতে উপযুক্ত নহে। তখন
তাহারা শব্দ করিতেং ও পরিচ্ছদ খুলিতেং ও ধূলা
২৪ শূন্যে ফেলিতেং শেনাপতি আজ্ঞা দিল গড়ে
আনিতে তাহাকে পরে আজ্ঞা করিল মারিতেং
তজবিজ করিতে তাহাকে জানিবার জন্য কিকারন
তাহারা এ মত কোলাহল করিল তাহার বিপরিতে।
২৫ তাহাতে তাহারা চামাটি দিয়া তাহাকে বন্দিতেং পাওল
বলিল এক শং শেনারপতিকে যে নিকটে দাণ্ডাইল এ
কর্ত্তব্য কেহ রোমানকে মারিতে যাহাকে মারিতে
২৬ আদলতের আজ্ঞা নহে। এক শং শেনারপতি ইহা

শুনিয়া প্রস্থান করিল ও কহিল শেনাপতিকে সাবধান কর কি করিতেছ একারণ এ মানুষ আছে
২৭ রোমান। তখন শেনাপতি আসিয়া কহিল তাহাকে কহ আমাকে তুমি রোমান সে বলিল হাঁ বটে।
২৮ শেনাপতি প্রত্যুত্তর করিল আমি বহু অর্থ দিয়া পাইয়াছি এ উদ্ধার। কিন্তু পাওল প্রত্যুত্তর করিল আমি
২৯ উদ্ধার জন্মিত ছিলাম। অতএব যাহারা তাহাকে তজবিজ করিতে নিযোজিত ছিল তাহারা গেল তাহা হইতে শেনাপতি ও তাহাকে রোমান জানিয়া ও তাহাকে বন্দ করনার্থে ভয়ান্বিত হইল।

৩০ পর দিনে জানিবার কারন সে কেন য়িহোদী করনক উল্লানিত হইয়া ছিল সে খুলিল তাহার বন্দ ও আজ্ঞা করিল প্রধান যাজক ও সকল সভা আসিতে তখন পাওলকে নামাইয়া বসাইল তাহারদের সাক্ষাত। পাওল

পর্ব্ব ২৩

ও সভাতে দৃঢ় দৃষ্টি করিয়া কহিলেন মনুষ্য ভাইরে আমি সুমতি করিয়াছি ঈশ্বরের গোচরে আজি
২ পর্য্যন্ত কিন্তু হননীহা প্রধান যাজক আজ্ঞা দিল তাহার দিগিকে যাহারা নিকট ডাণ্ডাইল তাহাকে মুখে মারিতে।
৩ তখন পাওল কহিলেন তাহাকে ঈশ্বর মারিবেন তোমাকে ওরে তুমি শাদা দেয়াল আমাকে ব্যবস্থা মত বিচার করিতে বসিলে অব্যবস্থা আজ্ঞা করিতেছ
৪ মারিতে আমাকে। কিন্তু যাহারা নিকট ডাণ্ডাইল কহিল ঈশ্বরের প্রধান যাজককে নিন্দা করিতেছ
৫ তুমি। পাওল কহিল ভাইরে আমি জানিলাম না

ওনি প্রধান যাজক একারন লিপি আছে কুকথা কহিও
৬ না তোমার লোকের কর্ত্তার বিপরিতে। পরে
পাওল বুঝিতে পাইলে যে একাংশ হইল শাদুকি ও
আর একাংশ ফারিসি চেঁচাইয়া কহিল সভাতে মানুষ
ভাইরে আমি আছি ফারিসি ফারিসির নন্দন
সে ভরসা ও মৃত্যুর পুনরুত্থানের কারন আমি
৭ বিচার্য্য হইতেছি। এ কথা কহিয়া ফারিসি ও
শাদুকির ঝকড়া হইল তাহাতে মানব্য ভিন্নং হইল।
৮ একারন শাদুকি কহে পুনরুত্থান নহে দূত নহে
৯ ভূৎ নহে কিন্তু ফারিসি দুহে স্বিকার করে। তখন
বড় গোল হইলে ফারিসির পক্ষে অধ্যাপক ওঠিল
ও ঝকড়া করিল কহিতেং আমরা এ মানুষের কিছু
দোষ পাই না কিন্তু যদি কোন আত্মা কি দূত
কহিয়াছে তাহাকে তবে আমরা রন করি না ঈশ্বরের
১০ সহিৎ। এবং বড় কোলাহল হইতেং শেনাপতি
ভাবিল পাছে পাওলকে নাগুং চিরিতে হবে তাহার
দের জোরেতে অতএব আজ্ঞা দিল শেনাগনকে যাইয়া
জোরে লইলে গড়ে আনিতে তাহাকে তাহারদের
মধ্যে হইতে।

১১ তারপর রাত্রে প্রভু তাহার কাছে ডাণ্ডাইয়া কহিলেন
নির্ভয় হও পাওল একারন যেমন সাক্ষী দিয়াছ আমার
বিষয় যিরোশলমে তেমন তোমার সাক্ষী দিবার
১২ আবশ্যক আছে রোমে। এবং দিন হইলে কতক
জন য়িহোদী মিলন করিয়া সাঁপে বন্দিল আপনার

দিগকে ভোজন পান না করিতে পাওলকে বধ না
১৩ করিয়া। এ দুর্যোগ করিয়া ছিল চল্লিশ জনের
১৪ অধিক। পরে তাহারা প্রধান যাজক ও প্রাচিন
লোকের ঠাঁই আসিয়া বলিল আ.রা বড় শাপ করিয়া
বন্দিয়াছি আপনারদিগকে পাওলকে হত্যা না করিয়া
১৫ কিছু চাকিব না অতএব তুমি সভা সুদ্ধ নিবেদন
কর শেনাপতিকে কল্য আনিতে তাঁহাকে তোমারদের
স্থানে যেমন আর ঠিক তজবিজ করিতে চাহিত তাহার
বিষয় তখন আমরা প্রস্তুত হই বধ করিতে তাহাকে
১৬ তোমার নিকট আইসনের পূর্ব্বে। পাওলের
ভাগিনেয় তাহারদের নেওয়াতির বিষয় শুনিলে আসিয়া
১৭ ও গড়ে প্রবেশ করিয়া কহিল পাওলকে। পরে
পাওল এক জন একশত শেনারপতিকে ডাকিয়া কহিল
লইয়া যাও ও যুবা মানুষ শেনাপতির স্থানে একারণ
১৮ সে কিছু কহিতে চাহে তাহাকে। অতএব সে
তাহাকে লইয়া গেল শেনাপতির ঠাঁই ও কহিল পাওল
বন্দিত আমাকে ডাকিয়া বলিল এ যুবা মানুষকে
আনিতে তোমার স্থানে যাহার কিছু আছে কহিতে
১৯ তোমাকে। তাহাতে শেনাপতি তাহার হাত ধরিয়া
লইল তাহাকে এক গুপ্ত স্থানে এবং জিজ্ঞাসা করিল
২০ তুমি কি কহিতে চাহ আমাকে। সে কহিল
য়িহোদীরা পরামর্শ করিয়াছে চাহিতে তোমার স্থানে
পাওলকে কল্য আনিবারে সভাতে যেমন আর কিছু
২১ জিজ্ঞাসা করিতে চাহিত তাহার বিষয়। কিন্তু তুমি
তাহা করিও না একারণ তাহাকে মারিতে চল্লিশ জন

অধিক নেওয়াতি থাকে সাঁপে আপনারদিগকে বন্দিয়া তাহাকে হত্যা না করিলে ভোজন পান না করিতে এখন ও তাহারা প্রস্তুত হইয়াছে তোমার আজ্ঞা
২২ অপিক্ষা করিতেং। অতএব শেনাপতি সে যুবা মানুষকে বিদায় করিয়া কহিল সাবধান কোন কাহাকে কহিও না যে ইহা জানাইয়াছ আমাকে।
২৩ তখন সে দুই জন একশত শেনারপতিকে ডাকিয়া বলিল প্রস্তুত কর দুই শত শেনা ও সত্তরি আসোয়ারি ও দুই শত বর্শিধারী কাইসারিয়ায় যাইতে এক প্রহর
২৪ রাত্রে এবং প্রস্তুত কর বাহন পাওলের আরোহনের জন্য ও সাবধান করিয়া তাহাকে লইয়া যাও ফেলিক্স
২৫ অধ্যক্ষের স্থানে। সে ও পত্র লেখিল তাহার নকল এই।

২৬ ক্লদিয়ষ লিসিয়া শ্রী যুত মহা মহীম ফেলিক্স অধ্যক্ষকে

২৭ এ মানুষকে য়িহোদীরে হত্যার্থে ধরা হইলে আমি সশৈন্য সহিৎ আসিয়া পরিত্রান করিলাম
২৮ জানিতে পাইয়া যে সে রোমান। পরে জানিতে ইচ্ছা করিলে কি নিমিত্ত তাহারা ওল্লানা করিল
২৯ তাহাকে আমি আনিলাম তাহাকে সভাতে তাহাতে জানিতে পাইলাম যে সে ওল্লানিত হইল তাহারদের ব্যবস্থার কতক ন্যায়েতে কিন্তু মৃত্যু কিম্বা বন্দের কিছু
৩০ যোগ্য নহে। পরে সমাচার পাইয়া যে য়িহোদীরা সেওয়াতি করিল সে মানুষের কারন আমি শীঘ্র

পাঠাইলাম তাহাকে তোমার নিকট তাহার ওল্লানা কর্ত্তাকে ও আজ্ঞা করিয়া কহিতে তোমার সদনে যাহাং কহিতে চাহে তাহার বিপরিতে। ইতি।

৩১ তখন শেনাগন যেমন আজ্ঞা পাইয়া ছিল পাওলকে
৩২ লইয়া গেল রাত্রে আন্টিপট্রিসে। ও পর দিনে ফিরিল গড়ে আসোয়ারিকে ছাড়িয়া তাহার সাতে যাইবার
৩৩ জন্য যাহারা কাইসারিয়ায় প্রবেশ করিয়া ও অধ্যক্ষকে
৩৪ পত্র দিয়া পাওলকে দিল তাহার গোচরে। অধ্যক্ষ পত্র পাঠ করিয়া জিজ্ঞাসা করিল কোন জিলা হইতে সে
৩৫ ও কিলিকিয়া হইতে জ্ঞাত হইয়া কহিল তোমার ওল্লানা কর্ত্তা ও ওস্তরিলে শুনিব তোমার কথা। তখন আজ্ঞা করিল তাহাকে রক্ষা করিতে হেরোদের প্রেত্তোরিয়ামে।

পর্ব্ব ২৪ তখন পাঁচ দিনের পরে হ্রনানীহা প্রধান যাজক ও প্রাচিন লোক সুদ্ধ ও এক জন বক্তা তাহার নাম তের্ত্তল্লুস ওস্তরিয়া গেল অধ্যক্ষের সদনে পাওলের
২ বিপরিতে। ও তাহাকে ডাকিলে তের্ত্তল্লুস তাহাকে ওল্লানা করিতে লাগিল কহিতেং হে মহা মহিম ফেলিক্স আমরা বড় ভাগ্য পাই তোমার পালেতে ও বড়
৩ পৌরষি ক্রিয়া হয় এ বর্ণ্নের দিগে সেকারন আমরা সুখ্যাত কহিতেং স্বীকার করি তাহা সর্ব্বকাল ও প্রতি
৪ স্থানে কিন্তু আর তোমাকে ত্যক্ত না করনার্থে আমি প্রার্থনা করি তোমাকে অনুগ্রহ করিয়া শুনিতে আমার

৫ দের মন্দ কথা   একারন আমরা দেখিয়াছি এ
মানুষ বড় দুরন্ত ও দন্দ জনক জগতের সকল য়িহো
৬ দীরদের মধ্যে ও নাজারেন বর্ম্মের এক প্রধান সে ও
মন্দিরকে ব্যবহারি করিতে লাগিয়াছে তাহাতে আমরা
তাহাকে ধরিয়া বিচার করিতে চাহিলাম আমারদের
৭ ব্যবস্থার মত   কিন্তু লিসিয়াষ প্রধান সেনাপতি আমার
দের ঠাঁই আইলে জোর করিয়া লইল তাহাকে আমার
৮ দের হাত হইতে   তাহার গুল্লানা কর্ত্তাকে আজ্ঞা
দিয়া আসিতে তোমার নিকট যাহাতে আপনি তত্ত্ববিত্ত
করিয়া জানিতে পারিবা সকল যাহাং আমরা
৯ গুল্লানা করি তাহাকে।   য়িহোদীরা ও তাহাতে সায়
দিল কহিতেং এ কথা সত্য।

১০   তখন পাওলকে কহিতে ঠারিলে সে প্রত্যুত্তর করিল
আমি জানি তুমি এ বর্ম্মের বিচার কর্ত্তা অনেক বৎ
সর অবধি আমি সেকারন আর হরিষ মনে আপনার
১১ প্রত্যুত্তর করি   যাহাতে তুমি জানিতে পারিবা যে
এখন বারো দিন অধিক নহে যে আমি গিয়াছি য়িরো
১২ শলমে ভজনা করনের কারন   ও তাহারা মন্দিরকে
পাইল না আমাকে ন্যায় করিতেং কোন কাহার
সহিৎ কিম্বা লোকের কোলাহল উৎপন্ন করাইতেং
১৩ সিনগগে কিম্বা সহরে   তাহারা ও এ সকল আমার
১৪ গুল্লানার প্রমান করিতে পারে না।   কিন্তু এ
আমি স্বীকার করি তোমার সাক্ষাত যে মতে
তাহারা বলে হেরেশি সে মতে আমি ভজনা করি
আমার পিতৃর ঈশ্বরকে সকল যাহাং লিপি আছে

১৫ ব্যবস্থা ও ভবিষ্যত বাক্যে আস্থা করিয়া যাহা তাহারা ও অপিক্ষা করে সে ভরসা ও আমি পাই ঈশ্বরে যে মরার পুনরুত্থান হইবে দুহে যথার্থিক ও
১৬ অযথার্থিকের। এবং ইহতে আমি যত্ন করি অনপরাধি বিবেচনা রাখিতে দুহে ঈশ্বর ও মানুষের
১৭ দিগে। আমি অনেক বৎসর গেলে আইলাম দান ও
১৮ ওৎসর্গ আনিতে আমার বর্ন্নতে যাহাতে আসিয়ার কতক য়িহোদী স্থানিকে পবিত্র পাইল আমাকে মানবোর সহিৎ নহে কোলাহলের সহিৎ নহে
১৯ যাহারা বিদ্যমান হইয়া ওল্লানা করিতে জুয়ায় যদি
২০ তাহারদের কিছু আছে আমার বিপরিতে কিম্বা ইহারা আপনারা কহুক আমার কিছু দোইট দেখিয়াছে কি
২১ না যখন তাণ্ডাইলাম আদালতে এ এক কথার ব্যতিরেক যাহা কহিলাম তাহারদের মধ্যেখানে তাণ্ডাইয়া আজি আমি বিচার্য্য হই তোমারদের করনক পুনরুত্থানের বিষয়।—

২২ ফেলিক্স এ কথা শুনিয়া বিলম্ব করাইল তাহার দিগকে কহিয়া লিসিয়াষ শেনাপতি ওপস্থিৎ হইলে ও এ পাঁত একানু জাত হইয়া আমি ওজবিজ করিব তোমার
২৩ দের সকল মকদ্দমা। পরে আজ্ঞা করিল এক শত শেনারপতিকে রক্ষা করিতে পাওলকে ও অশক্ত বন্দ করিতে তাহাকে ও তাহার কোন বন্ধু বারন না করিতে ওপাগার করে কি আসিতে তাহার ঠাঁই।—
২৪ কতক দিনের পরে ফেলিক্স ও তাহার জায়া দ্রুসিল্লা সে য়িহোদী পাওলকে আনিয়া শুনিল খ্রিষ্টে ভক্তির

২৫ বিষয়। তখন পাওল পুরুতার্থ ও মধ্যম ও আসি
বার বিচারের কথা কহিতেং ফেলিক্স কম্পমান হইয়া
প্রত্যুত্তর করিল এ বার যাও অপকাশ হইলে আমি
২৬ ডাকিব তোমাকে। তাহার ভরসা ও হইল তঙ্কা
পাইতে পাওলের ঠাঁই তাহার ছাড়ানার্থে তেকারন
তাহাকে পুনঃ আনিয়া কথা কহিল তাহার সহিৎ।
২৭ তৎপরে দুই বৎসর পূর্ন্ন হইলে পর্কিয়স ফেষ্টস
আইল ফেলিক্সের বদলে তখন ফেলিক্স য়িহোদীর
দিগকে তোষনার্থে বন্দিৎ ছাড়িল পাওলকে।—

পর্ব্ব ২৫
অতএব ফেষ্টস সে জিলায় আসিয়া গেল কাইসা
রিয়া হইতে য়িরোশলমে তিন দিনের পরে তখন
প্রধান যাজক ও য়িহোদীরদের অধ্যক্ষ তাহার
সাক্ষাতে হইল পাওলের বিপরিতে এবং কাকুতি
৩ করিল তাহাকে অনুগ্রহ চাহিয়া তাহার বিপরিতে
তাহাকে য়িরোশলমে আনিতে নেওয়াতি করিয়া
৪ পথে তাহাকে বধ করনার্থে। কিন্তু ফেষ্টস
প্রত্যুত্তর করিল পাওলকে রাখিতে হবে কাইসারিয়ায়
ও আপনি কিঞ্চিৎ কাল পরে যাত্রা করিবেন সেখানে
৫ সে বলিল সেকারন তোমারদের যেং যাইতে পারে
আমার সহিৎ সে যাউক ও যদি এ মানুষের কিছু
৬ দোষ আছে ওল্লানা করুক তাহাকে। পরে সে
তাহারদের সহিৎ দশ দিন থাকিয়া গেল কাইসা
রেয়ায় ও তার পর দিনে বিচার আসনে বসিয়া আজ্ঞা
৭ করিলেন আনিতে পাওলকে। সে আইলে য়িহোদীরা
যে আসিয়া ছিল য়িরোশলম হইতে চতুর্ভিতে দাণ্ডাইয়া

অনেক ও ভারি গুল্লানা করিল পাওলের বিপরিতে
৮ যাহার প্রমান দিতে পারিল না। সে আপনার
প্রত্যুত্তর করিতেং য়িহোদীর ব্যবস্থা কিম্বা মন্দিরে
কিম্বা কাইসরের বিপরিতে আমি কিছু না করিয়াছি।
৯ কিন্তু ফেষ্টস য়িহোদীরদের তোষনার্থে প্রত্যুত্তর
করিয়া কহিল পাওলকে য়িরোশলমে যাইবা তুমি ও সে
১০ স্থানে ইহাতে বিচার্য্য হইবা আমার সাক্ষাৎ। পাওল
কহিল আমি দাণ্ডাইতেছি কাইসরের আদালতে যে
খানে আমাকে বিচার করিতে জুয়ায় আমি কিছু মন্দ
করিলাম না য়িহোদীরদিগকে যে মত তুমি খুব জ্ঞাত
১১ আছ। সেকারন যদি আমি কিছু দোষ কি
কোন মৃত্যু যোগ্য কার্য্য করিয়াছি তবে মরিতে
হেয়জ্ঞান করি না কিন্তু তাহারদের গুল্লানা যদি কিছু
নহে তবে কেহ সমর্পিত করিতে পারে না আমাকে
তাহারদের হাতে। আমি নালিস করি কাইসরের
১২ ঠাঁই। তখন ফেষ্টস পরামর্শ লইয়া প্রত্যুত্তর
করিল তাহাকে নালিস করিয়াছ কাইসরের ঠাঁই
তুমি কাইসরের ঠাঁই যাইবা।

১৩ কতক দিনের পরে আগ্রিপা রাজা ও বেরনিকে
আইল কাইসারিয়ায় নমস্কার করিতে ফেষ্টসকে।
১৪ তাহারা অনেক দিন সেখানে রহিলে ফেষ্টস জানাইল
পাওলের মকর্দ্দমা রাজাকে কহিয়া এক জন আছে
১৫ যাহাকে ফেলিক্স বন্দিৎ ছাড়িল যখন আমি ছিলাম
য়িরোশলমে তখন প্রধান যাজক ও য়িহোদীরদের

প্রাচিনেরা জানাইল আমাকে তাহার বিষয় বিচার
১৬ চাহিয়া তাহার বিপরিতে। যাহারদিগকে আমি
প্রত্যুত্তর করিলাম এ রোমান লোকের ব্যবহার নহে
কোন কাহাকে খুনেতে দিতে ওল্লানিত ওল্লানা কর্ত্তা
সন্মুখা সন্মুখি না হইলে ও আপনার সে দোষের
১৭ সয়াল জয়াব করিতে না পাইলে। অতএব তাহারা
এখানে ওত্তরিলে আমি অবিলম্বিৎ বসিলাম বিচার
আসনে ও আজ্ঞা করিলাম আনিতে সে মানুষকে।
১৮ যাহার বিপরিতে ওল্লানা কারক খাড়া হইলে কোন
১৯ এমন দোষ বলিল না যাহা আমি ভাবিয়া ছিলাম কিন্তু
করিল কতক বাদানুবাদ আপনারদের ভজনার বিষয়
এবং এক জন য়েশুর বিষয় যে মৃত্যু আছে যাহাকে
২০ পাওল কহিল জীবৎ। কিন্তু আমি ইহাতে
অস্থির মনে হইয়া কহিলাম য়িরোশলমে যাইয়া
২১ সেখানে বিচার্য্য হইবা এ সকলের বিষয়। কিন্তু
পাওল নালিস করিয়া রক্ষ পাইতে মহা চক্রবর্ত্তির
শুননের কারন আমি রক্ষা করিবার আজ্ঞা দিলাম
যাবৎ পর্য্যন্ত তাহাকে পাঠাইতে পারি কাইসরের
২২ নিকট। তখন আগ্রিপা কহিল ফেষ্টসকে আমি
আপনি এ মানুষকে শুনিতে চাহি। সে কহিল
কল্য তুমি শুনিতে পাইবা তাহার কথা।

২৩ অতএব পর দিনে আগ্রিপা ও বেরনিকে বড় ঐশ্বর্য্য
করিয়া ও সহরের অধ্যক্ষ সহিৎ আইলে প্রবেশ
করিল শুনিবার স্থানে তখন ফেষ্টস আজ্ঞা করিলে
২৪ পাওলকে আনয়ন ছিল। তখন ফেষ্টস কহিল

হে আগ্রিপ্পা রাজা ও তোমারা সকল যে বিদ্যমান হইয়াছ আমারদের সহিৎ তোমরা দেখিতেছ এ মানুষকে যাহার বিষয় য়িহোদীরদের মানব্য ওত্তর প্রত্যত্তর করিয়াছে আমার সহিৎ য়িরোশলমে ও এথায় কহিতেং তাহাকে আর কিছু কাল বাঁচিতে অনোচিত।
২৫ কিন্তু আমি মৃত্যুর যোগ্য কিছু না দেখিয়া ও সে আপনি মহা চক্রবর্ত্তিতে নালিস করিলে আমি নিয়ম
২৬ করিলাম পাঠাইতে তাহাকে। যাহার বিষয় আমার কিছু ঠিকানা নহে লেখিতে মহা রাজাকে অতএব তাহাকে বাহির করিয়াছি তোমারদের সকলের সাখ্যাৎ ও বরং তোমার সাখ্যাৎ আগ্রিপ্পা রাজা হে তাহাতে তজবিজ হইলে পর আমার কিছু লেখিতে
২৭ হইতে পারিবে একারন আমার মনে ভেকো লাগে পাঠাইতে কোন বন্দিত ও তাহার বাগ্দোষ না জানাইতে।

পর্ব্ব ২৬ তখন আগ্রিপ্পা কহিল পাওলকে আপনার জয়াব কহিতে কেহ বারন করিবে না। তাহাতে পাওল তাহার হাত বাড়াইয়া ওত্তর করিল।

২ আগ্রিপ্পা রাজাহে ওত্তর করিতে তোমার সাখ্যাত সে সকল বিষয় যাহাতে য়িহোদীর ওল্লানিত হইয়াছি
৩ আমার বড় ভাগ্য একারন তুমি সে সকল কার্য্য ও জিজ্ঞাসা জ্ঞাত হইয়াছ যাহা য়িহোদীরদের মধ্যে এত দার্থে আমি কাকুতি করি তোমাকে ধৈর্য্য করিয়া শুনিতে
৪ আমারকথা। আমার সকল ক্রিয়া যুবা কালাবধি

যাহা প্রথমে ছিল যিরোশলমে আপনার বর্ম্মের মধ্যে
৫ তাহা সমস্ত যিহোদীরা জ্ঞাত আছে যাহারা প্রথমা
বধি জানিল আমাকে যদি তাহারা সাক্ষী দিবে যে
আমি ফারিসির ক্রিয়া করিলাম আমারদের ভজনার
৬ অতি সাবধানী বর্ম্মের মত। এবং এবে আমি বিচারে
ডাণ্ডাই সে অঙ্গিকারের ভরসার নিমিত্ত যাহা ঈশ্বর
৭ করিলেন পিতৃগনকে যাহাতে আমারদের দ্বাদশ
গোষ্ঠি পাইতে ভরসা করে রাত্র দিন নিত্য যত্ন করিতে২
সে ভরসার কারন হে আগ্রিপা রাজা আমি
৮ যিহোদীর ওল্লানিত হইয়াছি। ঈশ্বর মৃত্যু লোককে
৯ ওঠাইতে অগ্রাহ্যক কথা বুঝিবা কেন। আমি
নিতান্ত আপনার মনে ঠাওরিলাম কর্ত্তব্য অনেক কার্য্য
১০ করিতে য়েশু নাজারেনের নামের বিপরিতে। যাহা
ও আমি করিলাম যিরোশলমে এবং পরাক্রম পাইয়া
প্রধান যাজক হইতে কএদ করিলাম অনেক পূন্য
বানকে। ও তাহারদের হত্যা কালে কহিলাম তাহার
১১ দের বিপরিতে আমি ও সকল সিনগোগে সাস্তি
দিতে২ জোর করিয়া পাষণ্ডতা করাইলাম তাহারদিগকে
এবং তাহারদের বিপরিতে অতি রাগিচণ্ডালী হইয়া
বিপক্ষতা করিলাম তাহারদিগকে অন্য দেশের সহর
১২ পর্য্যন্ত। ইহা করিতে২ আমি পরাক্রম ও আজ্ঞা
প্রধান যাজক হইতে পাইলে যাইতে ছিলাম দমাশেকে
১৩ তৎকালে ওহে রাজা আমি মধ্যাহ্নে দেখিলাম পথে
এক আলো স্বর্গ হইতে সূর্য্যের অধিক তেজ করিয়া
আমার ও তাহারদের চতুর্দ্দিগে যাহারা যাত্রা করিল

১৪ আমার সহিত। পরে সকলে মৃত্তিকায় পড়িয়া আমি শুনিলাম এক রব ওব্রি ভাষায় কহিতেং আমাকে শাওলরে শাওলরে বিপক্ষতা করিতেছ আমাকে কেন কণ্টকে লাথ মারিতে বড় কঠিন।
১৫ তখন আমি কহিলাম প্রভু তুমি কে তিনি বলিলেন
১৬ আমি য়েশু যাহাকে তুমি বিপক্ষতা করিতেছ। কিন্তু ওঠ এবং পায় খাড়া হও এ কারণ আমি দেখা দিয়াছি তোমাকে এ হেতু সেবক ও সাক্ষী নিযুক্ত করিতে তোমাকে দুহে যাহা তুমি দেখিয়াছ এবং যাহাতে
১৭ আমি প্রকাশ হইব তোমার ঠাঁই তোমাকে পরিত্রাণ করিয়া লোক ও অন্য বর্ন্ন হইতে যাহারদের স্থানে
১৮ আমি এখন পাঠাই তোমাকে তাহারদের চক্ষু খুলিতে ও ফিরাইতে তাহারদিগকে অন্ধকার হইতে দীপ্তিতে ও সয়তানের পরাক্রম হইতে ঈশ্বরেরদিগে তাহারা পাপ বিমোচন ও অধিকার প্রাপ্ত্যর্থে তাহার দের সহিৎ যাহারা পবিত্র হয় আমারে সে ভক্তি
১৯ করনক। সে কালাবধি ও আগ্রিপা রাজাহে
২০ আমি সে স্বর্গীয় দর্শনীয়তে অমানন ছিলাম না কিন্তু প্রথমে দমাশেক লোককে ও য়িরোশলমে ও য়িহোদা সকল দেশে ও তারপর অন্য বর্ন্নকে জানাইলাম খেদ করিতে তাহারদের পাপেতে ও ফিরাইতে ঈশ্বরেরদিগে
২১ ও খেদের উপযুক্ত কার্য্য করিতে। এ কার্য্যের কারন য়িহোদীরা ধরিল ও আপনারদের হাত দিয়া
২২ খুন করিতে লাগিল আমাকে। কিন্তু উপগার পাইয়া আমি আজি পর্য্যন্ত বাঁচি সাক্ষী দিতেং দুহে

বড় ও ক্ষুদ্র লোককে আর কিছু না কহিয়া কেবল
২৩ যাহা২ ভবিষ্যত বক্তা ও মোশা কহিল হইবে যে
খ্রীষ্ট মরিয়া ও মৃত্যু ছাড়িয়া প্রথম জন হইলে দেখাই
বেন আলো লোক ও অন্য বর্ন্নকে।
২৪ তখন সে এমন আপনার প্রত্যুত্তর করিতে২ ফেষ্টস
চেঁচাইয়া কহিল হে পাওল তুমি পাগল হইয়াছ অনেক
২৫ শিক্ষিলে পাগল হইয়াছ। কিন্তু সে বলিল আমি
পাগল নহি মহা মহীম ফেষ্টস কিন্তু সত্য ও সজ্ঞানি
২৬ কথা কহি। এ কারন রাজা জানেন এ সকল
কথা যাহাকে আমি স্পষ্ট বাক্য কহি আমি ও
জানি এ কার্য্য গুপ্ত নহে তাহা হইতে এ কারন এ কার্য্য
২৭ কোনায় হইল না। হে আগ্রিপা রাজা ভবিষ্যৎ
বাক্য আস্থা করিতেছ আমি জানি তুমি আস্থা
২৮ করিতেছ। তখন আগ্রিপা কহিল পাওলকে তুমি
প্রায় স্তোভ করিয়াছ আমাকে খ্রিষ্টিয়ান লইতে।
২৯ তাহাতে পাওল কহিল আমি ইচ্ছান্বিৎ হই যে তুমি
কেবল নহে কিন্তু যত লোক আজি শুনে আমার কথা
হইত দুহে প্রায় ও ষোলোয়ানা আমার মত এ বন্ধ
৩০ বিনা। সে ইহা কহিলে রাজা ও কর্ত্তা ও বেরনিকে
৩১ ও যাহারা বসিল তাহারদের সহিৎ উঠিল এবং
এক পার্শ্বে যাইয়া যুক্তি করিল ও পরস্পর কহিল এ
মানুষ মৃত্যু কিম্বা বন্ধের যোগ্য কিছু করে না।
৩২ পরে আগ্রিপা কহিল ফেষ্টসকে এ মানুষ কাইসরের
ঠাঁই নালিস না করিলে খালাস হইতে
পারিত

পর্ব্ব ২২ আমরা ইতালিয়ায় জাহাজে গমন করিতে নিয়ম হইলে তাহারা দিল পাওল ও আর কতক বন্দিং অগাষ্টান পল্টনের এক শত শেনারপতির জিম্মায় তাহার
২ নাম যুলিয়ষ। তখন আমরা আদ্রামিত্তির এক জাহাজে চড়িয়া নঙ্গর ওঠাইলাম আসিয়ার কেনারাং যাইতে ঠাওরিয়া তসলোনিকার আরিষ্টার্খষ মাকিদনী
৩ আমারদের সহিৎ হইয়া। পর দিনে আমরা লাগিলাম চীদনে এবং যুলিয়ষ দয়া করিয়া পাওলকে যাইতে দিল তাহার বন্ধুর সহিৎ দেখা করিতে ও
৪ বিশ্রম পাইতে। পরে নঙ্গর ওঠাইয়া আমরা বাযু গমন করিলাম সেখান হইতে কপ্রুসের কাছে
৫ একারন সন্মুখ বাতাস ছিল। পরে সে সমুদ্র দিয়া যাইতেং যাহা কিলিকিয়া ও পম্ফুলিয়ার সন্মুখে আমরা ওত্তরিলাম লিকিয়ার এক সহরে তাহার নাম
৬ মিরা। এক শত শেনারপতি সেখানে পাইয়া আলেক্সান্দ্রিয়ার এক জাহাজ যাহা ইতালিয়ায় যায়
৭ থুইল আমারদিগিকে তাহাতে। কিন্তু কতক দিন আস্তেং যাইয়া ও ক্নিদসের কাছে না ওত্তরিয়া সন্মুখ বাতাস বারনার্থে আমরা গেলাম ক্রেতের
৮ নিচে সাল্মোনের সন্মুখে এবং তাহা বড় আয়াসে লঙ্ঘিয়া ওত্তরিলাম এক স্থানে তার নাম সুন্দর কোল
৯ যাহার নিকট লাসিয়া সহর। তখন অনেক কাল গেলে ও ওপবাসের সময় বহিয়া বাযু গমন আপদি হইলে পাওল স্তোভ করিল তাহার
১০ দিগিকে কহিয়া মহাশয়রা আমি জানিতে পাই এ

যাত্রায় হবে অনেক কষ্ট ও অপচয় বোঝ ও জাহাজের
১১ কেবল নহে কিন্তু আমারদের জীবনের ও। তত্রাপি
এক শত শেনারপতি মানিল মাঁজি ও জাহাজের কর্ত্তার
১২ কথা পাওলের কথা হইতে অধিক। ও সে কোল
শীত কালে থাকিতে ভাল না হইলে অধিক লোক
পরামর্শ দিল তাহা ছাড়িতে যদিত কোন মত শীত
কালে থাকনার্থে ফনিকিতে ওতরিতে পারিত তাহা
ক্রেতের এক কোল ও তার মুখ দক্ষিন পশ্চিমে ও ওত্তর
১৩ পশ্চিমে। পরে দক্ষিন বায়ু মন্দ২ বহিলে তাহারা
ভাবিল এখন অবশ্য হবে অতএব নঙ্গর ওঠাইয়া ক্রেতের
১৪ কেনারা২ গেল। কিন্তু কিছু কাল পরে এক প্রচণ্ড
ঝড় ওঠল তাহারদের সন্মুখে তাহার নাম ইওরক্লিদন।
১৫ তাহাতে জাহাজ টল মল হইলে মুখ বাতাসে
লাগাইতে পারিল না অতএব তাহা ছাড়িয়া বাতাসে
১৬ চলিলাম। এবং এক ওপদীপের কাছে দৌড়িয়া
তাহার নাম ক্লদা আমারদের বড় ব্যামহ ছিল নৌকা
১৭ রক্ষা করিতে যাহা ওঠাইয়া তাহারা আর কার্য্য
করিল জাহাজ নিচে বন্ধ করিয়া পরে ভাবিতে২
পাছে পড়িবে আল্পা বালূর ওপর পাল ফেলিলে
১৮ বাতাসে চলিলাম। ও ঝড়ে বড় টল মল হইয়া
১৯ পর দিনে তাহারা হাল্কা করাইল জাহাজকে ও তৃতীয়
দিনে আপনার হাত দিয়া ফেলিয়া দিলাম জাহাজের
২০ সাজ। তখন কতক দিনে সূর্য্য কিম্বা তারা দেখা
না যাইয়া ও বড় ঝড় আমারদের ওপর হইয়া পরি
২১ ত্রানের সমস্ত ভরসা মরিল। কিন্তু বড় অনাহার

হইলে পর পাওল তাহারদের মধ্য স্থানে ডাণ্ডাইয়া বলিল মহাশয়রা তোমারদের উচিত হইত আমার কথা শুনিলে ক্রেত না ছাড়িতা ও এত প্রমাদ ও অপচয়
২২ না পাইতা। কিন্তু এখন আমি কহি তোমারদিগকে নির্ভয় হও একারন তোমারদের এক জনের জীবন
২৩ হরিবে না কেবল জাহাজের নাশ হইবে। একারন ঈশ্বর যাহার আমি হই এবং যাহার সেবা আমি করি তাহার দূত অদ্য রাত্রে ডাণ্ডাইল আমার কাছে
২৪ কহিয়া পাওলরে ভয় না তোমাকে আনিতে হইবে কাইসরের সাখ্যাতে এবং দেখ ঈশ্বর দিয়াছেন তোমাকে সকলে যাহারা যায় তোমার সহিৎ।
২৫ অতএব মহাশয়রা নির্ভয় হও একারন আমি ঈশ্বরে বিশ্বাস করি যে যেমন কহিয়াছেন আমাকে তেমন
২৬ হইবে। কিন্তু আমরা ফেলিতে হইব এক ওপদীপে।
২৭ কিন্তু চর্তুদশম রাত্র হইলে আমারদিগকে বাতাসে এদিকে ওদিকে আছুিয়া সমুদ্রতে ঠেলাং যাইয়া দুই প্রহর রাত্রে জাহাজের লোক ভাবিল কোন
২৮ ওপদীপের নিকটে আসিল অতএব সিসা ফেলিয়া পাইল তাহা কুড়িটা বাঁহ পরে আর কিছু গেলে
২৯ আর বার সিসা ফেলিয়া পাইল পঞ্চদশ বাঁহ তখন ভাবিতেং পাছে কোন পাথর তিরে পড়িবে তাহারা পাছে জাহাজ হইতে চারি নঙ্গর ফেলিয়া ভোর ইচ্ছা
৩০ করিল। কিন্তু জাহাজের লোক জাহাজ ছাড়িয়া পলাইতে চেষ্টা করিল ও জাহাজের মাথা হইতে নঙ্গর

৩১ ফেলিবার মত নৌকা সমুদ্রে নামাইলে পাওল কহিল একশত সেনারপতি ও সেনাগনকে ইহারা জাহাজে না থাকিলে তোমারদের নিস্তার হইতে পারিবে না।
৩২ তখন সেনাগন নৌকার দড়ি কাটিয়া তাহা ছাড়িল।
৩৩ তখন দিন আসিতেং পাওল স্তোভ করিল তাহারদিগকে কিছু খাইতে কহিয়া অদ্য আজে চতুর্দ্দশম দিন যাহাতে তোমরা অনাহারে থাকিতেছ কিছু না খাইয়া।
৩৪ অতএব আমি কাকুতি করি তোমারদিগকে কিছু খাও এ ও তোমারদের রক্ষার জন্য একারন তোমারদের
৩৫ এক চুল হরিবে না। সে ইহা কহিলে রুটি লইল ও ঈশ্বরকে স্তব করিয়া তাহারদের সকলের গোচরে
৩৬ ও তাহা ভাঙ্গিয়া খাইতে লাগিল। তাহাতে তাহারা
৩৭ সকল আশ্বাস পাইয়া কিছু ও খাইল। এবং আমরা জাহাজে সকলে দুই শত জেয়াত্তর প্রানি।
৩৮ তখন তাহারা পরিতোষ হইয়া হাল্কা করাইল জাহাজকে
৩৯ এবং ফেলিয়া দিল বক্রি শস্য সমুদ্রে। তৎপরে দিন হইলে তাহারা চিনিল না সে ভূমি কিন্তু দেখিল একখান কোল যাহার ওপকোল হইল যাহাতে তাহারা জাহাজকে দৌড়াইতে চাহিল যদি পারিত।
৪০ এবং তাহারা নঙ্গর ওঠাইয়া সমুদ্রের দয়াতে হইল পরে পাটয়ালের বন্দ খসিয়া ও বড় পাল বাতাসে
৪১ ওঠাইয়া কেনারারদিগে গেল। কিন্তু এক ঠাঁই আইল যেখানে দুই সমুদ্র মিলিল অতএব তাহারা দৌড়াইল জাহাজকে মৃত্তিকার ওপর এবং আগে ভাগ বহুত লাগিয়া অলড় থাকিল কিন্তু পাছে ভাগ ভাঙ্গা হইল

৪২ চেওর জোরেতে। এবং শেনাগন যুক্তি করিল হত্যা করিতে বন্দিতকে তাহারদের কোন কেহ ছিলিতে২
৪৩ না পলায়নার্থে। কিন্তু একশত শেনারপতি পাওলকে রক্ষা করিতে চাহিয়া নিবারন করিল তাহারদের ঠাওর এবং আজ্ঞা দিল তাহারদিগকে যাহারা ছিলিতে পারে লাফ দিতে প্রথমে সমুদ্রে ও
৪৪ কেনারা পাইতে এবং বক্রি লোক কতক জন তক্তার ওপর ও কতক জন জাহাজের ভাঙ্গার ওপর। ও এমন হইলে তাহারা সকলে রক্ষা হইয়া ভূমি পাইল।

পর্ব্ব ২৮

তাহারা ভূমি পাইয়া জানিতে পাইল সে ওপদীপের নাম মেলীটা। তখন সে মুর্খ লোক অনেক প্রিত দেখাইল আমারদিগকে একারন অগ্নি জলাইলে তাহারা অতীথি করিল আমারদিগকে সে কালের বৃষ্টি ও
৩ শীতের নিমিত্ত। তখন পাওল কাষ্ঠের এক আটি একত্তর করিয়া দিল অগ্নির ওপর তাহাতে এক আঁচে সর্প অগ্নি তাপ ছাড়িয়া জড়াইল তাহার হাতের ওপর।
৪ সে অজ্ঞান লোক বিষধর তাহার হাতের ওপর জড়ান দেখিয়া কহিল পরস্পর অবশ্য এ মানষ আছে হত্যা কর্ত্তা যে সমুদ্র ছাড়িলে তথাচ ক্রোধ বাঁচিতে
৫ দেয় না। কিন্তু সে বিষধর অগ্নিতে লড়াইয়া
৬ ফেলিল কিছু হিংসা পাইল না। তাহারা ভাবিল সে ফুলিবে কিম্বা আচম্বিতে মরিবে কিন্তু কিছু কাল রহিতে২ ও তাহার কিছু হিংসা না দেখিলে মন
৭ ফিরিল এবং কহিল সেই দেবতা। সে অঞ্চলে

হইল ওপদীপের কর্ত্তার অধিকার তাহার নাম পব্লিয়স সে আপনার ঘরে লইয়া অতীথি করিল আমার
৮ দিগকে তিন দিন। তৎকালে পব্লিয়সের পিতা জ্বর ও আমরক্ত পীড়িত শুইয়া থাকিল তাহাতে পাওল তাহার নিকট যাইয়া ও কামনা করিয়া হাত দিলেক
৯ তাহার ওপর ও সুস্থ করিলেক তাহাকে। তাহা হইলে ওপদ্বীপের অন্য পীড়িত লোক ও আসিলে সুস্থ
১০ হইল। তাহারা ও অনেক সম্ভ্রম করিল আমার দিগকে ও আমারদের যাইবার সময় তাহাতে দিল
১১ যাহা২ আমরা চাহিলাম। তখন তিন মাসের পরে আমরা পূস্থান করিলাম আলেক্সাণ্ড্রিয়ার এক জাহাজে যাহা শীত কালে থাকিয়া ছিল ওপদীপে তাহার চিহ্ন
১২ কাষ্টর ও পলক্স। এবং আমরা সরাকুসে ওত্তরিয়া
১৩ বাস করিলাম তিন দিবস। সে স্থান ছাড়িয়া কেনারা যাইতে২ ওত্তরিলাম রেগিয়মের সন্মুখে। এবং এক দিন গেলে দক্ষিন বাতাস বহিতে২ আমরা
১৪ দুই দিনে ওত্তরিলাম পুটিওলিতে সেখানে আমরা পাইলাম ভ্রাতাগনকে ও তাহারদের বিনয়েতে তিষ্ঠিলাম সাত দিন তাহারদের সহিৎ সে মত আমরা গেলাম
১৫ রোমে। ভ্রাতারা আমারদের সংবাদ পাইয়া আইল ভেটিতে আমারদের সহিৎ আপীফোরম ও তিন ভেটিরি খানা পর্য্যন্ত যাহারদিগকে পাওল দেখিয়া স্তব করিল ঈশ্বরকে ও আশ্বাস পাইল।

১৬ পরে আমরা রোমে ওত্তরিলে এক শত সেনারপতি দিল

বন্দিত লোক পণ্টনের শেনাপতির জিম্মায় কিন্তু পাওল আলাদা বাস করিতে পাইল আপনার ঘরে এক শেনার সহিৎ যে চৌকি দিল তাহার ওপর।
১৭ তখন তিন দিনের পরে পাওল ডাকিল শ্রেষ্ঠ য়িহোদীরা এবং তাহারা সভা হইলে কহিল তাহারদিগকে মানুষ ভাইরে আমি লোক কিম্বা পিতৃরদের ব্যবহারের বিপরিতে কিছু না করিলে তত্রাপি বন্দিত গাছিৎ হইলাম য়িরোশলম হইতে রোমান লোকের হাতে
১৮ যাহারা আমাকে তজবিজ করিয়া খালাস করিতে চাহিল মৃত্যু হেতু না হইলে আমার মধ্যে।
১৯ কিন্তু য়িহোদীরা তাহার বিপরিত করিতে২ আমার আবশ্যক ছিল নালিস করিতে কাইসরের ঠাঁই যেমন আপনার বর্ন্নের ওল্লানা করিবার কিছু দেখিতাম তেমন
২০ নহে। য়িশরালের ভরসার হেতু আমি এ জিঞ্জিরে বন্দিত আছি সেকারন ডাকিয়াছি তোমারদিগকে
২১ দেখিতে ও কথা কহিতে তোমারদের সহিৎ। তখন তাহারা কহিল তাহাকে আমরা য়িহোদা দেশ হইতে পত্র পাইলাম না তোমার বিষয় কোন ভ্রাতা ও যে আসিয়াছে এ স্থানে বলিল কি কহিল না তোমার কিছু
২২ দোষ। কিন্তু আমরা শুনিতে চাহি তোমার বিচার কি একারন এ বর্ন্ন আমরা জানি তাহার মন্দ নাম
২৩ হইয়াছে প্রতি স্থানে। অতঃপরে তাহারা এক দিন নিরূপন করিয়া অনেক লোক আইল তাহার নিকট তাহার বাসায় যাহারদিগকে অর্থ দিল ঈশ্বরের রাজ্যের বিষয় প্রমান দিতে২ ও স্তোভ করিতে২ তাহার

দিগকে য়েশুর বিষয় প্রাত কালাবধি সায়ং কাল পর্য্যন্ত
২৪ মোশার ব্যবস্থা ও ভবিষ্যৎ বাক্য হইতে। তাহাতে
কেহ২ আস্থা করিল সে কথায় ও কেহ২ আস্থা করিল না।
২৫ ও তাহারা পরস্পর মনে ভিন্ন২ হইলে সভা ভাঙ্গিল
পাওল এ এক কথা কহিয়া বটে ধর্ম্মাত্মা ভাল কহি
য়াছে এ কথা আমারদের পিতৃগনকে য়িশঙহা
২৬ ভবিষ্যৎ বক্তার মুখ হইতে এ লোকের ঠাঁই যাইয়া
বল শুনিতে২ শুনিবা কিন্তু বুঝিবা না ও দেখিতে২
২৭ দেখিবা কিন্তু জানিতে পাইবা না একারন এ লোকের
অন্তঃকরন জড়তা হইয়াছে ও তাহারদের কর্ন্ন ভারি
শুনিতে ও তাহারা চক্ষু বন্দ করিয়াছে পাছে তাহারা
চক্ষু দিয়া দেখিতে পায় ও কর্ন্নে শুনিতে পায় ও
অন্তঃকরনে বুঝিয়া বাহুড়ন হইলে আমি সুস্থ করিতাম
২৮ তাহারদিগকে! অতএব ইহা জ্ঞাত হওক তোমার
দিগকে ঈশ্বরের তারন পাঠান হইয়াছে অন্য২ বর্ন্নের
২৯ ঠাঁই ও তাহারা শুনিবে তাহা। এ কথা কহিলে
য়িহোদীরা প্রস্থান করিয়া বহুৎ কথা বার্ত্তা কহিতে
লাগিল পরস্পর।

৩০ ও পাওল রোমে বাস করিল দুই বৎসর আপনার
ভাড়া দিয়া ঘরে ও সকলকে অতীথি করিল যাহারা
৩১ আইল তাহার নিকটে ঈশ্বরের রাজ্যের কথা
কহিতে২ ও শিক্ষাইতে২ প্রভু য়েশু খ্রীষ্টের সকল
কথা নিভয় মনে কেহ কিছু নিবারন না করিয়া
তাহাকে।

পাওল প্রেরিতের পত্র রোমানকে

১ প্রথম পর্ব্ব

১ যেশু খ্রীষ্টের দাস পাওল প্রেরিত নিযোজিত ও
২ ভিন্ন হইল ঈশ্বরের মঙ্গল সমাচারের জন্য যাহা ভবিষ্যৎ বক্তার মুখ দিয়া পূর্ব্বে অঙ্গীকার করিলেন
৩ ধর্ম্ম গ্রন্থে তাহার পুত্র যেশু খ্রীষ্ট আমারদের প্রভুর বিষয় যাহার মনুষ্যত্ব উৎপন্ন দাউদের বংশে
৪ এবং মৃতুরদের পুনরুত্থানে ঈশ্বরের পুত্র বিখ্যাত
৫ হইলেন ধর্ম্মাত্মাতে যাহার করনক আমরা পাইয়াছি অনুগ্রহ ও প্রেরিতত্ব ভক্তির মান্যের কারন
৬ সমস্ত বর্নের মধ্যে তাহার নামেরার্থ যাহারদের
৭ মধ্যে তোমরা ও যেশু খ্রীষ্টের নিযোজিত ঈশ্বরের সকল প্রিয় ও সকল নিযোজিত পুন্যবানকে যাহারা রোমে অনুগ্রহ ও কুশল হওক তোমারদিগের ঈশ্বর আমারদের পিতা ও প্রভু যেশু খ্রীষ্ট হইতে ।

৮ প্রথমে আমি স্তব করি আমার ঈশ্বরকে যেশু খ্রীষ্ট দিয়া তোমারদের সকলের কারন এ জন্য তোমারদের ভক্তির সমাচার কহা গিয়াছে সমস্ত পৃথিবীতে ।
৯ ঈশ্বর যাহার সেবা আমি আত্মা দিয়া করি তাহার

পুত্রের মঙ্গল সমাচারের কর্ম্মে তিনি আমার সাক্ষী
যে আমি সর্ব্ব কাল তোমারদের নাম কহি আমার
১০ নিবেদনে কামনা করিতেং ওস্তরিতে তোমারদের
ঠাঁই যদি কোন মত ঈশ্বরের প্রসাদাৎ আমার অকষ্ট
১১ যাত্রা হয়। একারন আমি বহু ইচ্ছা করি তোমার
দিগকে দেখিতে কোন পরমার্থিক দান দিতে তোমার
১২ দের স্থির হওনের জন্য ও তোমারদের সহিৎ
শান্তুনা পাইবারার্থে তোমার ও আমার পরস্পর ভক্তি
১৩ দিয়া। এখন ভ্রাতাগন আমি তোমারদিগকে
জানাইতে চাহি যে আমি বারং মনস্থ করিলাম তোমার
দিগের নিকট আসিতে আমার কিঞ্চিৎ ফল প্রাপ্তির
জন্য তোমারদের মধ্যে যেমন অন্য বর্নের মধ্যে কিন্তু
১৪ এখন পর্য্যন্ত নিশেধ হইলাম। আমি দুহে গ্রীক ও
১৫ অজ্ঞান পণ্ডিত ও মূর্খ লোকের দায়গ্রহস্থ অতএব
যেমন আমার সাধ্য তেমন আমি মঙ্গল সমাচার চেড়ি
দিতে প্রস্তুত হইয়াছি তোমারদিগকে ও যাহারা
রোমে।

১৬ আমি খ্রীষ্টের মঙ্গল সমাচারে লজ্জিৎ নহি একারন
তাহা ঈশ্বরের পরাক্রম ত্রানের জন্য প্রতি জনেরদিগে
যে আস্থা করে প্রথম যিহোদীরদিগে পরে গ্রীকের
১৭ দিগে ও। একারন তাহাতে ঈশ্বরের ধর্ম্ম ভক্তি
দিয়া প্রকাশ হইয়াছে ভক্তিতে যেমন লিপি আছে
১৮ প্রকৃতার্থিক ভক্তিতে বাঁচিবেক। একারন ঈশ্বরের
ক্রোধ স্বর্গ হইতে প্রকাশ হইয়াছে মানুষের সকল
অধর্ম্ম ও অপ্রকৃতার্থের বিপরিতে যাহারা অধর্ম্মে

১৯ সত্যতা বদ্ধিত রাখে। একারন ঈশ্বরের যাহা২ জানা যায় তাহা পৃচার হইয়াছে তাঁহার দের মধ্যে ঈশ্বর তাহা দেখাইয়া তাহারদিগকে।
২০ একারন তাঁহার যাহা২ অদর্শন পৃথিবীর সৃজন কালাবধি তাহা তাঁহার অনন্ত পরাক্রম ও ঈশ্বরত্ব ইহা দর্শনীয় বস্তুতে সুন্দর জানা যায় তাহাতে
২১ তাহারা নির্ব্বন্ধন হইয়াছে এ জন্য তাহারা ঈশ্বরকে জানিলে ঈশ্বরের মত সম্ভ্রম করিল না এবং স্তাবক হইল না কিন্তু আপনারদের মনে বিহ্বদা হইল ও তাহারদের ক্ষিপ্ত অন্তঃকরন অন্ধকারীয় হইলে
২২ আপনারদিগকে জ্ঞানমন্ত কহিতে২ পাগল হইল এবং
২৩ অক্ষয় ঈশ্বরের তেজ বদল করিল পৃতিমাতে ক্ষয় মনুষ্য ও পক্ষ ও চতুষ্পদ ও উরগ জন্তুর মত। এ নিমিত্ত ঈশ্বর
২৪ মলেতে ছাড়িয়া দিলেন তাহারদিগকে আপনারদের মনের অভিলাসে আপনারদের শরীর পরস্পর অসম্ভ্রম
২৫ করিতে। যাহারা ঈশ্বরের সত্যতা মিথ্যা বানীতে বদল করিল ও সৃষ্টির ভজনা ও সেবা করিল সৃজন কর্ত্তার বদলে যিনি সচ্চিদানন্দ। আমেন।
২৬ সেকারন ঈশ্বর ছাড়িয়া দিলেন তাহারদিগকে নিচ মায়াতে তাহাতে তাহারদের স্ত্রি লোক স্বভাবি
২৭ ব্যবহার ছাড়িয়া করিল যাহা পরভাবি। পুরুষ ও স্ত্রী ব্যবহার ছাড়িয়া পরস্পর কামে জালিল পুরুষ২ পরস্পর অশত ক্রিয়া করিতে২ আপনারদের চুকের
২৮ সমোচিত ফল ও পরস্পর পাইয়া। একারন যেমন

তাহারা ঈশ্বরকে জ্ঞানে রাখিতে চাহিল না তেমন ঈশ্বর ও তাহারদিগকে ছাড়িলেন অজ্ঞান মনেতে
২৯ অকর্ত্তব্য কার্য্য করিতে সকল অযথার্থ পরদার ক্রুরত্ব লোভ কুমতি পূর্ণিৎ হইয়া দ্বেশ বধ বিরোধ প্রতারনা
৩০ কুটীলতা ভরা ঘুসঘুসক চুকলখোর ঈশ্বরঘৃন্নক কপটি অহঙ্কারি শ্লাঘী কুৎপন্নী পিতা মাতা অমানক
৩১ অজ্ঞান স্বভাবি মায়া হিন নির্দয় নির্ম্মাইক। যাহারা
৩২ এমন কার্য্য করে তাহারা মরন যোগ্য কিন্তু ইহারা ঈশ্বরের সে প্রকৃত ব্যবস্থা জানিয়া ইহা কেবল করে না কিন্তু মিলে সে কার্য্য কর্ত্তার সহিৎ।

পর্ব্ব অতএব বিচার কারক মানুষরে তুমি কোন কেহ
১ হইলে স্বয়ংওত্তর রহিৎ হইয়াছ এ জন্য অন্যকে বিচার করিলে আপনার দোষ কহিতেছ এ হেতু তুমি
২ হে বিচার কারক সেই করিতেছ। কিন্তু আমরা জানি ঈশ্বরের বিচার সত্যতার আনুযায়ি এমন কার্য্য
৩ কারকেরদের বিপরিতে কিন্তু হে মানুষ এমন কর্ম্ম কারকের বিচার করিলে ও আপনি এমন করিলে
৪ ঈশ্বরের বিচার ছাড়িয়া পলাইবা বুঝ। কিম্বা তাহার কৃপার ধন ও ধৈর্য্যমন ও বহু কাল ক্ষেমাশীল তুচ্ছ করিতেছ অজ্ঞাত হইয়া যে ঈশ্বরের দয়া খেদ করায়
৫ তোমাকে। কিন্তু তোমার কঠিন ও অখেদিত অন্তঃকরনের আনুযায়ি আপনার কারন ক্রোধ সঞ্চয় করিতেছ ক্রোধের দিন ও ঈশ্বরের প্রকৃত বিচারের
৬ প্রকাশ পর্য্যন্ত। যিনি নিজ কর্ম্মের ফল দিবেন

৭ প্রতি জনকে যাহারা সুক্রিয়া নিত্য করিতেং চেষ্টা
করে মোক্ষ ও সম্ভ্রম ও অমৃত্যতা তাহারদিগকে
৮ অনন্ত পরমায়ু। কিন্তু যাহারা বিবাদ করিতেং
সত্যতা মানে না কিন্তু অন্যকৃত কার্য্য মানে তাহার
৯ দিগকে তাড়ন ও ক্রোধ। দুঃখ ও জন্ত্রনা প্রতি জনের
প্রানের ওপর যে কুকার্য্য করে প্রথম য়িহোদীরা
১০ পরে অন্য বর্ন্নকে ও। কিন্তু মোক্ষ সম্ভ্রম ও
কুশল য়িহোদী গ্রীকাদি প্রতি মানুষকে যে সুকর্ম্ম
১১ করে। একারন ভগবানের পক্ষা পাত নহে। যাহারা
১২ ব্যবস্থা হিন হইয়া পাপ করিয়াছে তাহারদিগকে
ব্যবস্থা হিন বিনাশ করিতে হইবে। ও যাহারা ব্যবস্থা
থাকিতে পাপ করিয়াছি তাহারদিগকে ব্যবস্থা দিয়া
১৩ বিচার করিতে হইবে এ জন্য ব্যবস্থা শ্রোতা প্রকৃতার্থক
নহে ঈশ্বরের দৃষ্টে কিন্তু ব্যবস্থা মানক প্রকৃতার্থিক
১৪ খ্যাত হইবে। অন্য বর্ন্ন যাহারদের ব্যবস্থা নহে
যদি স্ববাঞ্ছিত ব্যবস্থার কার্য্য করে তাহারদের ব্যবস্থা
১৫ না হইলে আপনারদের ব্যবস্থা হয় যাহারা ব্যবস্থার
ক্রিয়া দেখায় তাহারদের অন্তঃকরনে গ্রন্থিত তাহার
দের মনের প্রদীপ সম্ভ্রমান করিতেং ও মনোদ্ভব পরস্পর
১৬ গুল্লানা কিম্বা বন্ধন করিতেং সে দিনে যাহাতে
ঈশ্বর বিচার করিবেন মনুষ্যের গুপ্ত কার্য্য য়েশু
খ্রীষ্টের করনক যেমন আমার মঙ্গল সমাচার বলে।
১৭ দেখ তুমি য়িহোদী খ্যাত হইয়াছ ও ব্যবস্থায় বিশ্বাস
১৮ করিতেছ ও ঈশ্বরে দর্প কথা কহিতেছ ও ব্যবস্থা
বিজ্ঞ হইয়া জানিতেছ তাহার ইচ্ছা ও শ্রেষ্ঠ কর্ম্ম মনে

১৯ লইতেছ ও সাহসি হইয়াছ যে তুমি অন্ধেরদের পথ
প্রদ্ধ তাহারদের দীপ্তি যাহারা অন্ধকারে বসে অজ্ঞা
২০ নেরদের অধ্যাপক বালকের শিক্ষক যাহার আছে
২১ জ্ঞান ও ব্যবস্থার সত্যতার আকার। অতএব পরের
২২ শিক্ষক হইয়া আপনারে শিক্ষা না করাও। পরদার
মানা করিলে পরদার কর দেবতাকে ঘৃণা করিলে
২৩ দেব স্থানে চুরি কর। ব্যবস্থার কথা কহিলে
২৪ ব্যবস্থা লঙ্ঘিয়া ঈশ্বরের অপমান কর। ঈশ্বরের
নাম অন্য বর্ণের মধ্যে ব্যবহারি আছে তোমারদের
২৫ করনক যেমন লিপি আছে। তকছেদের প্রাপ্তি অবশ্য
হয় যদি কেহ ব্যবস্থা পালন করে কিন্তু ব্যবস্থা লঙ্ঘিলে
২৬ তোমার তকছেদ হইয়াছে অতকছেদ। অতএব যদি
অতকছেদি ব্যবস্থার বিধি করে তবে তাহার অতকছেদ
২৭ তকছেদ সমান গনিতে হইবে না। অতকছেদ ও
যাহা স্বভাবি আছে যদি ব্যবস্থা পালন করে তাহা
বিচার করিবে না তোমাকে যে অক্ষর ও তকছেদ দিয়া
২৮ ব্যবস্থা লঙ্ঘিতেছ। প্রকাশ য়িহোদী য়িহোদী নহে
২৯ ও মাংসে প্রকাশ তকছেদ তকছেদ নহে। কিন্তু
অন্তরে যে জন য়িহোদী সে হয় ও অন্তঃকরনের
তকছেদ আত্মায় অক্ষরে নহে যাহার সুখ্যাত
মানুষ হইতে নহে কিন্তু ঈশ্বর হইতে।

পর্ব্ব ৩

অতএব য়িহোদীর কি অধিক ও তকছেদের প্রাপ্তি কি।
২ সর্ব্ব মতে বহুত প্রথমে এই ঈশ্বরের বাক্য দেয়া
৩ গেল তাহারদের গচ্ছিতে। তাহারদের কেহ২ যদি
আস্থা করিল না তবে তাহারদের অনাস্থা বৃথা করাইবে

৪ ঈশ্বরের ভক্তি তাহা হওক না। হওন ঈশ্বর সত্য ও প্রতি মানুষ মিথ্যা বক্তা যেমন লিপি আছে তুমি আপনার বাক্যে প্রকৃতার্থিক ও বিচারে জিনিবারার্থে।
৫ কিন্তু আমারদের অপ্রকৃত কার্য্য ঈশ্বরের প্রকৃতার্থকে ব্যাখ্যা করিলে কি বলিব ঈশ্বর সাজা দিয়া
৬ অধার্ম্মিক। আমি কহি মানুষের মত। তাহা হওক না। হইলে ঈশ্বর জগতের বিচার করিবেন কেমনে।
৭ একারন যদি ঈশ্বরের সত্যতা আমার মিথ্যতা দিয়া আরং অধিক হয় তাহার সম্ভ্রমের নিমিত্ত তবে আমি
৮ এখন বিচার্য্য হইয়াছি পাপির মত কেন। ও যেমন লোক আমারদের অপমান বলিয়া কহে যে আমরা বলি ভাল উৎপন্নার্থে মন্দ করি। যাহারদের সাস্তি প্রকৃত।

৯ তবে কি। আমরা তাহার দিগ হইতে ভাল তাহা নহে বটে। একারন পূর্ব্বে প্রমান দিয়াছি যে য়িহোদী
১০ ও অন্য বর্ন্ন সমস্ত পাপের বস যেমন লিপি আছে
১১ প্রকৃতার্থিক কেহ নহে বটে এক জন নহে কেহ বুদ্ধিমন্ত
১২ নহে কেহ ঈশ্বরের জন্য চেষ্টা করে না। সমস্ত পথ ছাড়িয়াছে তাহারা সকল একত্তর অকর্ম্মি হইয়াছে কেহ ভাল কার্য্য করে না বটে এক জন নহে।
১৩ তাহারদের নলি এক ওদল কবর তাহারদের জিহ্বায় চাতুর্য্য কহিয়াছে সর্পের গরল তাহারদের ওষ্ঠের
১৪ ওপর তাহারদের মুখ সাঁপ ও তিক্ততা ভরা।
১৫ তাহারদের পদ রক্ত পাত করিতে দ্রুত। সংহার
১৬ ও প্রমাদ তাহারদের গমনে। ও মঙ্গলের পথ জানিল

১৮ না। ঈশ্বরের ত্রাস কিছু নহে তাহারদের দৃষ্টে।
১৯ এখন আমরা জানি যাহা২ ব্যবস্থা বলে তাহা বলে তাহারদিগকে যাহারা ব্যবস্থার বস প্রতি মুখ চুপ রহন ও সমস্ত জগত অপরাধি হওনার্থে ঈশ্বরের
২০ দৃষ্টে। এ নিমিত্ত ব্যবস্থা কার্য্য করিতে২ কোন প্রানি ধার্ম্মিক হইবে না তাঁহার দৃষ্টে। এ হেতু ব্যবস্থা দিয়া পাপের জ্ঞান আছে।

২১ কিন্তু এখন ব্যবস্থা বিহিন ঈশ্বরের ধর্ম্ম প্রকাশ হইয়াছে ব্যবস্থা ও ভবিষ্যৎ বাক্য তাহার প্রমান
২২ করিতে২ তাহা ঈশ্বরের ধর্ম্ম য়েশু খ্রীষ্ট দিয়া সকল ভক্তের ঠাঁই ও সকলের ওপর একারন ভেদ নহে
২৩ সমস্ত পাপি এবং ঈশ্বরের তেজে ঊন হইলে ধার্ম্মিক
২৪ হইয়া নিষ্কর তাহার অনুগ্রহতে সে মুক্ত দিয়া যাহা
২৫ য়েশু খ্রীষ্টে যাহাকে ঈশ্বর নিযুক্ত করিয়াছেন তোষনার্থে তাহার রক্তে ভক্তি দিয়া তাহার ধর্ম্ম প্রকাশনার্থে পূর্ব্বে পাপ বিমোচন দিয়া ঈশ্বরের
২৬ সহিষ্ণুতাআতে এ কালে প্রকাশিতে তাহার ধর্ম্ম আপনি ধার্ম্মিক হইয়া ও তাহার ধার্ম্মিক কারক যে
২৭ য়েশুরে ভক্তি করে। তবে দর্পের হেতু কোথায়। তাহা নিশেধ হইয়াছে। কোন ব্যবস্থায়। ক্রিয়ার।
২৮ নহে। কিন্তু ভক্তির ব্যবস্থায়। অতএব আমরা জানিতে পাই মানুষ ব্যবস্থার ক্রিয়া বই ভক্তিতে ধার্ম্মিক
২৯ হইয়াছে। তিনি য়িহোদীরদের ঈশ্বর কেবল। তিনি অন্য বর্ন্নের নহেন। বটে অন্য বর্ন্নের ও
৩০ ইহাতে যিনি ত্বকচ্ছেদি ভক্তিতে ও অত্বকচ্ছেদি ভক্তি

৩১ দিয়া ধার্ম্মিক করান তিনি যদি এক ঈশ্বর তবে আমরা ভক্তি দিয়া ব্যবস্থা বৃথা করি। তাহা হওক না বটে আমরা ব্যবস্থা দৃঢ় করি।

পর্ব্ব ৪

তবে আমারদের পৈতৃক আবরহাম ঐহিকের কি পাইয়াছে কি বলিতে পারি। এ নিমিত্ত আবরহাম যদি ক্রিয়াতে ধার্ম্মিক তবে তাহার কিছু আছে নিজ ৩ ব্যাখ্যা করিতে কিন্তু ঈশ্বরের দৃষ্টে নহে। একারন ধর্ম্ম গ্রন্থ কি বলে। আবরহাম আস্থা করিল ঈশ্বরকে ও তাহা গনন হইল তাহার ঠাঁই ধর্ম্মেরার্থে। ৪ যে জন ক্রিয়া করে তাহার ফল অনুগ্রহতে বলে না ৫ কিন্তু দেনা হইতে। কিন্তু যে জন ক্রিয়া না করিয়া আস্থা করে তাহারে যিনি পামরকে ধার্ম্মিক করেন ৬ তাহার ভক্তি বলে ধর্ম্মার্থে। যে মত দাঔদ ও বলিল সে মানুষের আশীর্ব্বাদ যাহার ঠাঁই ঈশ্বর কার্য্যের ৭ বিনা ধর্ম্ম গনন করেন। ধন্য তাহারা যাহারদের অযথার্থ মাফ হইয়াছে যাহারদের পাপাচ্ছাদিত ৮ হইয়াছে। ধন্য সে জন যাহার ঠাঁই ঈশ্বর পাপ ৯ গনন করেন না। তবে এ আশীর্ব্বাদ ত্বকচ্ছেদি কেবল কি অত্বকচ্ছেদিরদের ওপর ও। একারন আমরা বলি ভক্তি ধর্ম্মেরার্থে গনন হইল আবরহামের ১০ ঠাঁই তবে কেমন গনন হইয়াছে। ত্বকচ্ছেদি কি অত্বকচ্ছেদি হইয়া। ত্বকচ্ছেদি নহে কিন্তু অত্বকচ্ছেদি। ১১ পরে ত্বকচ্ছেদের চিহ্ন পাইল সে ভক্তির ধর্ম্মের লক্ষন যাহা তাহার ছিল অত্বকচ্ছেদি হইয়া সকলের পিতা

ইওনের জন্য যাহারা অত্বকচ্ছেদি হইয়া প্রত্যয় করে
১২ বির্ম্ম তাহারদের ঠাঁই ও গনন হওনার্থে ও ত্বকচ্ছেদের
পিতা যাহারা ত্বকচ্ছেদি কেবল তাহারদের নহে কিন্তু
তাহারদের যাহারা যায় আমারদের পিতা আবরহামের
সে ভক্তির পদ দাগে যাহা তাহার হইল অত্বকচ্ছেদি
১৩ হইয়া। একারন জগতের অধিকারি হইবার অঙ্গিকার
হইল না আবরহাম ও তাহার সন্তানকে ব্যবস্থা করনক
১৪ কিন্তু ভক্তির ধর্ম্মের করনক। যাহারা ব্যবস্থা
হইতে যদি অধিকারি তবে ভক্তি বৃথা ও অঙ্গিকার
১৫ নিরর্থক। ব্যবস্থা ক্রোধোৎপন্ন করে একারন
১৬ যাহার ব্যবস্থা নহে তাহার পাপ নহে। এ নিমিত্ত
ভক্তি হইতে তাহা অনুগ্রহতে হওনের কারন ও অঙ্গি
কার সকল সন্ততিরদের ঠাঁই দৃঢ় হওনার্থে তাহা
কেবল নহে যাহা ব্যবস্থা হইতে কিন্তু তাহা ও যাহা
আবরহামের ভক্তি হইতে যে আছে আমারদের সকলের
১৭ পিতা যেমন লিপি আছে আমি করিয়াছি তোমাকে
অনেক বর্ন্নের পিতা তাহার গোচরে যাহাকে আস্থা করিল
তিনি ঈশ্বর মৃত্যুরদের জীবক ও যিনি অদ্ভুৎ দ্রব্যের
১৮ মত বলেন। সে ও ভরসা বিপরিতে ভরসা করিয়া
আস্থা করিল অনেক২ বর্ন্নের পিতা হওনের জন্য যেমন
১৯ কহা গিয়াছে এমন তোমার সন্তান হইবেক। অতএব
ভক্তিতে অশক্ত না হইয়া ও মৃত্যু ন্যায় ঠাওরিল না
তাহার শরীর প্রায় এক শত বৎসর বয়ক্রম হইয়া কিম্বা
২০ শারার গর্ব্ভের মৃত্যুতা। সে ভক্তি হিনার্থে হিচ
কিচিল না অঙ্গিকারেতে কিন্তু তাহার ভক্তি বলবন্ত

২১ হইয়া সম্ভ্রম করিল ঈশ্বরে ও নিশ্চয় জ্ঞাত হইয়া যে যাহা অঙ্গিকার করিয়া ছিলেন তাহা করিতে পারেন
২২ এ নিমিত্ত তাহা গননা হইল তাহার ঠাঁই ধর্ম্মেরার্থে।
২৩ ইহা লেখা হইল তাহারার্থে কেবল নহে যে তাহা
২৪ গননা হইল তাহার ঠাঁই কিন্তু আমারদেরার্থে ও যাহার দের ঠাঁই গননা হইবে যদি আমার আস্থা করি তাহারে যিনি ওঠাইলেন আমারদের প্রভু য়েশু মৃত্যু হইতে
২৫ যিনি আমারদের পাপেরার্থে মৃত্যুতে গচ্ছিৎ হইলেন ও আমরা ধার্ম্মিক হওনেরার্থে ওত্থান হইলেন।

পর্ব্ব ৫

অতএব ভক্তি করনক ধার্ম্মিক হইয়া আমারদের মিলন আছে ঈশ্বরের সহিৎ আমারদের প্রভু য়েশু
২ খ্রীষ্ট দিয়া যাহা দিয়া ভক্তিতে আমারদের গম্য আছে সে অনুগ্রহে যাহার মধ্যে আমরা স্থির হই ও
৩ ঈশ্বরের বৈভবে ভরসা করিতেং আনন্দ করি। ও তাহা কেবল নহে কিন্তু আমরা দুর্গতিতে দর্প হই
৪ জানিয়া দুঃখ ধৈর্য্যশীল করায় এবং ধৈর্য্যশীল জ্ঞান
৫ ও জ্ঞান ভরসা ও ভরসা নির্লজ্জিত করায় একারন ঈশ্বরের প্রেম পতন হইয়াছে আমারদের অন্তঃকরনে ধর্ম্মাত্মা করনক যাহা দেয়া গিয়াছে আমারদিগকে।
৬ একারন আমরা অশক্তি হইলে ওপযুক্ত সময়ে খ্রীষ্ট
৭ মরিলেন অধার্ম্মিকের কারন। প্রায় কেহ মরে না যথার্থিক মানুষের কারন তথাচ সাধু মানুষের কারন
৮ হইতে পারে যে কেহ মরিতে শক্তি আছে। কিন্তু ঈশ্বর

ইহাতে ব্যাখ্যা করিলেন তাহার প্রেম আমারদেরদিগে। আমরা পাপিষ্ঠ হইলে খ্রীষ্ট মরিলেন আমারদের
৯ বদলে। অতএব কত অধিক তাহার রক্তেতে ধার্ম্মিক
১০ হইয়া ক্রোধ হইতে ত্রান পাইব তাহার করনক। একারন যদি শত্রু হইলে ঈশ্বরের সহিৎ একশীল হইলাম তাহার পুত্রের মরণ দিয়া তবে কত অধিক একশীল হইলে ত্রান পাইব তাহার জীবন দিয়া।
১১ তাহা কেবল নহে কিন্তু আমরা ও ঈশ্বরে আনন্দিত হই আমারদের প্রভু যেশু খ্রীষ্ট দিয়া যাহা দিয়া
১২ আমরা মিলন পাইয়াছি। এতদর্থে যে মত এক জন দিয়া পাপ আইল জগতে ও পাপ দিয়া মৃত্যু ও মৃত্যু সকল মানুষে গিয়াছে ইহাতে সকলে পাপ করিয়াছে।
১৩ ব্যবস্থা না হইলে পাপ গননা নহে কিন্তু পাপ ছিল
১৪ জগতে ব্যবস্থা পর্য্যন্ত। একারন মৃত্যু কর্ত্তৃত্ব করিল আদম অবধি মোশা পর্য্যন্ত বটে তাহারদের উপর যাহারা পাপ করিয়া ছিল না আদমের পাপের মত যে তাঁহার নমুনা যাহার আগমন ভবিষ্যৎ হইল।
১৫ কিন্তু সেচ্ছা পূর্ব্বক দান দোষের মত নহে। এ জন্য যদি এক জনের দোষে অনেক মরিয়াছে তবে ঈশ্বরের অনুগ্রহ ও সে দয়াল দান যাহা এক জন তিনি যেশু খ্রীষ্টের করনক তাহা কত অধিক অনেক
১৬ লোকেরদিগে। ও যেমন এক জন পাপি দিয়া তেমন দান নহে একারন এক দোষে বিচার হইল শাস্তি দিবার আজ্ঞাতে কিন্তু সেচ্ছা পূর্ব্বক দান অনেক
১৭ দোষ খণ্ডন ধর্ম্মার্থে। একারন এক জন দোষ করিনে

যদি মৃত্যু কতৃত্ব করিল এক জন দিয়া তবে যাহারা বহুত অনুগ্রহ ও ধর্ম্ম দান পায় তাহারা কত অধিক জীবনে কতৃত্ব করিবে এক জন দিয়া তিনি য়েশু খ্রীষ্ট।
১৮ অতএব যেমন এক জনের দোষেতে বিচার হইল সকলের ওপর সাস্তি দিবার আজ্ঞাতে তেমন এক জনের ধর্ম্ম দিয়া সেচ্ছা পুর্ব্বক দান দেয়া যায় সর্ব্বকে জীবনের
১৯ ধর্ম্ম পাইবার জন্য। একারণ যেমন এক জনের অমান্যতে সকলের দোষাঘাত হইল তেমন এক জনের
২০ মান্যতে অনেককে ধার্ম্মিক করিতে হইবে। ব্যবস্থা ও আইল দোষ অধিক হওনের জন্য। কিন্তু যেখানে
২১ পাপ অধিক সেখানে অনুগ্রহ তাহা হইতে অধিক। অনুগ্রহ অনন্ত পরমায়ু পর্য্যন্ত কতৃত্ব করনের কারন ধর্ম্ম দিয়া আমারদের প্রভু য়েশু খ্রীষ্টের করনক যেমন পাপ কতৃত্ব করিয়া ছিল মৃত্যু পর্য্যন্ত।

পর্ব্ব ৬ তবে কি বলিব। পাপ করিব অনুগ্রহ অধিক
২ হওনের জন্য। তাহা হওক না। আমরা পাপের দিগে মরিলে আর বাঁচিব তাহার মধ্যে কেমনে।
৩ জান না আমারদের যত লোক ডুবিত হইয়াছে য়েশু খ্রীষ্টে তত লোক ডুবিত হইয়াছে তাহার মরনে।
৪ এ নিমিত্ত মরনে ডুবিত হইয়া কবরে শয়ন পাই তাহার সহিৎ তাহাতে যেমন পিতার তেজে খ্রীষ্টকে মৃত্যু হইতে উঠাইয়া ছিলেন তেমন আমারদের চলিতে হইবে জীবনের
৫ নুতনতায়। একারন তাহার মরনের রূপে একত্তর রোপন হইয়া হইব তাহার পুনরুত্থানের রূপে।

৬ ইহা জানিয়া আমারদের পুরাতন মানুষ ক্রুসে হত্যা হইয়াছে তাহার সহিৎ পাপের শরীর নাশের জন্য আমরা এ কালাবধি পাপের সেবা না করনার্থে।
৭ একারন কেহ মরিলে পাপ হইতে মুক্ত হইয়াছে।
৮ আমরা ও খ্রীষ্টের সহিৎ মৃত্যু হইয়া আস্থা করি যে
৯ আমরা বাঁচিব তাহার সহিৎ। জ্ঞাত হইয়া যে খ্রীষ্ট মৃত্যু হইতে উত্থান হইলে আর মরেন না মৃত্যুর আর
১০ পরাক্রম নহে তাহার উপর। একারন মরিলে এক বার মরিলেন পাপেরদিগে কিন্তু জীবত হইলে
১১ বাঁচেন ঈশ্বরেরদিগে। তোমরা ও আপনারদিগকে পাপেরদিগে নিতান্ত মরা গননা কর কিন্তু ঈশ্বরের দিগে জীবত আমারদের প্রভু য়েশু খ্রীষ্ট দিয়া।
১২ অতএব পাপকে কর্তৃত্ব করিতে দেহ না তোমারদের
১৩ মর শরীরে তাহার অভিলাষে মানিতে তাহা তোমারদের অঙ্গ ও অযথার্থের বস পাপ করনার্থে দেহ না কিন্তু আপনারদিগকে ঈশ্বরকে দেহ তাহারদের মত যাহারা মৃত্যু ছাড়িয়া জীবত আছে ও তোমারদের অঙ্গ
১৪ যথার্থের বস ঈশ্বরার্থে একারন তোমরা ব্যবস্থার বস নহে কিন্তু অনুগ্রহের বস হইলে পাপ কর্তৃত্ব করিতে পাইবে না তোমারদের উপর।

১৫ তবে কি। আমরা ব্যবস্থার বস নহে কিন্তু অনুগ্রহের
১৬ বস হইয়া পাপ করিব। তাহা হওক না। জান না যাহার বস দাস হওনার্থে হইয়াছ যে যাহাকে তোমরা মান তাহার দাস হইয়াছ মৃত্যুরার্থে পাপ হওক কি ধর্ম্মার্থে
১৭ ব্যবস্থা মানন। ঈশ্বরের স্তব হওক যে তোমরা হইলা

পাপের দাস কিন্তু তোমরা অন্তঃকরন দিয়া মানিয়াছ
সে সুন্দরনের নমুনা যাহা দেয়া গিয়াছে তোমার
১৮ দিগিকে। তবে পাপ হইতে মুক্ত হইলে তোমরা
১৯ ধর্ম্মের দাস হইয়াছ। আমি কহি মানুষের মত
তোমারদের শরীরের অশক্তের কারন যেমন
তোমারদের অঙ্গ মল ও অযথার্থের বস দিয়াছ তেমন
এখন দেহ তোমারদের অঙ্গ ধর্ম্মের বস পুন্য কার্য্যার্থে।
২০ এ জন্য তোমরা পাপের বস হইলে যথার্থ হইতে মুক্ত
২১ হইয়া ছিলা। তবে তোমারদের কি ফল হইল সে
কার্য্যে যাহাতে এখন তোমারদের লজ্জা। একারন সে
২২ কার্য্যের শেষ মৃত্যু। কিন্তু এখন পাপ হইতে মুক্ত
ও ঈশ্বরের বস হইলে তোমারদের ফল আছে পুন্যের
২৩ দিগে ও তাহার শেষ অনন্ত পরমায়ু। একারন
পাপের মাহিনা মৃত্যু কিন্তু ঈশ্বরের দান অনন্ত পরমায়ু
আমারদের প্রভু য়েশু খ্রীষ্ট দিয়া।

পর্ব্ব ৭ আমি কহি তোমারদিকে যাহারা ব্যবস্থা জান
ভাইরে তোমরা জ্ঞাত নহ যে যত দিন মানুষ বাঁচে
তত দিন ব্যবস্থা কর্ত্তৃত্ব করে তাহার ওপর। একারন স্ত্রী
যাহার স্বামী বর্ত্তমান যত দিন স্বামী বাঁচে সে ব্যবস্থায়
বন্দিৎ আছে তাহার সঙ্গে কিন্তু স্বামী মরিলে মুক্ত
৩ হইয়াছে তাহার স্বামীর ব্যবস্থা হইতে। তবে স্বামী
বর্ত্তমান হইয়া আর কাহার সহিৎ বিবাহ হইলে
বেশ্যা খ্যাত হইবে কিন্তু স্বামী মরিলে মুক্ত হইয়াছে
সে ব্যবস্থা হইতে তাহাতে আর কাহার বিবাহ হইলে
৪ বেশ্যা হবে না। অতএব আমার ভাইরে তোমারা

৪ খ্রীষ্টের শরীর দিয়া মৃত্যু হইয়াছ ব্যবস্থার দিগে আর
এক জনের সঙ্গে বিবাহ হওনের হেতু বটে তাহাকে
যিনি মৃত্যু ছাড়িয়া জীবত্ত হইয়াছেন ঈশ্বরের
৫ দিগে ফল ফলেনর জন্য। একারন আমরা ঐহিক
শীল হইলে যে পাপের মায়া ব্যবস্থা হইতে করিল
৬ আমারদের অঙ্গে মৃত্যু ফলোৎপন্ন করিতে। কিন্তু
এখন তাহা মরিলে যাহাতে বদ্ধা থাকিলাম আমরা
ব্যবস্থা হইতে মুক্ত হই আত্মার নূতন্যতায় সেবা
করনারথে ও অক্ষরের পুরাতন্যতায় নহে।—
৭ তবে আমরা কি বলিব। ব্যবস্থা পাপ। তাহা
হওক না। বটে আমি ব্যবস্থা বিনা পাপ জানিতাম
না। একারন ব্যবস্থা লোভ করন মানা না বলিলে
৮ আমি অভিলাষ জানিতাম না। কিন্তু পাপ আজ্ঞা
করনক অপকাস পাইয়া করিল সকল প্রকার
অভিলাষ আমার মধ্যে একারন ব্যবস্থা না থাকিলে
৯ পাপ মৃত্যু হইত। একারন পূর্ব্ব কাল আমি ব্যবস্থা
বিহীন হইয়া জীবত্ত ছিলাম কিন্তু ব্যবস্থা আইলে পাপ
১০ জীবিল ও আমি মরিলাম। ও আজ্ঞা যাহা জীবনের
১১ কারন তাহা আমি পাইলাম মৃত্যু কারক একারন পাপ
আজ্ঞা করনক ভ্রান্তি জন্মাইল আমারে ও তাহা দিয়া
১২ বধ করিল আমাকে। এতদর্থে ব্যবস্থা ধর্ম্ম ও
১৩ আজ্ঞা ধর্ম্ম ও প্রকৃত ও ভাল। তবে যা ভদ্র তা
হইল আমার মৃত্যু। তাহা হওক না। কিন্তু পাপ
পাপ দেখাইবারার্থে ভাল দিয়া আমারে মৃত্যু করিতেং
পাপ আজ্ঞা দিয়া অত্যন্ত পাপিষ্ঠ হওনের জন্য।

১৪ একারন আমরা জানি ব্যবস্থা পরমার্থিক কিন্তু আমি
১৫ মমত্বীক বিক্রয় হইয়াছি পাপের বসে। একারন
যাহা আমি করি তাহা মনে লই না একজন্য যাহা
আমি মনে লই তাহা করি না কিন্তু যাহা দৃন্না করি
১৬ তাহা করি। কিন্তু যদি করি যাহা মনে লই না
১৭ তবে ব্যবস্থা ভাল হইবার প্রমান দেই। অতএব
তাহা হইলে যে করি তাহা সে আমি নহে কিন্তু পাপ
১৮ যে বসতি করি আমাতে। আমি জানি যে আমাতে
তাহা আমার শরীরে কিছু ভাল বসতি করে না
একারন ইচ্ছা করিতে আছে কিন্তু ভাল কার্য্য করিতে
১৯ পাই না। একারন যে ভাল করিতে ইচ্ছা করি তাহা
করি না কিন্তু যে মন্দ করিতে ইচ্ছা করি না তাহা
২০ করি। যাহা করিতে চাহি না তাহা করিলে আমি
নহি যে করি তাহা কিন্তু পাপ যাহা বসতি করে
২১ আমার মধ্যে। তবে আমি এমন ব্যবস্থা পাই যে
ভাল করিতে চাহিলে মন্দ বিদ্যমান হইয়াছে।
২২ একারন অন্তর মনুষ্যতে আমার সন্তোষ আছে
২৩ ঈশ্বরের ব্যবস্থায়। কিন্তু অঙ্গে দেখি আর এক
ব্যবস্থা যুদ্ধ করিতেং আমার মনের ব্যবস্থার সহিৎ
ও আমাকে পাপের ব্যবস্থার বস করাইতেং যা
২৪ আমার অঙ্গে। আহা আমি বড় মনস্তাপি মানুষ
কেডা ওদ্ধারিবে আমাকে এ মৃত্যুর শরীর হইতে।
২৫ আমি আমারদের প্রভু য়েশু খ্রীষ্ট দিয়া স্তব করি
ঈশ্বরকে তবে আমি আপনি মনে ঈশ্বরের ব্যবস্থার

পর্ব্ব ৮ বস কিন্তু শরীরে পাপের ব্যবস্থার। অতএব এখন সাস্তি দিবার আজ্ঞা নহে তাহারদিগকে
২ যাহারা য়েশু খ্রীষ্টে যাহারা চলে না ঐহিকের মত কিন্তু আত্মার। একারন য়েশু খ্রীষ্টে জীবনের আত্মার ব্যবস্থা উদ্ধার করিয়াছে আমাকে পাপ ও
৩ মৃত্যুর ব্যবস্থা হইতে। একারন ব্যবস্থার অসাধ্য শরীরে অশক্ত হইয়া তাহা ঈশ্বর আপনার পুত্র পাপি শরীরের রূপে ও পাপের জন্য পাঠাইয়া করিয়াছেন
৪ পাপের অপযশ শরীরে ব্যবস্থার ক্রিয়া পূর্ণ হইবারার্থে আমারদের মধ্যে যে চলে না ঐহিকের মত কিন্তু আত্মার।

৫ একারন যাহারা ঐহিকের মত তাহারা ঐহিকের বস্তু মানে কিন্তু যাহারা আত্মার মত তাহারা আত্মার বস্তু
৬ মানে। একারন ঐহিকের মানন মৃত্যু কিন্তু পরমার্থিক
৭ মানন জীবন ও কুশল ঐহিকের মানন শত্রুতায় ঈশ্বরের বিপরিতে একারন ঈশ্বরের ব্যবস্থার
৮ বস নহে এবং নিতান্ত হইতে পারিবে না। তবে যাহারা ঐহিকি তাহারা ঈশ্বরকে তুষিতে পারে না।
৯ কিন্তু ঈশ্বরের আত্মা তোমারদের মধ্যে বাস করিলে তোমরা ঐহিকি নহে কিন্তু আত্মার কোন কেহ খ্রীষ্টের আত্মা না পাইলে তাহার আধিকার নহে।
১০ এবং যদি খ্রীষ্ট তোমারদের মধ্যে তবে পাপার্থে শরীর
১১ মৃত্যু কিন্তু আত্মা জীবন পুণ্যার্থের কারন। যদি তাহার আত্মা যিনি য়েশু খ্রীষ্টেকে মৃত্যু হইতে

উঠাইলেন বসতি করে তোমারদের মধ্যে তবে যিনি খ্রীষ্টকে মৃত্যু হইতে উঠাইলেন তিনি ও তোমারদের মর শরীর বাঁচাইবেন তাঁহার আত্মা দিয়া যাহা
১২ বসতি করে তোমারদের মধ্যে। অতএব ভাইহে আমরা দায়গৃহস্থ শরীরের নহে শরীরের মত বাঁচিতে।
১৩ একারন শরীরেরানুযায়ি বাঁচিলে মরিবা কিন্তু আত্মা দিয়া শরীরের ক্রিয়া মারিয়া ফেলিলে বাঁচিবা।
১৪ একারন যত লোক ঈশ্বরের আত্মাবর্ত্তি তত লোক
১৫ ঈশ্বরের পুত্র। একারন তোমরা গোলামি আত্মা আর বার ভয় করিতে না পাইয়াছ কিন্তু তোমরা পুষ্য পুত্রের
১৬ আত্মা পাইয়াছ যাহাতে তোমরা বল পিতাং। আত্মা আপনি আমারদের আত্মার সহিৎ প্রমান দেয় যে
১৭ আমরা ঈশ্বরের শিশু। ও যদি শিশু তবে অধিকারি বটে ঈশ্বরের অধিকারি ও য়েশু খ্রীষ্টের সহাধিকারি তাহার সঙ্গে দুঃখ পাইলে সঙ্গে বৈভব পাইবারার্থে।

১৮ একারন আমি বুঝি এ কালের দুঃখ সে সুখের যোগ্য নহে যাহা প্রকাশ হইবে আমারদের মধ্যে।
১৯ একারন সৃষ্টির মহা হাপথ্যাসি অপিক্ষা করে
২০ ঈশ্বরের পুত্রের প্রকাশ একারন সৃষ্টি নিরার্থের বস হইয়াছে আপনার বাঞ্ছে নহে কিন্তু বসকের
২১ করনক ভরসা আছে যে সৃষ্টি আপনি ও ক্ষয়ের গোলামি হইতে মুক্ত হইবে ঈশ্বরের শিশুর তেজোময়
২২ মোক্ষেতে। একারন আমরা জানি সমস্ত সৃষ্টি

২৩ কোঁকায় এবং সহব্যথিত হইয়াছে এ কাল পর্য্যন্ত ও তাহা কেবল নহে কিন্তু আমরা ও যে পাইয়াছি আত্মার প্রথম ফল আমরা আপনারদের মধ্যে কাঁকাই পুত্র পাইন অপিক্ষা করিতেং তাহা আমার
২৪ দের শরীরের মোক্ষ। একারণ আমরা ভরসা করিতেং ত্রান পাই কিন্তু দর্শন ভরসা ভরসা নহে। একারন যাহা কেহ দেখে তাহার ভরসা করে কেন।
২৫ কিন্তু যাহা দেখি না তাহা ভরসা করিলে আমরা
২৬ ধৈর্য্যমলে অপিক্ষা করি তাহা আত্মা ও উপগার করে আমারদের দুর্ব্বল্যতা একারন আমরা জানি না কি কামনা করিতে জুথায় কিন্তু আত্মা আপনি ওপাসনা
২৭ করে অকথ্য কোঁকান করিয়া। এবং যিনি অন্তঃকরন বিচার করেন তিনি জানেন আত্মার মন কি একারন তিনি ওপাসনা করেন ঈশ্বরেরানুযায়ি পুন্য লোকের কারন।
২৮ এবং আমরা জানি সমস্ত বিষয় মিলিয়া করিতেছে তাহারদের কল্যান যাহারা ঈশ্বরকে প্রেম করে যাহারা
২৯ ডাকিৎ হইয়াছে তাহার নিয়তানুযায়ি। একারন যাহাকে তিনি পূর্ব্বে চিনিলেন তাহাকে পূর্ব্বে নিয়োজিলেন তাহার পুত্রের সহবর্ন হইবার কারন তিনি অনেক ভাইর মধ্যে প্রথম জাত হওনের জন্য।
৩০ এবং যাহারদিগকে ও তিনি পূর্ব্বে নিযুক্ত করিলেন তাহারদিগকে ও তিনি ডাকিলেন ও যাহারদিগকে ডাকিলেন তাহারদিগকে ও ধার্ম্মিক করাইলেন যাহারদিগকে ধার্ম্মিক করাইলেন তাহারদিগকে ও মোক্ষ

৩১ দিলেন। তবে এ সমস্ত হইলে কি বলিব।
ঈশ্বর আমারদের পক্ষে হইলে কেডা হইতে পারে
৩২ আমারদের বিপরিতে। যিনি আপনার পুত্র দয়া না
করিলেন কিন্তু তাহাকে দিলেন আমারদের সকলের
কারন তিনি কেমনে তাহর সহিৎ ও সমস্ত দিবেন না
৩৩ আমারদিগকে। কেডা কিছু ওল্লানা করিবে ঈশ্বরের
৩৪ মননিতকে। ঈশ্বর যিনি ধার্ম্মিক করান। সাস্তি দিবার
আজ্ঞা করিবেক কে। খ্রীষ্ট যিনি মরিলেন বটে যিনি
আরবার ওঠিয়াছেন। যিনি ও এখন ঈশ্বরের দক্ষিনে
৩৫ যিনি ও ওপাস্না করেন আমারদের কারন। কেডা
ভিন্ন করিবে আমারদিগকে খ্রীষ্টের প্রেম হইতে। দুঃখ
কি অতিহিন কি বিপক্ষতা কি মন্বন্তর কি ওলঙ্গতা কি
৩৬ আপদ কি তলোয়র। যেমন লিপি আছে তোমারার্থে
আমরা মারা যাই সমস্ত দিনে আমরা গনন হইয়াছি
৩৭ মারিবার মেষের মত। বটে এ সমস্তে আমরা
জয়ি হইতে অধিক তাহার করনক যিনি প্রেম করিলেন
৩৮ আমারদিগকে। একারন আমি নিসন্দেহ হইয়াছি
যে মৃত্যু কি জীবন কি দূত কি রাজ্য কি পরাক্রম কি
৩৯ এখানকার বস্তু কি আসিবার বস্তু কি ওচ্চত্ব কি
গভীরত্ব কি আর কোন সৃষ্টি আমারদিগকে আলাদা
করিতে পারে না ঈশ্বরের প্রেম হইতে যাহা আমারদের
প্রভু য়েশু খ্রীষ্টে।——

পর্ব্ব
১ আমি খ্রীষ্টে সত্য কথা কহি আমি মিথ্য কহি না
——আমার মন ধর্ম্মাত্মায় ও শাক্ষী দিয়া। আমার

৩ বড় মনস্তাপ অন্তঃকরনে সদাকাল একারন আমি আপনাকে খ্রীষ্টে সাঁপ গ্রস্ত হইতে চাহি আমার ভ্রাতা ও আমার শরীরেরানুযায়ি কুটুম্বের কারন
৪ যাহারা য়িশরালী যাহারদের আছে পোষন ও বৈভব ও
৫ নিয়ম ও ব্যবস্থা দেওন ও সেবা ও অঙ্গিকার যাহারদের আছে পিতৃগন ও যাহারদিগ হইতে শরীরেরানুযায়ি খ্রীষ্ট উৎপন্ন হইলেন যিনি ঈশ্বর সকলের উপর
৬ সচ্চিদানন্দ। আমেন। যে মত ঈশ্বরের কথার কিছু ফল হইত না তেমন নহে। একারন সমস্ত
৭ য়িশরালী নহে যাহারা য়িশরাল হইতে। সমস্ত ও অবরহামের সন্তান হইবার কারন পুত্র নহে কিন্তু
৮ য়িজস্ককে তোমার বংশ খ্যাত হইবে। তাহা এই যাহারা শরীরের সন্তান তাহারা ঈশ্বরের সন্তান নহে কিন্তু অঙ্গিকারের সন্তান বংশ খ্যাত হইয়াছে। এ
৯ আছে অঙ্গিকারের কথা এ সময়েরানুযায়ি আসিব
১০ ও শারা পুত্র প্রসব হইবে। এ ও কেবল নহে কিন্তু রবেকা ও এক জনের ঔরষে গর্ব্ভবতি হইয়া
১১ সে আমারদের পিতৃ য়িজস্কক সে বালক জন্ম না হইয়া ও ভাল মন্দ না করিয়া ঈশ্বরের পছন্দ কারক নিয়ম স্থির হওনার্থে ক্রিয়ার প্রসাদে নহে কিন্তু তাহার
১২ যিনি ডাকেন তাহাকে কহা গিয়াছে জ্যেষ্ঠ কনিষ্ঠের
১৩ সেবা করিবে যে মত লিপি আছে যাকুবকে প্রেম করিয়াছে কিন্তু ঐসাকে ঘৃন্না করিয়াছি।

১৪ তবে আমরা কি বলিব। ঈশ্বরের অধর্ম্ম আছে।
১৫ তাহা হওক না। একারন মোশাকে কহিলেন

যাহাকে ক্ষেমা করিতে চাহি তাহাকে ক্ষেমা করিব ও
যাহাকে দয়া করিতে চাহি তাহাকে দয়া করিব।
১৬ অতএব ঐচ্ছুক কি দৌড়কের প্রসাদে নহে কিন্তু ক্ষেমা
১৭ দাইক ঈশ্বরের। ধর্ম্ম গ্রন্থে ও বলে ফারোউাকে
এ নিমিত্ত ওৎপন্ন করিয়াছি তোমাকে আমার পরাক্রম
তোমাতে প্রকাশ করন ও আমার নাম প্রচারনার্থে
১৮ সকল পৃথিবীতে। অতএব তিনি ক্ষেমা করেন
যাহাকে ইচ্ছা করেন ও যাহাকে ইচ্ছা করেন তাহাকে
১৯ কঠিন করান। তুমি বলিবা আমাকে তবে
দোষ বলেন কেন। তাহারইচ্ছা বারন করিয়াছে
২০ কে। নহে কিন্তু আরে মনুষ্য তুমি কে যে প্রত্যুত্তর
করিতেছ ভগবানের সহিৎ। সৃষ্টি সৃষ্টি কারককে
২১ বলিবে এমন বানাইয়াছ আমাকে কেন। কুম্ভকারের
পরাক্রম নহে মৃত্তিকার ওপর এক চাপ দিয়া গাড়িতে
এক পাত্র শ্রেষ্ঠ কার্য্যের কারন এবং আর একটা নিচ
২২ কার্য্যের কারন। যদি ঈশ্বর তাহার কোধ প্রকাশ
করিতে ও তাহার পরাক্রম দেখাইতে ইচ্ছা করিয়া
বহুকাল ধৈর্য্য করিতে২ সহেন ক্রোধের পাত্রকে যাহা
২৩ প্রস্তুত হইয়াছে সংহারার্থে। ও তাহার মোক্ষের
ধন প্রকাশ করিতে ক্ষেমা পাত্রের ওপর যাহারদিগকে
২৪ পূর্ব্বে প্রস্তুত করিয়া ছিলেন মোক্ষের জন্য। তাহা
আমারদিগকে যাহারদিগকে তিনি ডাকিয়াছেন য়িহোদী
হইতে কেবল নহে কিন্তু অন্য বর্ন্ন হইতে ও।—

২৫ যে মত তিনি কহিলেন হোশেআ পুস্তকে যাহারা
ছিল না আমার লোক তাহারদিগকে বলিব আমার

২৬ লোক ও যে জন প্রিয় ছিল না তাহাকে প্রিয় বলিব ও যে স্থানে তাহারদিগকে কহা গিয়াছে তোমরা আমার লোক নহ সে স্থানে তাহারা বিখ্যাত হইবেক
২৭ জীবত ঈশ্বরের শিশু। য়িশঈহ ও চেঁচাইয়া কহেন য়িশরালের বিষয় য়িশরালের সন্তানের গনন সমুদ্রের বালুর মত কিন্তু তাহারদের মজুত ত্রান
২৮ পাইবে। একারন য়িহুহা ধর্ম্মার্থে তাহার কর্ম্ম শাঙ্গ ও খাটো করিতেছেন একারন য়িহুহা
২৯ খাটো হিসাব করিবেন পৃথিবীতে। যে মত য়িশঈহ পূর্ব্বে বলিয়া ছিল য়িহুহা শবাওত বীজ না রখিলে আমরা হইতাম সদমের মত ও উমরার মত
৩০ বিখ্যাত হইতাম। তবে কি বলিব। অন্য বর্ন যে ধর্ম্ম চেষ্টা করিল না ধর্ম্ম পাইয়াছে বটে ভক্তি
৩১ উৎপত্তি ধর্ম্ম। কিন্তু য়িশরাল যে ধর্ম্ম ব্যবস্থা পালন করিল ধর্ম্ম ব্যবস্থা প্রাপ্য না হইয়াছে।
৩২ কি জন্য। একারন তাহারা তাহা ভক্তিতে চেষ্টা করিল না কিন্তু ব্যবস্থা ক্রিয়াতে। একারন তাহারা
৩৩ সে বাধা পাথর লাগিয়া পড়িতে২ গেল। যে মত লিপি আছে দেখ আমি জীয়নে থুই বাধা পাথর ও বেজারি পর্ব্বত ও কেহ তাহারে প্রত্যয় করিলে লজ্জিত হইবে না।

পর্ব্ব ১০ ভ্রাতাগন এই আমার অন্তঃকরনের অভিলাষ ও কামনা ঈশ্বরের ঠাঁই য়িশরালের কারন তাহারদের
২ ত্রানের জন্য। একারন আমি তাহারদের প্রমান

দেই যে তাহারদের মনের তাপ আছে ঈশ্বরের নিমিত্ত
৩ কিন্তু বিদ্যা মত নহে। এক্কারন তাহারা ঈশ্বরের
ধর্ম্ম অজ্ঞাত হইয়া ও আপনারদের ধর্ম্ম স্থির করিতে
৪ যত্ন করিয়া হইল না ঈশ্বরের ধর্ম্মের বস। খ্রীষ্ট
আছেন প্রতি ভক্তের ব্যবস্থার অনুমান ধর্ম্মের জন্য।
৫ যে ধর্ম্ম ব্যবস্থার কার্য্যেতে তাহা মোশা এমন বর্ণ্নিন
৬ যে জন তাহা করে সে তাহাতে বাঁচিবে। কিন্তু
ভক্তি ওৎপন্ন ধর্ম্ম ইহা কহে অন্তঃকরনে বলিও না
কে ওঠিবে স্বর্গে তাহা খ্রীষ্ট সহিৎ আনিতে।
৭ কিম্বা গভীরে নামিবে কে তাহা খ্রীষ্টকে ফিরিয়া
৮ আনিতে মৃত্যু হইতে। কিন্তু তাহা কি বলে।
বাক্য তোমার নিকট বটে তোমার মুখ ও তোমার
অন্তঃকরনে। সেই ভক্তির কথা যাহা আমরা কহি
৯ যদি মুখ দিয়া স্বিকার ও অন্তঃকরনে আস্থা কর যে
ঈশ্বর ওঠাইলেন তাহাকে মৃত্যু হইতে তবে ত্রান
১০ পাইবা। একারন অন্তঃকরন দিয়া মানুষ আস্থা
করে ধর্ম্মার্থে ও মুখ দিয়া স্বিকার হইয়াছে ত্রানার্থে।
১১ একারন ধর্ম্ম পুস্তকে বলে যে কেহ আস্থা করে
১২ তাহারে সে লজ্জিৎ হইবে না যিহোদী ও গ্রীক
কিছু ভেদ নহে। একারন সকলের এক প্রভু ধনী
আছেন সকলেরদিগে যাহারা কামনা করে তাহাকে।
১৩ এজন্য যে কেহ যিহুহার নামে কামনা করে সে
ত্রান পাইবে।——

১৪ অতএব কেমন কামনা করিবে তাঁহাকে যাহারে
আস্থা না করিয়াছে। ও কেমন আস্থা করিবে

তাঁহাকে যাহার সমাচার না শুনিয়াছে। ও শুরু না
১৫ হইলে শুনিবে কেমনে। ও প্রেরিত না হইয়া বাক্য
প্রকাশ করিবে কেমনে। যেমন লিপি আছে কেমন
সুন্দর তাহারদের পদ যাহারা কুশলের মঙ্গল সমাচার
১৬ আনে। যাহারা সুসমাচার চেতি দেয়। কিন্তু
তাহারা সমস্ত মঙ্গল সমাচার মানিল না। একারন
য়িশঈহ কহে হে য়িহুহা আমারদের সমাচার মানি
১৭ য়াছে কে। শ্রবনে ভক্তি বটে ও ঈশ্বরের বাক্যে শ্রবন।
১৮ কিন্তু আমি বলি তাহারা শুনিতে না পাইয়াছে।
বটে তাহারদের ধ্বনি গিয়াছে সমস্ত পৃথিবীতে ও
১৯ তাহারদের কথা জগতের সীমা পর্য্যন্ত। কিন্তু
আমি বলি য়িশরাল জানিতে না পাইয়াছে। প্রথম
মোশা বলে আমি তপ্ত করাইব তোমারদিগকে তাহার
দের করনক যাহারা বর্ন্ন নহে ও কোপ করাইব
২০ তোমারদিগকে ক্ষিপ্ত বর্ন্নের করনক। কিন্তু য়িশঈহ
বড় নির্ভয় হইয়া বলে আমি প্রাপ্য হইয়া ছিলাম
তাহারদের ঠাঁই যাহারা আমাকে চেষ্টা করিল না
আমি প্রকাশ ছিলাম তাহারদের ঠাঁই যাহারা জিজ্ঞাসা
২১ করিল না আমার কারন। কিন্তু য়িশরালের বিষয়
বলে সমস্ত দিন হাত বাড়াইয়াছি অমান্য ও বিপরিত
লোকের দিগে।

পর্ব্ব ১১ অতএব আমি কি বলি। ঈশ্বর তাহার লোকের
দিগকে ছাড়িয়া দিয়াছেন। তাহা হওক না। একারন
আমি ও বেনিমনের গোষ্ঠি আবরহামের সন্তানের

২ এক য়িশরালী। ঈশ্বর তাহার যে লোক পূর্ব্বে জানি
লেন ছাড়িয়া না দিয়াছেন। জান না ধর্ম্ম গ্রন্থে
কি বলে আলীহার বিষয় সে কেমন ওপাসনা করিল
৩ ঈশ্বরের ঠাঁই য়িশরালের বিপরিতে বলিয়া প্রভু তাহারা
হত্যা করিয়াছে তোমার ভবিষ্যৎ বক্তাকে ও খুঁদিয়া
ফেলিয়াছে তোমার যজ্ঞ কুণ্ড আমি ও রহি একাকি
৪ ও তাহারা আমার প্রান মারিতে চাহে। কিন্তু
ঈশ্বরের ওত্তর কি বলে তাহাকে আমি রাখিয়াছি
আপনার কারন সপ্ত সহস্র জন যাহারা হাঁটু না
৫ গাড়িয়াছে বাওলের স্থানে। অতএব এখন ও
৬ বক্রি আছে অনুগ্রহের পচন্দেরানুযায়ি। যদি
অনুগ্রহতে তবে ক্রিয়াতে নহে অন্য মত হইলে
অনুগ্রহ হইত না অনুগ্রহ। কিন্তু যদি ক্রিয়াতে
তবে অনুগ্রহতে নহে অন্য মত হইলে ক্রিয়া হইত না
৭ ক্রিয়া। তবে কি। য়িশরাল যাহা চেষ্টা করিয়াছে
তাহা না পাইয়াছে কিন্তু মননিত পাইয়াছে এবং
৮ অন্য লোক ভেকুয়া হইল। যে মত লিপি আছে
ঈশ্বর ব্যাকুব আত্মা দিয়াছেন তাহারদিগকে চক্ষু না
দেখনের জন্য ও কর্ন্ন না শুননের জন্য আজি পর্য্যন্ত।
৯ দাওদ ও কহে হওক তাহারদের মেজ তাহারদের
১০ ফাঁদ ও কল ও বাধা ও প্রতিফল। তাহারদের চক্ষু
অন্ধকারীয় হওক তাহারদের না দেখনার্থে ও তাহার
দের পিঠ সদাকাল বসাও।

১১ আমি বলি তাহারা বাধা লাগিয়াছে পড়নের কারণ।

১২ তাহা হওক না । কিন্তু তাহারদের পতন দিয়া ত্রাণ আসিয়াছে অন্য বর্ণের ঠাঁই তাহারদিগকে সমশীল করাইতে । কিন্তু যদি তাহারদের পরিচয় জগতের ধীন ও তাহারদের ওনত্ব অন্য বর্ণের ধীন তবে তাহার
১৩ দের পূর্ণতা কেমন অধিক । আমি কহি তোমরা অন্য বর্ণকে এ জন্য আমি অন্য বর্ণের প্রেরিত হইয়া
১৪ করি আমার কার্য্যের সুনাম যদি আমি কোন মত সমশীল করাইতে পারি আমার শরীরীয় লোককে
১৫ এবং তাহারদের কাহাকেং ত্রাণ করাই । একারণ তাহারদের ত্যাজন যদি জগতের মিলন তবে তাহারদের
১৬ গ্রহন কি তাহা জীবন মৃত্যু হইতে । ইহাতে প্রথম ফল পবিত্র হইলে চেলা ও পবিত্র। ও মূল পবিত্র
১৭ হইলে সে মত ও ডাল । ও কএক ডাল ভগ্ন হইলে ও তুমি এক বন তিত বৃক্ষের কলম তাহাতে জোড়াইলে পাইতেছ ডাল তিত বৃক্ষের মূল ও তেতত্বের রস
১৮ দর্প কথা কহিও না ডালের ওপরে কিন্তু দর্প কথা কহিলে তুমি মূলকে না ধরিতেছ কিন্তু মূল তোমাকে ।
১৯ তুমি বলিবা ডাল ভাঙ্গিয়া গেল আমার লাগনের
২০ জন্য। ভাল । অনাস্থার কারন তাহারা ভগ্ন হইয়া ছিল তুমি ও ভক্তিতে দাণ্ডাইতেছ গর্ব্বী হইও না কিন্তু
২১ ভয় কর । একারন যদি ঈশ্বর সে নিজ ডাল দয়া না করিলেন তবে সাবধান কর পাছে তোমাকে
২২ দয়া করিবেন না । অতএব দেখ ঈশ্বরের দয়া ও নির্দয়া পতনেরদিগে নির্দয়া কিন্তু তোমারদিগে দয়া যদি তাহার দয়াতে রহ । অন্য মত হইলে

২৩ তোমাকে ও খণ্ডিতে হইবেক। তাহারা ও অনাস্থাতে না থাকিয়া লাগাইতে হইবে একারন ঈশ্বর শক্ত আছেন তাহারদিগকে লাগাইতে পুনর্ব্বার।
২৪ তুমি প্রকৃতি জিত বৃক্ষ হইতে ছেদিত হইয়া যদি নিজ গুন বিপরিতে জোড়া হইয়া ছিলা ভাল জীত বৃক্ষে তবে কতোধিক এই সপ্রকৃতি ডাল জোড়াইতে হইবে নিজ জীত বৃক্ষে।
২৫ এ নিমিত্ত তোমরা আত্ম শ্লাঘা না হইবারার্থে আমি বাসনা করি যে তোমরা এ অপ্রকাশ অজ্ঞাত না হও যে য়িশরাল একাংশ অন্ধত্বায় মজিয়াছে অন্য বর্ন্নের
২৬ পূর্ন্নত্ব হওন পর্য্যন্ত। এবং সে মত সমস্ত য়িশরালের ত্রান হইবে যেমন লিপি আছে এক তারক চীয়ন হইতে
২৭ আসিয়া ফিরাইবেন অযথার্থ যাঁকুব হইতে। একারন এ আমার নিয়ম তাহারদের সহিৎ যখন তাহার
২৮ দের পাপকে খণ্ডি। মঙ্গল সমাচারের বিষয় তাহার শত্রু তোমারদেরার্থে কিন্তু মননিতের বিষয়
২৯ প্রেমি পিতৃরার্থে। একারন ঈশ্বরের দান ও প্রযুক্ত
৩০ অখণ্ড। তবে যেমন তোমরা অন্য বর্ন্ন পূর্ব্ব কালে ঈশ্বরকে আস্থা করিলা না কিন্তু এখন ক্ষেমা
৩১ পাইয়াছ তাহারদের অনাস্থা দিয়া তেমন তাহারা ও এখন আস্থা না করিয়াছে ক্ষেমা পাইবার জন্য ও
৩২ তোমারদের ক্ষেমা দিয়া। একারন ঈশ্বর তাহার দিগকে সমস্ত বন্দিয়াছেন অনাস্থার মধ্যে সকলকে
৩৩ ক্ষেমা করনার্থে। আহা ঈশ্বরের জ্ঞান ও বিদ্যার গভীরত্ব। তাহার বিচার কেমন অজ্ঞেয় ও তাহার

৩৪ গতি কেমন অপ্রাপ্য। একারন কে ঈশ্বরের মন
৩৫ জ্ঞাত হইয়াছে কিম্বা কে তাহার মন্ত্রি। কিম্বা কে
তাহাকে প্রথম দিয়াছে তাহা সকল ফিরিয়া দিতে
৩৬ হইবেক তাহাকে। একারন সমস্ত তাহা হইতে ও
তাহা দিয়া ও তাহার কারন। তাহাকে স্তব হওক
সদাকাল। আমেন।

পর্ব্ব ১২ অতএব ভাইরে আমি ঈশ্বরের ক্ষেমা লইয়া সাধনা
করি তোমারদিগকে তোমারদের শরীর দেহ ঈশ্বরকে
জীবত ওৎস্বর্গ পবিত্র ও সুগ্রাহ্যক এই তোমাররের
২ ওচিত কার্য্য। এবং এ জগতের সমশীল হইও না
কিন্তু মন নুতন হইতেং অন্য রূপে হও তোমারদের
জ্ঞানের কারন ঈশ্বরের মঙ্গল ও তোষক ও শুদ্ধ
৩ ইচ্ছা কি। একারন যে অনুগ্রহ দেয়া হইয়াছে
আমাকে তাহা লইয়া বলি তোমারদের প্রতি জনকে
আত্ম শ্লাঘা না করিতে ওচিত হইতে অধিক
কিন্তু সমোচিত বুঝিতে যেমন ঈশ্বর দিয়াছেন ভক্তির
৪ পরিমান প্রতি জনকে। একারন যে মত আমার
দের অনেকাংশ এক শরীরে এবং ও সকল ভাগের
৫ এক কার্য্য নহে সে মত আমরা অনেক হইলে হই
৬ এক শরীর খ্রীষ্টে ও প্রতি জন পরস্পর অংশ। তবে
আমারদের দান ভিন্ন হইয়া সে অনুগ্রহের মত যাহা
দেয়া হইয়াছে আমারদিগকে ভবিষ্যত বাক্য হইলে
৭ করি তাহা ভক্তির প্রমানেরানুযায়ি। কি সেবক
হইয়া সেবা করি কিম্বা শিক্ষক হইয়া শিক্ষা

৮ করি কিম্বা গুরু হইয়া হিতার্থে কহি যে জন
দান করে সে সুমনে করুক তাহা যে শাসক সে যত্ন
করিয়া করুক তাহা যে ক্ষেমা করে সে হর্ষ মনে তাহা
৯ করুক। প্রেম হওক প্রতারনা বিনা। কুকর্ম্ম দৃন্না
১০ কর ভাল কার্য্যের সহায় হও। ভ্রাতাশীল প্রেম
করিয়া পরস্পর প্রেম কর পরস্পর অধিক সম্ভ্রম করিতে২
১১ কার্য্যে অলস নহে তপ্তাত্মায়ি ঈশ্বরের সেবা করিতে২
১২ ভরসা পাইলে আনন্দ করিতে২ দুঃখ পাইলে ধৈর্য্য
১৩ করিতে২ সদাকাল কামনা করিতে২ পুন্য লোকের
১৪ হিনত্বের কারন দিতেং ও অতীথি করিতেং। যাহারা
বিপক্ষতা করে তোমারদিগকে তাহারদিগকে
আশীর্ব্বাদ কর আশীর্ব্বাদ কর এবং সাপ দিও
১৫ না। আনন্দিতের সঙ্গে আনন্দ কর ও ক্রন্দকের
১৬ সহিত ক্রন্দন কর। পরস্পর এক আত্মায়ি হও।
নাম লুব্ধ কার্য্য মানিও না কিন্তু মলিনের সমশীল
১৭ হও। কাহাকে মন্দের কারন মন্দ করিও না
১৮ জোগাও প্রকৃত বস্তু সমস্ত লোকের সন্মুখে। যদি
হইতে পারে তবে সকল লোকের সহিত নির্ব্বিরোধি
১৯ বসতি কর। প্রিয়রে আপনারদিগকে বৈপত্য
করিও না কিন্তু ক্রোধের নিকট হইতে যাও একারন
লিপি আছে বৈপত্য আমার যিহুহা ও বলেন আমি
২০ তাহা ইনসাফ করিব। অতএব তোমার শত্রু
ক্ষুধিত হইলে ভক্ষ্য দেহ তাহাকে তৃষ্ণিত হইলে পান
করিতে দেহ তাহাকে একারন এমন করিয়া জমা
২১ করিবা আগুনের তাহার মাথার উপর। কুকর্ম্মে

পরাজিত হইও না কিন্তু ভাল করিয়া জিন মন্দকে।

পর্ব্ব ১২ আদালত পরাক্রমের বস হওক পুতি জন। একারন ঈশ্বর বিনা পরাক্রম নহে। যে২ পরাক্রম আছে তাহা ২ ঈশ্বর নিরুপিত। অতএব যে জন পরাক্রমের বিপরিত করে সে ঈশ্বরের নিরুপনের বিপরিত করে ও বিপরিত ৩ করিলে পাইবে আপনার সঙ্খাত। একারন পতি সুকর্ম্মের ভয় নহে কিন্তু কুকর্ম্মের। অতএব পরাক্রম ভয় করিবা না সুকার্য্য কর তবে তাহাতে ৪ হইবে তোমার সুনাম একারন সে আছে ভগবানের সেবক তোমারদিগে ভালোর কারন। কিন্তু কুকার্য্য করিলে ভয় কর একারন তলোয়ার নিরার্থক বহে না একারন সে আছে ঈশ্বরের সেবক এক বৈপত্য কর্ত্তা ক্রোধ ইনসাফ করিতে তাহারদের ওপর যাহারা ৫ কুকার্য্য করে। এতদার্থে তোমারদের বস হওনের আবশ্যক আছে কেবল ক্রোধের জন্য নহে কিন্তু ৬ সজ্ঞানের জন্য ও। ইহার কারন ও তোমরা রাজস্ব দেহ এজন্য তাহারা ঈশ্বরের সেবক নিরবধি ৭ এই কার্য্য করিতে২। অতএব সকলকে তাহারদের পাওনা দেহ যাহার রাজস্ব তাহাকে রাজস্ব যাহার হাসিল তাহাকে হাসিল যাহার ভয় তাহাকে ভয় ৮ যাহার সম্ভ্রম তাহাকে সম্ভ্রম। কাহার দায়গ্রহস্থ হইও না কেবল পরস্পর প্রেম করিতে একারন যে জন অন্যকে প্রেম করে সে ব্যবস্থা কার্য্য পূর্ণ করিয়াছে।

৯ একারন এ আজ্ঞা পরদার করিও না বধ করিও না চুরি করিও না মিথ্যা প্রমান দেহ না লোভ করিও না ও যদি আর কোন আজ্ঞা তবে তাহা এ বাক্যে প্রেম কর তোমার প্রতিবাসিকে আপনার মত।
১০ প্রেম কিছু মন্দ করে না প্রতিবাসিকে অতএব প্রেম ব্যবস্থা প্রত্যক্ষ।

১১ এবং কাল জ্ঞাত হইয়া ইহা কর একারন এখন নিদ্রা হইতে জাগিবার কাল আছে আমারদের ত্রান নিকট হইলে প্রথম আস্থা করনের সময় হইতে।
১২ রাত্রি বহু গিয়াছে দিন নিকট হইয়াছে অতএব আমরা অন্ধকারের কার্য্য ছাড়িয়া পরি আলোর সাজ।
১৩ আমরা মাপান ও বেশ্যরত্ব ও অশত কার্য্য ও কাম ও ঝকড়া ও তাপ ছাড়িয়া সম্ভ্রান্ত কার্য্য করি যেমন
১৪ দিনে। কিন্তু প্রভু য়েশু খ্রীষ্টকে পরিধান কর ও জোগাইও না শরীরের কারন তাহার আবেস পূর্ন্ন করনার্থে।

পর্ব্ব ১৪ যাহার ভক্তি ক্ষীন তাহাকে লইও কিন্তু অস্থির অনুযোগের কারন নহে। এক জন বুঝে সমস্ত দ্রব্য খাইতে পারে আর এক জন ক্ষীন হইয়া কেবল
৩ শাক খায়। যে খায় তাহাকে তুচ্ছ করুক না যে খায় না এবং যে খায় না সে তাহাকে বিচার করুক না যে খায় একারন ঈশ্বর গ্রহন করিয়াছেন
৪ তাহাকে। তুমি কে যে আর এক জনের দাসকে বিচার করিতেছ। সে আপনার প্রভুর ঠাঁই ডাণ্ডায়

কি পক্ষে বটে সে স্থির করিতে হবে একারন ঈশ্বর
৫ তাহাকে স্থির করিতে পারেন। কেহ দিনের
বিশেষ বুঝে আর কেহ প্রতি দিন সমান মানে।
৬ প্রতি জন করুক যেমন মনে লয়। যে জন দিন
মানে সে মানে তাহা প্রভুর প্রক্ষে ও যে জন দিন
মানে না সে প্রভুর প্রক্ষে তাহা মানে না। যে খায়
সে খায় প্রভুর প্রক্ষে একারন ঈশ্বরকে স্তব করে
ও যে খায় না সে খায় না প্রভুর প্রক্ষে ও ঈশ্বরকে
৭ স্তব করে। একারন আমারদের কেহ বাঁচে না
আপনার কারন ও কেহ মরে না আপনার কারন।
৮ একারন আমরা বাঁচিলে বাঁচি প্রভুর প্রক্ষে ও মরিলে
মরি প্রভুর প্রক্ষে অতএব বাঁচিলে কি মরিলে আমরা
৯ প্রভুর। ইহাতে ও খ্রীষ্ট মরিলেন ও পুনর্ব্বার
উঠিলেন ও পুনর্জীবিলেন জীবৎ ও মৃত্যুর প্রভু হইবা
১০ রার্থে। কিন্তু তোমার ভাইকে বিচার করিতেছ কেন।
কিম্বা তোমার ভ্রাতা তুচ্ছ করিতেছ কেন। আমরা
১১ সকল তাণ্ডাইব খ্রীষ্টের আদালতে একারন লিপি
আছে যিশৈহা কহেন আমি যদি বাঁচি প্রতি হাঁটু
গাড়িবে আমার স্থানে ও প্রতি জিহ্বা স্বিকার করিবে
১২ ঈশ্বরের ঠাঁই। তবে আমারদের প্রতি জন আত্ম
১৩ বিবরন কহিবে ঈশ্বরের সন্মুখে। অতএব আমরা
আরবার পরস্পর বিচার করি না কিন্তু বরং ইহা
বিচার করি যে কেহ বাধা কিম্বা পরিবাধন দেয় না
১৪ তাহার ভ্রাতার পথে। আমি জানি ও নিসন্দেহ
মনে হইয়াছি প্রভু য়েশুতে যে কোন দ্রব্য আপনি

অপবিত্র নহে কিন্তু যে বুঝে কোন দ্রব্য অপবিত্র তাহার
১৫ ঠাঁই অপবিত্র আছে। একারন যদি তোমার ভ্রাতা
তোমার ভক্ষ্য দেখিয়া দুঃখিত হয় তবে প্রিত মনে
না চলিতেছ। তোমার ভক্ষ্য দিয়া সংহার করিও না
১৬ তাহাকে যাহার কারন খ্রীষ্ট মরিলেন। অতএব
১৭ তোমার সুক্রিয়ার মন্দ নাম হওক না। একারন
ভগবানের রাজ্য ভক্ষ্য পানীয় নহে কিন্তু প্রকৃত
১৮ কার্য্য ও কুশল ও আনন্দ ধর্ম্মাত্মায়। একারন
যে কেহ ইহা করিয়া খ্রীষ্টের সেবা করে সে
ঈশ্বরের পছন্দিত ও সুনাম প্রাপক মানুষের মধ্যে।
১৯ অতএব কুশল দাইক ও পরস্পর হিতার্থ কার্য্য করিতে
২০ চেষ্টা করি। একারন ভক্ষ্য সংহার করে না
ঈশ্বরের কার্য্য। সমস্ত দ্রব্য পবিত্র সে সত্য কিন্তু
২১ তাহার মন্দ যে খায় অনহিতার্থে। মাংস খাইতে
ও সুরা কি আর কোন দ্রব্য পীতে ভাল নহে যাহা
করিয়া তোমার ভ্রাতা মলিন কিম্বা অশক্ত হইয়াছে।
২২ তোমার ভক্তি হইলে তাহা আপনার ঠাঁই রাখ
ঈশ্বরের সাক্ষাতে। ধন্য সে জন যে আপনার দোষ
২৩ করে না সে কার্য্যেতে যাহা মনে লয়। এবং
যাহার ওসাস আছে সে খাইলে সাস্তি ভুঞ্জিবে
একারন ভক্তি না করিয়া খায় এ জন্য যাহা২ ভক্তি
ওদ্ভব নহে তাহা পাপ।——

পর্ব্ব ১৫ অতএব আমরা শক্ত লোক অশক্তির দুর্ব্বল্যতা

সহিতে জুয়ায় এবং আপনারদের তুষ্টি না করিতে।
২ আমারদের প্রতি জন ভাল ক্রিয়াতে তুষুক তাহার প্রতি
৩ বাসিকে হিতার্থে। এ জন্য খ্রীষ্ট আপনার সন্তোষ
করিলেন না কিন্তু যে মত লিপি আছে যাহারা নিন্দা
করিল তোমাকে তাহারদের নিন্দা পড়িল আমার
৪ ওপর। একারন যাহা পূর্ব্ব কাল লেখা হইল
তাহা লেখা হইল আমারদের শিক্ষানার্থে তোমারদের
ধৈর্য্যমন ও ধর্ম্ম গ্রন্থের শান্তিতে ভরসা প্রাপ্তির
৫ জন্য। এখন ধৈর্য্য ও শান্তের ঈশ্বর তোমারদিগকে
পরস্পর সমশীপ হইতে দিওন য়েশু খ্রীষ্টের মত।
৬ তোমরা এক মন ও এক মুখ দিয়া করিতে ঈশ্বর
৭ আমারদের প্রভু য়েশু খ্রীষ্টের পিতার নায়। অতএব
পরস্পর অন্য অন্যকে গ্রহন কর যেমন খ্রীষ্ট
ও গ্রহন করিলেন আমারদিগকে ঈশ্বরের সম্ভ্রমে
৮ রার্থে: আমি ইহা বলি য়েশু খ্রীষ্ট ছিলেন
তকছেদির গুরু ঈশ্বরের সত্যতার জন্য সে অঙ্গিকার
৯ স্থির করিতে যাহা দেয়া গেল পতৃরদিগকে অন্য বর্ন
ঈশ্বরের নাম করনার্থে তাহার ক্ষেমার কারন যেমন
লিপি আছে এ নিমিত্ত আমি স্বিকার করিব তোমার
স্থানে অন্য বর্ন্নের মধ্যে ও গীত গাইব তোমার নামে।
১০ আর বার ও তিনি বলিলেন তোমরা অন্য বর্ন আনন্দ
১১ কর তাহার লোকের সহিৎ। এবং আর বার
তোমরা বর্ন্নেরে স্তব কর য়িহহাকে ও মহা স্তব কর
১২ তাহাকে তোমরা সমস্ত লোকহে। পুনর্ব্বার
য়িশঙীহ বলে এক মূল হবে য়িশি হইতে ও অন্য

বর্ম্ম কতৃত্ব করিতে ওঠ্ঠব যিনি হইবে তাহারে অন্য
১৩ বর্ম্ম বিশ্বাস করিবেক। ভরসার ঈশ্বর তোমারদের
অন্তঃকরন সমস্ত আনন্দ ও কুশল পূর্ন্ন করুন ভক্তি
করিয়া তোমারদের বিস্তারিত ভরসা হওনার্থে
ধর্ম্মাত্মার পরাক্রমে।
১৪ আমি ও নিজ মনে লই তোমারদের বিষয়
ভাইরে যে তোমরা প্রিত পূর্ন্নিৎ ও জ্ঞান পরিপূর্ন্নিৎ
১৫ হইয়াছ পরস্পর শিক্ষা করাইতে শক্ত। কিন্তু
আমি লিখিয়াছি আর কিছু নির্ভয় তোমারদিগকে যেমন
মনে দিতে তোমারদিগকে সে অনুগ্রহের করনক
১৬ যাহা ঈশ্বর হইতে দেয়া গিয়াছে আমাকে অন্য
বর্ন্ন ওৎসর্গ পবিত্র হইবার কারন ধর্ম্মাত্মার
১৭ করনক। অতএব ঈশ্বরের কার্য্যের বিষয় আমার
১৮ আছে দর্প কথা কহিতে য়েশু খ্রীষ্টে। একারন
আমার ভয় আছে তাহা কহিতে যাহা খ্রীষ্ট
না করিয়াছেন আমার করনক অন্য বর্ন্ন কথা ও ক্রিয়া
১৯ বশীভূত করাইতে। লক্ষন ও আশ্চর্য্য কার্য্যের বলে
ঈশ্বরের আত্মার পরাক্রমে তাহাতে য়িরোশলম হইতে
চতুর্দ্দিগে ইল্লিরিকা পর্য্যন্ত আমি য়েশু খ্রীষ্টের মঙ্গল
২০ সমাচার বরাবর বলিয়াছি। একারন মঙ্গল
সমাচার চেড়ি দিতে বড় বাঞ্ছা করিয়াছি যে স্থানে
য়েশু খ্রীষ্টের নাম চলে সেখানে নহে তাহা করিলে
পাছে গঠন করিতাম আর কাহার ভীতের ওপর।
২১ কিন্তু যে মত লিপি আছে যাহারদিগকে কহা না গেল
তাহার বিষয় তাহারা দেখিবে। ও যাহারা শুনিতে

২২ না পাইয়াছে তাহারা বুঝিবে। অতএব আমি তোমারদের নিকট আসিতে বহুকাল বারন হইয়াছি।
২৩ কিন্তু এখন এ দেশে আমার আর স্থান না হইয়া ও তোমারদের নিকট আসিতে অনেক বৎসরের বড়
২৪ ইচ্ছা করিয়া যখন স্পানিয়ায় যাত্রা করি তখন আসিব তোমারদের ঠাঁই একারন যাইতেং অপিক্ষা করি তোমারদিগকে দেখিতে ও তোমারদিগকে দেখিয়া প্রথম কিছু পরিতোষ হইলে তোমারদের যাইবার
২৫ ওপগার লইতে। কিন্তু এখন আমি যাইতেছি
২৬ য়িরোশলমে পুন্য লোকের সেবা করিতে। একারন মাকিদনিয়া ও আখায়ার লোকের মনে হইল কিছুং জমা করিয়া দিতে য়িরোশলমের দরিদ্র পুন্য লোকের
২৭ কারন। তাহারদের মনে হইয়া ছিল বাট ও তাহারা নিতান্ত তাহারদের দায়গৃহস্থ একারন যদি অন্য বর্ন্ন তাহারদের পরমার্থিক দ্রব্যের কিছু পাইয়াছে তবে তাহারদের নিত আছে তাহারদিগকে শরীরের
২৮ দ্রব্য দিতে। অতএব আমি ইহা করিয়া ও এ ফল তাহারদিগকে দিলে যাইব স্পানিয়ায় তোমারদের স্থান
২৯ দিয়া। আমি ও জানি তোমারদের স্থানে আইলে আসিব খ্রীষ্টের মঙ্গল সমাচারের পূর্ন্ন আশীর্ব্বাদ
৩০ সঙ্গে করিয়া। এখন ভ্রাতাগন আমি সাধনা করি তোমারদিগকে য়েশু খ্রীষ্টেরার্থে ও আত্মার প্রেমেরার্থে তোমরা যত্ন কর আমার সহিৎ কামনা
৩১ করিতেং আমার কারন ঈশ্বরকে আমার পরিত্রানার্থে য়িহোদা দেশের অনাস্থিকেরদিগ হইতে ও আমার

যিরোশলমে সেবা পুন্য লোকের গ্রাহ্যক হওনেরার্থে
৩২ ও ঈশ্বরের ইচ্ছা হইলে আমি হর্ষ মনে তোমার স্থানে
ওত্তরনার্থে ও তোমারদের সহিৎ আরাম পাইবার
৩৩ কারন। এখন কুশল দাতা ঈশ্বর হওন তোমার
দের সহিৎ। আমেন।

পর্ব্ব ১৬
আমারদের ফেবে ভগিনী ব্যাখ্যা করি তোমার
দিগিকে সে হইয়া কেনখ্রেয়ার মণ্ডলির এক দাসী
২ যে তোমরা তাহাকে মর্য্যাদা কর প্রভুতে যেমন পুন্য
বানের ব্যবহার ও তাহার ওপগার কর তাহার যেং
কার্য্যে তোমারদের ওপগার চাহে একারন সে অনেক
৩ লোকের পালক এবং আমার ও। নমস্কার কর প্রিস্কিলা
ও আকুল্লা আমার সহকারি খ্রীষ্টে যেশুর কার্য্যে।
৪ যাহারা আমার জীবনের কারন আপনারদের গলা
দিয়াছে যাহারদের সুখ্যাত আমি কেবল কহি না কিন্তু
৫ অন্য বর্ন্নের মণ্ডলি ও তাহারদের ঘরে সে মণ্ডলি ও
নমস্কার কর। নমস্কার কর আমার অতি প্রিয়
এপাইনেতসকে যে আখায়ার প্রথম ফল খ্রীষ্টের কারন।
৬ নমস্কার কর মারিয়া যে বহু যত্ন করিল আমারদের
৭ জন্য। নমস্কার দেহ আন্দ্রনিকস ও যুনিয়া আমার
অমাত্য ও সহবন্দিত যাহারা ও প্রেরিতেরদের মধ্যে
সম্ভ্রান্ত যাহারা ও খ্রীষ্টে ছিল আমার পূর্ব্বে।
৮ নমস্কার দেহ আমপ্লীয়ষ আমার অতি প্রেমি প্রভুতে।
৯ নমস্কার দেহ ওর্ব্বানস আমার সহকারি খ্রীষ্টে এবং
১০ স্তাখিষ আমার প্রেমি। নমস্কার দেহ আপেল্লষ যে

খ্রীষ্টে আনন্দিত। নমস্কার দেহ তাহারদিগকে যাহারা
১১ আরিষ্টবুলসের পরিজন। নমস্কার দেহ হেরোদিয়ান
আমার স্বজাতা তাহারদিগকে নমস্কার দেহ যাহারা
১২ নার্কিসসের পুষ্ঠে প্রভুতে। ত্রফাইনা ও ত্রফোসা প্রভুর
কার্য্য কারককে নমস্কার দেহ। প্রেমি পের্সিসকে
১৩ নমস্কার দেহ যে বহুত কর্ম্ম করিয়াছে প্রভুরে। রুফস
প্রভুর মনোনিতকে নমস্কার দেহ এবং তাহার ও আমার
১৪ মাতাকে। আসনক্রিতস ফ্লেগোন হের্মস পাত্রোবাস
হের্মেস ও সকল ভ্রাতাকে যাহারা তাহারদের সহিৎ
১৫ নমস্কার দেহ। ফিললগাস ও যুলিয়া ও নেরেয়স ও
তাহার ভগিনী ও ওলিম্পাস ও তাহারদের সহিৎ সমস্ত
১৬ পুন্য লোককে নমস্কার দেহ। পরস্পর নমস্কার
কর পবিত্র চুম্বন করিয়া। খ্রীষ্টের মণ্ডলি তোমার
দিগকে নমস্কার দেয়।

১৭ এবং আমি সাধনা করি তোমারদিগকে ভাইরে
তাহারদিগকে দেখ যাহারা পৃথক ও পরিবাধিন করে
সে প্রকরনের বিপরিতে যাহা তোমরা গ্রহন করিয়াছ
১৮ ও সতন্তর হও তাহারদিগ হইতে। একারন এ মত
লোক আমারদের প্রভু যেশু খ্রীষ্টের সেবা করে
না কিন্তু আপনারদের পেটের ও বিনয় কথা ও
আশীর্ব্বাদ কহিয়া প্রতারনা করে কাঁচা লোকের
১৯ অন্তঃকরনে। একারন তোমারদের মান্য প্রকাশ
হইয়াছে সকল লোকের ঠাঁই তাহাতে আমি আনন্দিত
হইয়াছি তোমারদের বিষয়। কিন্তু আমি তোমার
দিগকে সুক্রিয়াতে জ্ঞানবান চাহি ও কুক্রিয়াতে কাঁচা।

২০ এবং কুশলের ঈশ্বর কিঞ্চিৎ কাল পরে দলাইবেন সয়তানকে তোমারদের পদতলে। আমারদের প্রভু য়েশু খ্রীষ্টের অনুগ্রহ হওক তোমারদের সাতে। আমেন।
২১ টিমোতিয়ষ আমার সহকারি ও লুক ও য়াসন ও সসিপাতর আমার অমাত্যগান নমস্কার দেয় তোমার
২২ দিগকে। আমি তর্ত্তিয় যে লেখিলাম এ পত্র নমস্কার
২৩ দেয় তোমারদিগকে প্রভুতে। গাইয়ষ আমার এবং সমস্ত মণ্ডলির আতীথেয় নমস্কার দেয় তোমার দিগকে এরাস্তুষ সহরের দেয়ান ও ভাই কর্ত্তষ
২৪ নমস্কার দেয় তোমারদিগকে। আমারদের প্রভু য়েশু খ্রীষ্টের অনুগ্রহ হওক তোমারদের সহিৎ। আমেন।
২৫ এখন তাহাকে যাহার পরাক্রম আছে তোমার দিগকে স্থির করিতে আমার মঙ্গল সমাচার ও য়েশু খ্রীষ্টের চেড়ি দেয়ার মত সে নিয়ত প্রকাশে
২৬ রানুযায়ি যাহা গুপ্ত ছিল জগতের আরম্ভ হইতে কিন্তু এখন প্রকাশ হইয়াছে এবং অনন্ত ঈশ্বরের আজ্ঞায় ভবিষ্যৎ বক্তার লেখনে জ্ঞাত হইয়াছে সকল বর্ণ্নতে
২৭ ভক্তির মান্যের কারন একা বুদ্ধিবান ঈশ্বরকে নাম হওক সদা কাল য়েশু খ্রীষ্ট দিয়া। আমেন।

পাওলের প্রথম পত্র করিন্তীরদিগকে

১ প্রথম পর্ব্ব

১ পাওল যেশু খ্রীষ্টের নিযোজিৎ প্রেরিত ঈশ্বরের
২ ইচ্ছাতে ও সস্তেনস আমারদের ভাই ঈশ্বরের সে
মণ্ডলিকে যাহা করিন্তে যাহারা পবিত্র হইয়াছে যেশু
খ্রীষ্টে নিযোজিৎ পুন্যবান ও প্রতি স্থানের সমস্ত
লোক যাহারা নিবেদন করে আমারদের প্রভু যেশু
খ্রীষ্টের নামে তিনি তাহারদের ও আমারদের প্রভু।
৩ অনুগ্রহ ও কুশল হওক তোমারদের আমারদের
ঈশ্বর পিতা ও প্রভু যেশু খ্রীষ্ট হইতে।
৪ আমি সদাকাল স্তব করি আমার ঈশ্বরকে
তোমারদের নিমিত্ত ঈশ্বরের অনুগ্রহের কারন যাহা
দেয়া গিয়াছে তোমারদিগকে যেশু খ্রীষ্টের করনক
৫ তাহাতে প্রতি বিষয়তে তোমরা তাহারে সকল
৬ উর্ব্বন্য ও সকল জ্ঞানে ধনবান হইয়াছ যে মত
খ্রীষ্টের প্রমান স্থির হইয়াছে তোমারদের মধ্যে।
৭ তাহাতে তোমরা কোন দানে ঊন নহ অপিক্ষা
৮ করিতে২ প্রভু যেশু খ্রীষ্টের কারন যিনি ও শেষ
পর্য্যন্ত স্থির করিবেন তোমারদিগকে তোমার অনপরাধি
হওনের জন্য আমারদের প্রভু যেশু খ্রীষ্টের দিনে।

৯ ঈশ্বর আছেন বিশ্বাসি যাহার করণক তোমরা ডাকিত হইয়া ছিলা তাহার পুত্র য়েশু খ্রীষ্টের সম্ভাষে।——

১০ এখন ভাইরে আমি বিনয় করি তোমারদিগকে আমারদের প্রভু য়েশু খ্রীষ্টের নাম লইয়া সকলে এক প্রকার কথা কহ পৃথক যেন না হয় তোমারদের মধ্যে কিন্তু তোমরা সকল এক মন ও এক বিচারে
১১ সম্বন্ধ যেন হও একারন ভাইরে ইহা প্রকাশ হইয়া ছিল আমাকে তোমারদের বিষয় খ্লোএর এগানা লোক
১২ দিয়া যে বিবাদ থাকে তোমারদের মধ্যে। আমি ইহা কহি তোমারদের প্রতি জন বলে আমি পাওলের ও আমি আপল্লষের ও আমি কাইফার ও আমি
১৩ খ্রীষ্টের। খ্রীষ্ট ভিন্নং হইয়াছেন। পাওল ক্রুসে মৃন হইয়া ছিল তোমারদের কারন। কি ডুবিত
১৪ ছিলা পাওলের নামে। আমি ঈশ্বরকে স্তব করি যে আমি কৃষ্পষ ও গাইয়ষ বিনা তোমারদের কাহাকে
১৫ ডুবাইলাম না পাছে কেহ বলিত যে আমি আপনার
১৬ নামে ডুবাইতাম। আমি ও স্তিফানষের পরিজনকে ডুবাইলাম তাহার ব্যতিরেক আমি জানি না যে আমি আর কোন কাহাকে ডুবাইলাম।——

১৭ একারন খ্রীষ্ট ডুবাইবার কারন পাঠাইলেন না আমাকে কিন্তু মঙ্গল সমাচার চেতি দিবার কারন জ্ঞানি বচনে নহে পাছে খ্রীষ্টের ক্রুস নিরার্থক হইত।
১৮ একারন ক্রুসের কথা পাগলামি সংঘাত প্রাপকের

দিগকে কিন্তু আমরা ত্রান প্রাপকেরদিগকে তাহা
১৯ ঈশ্বরের পরাক্রম। একারন লিপি আছে আমি
সংহার করিব বিদ্যানেরদের বিদ্যা ও বিবেচকের
২০ জ্ঞান ক্ষয় করিব। বিদ্যান কোথায়। অধ্যাপক
কোথায়। এ জগতের ন্যায় কর্ত্তা কোথায়। ঈশ্বর
এ জগতের সকল বিদ্যা পাগলামি না করাইয়াছেন।
২১ একারন ঈশ্বরের জ্ঞানে এ জগত জ্ঞানেতে জানিল না
ঈশ্বরকে কিন্তু তাহার পর ঈশ্বরের সন্তোষ হইল
হিত ওপদেশের ক্ষিপ্ততা দিয়া ত্রান করিতে ভক্তের
২২ দিগকে। য়িহোদীরা চিহ্ন চাহে ও গ্রীক চেষ্টা
২৩ করে বিদ্যা কিন্তু আমরা ক্রুসে হত্যা খ্রীষ্টের কথা
কহি য়িহোদীরদের বাধা ও গ্রীকেরদের ঠাঁই ক্ষিপ্ততা
২৪ কিন্তু নিযোজিতেরদিগকে দুই য়িহোদী ও গ্রীক খ্রীষ্ট
২৫ ঈশ্বরের পরাক্রম ও ঈশ্বরের জ্ঞান। একারন
ঈশ্বরের ক্ষিপ্ততা মানুষের জ্ঞান হইতে বড় ও ঈশ্বরের
২৬ অশক্তি মানুষের শক্তি হইতে অধিক। একারন
ভ্রাতাগন দেখ তোমারদের ব্যবস্যা যে অনেক জ্ঞানবান
নহে ঐহিকেরানুযয়ি অনেক পরাক্রান্ত নহে অনেক
২৭ মহা মহীম নহে। কিন্তু ঈশ্বর পছন্দ করিয়াছেন
এ জগতের ক্ষিপ্ত লজ্জিৎ করাইতে জ্ঞানবানকে ও ঈশ্বর
পছন্দ করিয়াছেন এ জগতের বল হিন বলবানকে
২৮ লজ্জিৎ করাইতে ও এ জগতের মুর্খ ও তুচ্ছিৎ ভগবান
পছন্দ করিয়াছেন ও যাহা কিছু নহে লোপ করাইতে
২৯ যাহা আছে কোন প্রানি দর্প না হওনের জন্য তাহার
৩০ সন্মুখে। কিন্তু তাহা হইতে তোমরা খ্রীষ্ট য়িশুতে

১ প্রথম পত্র করিন্থীরদিগকে——

যাহাকে ঈশ্বর করিয়াছেন জ্ঞান ও ধর্ম্ম শোধন ও
৩১ ও মুক্ত আমারদের জন্য তাহাতে যে যত লিপি
আছে যে দর্প কথা কহে সে ঈশ্বরে দর্প কহুক'
পর্ব্ব আমি ও ভাইরে তোমারদের স্থানে আসিয়া আইলাম
২ না বাচক বাক্য কি বাচক বিদ্যায় প্রকাশ করিতে২
২ ঈশ্বরের প্রমান একারন আমি নিয়ম করিলাম কিছু
না জানিতে তোমারদের মধ্যে য়েশু খ্রীষ্ট সেই ক্রুসে
৩ হত্যা বিনা। এবং আমি তোমার সহিৎ ছিলাম
৪ অশক্ত ও ভয়ান্বিত ও কম্পমান। আমার বাক্য ও
আমার ওপদেশ ও মানুষ্যের বিদ্যার সদুৎপ্রেক্ষ নহে
৫ কিন্তু আত্মার ও পরাক্রমের প্রকাশে তোমারদের
ভক্তি মানুষের বিদ্যা না হওনার্থে কিন্তু ঈশ্বরের
পরাক্রমে।——

৬ কিন্তু শুদ্ধ লোকের মধ্যে আমরা বিদ্যা কহি কিন্তু
এ জগতের বিদ্যা নহে ও এ জগতের রাজার বিদ্যা নহে
৭ যাহারদের ক্ষয় হইবে। কিন্তু আমরা কহি ভগিবানের
বিদ্যা অদৃষ্টিতে সে নিয়ত যাহা ঈশ্বর পূর্ব্বে
৮ করিলেন আমারদের মোক্ষের জন্য যাহা এ
জগতের কোন নৃপতি জানিল না একারন তাহা জানিলে
৯ ক্রুসে না মারন করিত তেজোময় ঈশ্বরকে। কিন্তু যে যত
লিপি আছে চক্ষু না দেখিয়াছে ও কর্ন না শুনিয়াছে
ও মানুষের অন্তঃকরনে না গিয়াছে ঈশ্বর কিং
প্রস্তুত করিয়াছেন তাহারদের কারন যাহারা প্রেম
১০ করে তাহাকে। কিন্তু ঈশ্বর আপনার আত্মা দিয়া
তাহা প্রকাশ করিয়াছেন আমারদের ঠাঁই একারন

১০ আত্মা সকলে বিচার করে বটে ঈশ্বরের গভীর
১১ বিষয়। একারন মানুষের কে জানে মানুষের
বিষয় মানুষের আত্মা বই যাহা তাহার ভিতরে।
সে রূপ ঈশ্বরের বিষয় কেহ জানে না ভগবানের
১২ আত্মা বই। এখন আমরা জগতের আত্মা না
পাইয়াছি কিন্তু যে আত্মা ভগবান হইতে আমারদের
সে বিষয় জাননের কারন যাহা ঈশ্বর পূর্ব্বে দিয়াছেন
১৩ আমারদিগকে। যাহা ও আমরা কহি মানুষের
বিদ্যা শিক্ষিৎ কথা নহে কিন্তু ধর্ম্মাত্মা সিক্ষিৎ কথা
কহিয়া পরমার্থিক পরমার্থিকের সহিৎ সাদৃশ্য
১৪ করিতেং। কিন্তু স্বভাবি মানুষ লয় না ঈশ্বরের
আত্মার কথা তাহারা ও ক্ষিপ্ততা তাহার ঠাঁই তাহা
ও পরমার্থিকে জ্ঞাত হইলে সে জানিতে পারে না।
১৫ কিন্তু যে জন পরমার্থিক সে সকলে বিচার করে কিন্তু
১৬ আপনি কাহাক বিচারে মজে না। একারন ঈশ্বরের
মন জানিতে পাইয়াছে কে তাহাকে সিক্ষা করাইবার
কারন। কিন্তু আমরা জানিতে পাইয়াছি খ্রীষ্টের মন।

পর্ব্ব ৩

আমি ও ভাইরে কহিতে পারিলাম না তোমারে
দিগকে পরমার্থিকের মত কিন্তু ঐহিকের মত যেমন
২ বালক খ্রীষ্টে। আমি দুগ্ধ ও মাংস নহে
খাওয়াইয়াছি তোমারদিগকে একারন তোমরা তাহা
৩ সহিতে শক্ত ছিলা না এখন ও তোমরা শক্ত নহ
তোমরা এখন ঐহিকের এ জন্য দ্বেশ ও ঝকড়া ও পৃথক
তোমারদের মধ্যে হইলে ঐহিকের ও মানুষের মত
৪ চলিতেছ নহ। একারন এক জন আমি পাওলের

ও আর এক জন আমি আপল্লষের কহিলে ঐহিকের নহ তোমরা।

৫ পাওল কে ও আপল্লষ কে। কেবল দাস যাহারদের করনক আস্থা করিলা যেমন প্রভু দিলেন প্রতি ৬ জনকে। আমি রুপিয়াছি আপল্লষ জল দিয়াছে ৭ কিন্তু ভগবান ফল দিয়াছেন। অতএব যে রূপে ও যে জল দেয় সে কিছু নহে কিন্তু ঈশ্বর যিনি ৮ ফল দেন। যে রূপে ও যে জল দেয় এক ও প্রতি জন ৯ তাহার নিজ ফল পাইবে নিজ কার্য্যেরানুযায়ি। একারন আমরা ঈশ্বরের সহকর্ম্ম কর্ত্তা তোমরা ঈশ্বরের ক্ষেত্র ১০ তোমরা ঈশ্বরের গঠন। ঈশ্বরের অনুগ্রহেরানুযায়ি যাহা দেয়া গিয়াছে আমাকে আমি প্রধান শিল্পকারের মত ভিত করিয়াছি ও অন্য গাঁথিল তাহার ওপর। কিন্তু প্রতি জন সাবধান করুক কি মত গাঁথে তাহার ১১ ওপরে। একারন যে ভিত হইয়াছে তাহার ভিন্ন ১২ করিতে পারে না কেহ তাহা য়েশু খ্রীষ্ট। কেহ এ ভীতের ওপর স্বর্ন রুপা রত্ন কাঠ খড় নাড়া ১৩ গাঁথিলে প্রতি জনের কর্ম্ম প্রকাশ হবে। সে দিন প্রকাশ করিবে তাহা একারন অগ্নিতে প্রকাশ হবে ও অগ্নি জানাইবে প্রতি জনের কর্ম্ম কি প্রকার। ১৪ কোন কাহার কর্ম্ম যাহা তাহার ওপর গাঁথিয়াছে যদি ১৫ থাকে তবে ফল পাইবে। কোন কাহার কর্ম্ম পুড়িয়া গেলে তাহার ক্ষেতি হইবে সে তত্রাপি আপনি ১৬ ত্রান পাইবে কিন্তু যে মত অগ্নি হইতে। জান না যে তোমরা ঈশ্বরের মন্দির ও ঈশ্বরের

১৭ আত্মা বসতি করে তোমারদের মধ্যে। যদি কেহ অশুচি করে ঈশ্বরের মন্দির তাহাকে ভগবান সংহার করিবেন একারন ঈশ্বরের মন্দির পবিত্র
১৮ ও তোমরা তাহা। কেহ প্রতারনা করুক না আপনার মনে এ জগতে যদি তোমারদের কোন কেহ আপনি জ্ঞানবান বুঝে ভাবে সে ক্ষিপ্ত হওক জ্ঞানবান
১৯ হওনের জন্য। জগতের জ্ঞান ঈশ্বরের মনে ক্ষিপ্ততা একারন লিপি আছে তিনি বদ্ধ করেন
২০ জ্ঞানবানকে আপনারদের কুটতায়। ও আরবার যিহুহা জানেন বিদ্যানের ঠাওর যে তাহা
২১ নিরার্থক। অতএব কোন কেহ মানুষে দর্প করুক
২২ না একারন সমস্ত তোমারদের পাওল ও আপল্লুষ ও কাইফা ও জগত ও জীবন ও মৃত্যু ও এই ক্ষনের
২৩ বস্তু ও আসিবার বস্তু সমস্ত তোমারদের ও তোমরা খ্রীষ্টের ও খ্রীষ্ট ঈশ্বরের।

পর্ব্ব ৪ কেহ আমারদিগকে গনন করুক যেমন খ্রীষ্টের সেবক ও ঈশ্বরের নিয়তের দেয়ান। দেয়ানের কার্য্যতে
৩ ও বিশ্বাসি মানুষকে পাইতে জুয়ায়। তোমারদের কিম্বা মানুষের বিচারে বিচার্য্য হওন অতি ক্ষুদ্র বিষয়
৪ আমার। বটে আপনাকে বিচার করি না একারন আপনি আমি কিছু জ্ঞাত নহি কিন্তু ইহাতে ধার্ম্মিক নহি যিনি বিচার করেন আমাকে তিনি যিহুহা।
৫ অতএব কালের পূর্ব্বে কিছু বিচার কর না প্রভু না আইলে যিনি দীপ্তি করিবেন অন্ধকারের গুপ্ত কার্য্য ও প্রকাশ করিবেন অন্তঃকরনের সমস্ত উদ্ভব।

এখন প্রতি জন পাইবে সুখ্যাত ভগবান হইতে।
৬ ভাইহে আমি ইহা নিদর্শনে যোগ্য করিয়াছি আপনা
কে ও আপল্লষকে তোমারদেরার্থে তোমরা আমার
দিগ হইতে শিক্ষার জন্য কাহাকে না বুঝিতে লিখন
হইতে অধিক তাহাতে কেহ গুমানি না হয় এক জনের
৭ পক্ষে আর এক জনের বিপরিতে। একারণ কেবা
করিল তোমাকে অন্য মত তোমার ও কি আছে যাহা
না পাইয়াছ যদি তাহা পাইয়াছ তবে কি জন্য দর্প কহ
৮ যেমন না পাইতা তাহা। এখন তোমরা পূর্ন হইয়াছ
এখন ধনবান হইয়াছ তোমরা কর্তৃত্ব করিয়াছ যেমন
রাজা আমারদের বিনা ও আমি ইচ্ছা করি তোমারদের
কর্তৃত্ব আমারদের ও কর্তৃত্ব করনের নিমিত্ত তোমার
৯ দের সহিৎ। একারন আমি বুঝি ঈশ্বর প্রচারিয়া
ছেন আমরা প্রেরিতেরদিগেকে সকলের অন্ত যেমন
নিযুক্ত মৃত্যুর জন্য একারন আমরা হইয়াছি এ জগত
১০ ও দূত ও মনুষ্যের কৌতুক। আমরা খ্রীষ্টের জন্য
ক্ষিপ্ত কিন্তু তোমরা জ্ঞানবান খ্রীষ্টে আমরা অশক্ত
কিন্তু তোমরা শক্তিমন্ত তোমরা মর্য্যাদিক কিন্তু আমরা
১১ তুচ্ছিক। এই বর্ত্তমান দণ্ড পর্য্যন্ত আমরা ক্ষুধিৎ ও
তৃষ্ণিৎ ও উলঙ্গ হই ও মারি খাই ও আমারদের বসতি
১২ অস্থির ও আপনারদের হাতে শ্রম করিয়া কার্য্য
করি। গালাগালি খাইয়া আশীর্ব্বাদ দেই বিপক্ষতা
১৩ হইয়া তাহা সহিষ্ণুতা করি নিন্দিত হইয়া বিনয় বচন
বলি আমরা হইয়াছি এ জগতের মলের মত ও যেমন
১৪ সমস্তের কল্ক আজি পর্য্যন্ত। আমি ইহা লেখি না

তোমার লজ্জার্থে কিন্তু আমার প্রিয় পুত্রের মত বিনয়
১৫ কথা কহি তোমারদিগকে যদি তোমারদের এক লক্ষা
গুরু খ্রীষ্টে তথাচ তোমারদের অনেক পিতা নহে
একারন খ্রীষ্ট যেশুতে মঙ্গল সমাচারের করনক জন্ম
১৬ দিয়াছি তোমারদিগকে। অতএব আমি মাবিনা করি
১৭ তোমারদিগকে আমার মত হও। একারন আমি
পাঠাইলাম টিমোতিয়ষকে যে আমার প্রিয় পুত্র ও
বিশ্বাসি প্রভুর কার্য্যে সে আমার পরিচয় খ্রীষ্টে
তোমারদের মনে দিবে যে মত আমি শিক্ষা করাই
১৮ প্রতি মণ্ডলিতে। এখন কতক লোক গুমানি হয় যেমন
আমি আসিতে না চাহিতাম তোমারদের কাছে।
১৯ কিন্তু আমি অবিলম্বিত আসিব প্রভুর ইচ্ছা হইয়া ও
জানিব সে গর্ব্বীরদের বাক্য কেবল নহে কিন্তু তাহার
২০ দের পরাক্রম। একারন ঈশ্বরের রাজ্য কথায় নহে
২১ কিন্তু পরাক্রমে। কি চাহ। আমি তণ্ড লইয়া
আসিব তোমারদের ঠাঁই কি প্রেম ও মৃদু আত্মায়।

পর্ব্ব ৫ বহু মুখে প্রচার হইয়াছে যে তোমারদের মধ্যে লোচ্চা
গিরি আছে ও সে প্রকার লোচ্চাগিরি যাহার নাম বলে
না অন্য বর্ণের মধ্যে যে কেহ লয় আপনার পিতার
২ স্ত্রী। ও তোমরা অহঙ্কারি হইয়া শোক না করিয়াছ
তাহাকে তোমারদিগ হইতে খণ্ডনার্থে যে করিয়াছে
৩ এমন কার্য্য। একারন আমি যে মত শরীরে বিদ্যমান
নহি কিন্তু মনে বিদ্যমান এখন যেমন বিদ্যমান হইতাম
বিচার করিয়াছি তাহার বিষয় যে করিয়াছে এ কার্য্য

৪ তোমরা আমারদের প্রভু য়েশু খ্রীষ্টের নামে ও আমার আত্মা আমারদের প্রভু য়েশু খ্রীষ্টের পরাক্রম সহিৎ ৫ হইলে সভা হইয়া এমন বেকতি সয়তানের গাছুতে দিতে শরীরের সংহারার্থে আত্মা ত্রান পাওনের কারন ৬ প্রভু য়েশুর দিনে। তোমারদের দর্প ভাল নহে ৭ জান না অল্প খমির খমির করে সকল চেলা অতএব পুরাতন খমির বাহিরে ফেল নূতন চেলা হওনের জন্য যেমন এখন বেখমির হুক্ত হইয়াছ। একারন খ্রীষ্ট আমারদের পেশাক্ষ বলিদান হইয়াছে আমারদের ৮ জন্য। অতএব সে পর্ব্ব করি পুরাতন খমির কিম্বা নির্দ্দয় ও ক্রুরত্ব খমিরে নহে কিন্তু অকপট ও সত্যতার বেখমির রুটি লইয়া।

৯ আমি পত্রে লেখিলাম লোচ্চা লোকের সহিৎ ১০ সহবাস না করিতে। কিন্তু এ জগতের লোচ্চা কি লোভি কি জুয়াচোর কি প্রতিমা পূজকের সহিৎ নিতান্ত নহে একারন তাহাতে তোমারদের ১১ আবশ্যক হইত জগত ছাড়িয়া যাইতে। কিন্তু আমি লেখিলাম তোমারদিগকে কেহ যাহাকে ভ্রাতা বলে যদি লোচ্চা কিম্বা লোভি কিম্বা প্রতিমা পূজক কিম্বা নিন্দক কিম্বা বেশুর কিম্বা জুয়াচোর এ প্রকার লোকের ১২ সহিৎ না খাইতে। একারন কি কার্য্য আমার তাহারদিগকে বিচার করিতে যাহারা বাহিরে। তোমরা বিচার কর না তাহারদিগকে যাহারা ভিতরে। ১৩ কিন্তু যাহারা বাহিরে তাহারদিগকে ঈশ্বর বিচার

করেন। অতএব দূর কর তোমারদিগ হইতে সে দুষ্ট লোক।

পর্ব্ব ৬ তোমারদের কিছু ভয় নহে যদি কাহার মকদ্দমা আছে আর কোন কাহার ওপর সে বরামদ করিতে
২ অযথার্থিকের ঠাঁই ও পুন্যবানের ঠাঁই নহে। জান না যে পুন্য লোক জগতকে বিচার করিবে। ও যদি এ জগতের বিচার হবে তোমারদের করনক তবে ক্ষুদ্
৩ মকদ্দমা বিচার করিতে যোগ্য নহ। জ্ঞাত নহ যে আমরা দূতকে বিচার করিব। কিন্তু তাহা হইতে কত
৪ অধিক ঐহিকের মকদ্দমা। অতএব যদি ঐহিকের কার্য্যে তোমারদের বিরোধ হয় তবে যাহারা বেয়াবরু
৫ মণ্ডলির মধ্যে তাহারদিগকে বিচার করিতে দিবা আমি ইহা কহি তোমারদের লজ্জার জন্য। এ কি তোমার দের মধ্যে এক জন জ্ঞানবান নহে যে বিচার করিতে
৬ পারে তাহার ভ্রাতারদের মধ্যে। কিন্তু ভ্রাতা ভ্রাতার সহিৎ বরামদ করে ও তাহা অনাস্থিকের সাখ্যাতে।
৭ অতএব নিতান্ত তোমারদের দোষ আছে একারন তোমরা পরস্পর বরামদ কর। কি জন্য বরং ধৈর্য্য কর না। কি জন্য অপচয় সহিষ্ণুতা কর না।
৮ নহে তোমরা চুক ও অপচয় কর বটে তোমারদের
৯ ভ্রাতারদিগের। জান না যে অযথার্থিক ঈশ্বরের রাজ্যাধিকার পাইবে না। ভুলিও না পরদারক কি পুতিমা পুজক কি কসবিবাজ কি স্ত্রীত্ব কি লৌণ্ডি
১০ বাজ কি চোর কি লোভি কি বেশুর কি দুর্ম্মুখ

কি সুরাচোর ঈশ্বরের রাজ্যাধিকারি হইবে না।
১১ তোমারদের কেহ২ ছিল এমন লোক কিন্তু তোমারা ধৌত হইয়াছ কিন্তু তোমরা সুশীলক হইয়াছ কিন্তু তোমরা ধার্ম্মিক হইয়াছ আমারদের প্রভু য়েশু খ্রীষ্টের নামে ও আমারদের ঈশ্বরের আত্মা দিয়া।

১২ আমার কর্ত্তব্য সকলে কিন্তু সমস্ত ব্যবহার নহে সমস্ত আমার কর্ত্তব্য কিন্তু আমি কোন কিছুর বসিভূত
১৩ হইব না। ভক্ষ্য পেটের জন্য ও পেট ভক্ষ্যের জন্য কিন্তু ভগবান সংহার করিবেন দুহে ইহা ও তাহা। শরীর পরদারের জন্য নহে কিন্তু প্রভুর জন্য ও প্রভু
১৪ শরীরের জন্য। ঈশ্বর ওঠাইলেন প্রভুকে ও
১৫ আমারদিগকে ওঠাইবেন আপনার পরাক্রমে। জান না তোমরা তোমারদের শরীর খ্রীষ্টের অংশ তবে আমি খ্রীষ্টের অংশ লইয়া করি তাহা বেশ্যার অংশ।
১৬ তাহা হওক না। জান না তোমরা কেহ বেশ্য সমস্বর্গ করিলে আছে এক শরীর। একারন তিনি
১৭ কহেন দুই হবে এক শরীর। কিন্তু যে জন
১৮ ঈশ্বরের সমযোগ সে এক আত্মা। অশুভ কার্য্য ছড়িয়া পালাও। মানুষের আর প্রতি পাপ শরীরের বিনা কিন্তু যে জন কসবিবাজি করে সে আপনার
১৯ শরীরের বিপরিতে পাপ করে। জান না তোমরা যে তোমারদের শরীর ধর্ম্মাত্মার মন্দির যাহা তোমার দের মধ্যে যাহা তোমরা পাও ঈশ্বরের ঠাঁই। ও
২০ তোমরা আপনারদের নহ। কিন্তু মূল্য দিয়া ক্রয়

হইয়াছ। অতএব ঈশ্বরের সম্ভ্রম কর তোমারদের শরীর ও আত্মায় যাহা ঈশ্বরের।

পর্ব্ব ৭ যে কার্য্য তোমরা লিখিয়াছ আমার ঠাঁই এ তাহার প্রত্যুত্তর পুরুষ নারীকে স্পর্শ না করিতে ভাল। ২ কিন্তু অশক্ত ক্রিয়া বারনার্থে প্রতি পুরুষের নিজ বধু ও প্রতি ৩ স্ত্রীর নিজ স্বামী হওক। স্বামী জায়াকে ওচিত ৪ প্রিত করুক ও জায়া স্বামীকে। জায়ার পরাক্রম নহে আপনার শরীরের ওপর কিন্তু স্বামী সে মত স্বামীর পরাক্রম নহে আপনার শরীরের ওপর কিন্তু ৫ জায়া। অন্য অন্যকে ত্যাগ করিও না বিনা কিঞ্চিত কাল ওভয়ের ইচ্ছা করিলে আপনারদিগকে ওপবাস ও কামনায় মজিবারে তারপর একত্তর আইস আরবার সয়তান তোমারদিগকে পরিক্ষা না করনার্থে তোমার ৬ দের কামেতে। কিন্তু আমি ইহা কহি ওপরোধে ৭ ও আজ্ঞাতে নহে একারন আমি সকল লোক হইতে চাহি আমার মত। কিন্তু প্রতি জনের নিজ দান ঈশ্বর হইতে ইহা এ মত ওহা ও মত।

৮ অতএব আইবড় ও বিধবাকে কহি তাহারা আমার ৯ মত থাকিলে ভাল। কিন্তু ধৈর্য্য করিতে যদি না পারে তবে বিবাহ করুক একারন বিবাহ করন ১০ জলন হইতে ভাল। বিবাহান্বিতকে আমি আজ্ঞা দেই না কিন্তু প্রভু স্ত্রী তাহার স্বামীকে ত্যাগ করুক না। ১১ কিন্তু ত্যাগ করিলে অমনি রহুক আইবড় মত কিম্বা

আপনার স্বামীর সহিৎ মিলন হওক স্বামী ও
জায়াকে ছাড়ুক না।
১২ কিন্তু অরং বিষয় আমি কহি প্রভু নহে যদি কোন
ভ্রাতার জায়া আস্থা করিলে তাহার ইচ্ছা আছে তাহার
সহিৎ রহিতে তবে সে আপনার জায়াকে ছাড়ুক না।
১৩ সে নারী ও যাহার অনাস্থিক স্বামী তাহার সঙ্গে বাস
করিবার ইচ্ছা হইলে নারী তাহাকে ত্যাগ করুক না।
১৪ একারন অনাস্থিক স্বামী জায়াতে পবিত্র হইয়াছে এবং
অনাস্থিক জায়া স্বামীতে তাহা না হইলে তোমারদের
১৫ শিশু অপবিত্র হইত কিন্তু এখন তাহারা পবিত্র। কিন্তু
অনাস্থিক ভিন্ন হইতে চাহিলে ভিন্ন হওক। কোন ভাই
কি ভগিনী ইহাতে বদ্ধিত নহে কিন্তু ঈশ্বর ডাকিয়াছেন
১৬ আমারদিগকে নির্বিরোধে। একারন হে বধূ তুমি
কি জান তোমার স্বামীকে ত্রান করিবা কি না কিম্বা
হে পুরুষ তুমি কি জান তোমার বধূকে ত্রান করিবা
১৭ কি না। কিন্তু যে মত ঈশ্বর ভাগ দিয়াছেন প্রতি
জনকে যে মত প্রভু ডকিয়াছেন প্রতি জনকে সে মত
চলুক ও সে মত আমি নিরূপন করি সমস্ত মণ্ডলিতে।
কেহ ত্বকচ্ছেদি হইয়া ডাকিত হইলে অত্বকচ্ছেদি হওক
১৮ না। কেহ অত্বকচ্ছেদি হইয়া ডাকিত হইলে ত্বকচ্ছেদি
১৯ হওক না। ত্বকচ্ছেদ কিছু নহে অত্বকচ্ছেদ কিছু
২০ নহে কিন্তু ঈশ্বরের আজ্ঞা পালন। প্রতি জন
থাকুক সে ব্যবসায় যাহাতে ডাকিত হইয়া ছিল।
২১ তুমি চাকর হইয়া ডাকিত হইলে ভাবিও না কিন্তু
যদি উদ্ধার হইতে পার তবে তাহা মনস্থ কর অধিক।

২২ একারন যে জন দাস হইয়া প্রভুতে ডাকিত হইয়াছে সে প্রভুর মুক্ত। সে মত ও যে জন উদ্ধার হইয়া
২৩ ডাকিত হইয়াছে সে খ্রীষ্টের দাস। তোমরা মূল্য দিয়া ক্রয় হইয়াছ এনিমিত্ত মানুষের দাস হইও
২৪ না। ভাইরে প্রতি জন যে পদে ডাকিত হইয়াছে তাহাতে থাকুক ঈশ্বরের সহিৎ।
২৫ আইবড় কন্যার বিষয় প্রভুর আজ্ঞা না পাইয়াছি কিন্তু আমি বিচার করি যেমন বিশ্বাসি হইবার
২৬ ক্ষেমা পাইয়া প্রভুর ঠাঁই। অতএব এ বর্ত্তমান প্রয়োজনের কারন আমি বুঝি ইহা ভাল পুরুষ
২৭ অমনি রহিতে। বধূতে বন্দিত হইলে মুক্ত চেষ্টা করিও না। জায়া হইতে মুক্ত হইলে জায়া
২৮ চেষ্টা করিও না। কিন্তু বিবাহ করিলে পাপ না করিয়াছ আইবড় কন্যা ও বিবাহ করিলে পাপ করে না তথাচ তাহারদের ঐহিকের দুঃখ হইবে কিন্তু আমি
২৯ ক্ষেমা করি তোমারদিগকে। ভাইরে আমি এ কথা কহি এখন অল্প সময় থাকে অতএব এ আমারদের কার্য্য যাহারদের বধূ আছে তাহারা চলুক যেমন না
৩০ হইত ও ক্রন্দক যেমন ক্রন্দন না করিত আনন্দিৎ যেমন আনন্দ না করিত ও যাদ্যার যেমন অধিকারি
৩১ না হইত ও যাহারা সংসারের কার্য্য করে যেমন অকর্ত্তব্য না করিত একারন এ জগতের রূপ যায়।
